The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা
উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 860 | 07 March 2025 | শুক্রবার ২২ ফাল্গুন ১৪৩১


Europeans embrace Zelensky after he was vilified by Trump
>> Page 18

Pritom Hasan announces 'USA Tour 2025'

>> Page 19


Sean Baker clinches Best Director Oscar
>> Page 19

Mikey Madison wins Best Actress for 'Anora'

>> Page 18

# নৈরাজ্য ও বিশৃংখলায় বাংলাদেশ

মাসুদ করিম, *ঢাকা থেকে*

## নির্বাচনে অনিশ্চয়তা
## বিদেশী বিনিয়োগ তলানিতে

বাংলাদেশ এখন এক চরম নৈরাজ্যের দিকে অগ্রসর হচ্ছে। একের পর এক মব ভায়োলেন্সে পরিস্থিতি নাজুক। পুলিশ কিংবা আইন প্রয়োগকারী সংস্থার সহায়তা মিলছে না। নারী হেনস্থাকারী জামিনে মুক্তির পর ফুলের মালা দিয়ে বরণ করা হচ্ছে। থানা ঘেরাও করে পুলিশের কাছ থেকে ছিনিয়ে নেওয়া হচ্ছে আসামি। সাংস্কৃতিক কর্মকান্ড হুমকি দিয়ে বন্ধ করে দেয়া হচ্ছে। সরাসরি বিদেশী বিনিয়োগ মারাত্মকভাবে কমে গেছে। আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)-এর হিসাব অনুযায়ী ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন বিগত সাত মাসে বাংলাদেশে সরাসরি বিদেশী বিনিয়োগ ৭০ শতাংশ কমে গেছে। চুরি, ডাকাতি, ছিনতাই নিয়ে জনমনে আতঙ্ক দেখা দিয়েছে। এসব বিষয়ে পুলিশ নির্বিকার।এমতাবস্থায় একটি জাতীয় নির্বাচন সম্ভব কিনা তা নিয়েও প্রশ্ন উঠেছে। অনেকে বলছেন, একটি অবাধ ও সুষ্ঠ নির্বাচনের আয়োজন বাধাগ্রস্থ করার জন্য কৃত্রিমভাবে দেশজুড়ে অশান্ত পরিবেশ তৈরি করা হচ্ছে। অনির্বাচিত সরকারের হতে ক্ষমতা দির্ঘায়িত করার ষড়যন্ত্র বলে অনেকে মন্তব্য করছেন। আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিদ্যমান রাজনৈতিক দলগুলোর মধ্যে ভিন্ন ভিন্ন মত রয়েছে। বিএনপি দ্রুত নির্বাচন দাবি করছে। তবে ছাত্রদের নতুন দল এনসিপি এখনই নির্বাচনের বিপক্ষে। দলটির প্রধান নাহিদ ইসলাম বলেছেন, দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পর নির্বাচন দিতে হবে। এক্ষেত্রে, এনসিপি জাতীয় সংসদ নির্বাচনের পাশাপাশি গণপরিষদ নির্বাচনও দাবি করছে। গণপরিষদের ভোটের মাধ্যমে বাংলাদেশে সেকেন্ড রিপাবলিক ঘোষণা এবং নতুন সংবিধান প্রবর্তনের দাবি করছে এনসিপি। জামায়াতে ইসলামী জাতীয় সংসদ নির্বাচনের আগে স্থানীয় সরকার নির্বাচন চাইছে। ড. ইউনূসের সরকার ডিসেম্বর থেকে মার্চের মধ্যে বিচার সম্ভব বলে অভিমত ব্যক্ত করছে। যদিও নির্বাচনের কোনও সুস্পষ্ট রোডম্যাপ এখনও ঘোষণা করেনি অর্ন্তবর্তি এরপর ৪২ পৃষ্ঠায়

# অবৈধদের সহায়তাকারি দেশ ও কর্তাদের ওপর ভিসা নিষেধাজ্ঞা!



মনোয়ারুল ইসলাম

অবৈধ ইমিগ্রেশনে সহায়তাকারি দেশ ও কর্তা ব্যক্তিদের ওপর ভিসা নিষেধাজ্ঞা আরোপ করার সিদ্ধান্ত নিয়েছে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন। বুধবার ৫ মার্চ সেক্রেটারি অব স্টেট (পররাষ্ট্রমন্ত্রী) মার্কো রুবিও এ সিদ্ধান্তের ঘোষণা দেন।

সেক্রেটারি অব স্টেট রুবিও ঘোষণায় বলেন, আমেরিকাকে নিরাপদ, শক্তিশালী এবং আরও সমৃদ্ধ করার জন্য আমাদের দেশের সীমানা সুরক্ষিত করা অত্যন্ত এরপর ৪৪ পৃষ্ঠায়

# অবৈধ অভিবাসীদের গ্রহণে প্রস্তুত বাংলাদেশ

হাসান মাহমুদ

যুক্তরাষ্ট্রে বসবাসরত অবৈধ বাংলাদেশিদের ফেরত পাঠাবার ব্যাপারে ইতোমধ্যে বাংলাদেশের অন্তর্বর্তীকালিন সরকারকে ফর্মালি জানিয়েছে যুক্তরাষ্ট্র সরকার। জবাবে নাগরিকত্ব নিশ্চিত হয়ে অবৈধ অভিবাসিদের বাংলাদেশ সরকার গ্রহণ করতে সম্মত বলে যুক্তরাষ্ট্রকে অনুরোধ জানানো হয়েছে। এরপর ৪৪ পৃষ্ঠায়





# বাংলাদেশ সোসাইটির সভাপতির সাথে অসৌজন্যমূলক আচরণ

## মোহাম্মদ আজিজের বিরুদ্ধে নিন্দা প্রস্তাব গৃহিত

আজকাল রিপোর্ট

### সেলিমের কাছে নিঃশর্ত ক্ষমা চাওয়ার আহবান

মোহাম্মদ আজিজের বিরুদ্ধে সর্বসম্মত নিন্দা প্রস্তাব পাস করেছে বাংলাদেশ সোসাইটি। গত ২ মার্চ রোববার সংগঠনের কার্যকরি কমিটির সভায় এ প্রস্তাব গৃহীত হয়। গত ২৬ মার্চ কমিউনিটির বিভিন্ন সংগঠন নিয়ে সোসাইটির 'মিট দ্যা প্রেস' অনুষ্ঠানে ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান (বিদায়ী) মোহাম্মদ আজিজের অসদাচারন ও সভাপতি আতাউর রহমান সেলিমকে নাজেহাল করায় এ নিন্দা প্রস্তাব আনা এরপর ৪২ পৃষ্ঠায়

# ভারতে পর্যটক রুগীদের ৭০ ভাগই ছিল বাংলাদেশি

আজকাল রিপোর্ট

বাংলাদেশিদের চিকিৎসার জন্য ভারত যাওয়ার প্রবণতা ৫ আগষ্ট ২০২৪ এর পর ব্যাপকহারে মাত্রায় কমেছে। বেশ কয়েক বছর ধরেই দেশটিতে চিকিৎসা নিতে যাওয়া বিদেশীদের মধ্যে শীর্ষ অবস্থানে ছিল বাংলাদেশিরা।

ভারত সরকারের পর্যটন মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, ২০১৭ থেকে ২০২২ সালের মধ্যে দেশটিতে চিকিৎসার জন্য যাওয়া বাংলাদেশির সংখ্যা বাড়ে ৪৮ শতাংশ। এর মধ্য দিয়ে দেশটিতে চিকিৎসা পর্যটনে আসা মোট বিদেশীর মধ্যে বাংলাদেশির হার দাঁড়ায় ৭০ শতাংশের কাছাকাছিতে। এ বৃদ্ধির ধারা অব্যাহত ছিল ২০২৩ সালেও। দেশটির সরকারের তথ্য অনুযায়ী, ঐ সময়ও দেশটিতে চিকিৎসা নিতে যাওয়া এরপর ৪৪ পৃষ্ঠায়

# জেলেনস্কির সবুজ সালাদ ও রোস্টেড চিকেন হোয়াইট হাউজের ডাস্টবিনে




আজকাল রিপোর্ট

রাশিয়ার সঙ্গে চলমান যুদ্ধ বন্ধ নিয়ে যখন আলোচনা তুঙ্গে, তখন শান্তি আলোচনা নিয়ে ট্রাম্পের সঙ্গে আলোচনা করতে হোয়াইট হাউসে যান জেলেনস্কি। ওয়াশিংটনের এরপর ৪২ পৃষ্ঠায়

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনেকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
■ TAX Liens Charge Offs ■ Inquiries ■ Collections
■ Garnishment ■ Bankruptcy ■ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

বিনামূল্যে পরামর্শ
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC TAXI
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377
RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight
Health System
Anthem.
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
S W H
Senior Whole Health.
FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT
MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416

সাপ্তাহিক আজকাল
Friday, 07 March 2025, Issue 860, www.ajkalnewyork.com PAGE 03





# ওয়ার্ল্ড হিউম্যান রাইটসের ইমিগ্রেশন সেমিনার

আজকাল রিপোর্ট

বর্তমান ইমিগ্রেশন পরিস্থিতি কমিউনিটির মানুষদের মন থেকে আতঙ্ক দূর করা ও সঠিক আইনি পরামর্শ দিতে ইমিগ্রেশন সেমিনারের আয়োজন করে ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভেলপমেন্ট ইউএসএ। গত ২৭ ফেব্রুয়ারী জ্যাকসন হাইটসের শেফ মহল রেস্টুরেন্টে আয়োজিত সেমিনারের আইস কর্তৃক ধরপাকড় এবং যুক্তরাষ্ট্রে বসবাসরত কমিউনিটি সদস্যদের করণীয় সম্পর্কে আলোচনা করা হয়। সেমিনারের সভাপতিত্ব করেন আয়োজক সংগঠনের ফাউন্ডার প্রেসিডেন্ট শাহ্ শহিদুল হক (সাইদ)। প্রধান অতিথি ও পৃষ্ঠপোষক হিসেবে এরপর ২৬ পৃষ্ঠায়

# জালালাবাদ অ্যাসোসিয়েশনের ইফতার ও দোয়া

আজকাল রিপোর্ট

প্রবাসী বাংলাদেশিদের আঞ্চলিক সংগঠন জালালাবাদ অ্যাসোসিয়েশনের (মইনুল-আসাদ) ইফতার ও দোয়া মাহফিল গত ২ মার্চ উডসাইডের কুইন্স প্যালেসে অনুষ্ঠিত হয়েছে। অ্যাসোসিয়েশনের সভাপতি মইনুল ইসলামের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক আসাদুল গনি আসাদের অনুষ্ঠানে বাংলাদেশি কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন। সর্বস্তরের লোকজনের উপস্থিতিতে আয়োজনটি বাংলাদেশিদের মিলনমেলায় পরিণত হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য আবুল হাসিম হাসনু, জালালাবাদ অ্যাসোসিয়েশনের ট্রাস্টি বোর্ডের সদস্য আলহাজ সৈয়দ জুবায়ের আলী, সৈয়দ ফজলুর রহমান, অ্যাসোসিয়েশনের সাবেক সাধারণ সম্পাদক পংকি এরপর ২৬ পৃষ্ঠায়

কমিউনিটিতে নিত্যপণ্যের দাম নাগালের বাইরে

# শুল্ক আরোপের উত্তাপে নিম্নআয়ের মানুষ

আজকাল রিপোর্ট

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নির্ধারিত শুল্ক নীতি ঘোষণা করায় কানাডা, মেক্সিকো ও চীনের ওপর কার্যকর করেছে যুক্তরাষ্ট্র। শুল্ক আরোপের উত্তাপে বাজারে নিম্ন আয়ের মানুষ অনেকটা দিশেহারা। কারণ নিত্যপণ্যের দাম দিনদিন তাদের নাগালের বাইরে চলে যাচ্ছে। ট্রাম্প বলেছেন, পরিকল্পনা অনুযায়ী ওই তিন দেশের ওপর শুল্ক আরোপ করা হবে। তার ওই বক্তব্যের পর পরই উত্তর আমেরিকার বাণিজ্য যুদ্ধ আরও প্রবল হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। এছাড়া আর্থিক বাজারকেও অস্থির করে তুলেছে ট্রাম্পের ওই ঘোষণা। সোমবার বিকেলে যুক্তরাষ্ট্রসহ এশিয়া এবং অস্ট্রেলিয়ার শেয়ার দরে পতন হয়েছে। পাশাপাশি মেক্সিকান পেসো এবং কানাডিয়ান ডলারেরও পতন হয়েছে। শেয়ার বাজারে দর পতনের ধাক্কা যুক্তরাষ্ট্রের সীমানা ছাড়িয়েও বিশ্ববাজারে নেতিবাচক প্রভাব ফেলবে বলে মনে করা হচ্ছে। গত মঙ্গলবার রাত ১২টা ১ মিনিট থেকে কানাডা ও মেক্সিকো থেকে আমদানিযোগ্য পণ্যে ২৫ শতাংশ শুল্ক কার্যকর করা হয়েছে।



সীমান্তে অবৈধ অভিবাসী এবং মাদক চোরাচালান রোধে উত্তর আমেরিকার ওই দেশ দুটির ওপর কঠোর শুল্ক নীতি গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন ট্রাম্প। অন্যদিকে যুক্তরাষ্ট্রে ফেনটাইলের মতো ভয়াবহ মাদক পাচার রোধে ব্যর্থ হওয়ার অভিযোগে চীনের ওপর অতিরিক্ত ১০ শতাংশ শুল্ক আরোপের ঘোষণা দিয়েছেন ট্রাম্প। সেটাও মঙ্গলবার রাত থেকে কার্যকর করা হয়েছে। ট্রাম্পের এরপর ৩৬ পৃষ্ঠায়

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অ্যালামনাই এসোসিয়েশনের ফাগুন উৎসব

আজকাল রিপোর্ট

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অ্যালামনাই এসোসিয়েশন উত্তর আমেরিকার আয়োজনে ফাগুন সন্ধ্যা ও পিঠা উৎসব গত ২৩ ফেব্রুয়ারী নিউইয়র্কের জ্যাকসন হাইটসের সানাই পার্টি হলে অনুষ্ঠিত হয়। বসন্তের রঙে রাঙানো এ আয়োজন ছিল প্রাণের উচ্ছ্বাস, স্মৃতির মেলা ও সংস্কৃতির গভীর এক বন্ধন।

প্রবাসে থেকেও দেশের ঐতিহ্য, সংস্কৃতি, আর উষ্ণ বন্ধনের আনন্দ যে মুহূর্তের জন্যও হারিয়ে যায়নি, তারই বহিঃপ্রকাশ পেলো এবারের আয়োজনে। দেশিয় সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ পিঠা উৎসব ছিল সন্ধ্যার অন্যতম মূল আকর্ষণ। নানা স্বাদের ঐতিহ্যবাহী পিঠা অতিথিদের ফেলে আসা শৈশব, শীতের সন্ধ্যা, আর গ্রামের এরপর ৩৬ পৃষ্ঠায়




সংবাদ সম্মেলন

# সংসদে প্রবাসী কোটা দাবি ইন্টার স্টেট বিএনপির

আজকাল রিপোর্ট

জাতীয় সংসদে প্রবাসী বাংলাদেশিদের জন্য ২৫টি সংরক্ষিত আসন দাবি করেছে ইন্টার স্টেট বিএনপি যুক্তরাষ্ট্র। গত ২৮ ফেব্রুয়ারি সন্ধ্যায় জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি সেন্টারে এক সংবাদ সম্মেলনে সংগঠনটির পক্ষ থেকে এ দাবিসহ মোট ১৫টি দাবি করা হয়। দলীয় বিভক্তির কারণে কেন্দ্রীয় কমিটির সিদ্ধান্তে যুক্তরাষ্ট্রে বিএনপির কার্যক্রম প্রায় এক যুগ ধরে বন্ধ রয়েছে। এ অবস্থায় কেন্দ্রের অনুমোদন ছাড়াই ৯ বছর আগে গঠন করা হয় ইন্টার স্টেট বিএনপি। সংগঠনের ব্যানারে বিএনপি বিভিন্ন কর্মসূচী নিচ্ছে। এরপর ২৬ পৃষ্ঠায়

# মুন্সীগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশনের জরুরি সভা

আজকাল রিপোর্ট

মুন্সীগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশনের এক জরুরী সভা গত ২৪ ফেব্রুয়ারী এস্টোরিয়ার হ্যালো বাংলাদেশ রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি জয়নাল আবেদিন আমান, অনুষ্ঠান পরিচালনা করেন সাধারণ সম্পাদক জহুরুল ইসলাম মিন্টু।

সভায় বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়। এর মধ্যে আলোচনা শেষে গত ২০২৪ সালের ডিসেম্বর না হওয়া সংগঠনের সাধারণ সভা আগামী ৬ই এপ্রিল রোজ রবিবার আয়োজনের সিদ্ধান্ত নেয়া হয়। সভার স্থান নির্ধারণ করা হয়েছে হ্যালো বাংলাদেশ রেস্টুরেন্ট, এস্টোরিয়া।

এছাড়া প্রতি রমজানের মতো এ বছরের এক এরপর ৫৩ পৃষ্ঠায়



# নিউইয়র্ক-বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার

আজকাল রিপোর্ট

পবিত্র রমজান উপলক্ষ্যে ধর্মীয় ভাবগাম্ভীর পরিবেশে নিউইয়র্ক-বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার মাহফিল গত ৩ মার্চ অনুষ্ঠিত হয়েছে। এ ইফতার মাহফিলে ক্লাবের সদস্য-পরিবারবর্গ ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিরা অংশ নেন। প্রেসক্লাবের সহ সভাপতি শেখ সিরাজুল ইসলামের সভাপতিত্বে ইফতার পরবর্তী সংক্ষিপ্ত অনুষ্ঠানে ক্লাবের উপদেষ্টা মনজুর আহমদ ও আনোয়ার এরপর ৫৩ পৃষ্ঠায়


রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনে বাড়ি
- পাবলিক অকশনে বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শরট-সেল ও REO প্রপার্টি

কল করুন:
৫১৬ ৪৫১ ৩৭৪৮
150 Groat Nack Road, Groat Nack, New York-11021
nurulazim67@gmail.com

Nurul Azim

ট্যাক্স-ট্যাক্স-ট্যাক্স
- Phone Consultation
- Tax Returns & Planning
- E-Filing

দ্রুত এবং নির্ভুল ট্যাক্স ফাইল করতে এখনই কল করুন
TAX TIME
COX B TAX SERVICES
+1 (347)-448-1863
+1 (212)-814-7022
coxbtaxservices@gmail.com

Shafiul Chowdhury
Federal & State Registered Tax Expert

আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যাবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে সহযোগীতা প্রদান করা হয়

Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

OPEN 24 HOURS
PANSHI NEVER SLEEP
আমরা সব ধরনের ক্যাটারিং করি
ভাল খাবার, সুন্দর পরিবেশ, ভাল সার্ভিস, কমদামে উপভোগ করুন।
$6.99 Midnight & Driver Special
PANSHI RESTAURANT & PARTY HALL
168-37/39 Hillside Ave, Jamaica, NY 11432
Tel: 718-480-8516, Fax: 718-480-8531

US BANGLA TAX & MULTISERVICES INC.
LAILAC INSURANCE BROKERAGE INC.
One Stop Services
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646--361-0250
37-47 73rd Street. Suite # 217
Jackson Heights, NY-11372
Tel: 718-255-6783
Fax: 718-255-6783
Authorized IRS e-file Provider
usbanglatax@yahoo.com
lailacinsuranceinc@yahoo.com
Services: Individual & Business Tax Services, Immigration Services
Loan Modification, Auto, Home & Business Insurance, Real Estate


NABANNO
HALAL
FREE WiFi
দেশীয় স্বাদ
নবান্নেই
আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার পরিবেশন এবং ক্যাটারিং করি।
সুসজ্জিত হলে বিয়ে,গায়ে হলুদ, জন্মদিন সহ সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com
Nabanno Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000


LIBERTY BROKERAGE
GET YOUR TLC INSURANCE FROM US WITH THE BEST RATE
(Black Car, Livery, Taxi, Yellow Cab, Green Cab)
Our Services
TLC Insurance
DMV & TLC Service
TLC Car & Plate Rent
Auto, Home & Business Ins.
TLC Base (Black & Green Cab)
ARIF SHAHRIAR
PRESIDENT & CEO
NYC Office:
41-05 69th Street
Woodside, NY 11377
Buffalo Office:
170 Kerns Ave, ST #101
Buffalo, NY 14211
Phone: 718-567-5600
info@libertybkg.com, www.libertybkg.com

# সম্পাদকীয়

## 'হু আর ইউ'

একজন কথিত মোড়লের হুঙ্কারে নিউইয়র্কস্থ বাংলাদেশি কমিউনিটি বিস্মিত। হতবাক। অনেকে এক সময় তাকে বাংলাদেশ সোসাইটির গডফাদার হিসেবে অভিহিত করতেন। গত ১৫টি বছর ক্রিড়ানক হিসেবে কাজ করেছেন। নিজেই দাবি করেছেন ১২টি বছর ধরে ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান তিনি। কিভাবে তিনি চেয়ারম্যান হতেন তা কমিউনিটির সদস্যরা ভালোই জানেন। ২ বছর আগে এই ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হতে ৩ দফা ভোট করিয়েছিলেন। সোসাইটির সহ সভাপতি মহিউদ্দীন দেওয়ানের বারবার আপত্তির পরও অদৃশ্য ঈশারায় বারবার ভোট হতো তাকে জেতানোর জন্য। নারী কেলেংকারিসহ নানাবিধ অনিয়মের মহারথি এই গডফাদার।

> সাংবাদিক ও কমিউনিটির নেতৃবৃন্দের সামনে অশোভনীয় ও অভদ্রোচিত আচরণ দেখালেন। বাংলাদেশিদের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত সভাপতি আতাউর রহমান সেলিম এর সাথে বিতর্কে লিপ্ত হন। এক পর্যায়ে তিনি সেলিমকে বলেন, 'হু আর ইউ'। তার এই আচরণে সবাই হতবাক হয়ে যান। অনেকে ছি ছি করতে থাকেন। অনুষ্ঠানে উপস্থিত অনেকেই বলেন, এই ধরনের অসুস্থ লোকজন থেকে সবাইকে দূরে থাকার সময় এসেছে। তিনি আতাউর রহমান সেলিমকে কটাক্ষ করার মধ্যদিয়ে পুরো কমিউনিটিকে অপমানিত করেছেন। যারা সম্মান দিতে জানে না। তারা সম্মান পাবারও অযোগ্য। অসুস্থ, অযোগ্য ও শালীনতা বিবর্জিত লোকদের বয়কটের এখনই শ্রেষ্ঠ সময়। নইলে কমিউনিটি আরও কুলষিত হবে

সময় গড়ায় তার গতিতেই। ব্যাটারির আয়ু শেষ হলে ঘড়িটি থেমে যায়। কিন্তু সময় কারও জন্য বসে থাকে না। নিউইয়র্কে বাংলাদেশি কমিউনিটি বেড়েছে/বিকশিত হয়েছে সময়ের অন্তরালে। নেতৃত্বেরও পরিবর্তন হচ্ছে। আজ্ঞাবহ নেতৃত্বের বলয় থেকে সবকিছু বেরিয়ে আসছে। তা সোসাইটি থেকে বিভিন্ন আঞ্চলিক সংগঠনগুলোতেও লক্ষণীয়। নতুনের জয়োল্লাস হবে। নতুনরা যায়গা করে নেবেন। যার যা প্রাপ্তি তা দিতে হবে। 'আদু ভাইয়ের' মতো সবকিছু ধরে রাখার মানসিকতা বদলাতে হবে। যারা কাজ করতে চান, কমিউনিটির জন্য ত্যাগ স্বীকার করতে চান, তাদের যায়গা করে দিতে হবে।

বাংলাদেশ সোসাইটির নতুন নেতৃত্ব এবার একটি ঐতিহাসিক ঘটনার অংশীদার হতে চলেছে। আয়োজনের প্রস্তুতি নিচ্ছে বাংলাদেশ ডে প্যারেডের। তারা এককভাবে কিছুই করছে না। সাথে রাখছে কমিউনিটির সকল সামাজিক, আঞ্চলিক ও সাংস্কৃতিক সংগঠনগুলোকে। ইতোমধ্যেই ৫০টিরও বেশি সংগঠন সোসাইটির এ উদ্যোগের সাথে সম্পৃক্ত হয়েছে। গত ২৬ সেপ্টেম্বর সোসাইটি এইসব সংগঠনের প্রতিনিধিদের নিয়ে 'মিট দ্যা প্রেস' অনুষ্ঠানের আয়োজন করে। তারা জানান, আগামী ১৩ এপ্রিল বাংলাদেশ ডে প্যারেডের 'গ্রান্ড মার্শাল' হবেন কমিউনিটির অন্যতম সংগঠক ও বিশিষ্ঠ ব্যবসায়ী শাহ নেওয়াজ। আর এ সিদ্ধান্ত নেয়া হয়েছে সংশ্লিষ্ঠ সকল সংগঠনের মতামতের ভিত্তিতেই। 'মিট দ্যা প্রেস' এর সঞ্চালক ফাহাদ সোলায়মান স্পষ্ট করেই বলেন, সকলের মতমত নিয়েই গ্রান্ড মার্শাল নির্বাচিত করা হয়েছে। বিষয়টি ক্রিস্টাল ক্লিয়ার।

কিন্তু কথিত মোড়ল ক্ষুব্ধ। অস্থির। তিনি সকলকে অবাক করে দিয়ে বিতর্কে লিপ্ত হলেন। সোসাইটি ও সামাজিক সংগঠনগুলোর এখতিয়ার নিয়ে প্রশ্ন তুললেন। সাংবাদিক ও কমিউনিটির নেতৃবৃন্দের সামনে অশোভনীয় ও অভদ্রোচিত আচরণ দেখালেন। বাংলাদেশিদের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত সভাপতি আতাউর রহমান সেলিম এর সাথে বিতর্কে লিপ্ত হন। এক পর্যায়ে তিনি সেলিমকে বলেন, 'হু আর ইউ'। তার এই আচরণে সবাই হতবাক হয়ে যান। অনেকে ছি ছি করতে থাকেন। অনুষ্ঠানে উপস্থিত অনেকেই বলেন, এই ধরনের অসুস্থ লোকজন থেকে সবাইকে দূরে থাকার সময় এসেছে। তিনি আতাউর রহমান সেলিমকে কটাক্ষ করার মধ্যদিয়ে পুরো কমিউনিটিকে অপমানিত করেছেন। যারা সম্মান দিতে জানে না। তারা সম্মান পাবারও অযোগ্য। অসুস্থ, অযোগ্য ও শালীনতা বিবর্জিত লোকদের বয়কটের এখনই শ্রেষ্ঠ সময়। নইলে কমিউনিটি আরও কুলষিত হবে।

# আগে স্থানীয় না জাতীয় সরকার নির্বাচন?

শাহাব উদ্দীন



নির্বাচন কবে হবে? নির্বাচনের আগে সংস্কার হবে না নির্বাচিত সরকার সংস্কার করবে ? স্থানীয় না জাতীয় সংসদ নির্বাচন আগে হবে। এনিয়ে দেশের রাজনৈতিক অঙ্গনে উত্তাপ ও বিতর্ক বেড়েই চলছে। এখনো ঐক্যমত হয়ে জাতীর সামনে পরিষ্কার বক্তব্য কেউ দিতে পারছেন না। পুরানো কায়দায় নিজেদের মধ্যে বিতর্ক কাঁদা ছোড়াছুড়ি শুরু হয়েছে। রাজনীতির অঙ্গনে যখন ধোঁয়াশার জট গভীরে। ঠিক এমন অবস্থায় গত ২৫ ফেব্রুয়ারি 'জাতীয় শহীদ সেনা দিবস' উপলক্ষে ঢাকা মহাখালী রাওয়া ক্লাবে এক সভায় অনুষ্ঠিত হয়। 'পিলখানায় নির্মম হত্যাকান্ডে শাহাদাৎ বরনকারী সেনা অফিসারদের স্মরণে 'দেশের বর্তমান পরিস্থিতি নিয়ে সেনাপ্রধান খোলামেলা বিভিন্ন বিষয়ে কথা বলেন। তার বক্তব্য ইতিমধ্যে দেশে বিদেশে মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। বিশেষভাবে তিনি নির্বাচন নিয়ে বলেন, 'ডিসেম্বরের মধ্যে আমরা স্ত্রি, ফেয়ার, ইনক্লুসিভ নির্বাচনের অগ্রসর হচ্ছি। ড. মোহাম্মদ ইউনুস এব্যাপারে আমার সাথে একমত হয়েছেন।' অন্তর্বর্তীকালীন সরকার গঠনের ২/৩ মাসের মাথায় রয়টার্সের সাথে সাক্ষাৎকারে তিনি ১৮ মাসের মধ্যে নির্বাচনের কথা বলে ছিলেন । নির্বাচন করবে রাজনৈতিক দল। কবে নির্বাচন তা সিদ্ধান্ত আসবে প্রধান উপদেষ্টার কাছ থেকে । এ ব্যাপারে উপযাচিতভাবে সরকার ও রাজনৈতিক দলগুলোকে নির্দেশ দেওয়ার তিনি কেউ নন। তার এ ধরনের কথা বার্তায় অনেকে সংশয় প্রকাশ করছেন। এরমধ্যে ,খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) সহ বিভিন্ন শিক্ষাংগনে অস্ত্রের ঝনঝনানি শিক্ষার্থীদের রক্তে রঞ্জিত হচ্ছে ।এতবড় রক্তাক্ত গন অভ্যুথানের পর স্বৈরাচার মুক্ত বাংলাদেশে রাজনৈতিক দলগুলোর এ ধরনের কার্যক্রমে সাধারণ মানুষ কিছুটা হতাশ। জামাতে ইসলামী, ইসলামী আন্দোলনসহ সরকারের কিছু উপদেষ্টা বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতারা মনে করেন, প্রয়োজনীয় সংস্কার করার জন্য সরকারকে যৌক্তিক সময় দিয়ে নির্বাচন করা উচিৎ । কাংখিত সংস্কার ছাড়া তড়িঘড়ি করে নির্বাচন অনুষ্ঠান হবে আত্মঘাতি। এর মধ্যে দিয়ে আগের ফ্যাসিবাদের শাসন আমলে ফেরার পথ সুগম করবে। এখানে উল্লেখ্য যে, ৯০ সনের গন অভ্যুথানের পর জাতীয় দাবির কিছু ই ক্ষমতায় গিয়ে কোন রাজনৈতিক দল বাস্তবায়ন করেননি। সুতরাং সাধারণ জনগণের বিশ্বাস, অন্তর্বর্তীকালীন সরকার ছাড়া রাষ্ট্র সংস্কারের কোন কিছু ই কেউ বাস্তবায়ন করবে না। এত শহীদের রক্তস্নাত গন অভ্যুথানের আকাংখা ব্যর্থ হবে। সে জন্যই সংস্কার প্রস্তাবের ব্যাপারে প্রধান উপদেষ্টার পক্ষ থেকে বিভিন্ন দলকে জানিয়ে দেওয়া হয় , যতগুলো সংস্কার প্রস্তাব তাদের কাছে এসেছে। আপনারা সব গুলো নিয়ে যান ,দলের সবাইকে নিয়ে বসেন পড়েন। জাতির বৃহত্তর স্বার্থে কোন কোন সংস্কার প্রস্তাবের সাথে একমত দাগ দেন। দ্বিমত হলেও জানান। আপনার প্রস্তাবগুলোও লিখেন। নিচে স্বাক্ষর দেন । আমরা সবকিছুই জাতির জানার জন্য ওয়েব সাইটে দিয়ে দেব। সমগ্র জাতি জানতে পারবে কোন কোন বিষয়ে আমরা একমত বা দ্বিমত আছি। আমার মনে হয় সরকার ও রাজনৈতিক দলগুলোর জনগণের কাছে জবাব দিহিতার একটা জায়গা দাড়াবে। যা অতীতে এরকম না হওয়ার কারনে ক্ষমতায় বসেই রাজনৈতিক দলগুলো জনগণের দাবিগুলো ভুলে যায়। সংস্কারের সুনির্দিষ্ট একটা রূপরেখা নিয়ে অগ্রসর হলে ভবিষ্যতে রাজনৈতিক দলের জবাবদিহিতার একটা জায়গা থাকবে। সরকার ও নির্বাচন কমিশন দেশকে গনতান্ত্রিক পথে এগিয়ে নিয়ে যেতে প্রস্তুত। নির্বাচন কমিশন জাতীয় নির্বাচনের আগে স্থানীয় নির্বাচন না করার পক্ষে মতামত দিলেও তারা বলেন, সরকার চাইলে আগে স্থানীয় নির্বাচন করতে পারেন। ইউনিয়ন পরিষদের দশম নির্বাচন শুরু হয়েছিল ২০২১ সালের ১১এপ্রিল ,আর শেষ হয় ২০২২ সালের ১০ ফেব্রুয়ারি। তাদের মেয়াদ শেষ হয়নি।তা ভেংগে দিতে হবে। ছাত্র জনতার জুলাই গন অভ্যুথানের পর দেশের প্রায় এক হাজার চার শত ইউপি চেয়ারম্যান পলাতক আছেন। এবং পদ্ধতিতে নির্বাচনে স্থানীয় প্রায় সাড়ে চার হাজার ইউ,পি নির্বাচন সময় সাপেক্ষ ব্যাপার । প্রধান বিরোধী দল বি এন পি ,গনতন্ত্র মঞ্চ ,বাংলাদেশ জাসদ সহ বিভিন্ন রাজনৈতিক দল অনতিবিলম্বে সবাই জাতীয় সংসদ নির্বাচন দাবি করে আসছে। তারা জাতীয় সংসদ নির্বাচনের আগে স্থানীয় নির্বাচনকে সন্দেহের চোখে দেখছেন । তারা মনে করেন দেশের স্থানীয় সরকার নির্বাচন সময় সাপেক্ষ। এবং সেই নির্বাচনে খুন এরপর ২২ পৃষ্ঠায়

> একে অপরের পরিপুরক। রাষ্ট্র সংস্কার একটা চলমান প্রক্রিয়া। শুরু না করলে সেই প্রক্রিয়া অগ্রসর হবে না। কেউ না কেউ শুরু করতে হবে। তবেই আমাদের সমস্ত জঞ্জাল পরিষ্কার হবে। অন্তর্বর্তীকালীন সরকার যে প্রক্রিয়া শুরু করেছে। জাতীয় স্বার্থে যতস্বল্প সময়ের মধ্যে এই বিষয় গুলো নিয়ে সকলের মধ্যে ঐক্যমত হবে ততই দেশ ও জাতির জন্য মঙ্গল

# বহুদলীয় গণতান্ত্রিক ব্যবস্থায় অযোগ্য অর্থব নেতৃত্বকে পূর্ণবাসন করা হয়

সামছুদ্দীন আজাদ



বাংলাদেশে বহুদলীয় গণতন্ত্র শব্দটি খুব প্রচলিত। এর কারণ হলো দেশটি স্বাধীনতা প্রাপ্তির মাত্র সাড়ে তিন বছরের মাথায় দেশের প্রথম গণতান্ত্রিক সরকারকে নৃশংস ভাবে খুন করে সেনাবাহিনীর কতিপয় জারজ সন্তান রুদ্ধ করে দেয় সদ্য স্বাধীন দেশের গণতান্ত্রিক সরকারের স্বাধীন পথ চলা। এরপর আমাদের উপরে চেপে বসেছে আবার পাকিস্তানী প্রেসক্রিপসনে স্বৈরশাসন বিশেষ সামরিক দরবার জারী করে স্বৈরাচারী জিয়া ক্ষমতা দখল করে গণতন্ত্র ও বহুদলীয় গণতন্ত্রের কবর রচনা করে। ১৯৮১ সালের ৩০ মে এই স্বৈরাচারের নৃশংস পতন হয় চট্টগ্রামের সার্কিট হাউজে আবার ১৯৮২ সালের ২৪ মার্চ দ্বিতীয় স্বৈরাচার এরশাদ ক্ষমতা দক্ষল করে এক নাগাড়ে সাড়ে নয় বছর। ১৯৯০ এর গণ আন্দোলনে এই স্বৈরাচারের পতন হলে দেশে গণতন্ত্রের সুবাতাস বইবে বহুদলীয় গণতন্ত্রের আবহাওয়া তৈরী হবে মানুষ এমনটি ভেবে ৯১ এর নির্বাচনে স্বৈরাচারের উত্তরাধিকার অজ্ঞ অশিক্ষিত উচ্চাভিলাষী মহিলা বেগম জিয়াকে ভোট দিয়ে প্রধানমন্ত্রী বানায়। প্রশ্ন হলো যিনি অশিক্ষিত যিনি রাজনীতি বুঝেন না সে কি ভাবে গণতন্ত্র প্রতিষ্ঠিত করবে? কিন্তু তার দলে কিছু রাজনীতি সচেতন শিক্ষিত লোকজন থাকা সত্বেও তারা গণতন্ত্র প্রেকটিস করতে পারে নি এর মূল কারণ বিএনপির রাজনীতিতে অন্য কোন নেতার মতামত বা পরামর্শের কোন মূল্য নাই।

বেগম জিয়া যেটা বলবেন সেটাই রাজনীতি। সুতরাং গণতন্ত্রের যে বারোটা বেজে গেছে সেই তখন থেকে। ঠিক একই কায়দায় বাংলাদেশ আওয়ামী লীগেও এখন যোগ্যতার কোন মূল্য নেই দলের তোষামোদ কারী এবং দুর্নীতিবাজ নেতারা অনেকটা সিন্ডিকেট করে নিজেরা নিজেদের মত নেতা নির্বাচন করে দলের শীর্ষ নেতা বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার কাছে উপস্থাপন করলে তিনি এতে সায় দেন। দলে অযোগ্য অর্থব নেতাদের দলের বিভিন্ন পর্যায়ে পুনঃবাসন করার প্রক্রিয়া যেমন নির্বাচন প্রক্রিয়া যখন শুরু হয় সংসদ নির্বাচন থেকে শুরু করে স্থানীয় সরকার নির্বাচন ইউনিয়ন পর্যায়ের চেয়ারম্যান মেম্বার, পৌর সভার মেয়র ও কমিশনার পর্যন্ত। যেখানে দলের মনোনয়ন বোর্ড রয়েছে। মনোনয়ন বোর্ড প্রার্থীদের প্রার্থীতা যাচাই বাচাই করে যোগ্য ব্যাক্তিকে নির্বাচন করার জন্য নমিনেশন দেবে এটাই নিয়ম। কিন্তু সেটা হচ্ছে না দলের সিনিয়র নেতারা আগে ভাগে ঠিক করে দিতেন কোন না কোন সুযোগ সুবিধা গ্রহণ করে শেষ পর্যন্ত দেখা যায় পার্লামেন্ট সদস্য থেকে গ্রাম্য চেয়ারম্যান পর্যন্ত দলের যোগ্য নেতাদের কোন জায়গা হয় নি অযোগ্য অর্থব অশিক্ষিত লোকদের দলের বিভিন্ন পদে বসিয়ে দলের যেমন সর্বনাশ করা হয়েছে তেমনি দেশের ও সর্বনাশ করা হয়েছে।

একই চিত্র বিএনপিতেও এটি আরও ভয়াবহ এরা সবচেয়ে বেশী গণতন্ত্রের কথা বলে আরও বেশী বলে বহুদলীয় গণতন্ত্রের কথা। বিএনপি প্রকাশ্যে মনোনয়ন বাণিজ্য করে সংসদ ও স্থানীয় সরকার নির্বাচনে। একই সংসদীয় আসনে অনেক ব্যাক্তিকে নমিনেশন দেয়ার কথা মুলা ঝুলিয়ে মনোনয়ন দেওয়ার নাম করে টাকা নেয়। টাকা দেওয়া প্রার্থীরা প্রত্যাশা করে মনোনয়ন পাওয়ার। কিন্তু সে আশা গুড়ে বালি। সংসদীয় নির্বাচনে একাধিক ব্যাক্তির কাছ থেকে টাকা নিয়ে পুরা টাকাটা দলের ভারপ্রাপ্ত চেয়ারপারসন প্রবাসী তারেক রহমানের কাছে পাঠিয়ে দিতে হয় আর তিনি লন্ডনে বসে ঠিক করে দেন কাকে নমিনেশান দেবেন তার যোগ্যতা থাকুক আর না থাকুক। এখানে উল্লেখ করা প্রয়োজন তারেক জিয়া পিতার মত অর্ধশিক্ষিত রাজনীতিবিদ মা প্রধানমন্ত্রী হওয়ার সুবাদে তার রাজনীতিতে আসা উত্তরাধিকার হিসেবে। বিএনপির রাজনীতি মূলত পরিচালিত হচ্ছে শুধু মাত্র জিয়া পরিবারের হাত ধরে। এর বাইরে কেউ কোন নেতৃত্ব পাবে না শত যোগ্যতা থাকা সত্বেও। গণতন্ত্র ও বহুদলীয় গণতন্ত্র কায়েম করতে হলে সর্বাগ্রে প্রয়োজন শিক্ষিত রাজনীতিবিদ অশিক্ষিত অর্ধশিক্ষিত পারিবারিক উত্তরাধিকার দিয়ে কোন দিন বহুদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠা করা সম্ভব নয় । What is multi party system of democracy? In political science a multi party system is a political system where more than two meaningfully distinct political parties regularly run for office and win elections. বিশ্বের যে সব দেশে বহুদলীয় গণতন্ত্র রয়েছে যেমন আর্জেন্টিনা, আর্মেনিয়া, বেলজিয়াম, ব্রাজিল, কানাডা, ডেনমার্ক, ফ্রাণ, জার্মানীসহ বিশ্বের বহু দেশে এমনকি ইসরাইল, সুইডেন, টার্কি, ইউক্রেনেও বহুদলীয় গণতান্ত্রিক ব্যবস্থা রয়েছে। এসব দেশে বহুদলীয় গণতান্ত্রিক ব্যবস্থা থাকায় ওদের গণতান্ত্রিক ব্যবস্থায় যেমন কোন সংকট নাই উন্নয়ন ও অগ্রগতি নিয়ে বিরোধী দলের তেমন সমালোচনা মূলক বক্তব্য ও নাই। এসব দেশে যোগ্যতার ভিত্তিতে যোগ্যতাকে বিবেচনায় নিয়ে নেতা নির্বাচন করা হয়। কিন্তু আমাদের দেশে হচ্ছেটা কি? আগামী শত বছরেও এদেশে কোন দিন গণতন্ত্র কায়েম হবে না। উন্নয়ন করতে দেওয়া হবে না। দূর্নীতি আমাদের সর্বগ্রাসী রূপ নিয়ে গ্রাস করে ফেলবে এর কারণ দেশের প্রধান প্রধান দল গুলির মধ্যে কোন গণতন্ত্র নাই আর গণতন্ত্র না থাকলে দেশের সর্বত্র যখন যে দল ক্ষমতায় থাকে সে দল তার দল এরপর ৩৬ পৃষ্ঠায়

> উচ্চ পর্যায়ের নেতাদের কাছে নিজের শ্রেষ্ঠত্ব জাহির করে সে কত বড় জনপ্রিয়, এই হলো আমাদের দেশের রাজনৈতিক নেতাদের চরিত্র। এদেশে কোন দিন গণতন্ত্র বলেন আর বহুদলীয় গণতন্ত্র বলেন কোন কিছুই সম্ভব নয়। যত দিন নেতাদের মানসিকতার বদল না হয়। আমি শ্রেষ্ঠ আমি যা করি তা সঠিক এবং মানতে বাধ্য করেন জনগণকে এই মনভাব বদলাতে হবে। প্রত্যেক দলের রাজনীতিবিদ পরস্পরকে সম্মান করতে হবে। নিজেদের ভুল স্বীকার করতে হবে

| | | | |
|---|---|---|---|
| Editor & Publisher | : Shah Nawaz | সম্পাদক ও প্রকাশক | : শাহ্ নেওয়াজ |
| Managing Editor | : Rano Nawaz | ব্যবস্থাপনা সম্পাদক | : রানো নেওয়াজ |
| City Editor | : Anik Raj | সিটি এডিটর | : অনিক রাজ |
| General Manager | : Abubakar Siddique | জেনারেল ম্যানেজার | : আবুবকর সিদ্দিকী |

**Weekly Ajkal**
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# সারজিস আলম বলার কে?

মুজতবা খন্দকার

নির্বাচন কবে হবে আর কবে হবেনা,সেইটা সার্জিস আলম বলার কে? তাকে এই ম্যান্ডেট কে দিয়েছে? সে তো সরকারের কেউ না। তাহলে কেমন করে সে এমন কথা বলে? ক'দিন আগে বললে,তাও মেনে নিতাম। কারন তখনও তারা রাজনৈতিক দল গঠন করেনি। তখন ছিলো সে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের প্রথম সারির সৈনিক। আর ডক্টর ইউনূস যখন বলেছেন, ছাত্ররাই তার নিয়োগকর্তা। আর যেহেতু ইউনূস সরকার জুলাই অভ্যুত্থানের ফল। তাই সেই সরকারের পলিসি ডিসিশানে সারজিসদের মতামত প্রতিফলন হবে,সেটাই স্বাভাবিক। কিন্তু ২৮ ফেব্রুয়ারি নতুন রাজনৈতিক দল গঠনের পর,সারজিসের সাথে সরকারের কোনো সংযোগ থাকবেনা সেটাই প্রত্যাশা। তার নতুন দল জাতীয় নাগরিক পার্টি দেশের আর পাচটি রাজনৈতিক দলের একটি। কোনো রাজনৈতিক দল কি সরকারের পলিসি কি হবে সেটা ডিক্টেট করতে পারে? পারেনা। তাহলে সারজিস নির্বাচন কবে হবে, না হবে,সেই সিদ্ধান্ত দেয়ার কে? তাহলে পাবলিক পারসেপশন যেটা আগে থেকেই গুঞ্জরিত হচ্ছিল, যে নাগরিক পার্টি একটি কিংস পার্টি হতে যাচ্ছে, তার বক্তব্যে সেটাই প্রমানিত হলো না?

দুই

এবার আসি হাসিনার বিচার প্রসঙ্গে--। বাংলায় একটা প্রবাদ আছে,দিল্লী বহুদূর। হাসিনার বিচার,তাকে ফিরিয়ে এনে তার দন্ড কার্যকর করা এখন প্রবাদ নয়। নিরেট সত্য হচ্ছে,সে গুড়ে বালি। ইউনূস সরকার বছরের শুরুতে নির্বাচন করে হবে সে বিষয়ে বলতে,তার ভাষনে কম সংস্কার আর বেশী সংস্কারের একটি তত্ত্ব দিয়েছিলেন। বলেছিলেন,রাজনৈতিক দল গুলো কম সংস্কার চাইলে ডিসেম্বরে নির্বাচন। তাহলে সার্জিস এখন হাসিনার বিচার এবং তার দন্ড কার্যকরের পরে নির্বাচন এমন শর্ত কেন দিচ্ছেন। রাজনৈতিক দল গঠনের পর তারা কিন্তু সরকারের আগের মত পক্ষপাতমূলক অবস্থানে আর নেই,বরং কিছুটা ব্যাকফুটে চলে গেছে। তারা এখন নবীন একটা রাজনৈতিক দলের সারথী। তাদের সক্ষমতা এখনো যাচাই হয়নি। দলটির নিবন্ধন,পার্টি অফিসও নাই। সুতরাং বিএনপির মত একটি পরিক্ষিত,সক্ষম একাধিকবার সরকারে থাকা দল যা বলবে,যেটা বলবে সরকারকে নাকচ করতে গেলে দুইবার ভাবতে হবে। নাগরিক পার্টির কোনো নেতার কথা না ভাবলেও চলবে। কারন তারা সদ্য নিবন্ধন পাওয়া নুরুর দল গণ অধিকার পার্টির চেয়েও কম প্রায়োরিটি পাবে। হাসিনার আওয়ামী লীগ যখন নাই,তখন প্রায়োরিটি দেখতে গেলে ইউনূস সরকারকে প্রথমে নিবন্ধিত রাজনৈতিক দলগুলোর কথা শুনতে হবে,সেই হিসেবে জামায়াতও নেই সেই তালিকায়। এই ক্রাইটেরিয়ায় চলার কথা সব কিছু। কিন্তু ইউনূস সরকার যদি সারজিসদের নাগরিক পার্টিকে প্রাধান্য দিয়ে তার সব পলিসি নেয়,সেটা হবে চরম বৈষম্যমূলক।

তিন

ভারতের সাথে আমাদের চমৎকার সম্পর্ক। মাঝখানে একটু অবনতি হয়েছিলো। বিবিসি বাংলাকে দেয়া সাক্ষাৎকারে ডক্টর ইউনূস এমনটি বললেন। আমি হতাশ হলাম। ডক্টর ইউনূস কি তাহলে ধীরে ধীরে তার খোলস বদলাচ্ছেন?



এমন প্রশ্ন স্বাভাবিক নয় কি? যে দেশের সাথে আমাদের জনগনের যোগাযোগ স্বাভাবিক হয়নি। ভিসা পলিসি নরমালাইজ হয়নি। যে দেশের মিডিয়া ক্রমাগত আমাদের দেশের বিরুদ্ধে অপপ্রচারে লিপ্ত। যে দেশের পররাষ্ট্রমন্ত্রী জয়শংকর,সেদিনই বললেন,বাংলাদেশ ভারতের সাথে কেমন সম্পর্ক রাখতে চায়,সেটা তাদেরই ঠিক করতে হবে। যে দেশে বসে হাসিনা ক্রমাগত নানা বক্তব্য বিবৃতি দিয়ে বিশৃঙ্খলা উসকে দিচ্ছে। যে দেশ একজন ওয়ার ক্রিমিন্যালকে আশ্রয় প্রশ্রয় দিচ্ছে। যাকে ফেরত পাঠানোর কূটনৈতিক নোট অবজ্ঞা করছে। এই যখন সার্বিক পরিস্থিতি। সেই দেশের সাথে আমাদের সম্পর্ক চমৎকার সেটা কোন তথ্যের ভিত্তিতে বললেন ডক্টর ইউনূস? নাকি তিনিও দিনে দিনে টিপিক্যাল প্রধানমন্ত্রীর মত গোয়েন্দা নির্ভর হয়ে সব ঠিক আছে বলছেন। আর সারজিস আলমই বা কি ভাবে বলছেন,হাসিনার বিচার ও দন্ড কার্যকরের আগে দেশে নির্বাচনের কথা কেউ বলতে পারবে না? সে কি জানে না, হাসিনার কোনো মামলারই এখনো চার্জশীট হয়নি,তারপর ট্রায়ালের শুনানি.. আরো কত আইনী ব্যাপার । সেটা শেষ করতে কতদিন লাগবে তার কি কোন ধারনা আছে? তার মানে ইউনূস সারজিসদের যৌথ পরিকল্পনা কি এমন কিছু হয়েছে.. অনির্বাচিত ইউনূস সরকার হাসিনার বিচারের নামে সময়ক্ষেপণ করুক। এরই মধ্যে তাদের দল রাষ্ট্রিয় পৃষ্ঠপোষকতায় নির্বাচনের সক্ষমতা অর্জন করবে। এমন কিছু হলে কিন্তু তার পরিনাম ভালো হবে না। কারন বুঝতে হবে, ইউনূস সরকার সমর্থন কিন্তু পপুলার সমর্থন,যতই দিন যাচ্ছে, সেটা কিন্তু কমছে. সুতরাং সাধু সাবধান।

জনগণই ক্ষমতার উৎস-এ কি পরিহাস

গণ-অভ্যুত্থানের পর কেউ কেউ আওয়ামী লীগকে অগ্রাহ্য করতে চেয়ে পুরো মুক্তিযুদ্ধকেই মামুলি একটি ইতিহাসের অংশ বলে ঘোষণা করতে চেয়েছিলেন। কিন্তু একটি জাতি তো তার ইতিহাস বহন করে, রক্তে সেটা থেকে যায়। কেউ একজন নতুন একটা তত্ত্ব নিয়ে হাজির হলেই জনগণ তাতে সায় দেবে, এমন মনে করার যথেষ্ট যুক্তিসংগত কারণ নেই।



> তার মানে ইউনূস সারজিসদের যৌথ পরিকল্পনা কি এমন কিছু হয়েছে.. অনির্বাচিত ইউনূস সরকার হাসিনার বিচারের নামে সময়ক্ষেপণ করুক। এরই মধ্যে তাদের দল রাষ্ট্রিয় পৃষ্ঠপোষকতায় নির্বাচনের সক্ষমতা অর্জন করবে। এমন কিছু হলে কিন্তু তার পরিনাম ভালো হবে না। কারন বুঝতে হবে, ইউনূস সরকার সমর্থন কিন্তু পপুলার সমর্থন,যতই দিন যাচ্ছে, সেটা কিন্তু কমছে. সুতরাং সাধু সাবধান। গণ-অভ্যুত্থানের পর কেউ কেউ আওয়ামী লীগকে অগ্রাহ্য করতে চেয়ে পুরো মুক্তিযুদ্ধকেই মামুলি একটি ইতিহাসের অংশ বলে ঘোষণা করতে চেয়েছিলেন। কিন্তু একটি জাতি তো তার ইতিহাস বহন করে, রক্তে সেটা থেকে যায়। কেউ একজন নতুন একটা তত্ত্ব নিয়ে হাজির হলেই জনগণ তাতে সায় দেবে, এমন মনে করার যথেষ্ট যুক্তিসংগত কারণ নেই

# রোজা, সংযম ও ন্যায়ের পরীক্ষায় আমরা কোথায়?

রাজু আহমেদ

> কোনো লোভ, কোনো মোহে যাতে অন্যায়কে প্রশ্রয় না দিই। কারো হক নষ্ট না করি এবং অন্যায়ভাবে কাউকে আঘাত না করি। রমজানের বরকত তখনই অর্থবহ হবে যখন রোজাদার কারো অভিশাপ কিংবা দীর্ঘশ্বাসে না থাকবেন। আইল ঠেলে, পরের নামে বদনাম করে কিংবা মনে অহংকার পুষে কেউ খোদার রহমত প্রাপ্ত হবে না। বরং যাদের নিন্দা করা হবে, যাদেরকে আঘাত করা হবে কিংবা যারা কষ্ট সহ্য করবেন- বেলা শেষে তারাই উপকৃত হবে। প্রভুর প্রভূত করুণা পাবেন। কাজেই জীবনাচার ধর্ম হয়ে উঠুক। যদি সত্যিই আমরা খোদার ভয় রাখি, তবে শুধু না খেয়ে থাকার মধ্যেই নয়, জীবনের প্রতিটি ক্ষেত্রে তাঁর আদেশ মানার মধ্যেই প্রকৃত রমজানের সৌন্দর্য নিহিত। সততা, ন্যায়ের প্রতি দায়বদ্ধতা ও মানবতার প্রতি সম্মানই পারে আমাদের সত্যিকারের মুক্তির পথ দেখাতে



দুনিয়ার কেউ দেখতো না অথচ রোজা রেখে এক ফোঁটা পানি পানকেও ভয় করলেন অথচ অন্যের হক কত অনায়াসে মেরে দিয়ে দিব্যি চলছেন। বলছেন বড় বড়নীতিকথা। কাজে ফাঁকি দিয়ে মালিকের থেকে মজুরি নিয়েছেন, ফাইল আটকিয়ে ঘুষ ধরেছেন কিংবা দুর্নীতি-স্বজনপ্রীতিরমজাবসিয়েছেন- এসবের জন্য একটুও ভয় হয় না? কর্মফলের জন্য আতঙ্ক অনুভব করেন না? কী কৈফিয়ত দিবেন?

অফিসের কাজ রেখে গল্প করেছেন, পড়ালোতে ফাঁকি দিয়েছেন কিংবা কারো অধিকার অনাদায়ি রেখেছেন- এসবের জন্যে একটুও আফসোস হয় না? প্রায়শ্চিত্তের বোধ জাগে না? সবকিছুর কৈফিয়ত যে একদিন দিতেই হবে, আপনার মনে কি শেষ দিবসের ভয়ও নাই? মানুষ তো চিরকাল বাঁচে না।

ডুব দিয়ে পানি খেতে পারতেন, দূরে গিয়ে ভাত খেতে পারতেন কিংবা কাউকে না দেখিয়ে কতকিছু আহার করতে পারতেন! দেখিয়ে দেখিয়ে খেলেও আপনাকে আটকানোর সাধ্য কারো ছিল না। দুপুরের পর থেকে খুব কষ্ট হচ্ছিলো অথচ সংযমকে মাগরিব পর্যন্ত টেনে নিয়ে গেলেন।

কেন? কেউ রোজাদার বলবে- সেই আশায়? কেউ বে-রোজদার বলবে- সেই লজ্জায়? কারন যদি আল্লাহ ভীতি হয়, যদি আল্লাহর আদেশ মানতে হয় তবে সেই আল্লাহ কাউকে ঠকাতে চরমভাবে নিষেধ করেছেন। কারো হক তথা অধিকার মেরে খেতে বারণ করেছেন। হারাম স্পর্শ করতে মানা করেছেন। সুদ-ঘুষ কিংবা দুর্নীতি থেকে দূরে থাকতে বলেছেন। অন্যায়-পাপাচারে লিপ্ত হতে বারণ করেছেন।- এসব আপনি জানেন না?

অথচ রবের নিষেধ সত্ত্বেও সব করছেন। যে হক রবের তা লঙ্ঘন করলে রব ক্ষমা হয়তোবা করতে পারেন কিন্তু যে হক বান্দাহের তা নষ্ট করলে স্রষ্টাও ক্ষমা করবেন না; যতক্ষণে ভুক্তভোগী ক্ষমা না করেন। নামাজ-রোজার মতই হালালের সাথে মিশে থাকা এবং হারাম থেকে দূরে থাকা জীবদ্দশায় খুব জরুরি।

কষ্ট করে সকাল-সন্ধ্যা উপোস থাকলাম অথচ ঘুষ-দুর্নীতি ছাড়লাম না, তারাবিহে শামিল হলাম কিন্তু দায়িত্বে ফাঁকি দিলাম- এর পরিণতি ভালো না। সামর্থ্যবানের জন্য রোজা যেমন ফরজ তেমনি হালাল-হারাম মেনে চলাও ফরজ। দুনিয়ার অ-কাজ জারি রেখে রোজা রাখা কুকুরের না খেয়ে উপোস থাকার মতোই। এতে পুণ্য-সওয়াব কী হবে জানি না!

ঘুষের টাকায় যদি ইফতারির বাজার হয়, সুদের টাকায় যদি পরিধেয় বস্ত্র হয় কিংবা দুর্নীতি থেকে প্রাপ্ত টাকায় যদি শরীরের বৃদ্ধি হয়- তবে তওবা করুন। পাপাচার ছেড়ে দিন। অল্প আমল কাফি যদি ইমান শুদ্ধ হয়। দুনিয়ার পাপাচারে লিপ্ত থেকে খোদার ইবাদাতেরমশগুল হলে তা কতটুকু তলায় পড়বে- খোদা এরপর ২৬ পৃষ্ঠায়



> যে হক রবের তা লঙ্ঘন করলে রব ক্ষমা হয়তোবা করতে পারেন কিন্তু যে হক বান্দাহের তা নষ্ট করলে স্রষ্টাও ক্ষমা করবেন না; যতক্ষণে ভুক্তভোগী ক্ষমা না করেন। নামাজ-রোজার মতই হালালের সাথে মিশে থাকা এবং হারাম থেকে দূরে থাকা জীবদ্দশায় খুব জরুরি। কষ্ট করে সকাল-সন্ধ্যা উপোস থাকলাম অথচ ঘুষ-দুর্নীতি ছাড়লাম না, তারাবিহে শামিল হলাম কিন্তু দায়িত্বে ফাঁকি দিলাম- এর পরিণতি ভালো না। সামর্থ্যবানের জন্য রোজা যেমন ফরজ তেমনি হালাল-হারাম মেনে চলাও ফরজ। দুনিয়ার অ-কাজ জারি রেখে রোজা রাখা কুকুরের না খেয়ে উপোস থাকার মতোই। এতে পুণ্য-সওয়াব কী হবে জানি না!

# রোজা শারীরিক ও মানসিক উন্নতি ঘটায়

> আর তওবা আল্লাহ তা'আলার কাছে অত্যন্ত পছন্দনীয় একটি আমল। যার দ্বারা আল্লাহ তা'আলা বান্দার সব গুনাহ মাফ করে থাকেন। তওবা আল্লাহ তা'আলার কাছে কতটা প্রিয় আমরা তা চিন্তাও করতে পারব না। হযরত রাসূল (সা.) বলেছেন, "আল্লাহ তা'আলা বান্দার তওবার কারণে সেই লোকটির চেয়েও বেশি খুশি হন, যে লোকটি মরুভূমিতে তার একমাত্র বাহন উট হারিয়ে পুনরায় ফিরে পেলে যে পরিমাণ খুশি হয়, তার চেয়েও বেশি খুশি হন আল্লাহ তায়ালা।" হযরত রাসুল (সা.) বলেন, এই মোবারক মাসে প্রতিদিন একজন ঘোষক ঘোষণা করেন, হে পুণ্যকামী! তুমি এগিয়ে চলো। হে পাপকারী! তুমি বিরত থাকো। তাই রমজান মাস শুধু আধ্যাত্মিক পরিশুদ্ধতা অর্জনের জন্য উপকারিতা নয়, বরং বিজ্ঞানের দৃষ্টিতে ও শারীরিক ও মানসিক বিকাশের জন্য তাৎপর্যপূর্ণ

**ম. আমিনুল হক চুন্নু**



হযরত ওমর (রা.) রমজান মাসের ফজিলত সম্পর্কে হযরত রাসুল (সা.) নিকট জানতে চাইলে তিনি বলেন, রমজান মোবারককে তৌরাতে"হাত্তা", ইঞ্জিলে 'ত্বাব', যবুরে'কেরাবত' এবং কুরআনে 'রমজান মোবারক'। 'হাত্তা' অর্থনৈকট্য লাভ।'কেরাবত' এইজন্য বলা হয় যে, রমজান মাসে আল্লাহর সাথে বান্দার একান্ত নৈকট্য লাভ হয়।

হযরত আবু বকর (রা.) বলেন, 'রজব' ফসল রোপনের মাস,'শাবান' ফসলে পানি সেচ দেয়ার মাস,'রমজান' হলো ফসল তোলার মাস। তিনি আরও বলেন, রজব মাস ঠান্ডা বাতাসের মতো, শাবান মাস মেঘমালার মতো, রমজান মাস হল বৃষ্টির মতো।

অন্যদিকে জলিলুল কদর সাহাবী হযরত আনাস ইবনে মালেক(রা.) হতে বর্ণিত হয়েছে, তিনি বলেন, রজব মাস শুরু হলে রাসুল (সা.) এই দোয়া পড়তেন-"আল্লাহুম্মা বারিকলানাফি রাজাবাওয়া শা'বান ওয়াবাল্লিগনা ইলা শাহরি রমাদান"। অর্থ-'হে আল্লাহ আমাদের জন্য রজব ও শা'বান মাসকে বরকতময় করে দিন আর আমাদের রমজান মাস পর্যন্ত পৌঁছে দিন'। এ থেকেই অনুধাবন করা যায় মুমিনের জীবনে মাহে রমজানের গুরুত্ব কত অপরিসীম।

রমজান মাসের রোজা ইসলামের পাঁচটি স্তম্ভের মধ্যে চতুর্থ এবং এটা ফরজ ইবাদত। রোজার গুরুত্ব ও ফজিলত সম্পর্কে কোরআনে আল্লাহ পাক এরশাদ করেন, হে মুমিনগণ! তোমাদের জন্য সিয়ামের বিধান দেওয়া হলো, যেমন বিধান তোমাদের পূর্ববর্তীগনকে দেওয়া হয়েছিল, যাতে তোমরা মুত্তাকী হতে পার এবং আর সিয়াম পালন করাই তোমাদের জন্য অধিকতর কল্যাণকর।

আল্লাহর কাছে রোজা এতটাই গুরুত্ব বহন করে যে, হাদিসে কুদসিতে আল্লাহ তায়ালা বলেন, "রোজা আমার জন্য এবং আমি স্বয়ং এর প্রতিদান দিব।" আর হাদিসে রাসূল (সা.)এরশাদ করেন, যখন রমজান মাস আসে আসমানের দরজাগুলো খুলে দেয়া হয় এবং দোজখের দরজা গুলো বন্ধ করে দেয়া হয় এবং শয়তানকে শিকলে আবদ্ধ করা হয়।

রোজা পালন করতে গিয়ে একজন মুসলিম রমজান মাসের প্রতিদিন সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত সকল প্রকার পানাহার ও শারীরিক সম্পর্ক থেকে বিরত থাকতে হয়। এছাড়া মুসলিমরা এসময় সব ধরনের ঝগড়া-বিবাদ, মিথ্যা কথা, অশ্লীল যৌনপ্রবৃত্তির মত কর্ম করা থেকে বিরত থেকে নিজেদের শরীর ও মনকে নিয়ন্ত্রণে রাখার চেষ্টা করে। এ কারণে রোজা যে শুধু আধ্যাত্মিক উন্নতি সাধন করে তা নয়, বরং শারীরিক ও মানসিক উন্নতিও ঘটায়।



রোজা শুধু ধর্মীয় দৃষ্টিকোণ থেকে নয় বৈজ্ঞানিক দৃষ্টিতেও রোজার উপকারিতা অপরিসীম। জীববিজ্ঞানের গবেষণার ফলে জানা যায়, প্রতিটি প্রাণীর শরীর একটি উচ্চতর এবং সুক্ষ জৈব রাসায়নিক কারখানা এবং এটিকে সচল রাখতে প্রয়োজন হয় শক্তি। উক্ত শক্তির যোগান দিতে স্রষ্টা জীবজগতের জন্য নানা প্রকারের খাদ্যদ্রব্য ব্যবস্থা করে যাচ্ছেন। সাধারণত একজন মানুষের এই শক্তি সরবরাহ অব্যাহত রাখতে কমপক্ষে দৈনিক তিনবার খাদ্যদ্রব্য গ্রহণ করতে হয়। তবে মানুষ উন্নত আত্মসম্পন্ন জীব হওয়ায় মানুষের সঙ্গে অন্যান্য পশুর পার্থক্য হল মানুষ তার ক্ষুধা, পিপাসা এবং যৌন প্রবৃত্তি নিয়ন্ত্রণ করতে পারে। রমজান মাস প্রকৃতপক্ষে মানুষকে নিজের প্রবৃত্তি নিয়ন্ত্রণ করার শিক্ষা দেয়।

কাজেই রমজান মাসের শিক্ষার অনুশীলন যদি সারা বছর আমরা করি, তাহলে দেশে, সমাজে বা ব্যক্তিগত জীবনে কোন অন্যায়, পাপাচার, অসাদাচার, দুর্নীতি প্রশ্রয় পেতে পারেনা। কিন্তু প্রতিফলন কি আমরা বাস্তবে দেখতে পাই? আমাদের দেশের সংস্কৃতি অনুযায়ী মানুষজন ইফতার খাওয়া নিয়ে এতটা ব্যস্ত হয়ে পড়ি যেন অনেকটা অতিরঞ্জিত হয়ে যায়। এতে করে সময় যেমন অপচয় হয়, তেমনি ক্লান্তওবেড়ে যায়। ফলে ইবাদত বন্দেগীর সময়টা সংক্ষিপ্ত হয়ে যায় অনেকের।অন্যদিকে সমাজের পাশাপাশি, আমাদের দৈনন্দিন জীবনে যদি আমরা রমজান মাসের শিক্ষনীয় বিষয়গুলোর অনুশীলন করি, নীতিবোধ, বিবেকবোধ দিয়ে কাজ করি তাহলে সমাজের ভালো সংস্কারের প্রবর্তন নিজেই হয়ে যাবে। ইসলাম-পরিপন্থী সংস্কৃতি থেকে মানুষ বেরিয়ে আসার সুযোগ পাবে, যেমন সত্য কথনের চর্চা করলে সমাজে মিথ্যাচার বন্ধ হবে। সততার চর্চা করলে অসৎ কাজ, ঘুষ, দুর্নীতি, অবৈধ সম্পদ অর্জন, কালো টাকার পাহাড় গড়া, নিয়োগ ও ভর্তি বাণিজ্যসহ যত রকম বাণিজ্যতা বন্ধ হবে।

তা'ছাড়া বিবেক বিবেচনা করে কাজ করলে অন্যায় থেকে নিজেকে রক্ষা করা সম্ভব হবে। আল্লাহকে ভয় করে কোন কাজের সিদ্ধান্ত নিতে চাইলে সঠিক সিদ্ধান্ত নেয়া সম্ভব হবে। নিজের স্বার্থের কথা চিন্তা না করে নিজের মধ্যে উদারতা, সহায়তা কাজ করলে মানুষ অন্যায় ভাবে কাউকে ঠকাবে না, প্রতারণা করবে না। ফলে সমাজ ও দেশের অরাজক পরিস্থিতি বিচ্ছুরিত হবে। তাই রমজান মাসের রোজা আমাদের শিক্ষা দেয় প্রতিবছর আমাদের চরিত্রকে সংশোধনের জন্য। সর্বদা উপরে উল্লেখিত বিষয়ের চর্চা করলে সমাজে অন্যায়-অনাচার থাকবে না?

রমজান মাস সুন্দরভাবে কাটানোর জন্য যেসব প্রস্তুতি গ্রহণ করা জরুরী, সেসবের অন্যতম একটি তওবা করা। তওবা মানে অতীত জীবনেকৃত সব গুনাহ এরপর ২৬ পৃষ্ঠায়




কনস্ট্রাকশন / রেনোভেশন

Free Estimate



নতুন কিচেন / রিনোভেশন • বাথরুম ইনস্টলেশন/ রিপেয়ার
কার্পেটিং / ফ্লোরিং / ওয়াল • টাইলস, প্লাম্বিং ও ইলেক্ট্রিক সহ
যে কোন কনস্ট্রাকশন কাজের জন্য যোগাযোগ করুন।

বাংলা কনস্ট্রাকশন ইনক
73-05 37th Road, Jackson Heights, NY 11372
Email:bmz01x@gmail.com
Phone: 646-996-7171

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



## এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

## 917-282-9256

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

## এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**
E-mail: moinlaw@gmail.com



**Moin Choudhury**
Attorney at Law

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**
**Manhattan Office By Appointment Only.**
**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

KARNAFULLY TRAVEL INC. (Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# জনগণই ক্ষমতার উৎস-এ কি পরিহাস

নিজেদের মধ্যে সম্পর্কের উন্নয়ন করে প্রতিবেশীসুলভ মনোভাব ফিরিয়ে আনতে না পারলে সমূহ বিপদ। নইলে ধর্মব্যবসায়ীরা আমাদের আত্মপরিচয় ভুলিয়ে দেবে। আমাদের কূটনীতির মূল কথা যে 'কারও সঙ্গে শত্রুতা নয়, সবার সঙ্গে বন্ধুত্ব', সেটা বোঝার জন্য খুব বেশি মেধাবী হতে হয় না। কিন্তু আমরা নিজেরা নিজেদের সম্মান করি না বলে একে অন্যের সঙ্গে হানাহানি করি। ভারতে যেমন এ ধরনের উগ্রপন্থা রয়েছে এবং রয়েছে দাদাগিরি করার খাসলত, তেমনি আমাদের দেশেও রয়েছে উগ্র ধর্মান্ধতা। মিলনেই মুক্তি-এ কথা বোঝার মতো পরিস্থিতি কি এখন বিরাজ করছে? কিংবা কিছুদিন আগেও কি বিরাজ করেছিল? দেশের জনগণকে এ রকম শাস্তি দেওয়ার অধিকার এসব ক্ষমতাধর লোককে কে দিয়েছে? এরাই কিন্তু মুখে বলে-জনগণই ক্ষমতার উৎস। এত বড় পরিহাস পৃথিবী কমই দেখেছে

জাহীদ রেজা নূর



এবারের মার্চ মাসটাকে কীভাবে দেখা হবে? কে কীভাবে দেখবে? উন্মাতাল এই শহরের ফুঁসে ওঠা দেখে শহীদ সাংবাদিক সিরাজুদ্দীন হোসেন ৩ মার্চের ইত্তেফাকের শিরোনাম করেছিলেন 'বিক্ষুব্ধ নগরীর ভয়াল গর্জন'। এর নিচেই ছিল 'আমি শেখ মুজিব বলছি'। সেই সময়ের নায়ক শেখ মুজিবুর রহমান।

সে সময়টি পাড়ি দিয়েছে আমাদের ইতিহাস, তাকে কোনো ধরনের অপব্যাখ্যার মাধ্যমে অবমূল্যায়ন করা যাবে না। ইতিহাসের নানা দিক থাকে, নানা ভাবনায় জারিত হয় মানুষ, কিন্তু বাঙালির ইতিহাসে ১৯৭১ সালের অর্জন ও অঙ্গীকার সবকিছুর ওপরে স্থান নিয়েছে। এই ইতিহাস ভুলিয়ে দিয়ে নব নব তরিকা হাজির করলে ইতিহাসই তা প্রত্যাখ্যান করবে।

স্বাধীন বাংলাদেশ তার অঙ্গীকার রক্ষা করতে পারেনি। একটি ন্যায়বিচার-সমৃদ্ধ অসাম্প্রদায়িক দেশ গড়ে ওঠেনি, বরং নিজের সংস্কৃতি নিয়ে আবারও দ্বিধায় পড়েছে তারা। যে যৌবনের উজ্জীবন হয়েছিল বায়ান্ন সালের ভাষা আন্দোলনে, তার ধারাবাহিকতাকে এখন অগ্রাহ্য করছে কেউ কেউ। তারা ভুলে যাচ্ছে, তৎকালীন পশ্চিম পাকিস্তানিরা যে বৈষম্যের সৃষ্টি করে রেখেছিল, তার বিরুদ্ধে দাঁড়িয়ে গিয়েছিল তৎকালীন পূর্ব পাকিস্তান। গুটিকয়েক সরকারি দালাল ছাড়া সবাই সেদিন পশ্চিমা ষড়যন্ত্রের রাজনীতির বিরুদ্ধে দাঁড়িয়েছিল ঘৃণাভরে।

সেই ইতিহাস কি জানে আজকের প্রজন্ম? তখন প্রত্যেকেই হৃদয়ে বয়ে বেড়াত একটি স্বপ্ন, স্বাধীনতা যার নাম। আমাদের স্বাধীনতার মাসে লেখাটি লিখতে গিয়ে বেশ কিছু প্রশ্নের উদয় হচ্ছে মনে। তারই কিছু কথা বলব আজ।

২. সম্প্রতি উত্তরবঙ্গে গিয়েছিলাম। নানা রাজনৈতিক ডামাডোলের মধ্যে দেশের একটি প্রত্যন্ত অঞ্চলে গিয়ে মনে হলো, ঢাকা মহানগরীতে যত ধরনের বিভাজন ও সহিংসতা বিদ্যমান এই মুহূর্তে, গ্রামের মানুষ সেগুলো বহন করতে রাজি নয়। একটি সুন্দর নিরাপদ রাষ্ট্রে তারা বসবাস করতে চায়। তবে তাদের সেই নিরবচ্ছিন্ন শান্তির তৃষ্ণা নিবারণ হয় না সব সময়।

উত্তরবঙ্গের একেবারে শেষ মাথায় একটি ছোট শহরে অনেক মমতা দিয়ে গড়ে তোলা হয়েছিল একটি পাঠাগার। কেন, কী কারণে ৫ আগস্টের পর সেই পাঠাগার গুঁড়িয়ে দেওয়া হয়েছে এবং বইগুলো পুড়িয়ে দেওয়া হয়েছে, তার কোনো ব্যাখ্যা স্থানীয় কেউ দিতে পারে না। একটি পাঠাগার কার চক্ষুশূল হতে পারে, তা নিয়ে ভাবনার অবকাশ আছে।



কিছুক্ষণ আগেই বলেছি, এই ভূখণ্ডে হাজার বছরের সর্বশ্রেষ্ঠ অর্জন হচ্ছে আমাদের স্বাধীনতা। এ কথাও বলেছি, এই স্বাধীনতা লাভের ব্যাপারে নানা ধরনের বয়ান দাঁড়িয়ে যাচ্ছে। কিন্তু সেসব বয়ান যাঁরা দাঁড় করাতে চাইছেন, তাঁরা ইতিহাসের কাছে না গিয়ে ধরি মাছ না ছুঁই পানি ধরনের একটা মানসিকতা বহন করে চলেছেন। পাকিস্তান সৃষ্টির পরপরই ভাষার প্রশ্নে বাঙালি প্রথম যে ধাক্কাটা খেয়েছিল, তাতেই নিজ ভাষা ও সংস্কৃতির প্রতি ভালোবাসা ও অঙ্গীকারবোধে জারিত হয়েছিল এই ভূখণ্ডের মানুষ। সেই চেতনা নিয়েই পাকিস্তানি জান্তাদের বৈষম্যের দীর্ঘ পথকে চ্যালেঞ্জ করেই এগিয়ে গেছে এ দেশের জনগণ। এই মানুষেরা যে আত্মপরিচয় গড়ে তুলেছে, তাতে ধর্ম-বর্ণে কোনো ভেদাভেদ থাকার কথা নয়। পরিহাসের বিষয় হচ্ছে, সেই আত্মপরিচয় গড়ে তোলার ক্ষেত্রে নানা ধরনের প্রতিবন্ধকতা যেমন এসেছে, তেমনি যাঁরা সেই অঙ্গীকার করেছিলেন, তাঁরা তা বেমালুম ভুলে গিয়ে কেবল সুবিধাবাদী কিংবা সুবিধাভোগী একটি শ্রেণিতে পরিণত হয়েছেন। তার চেয়েও ভয়াবহ ব্যাপার হচ্ছে, কোনো ধরনের মুক্তির আকাঙ্ক্ষা এসে যখন এই খেটে খাওয়া মানুষকে স্বপ্ন দেখায়, তখন কিছুদিন অতিক্রান্ত হলেই বোঝা যায় একইভাবে প্রতারিত হতে হবে। ব্যাপারটিকে দুঃসহ স্বপ্ন বললে ভুল হয় না।

আমি উত্তরবঙ্গের কয়েকটি শহরে সাধারণ মানুষের সঙ্গে কথা বলার চেষ্টা করেছি। তারা প্রথমে আমাকে পাল্টা প্রশ্ন করে বুঝে নিতে চেয়েছেন যে আমি কোন মানসিকতার মানুষ। আরও সহজ করে বললে বলতে হয়, তারা জানতে চায় আমি কোনো রাজনীতির প্রতিনিধিত্ব করছি কি না। যে রকম ভাঙচুর, লুটপাট ইত্যাদি হয়েছে, তাতে মানুষকে বিশ্বাস করা যে কঠিন হয়ে পড়েছে, সে কথা স্পষ্ট বোঝা গেল। মব ভায়োলেন্স যেভাবে সারা দেশে ছড়িয়ে গেছে, তাতে মনে হচ্ছে শুভবুদ্ধি দিয়ে এর নাগাল পাওয়া কঠিন এখনো। পুলিশ বাস করছে ভয়ের রাজত্বে, হঠাৎ একদল লোক এসে চিৎকার-চেঁচামেচি করলেই তার দাবি পূরণ করে দেওয়া হবে-এ রকম একটা মানসিকতা গড়ে উঠছে। ভয়ংকর ব্যাপার হচ্ছে, স্বপ্নের কোনো সফল পরিণতি আসবে কি না, তা নিয়ে সবাই সন্দিহান, অন্তত যাদের সঙ্গে আমি কথা বলেছি।

তেঁতুলিয়ায় পৌঁছানোর পর স্মৃতি রোমন্থন করে বললাম, যখন বছর ১৫ আগে ডাকবাংলোয় থাকার সময় একটা ভ্যান নিয়ে বাজারের পাশ দিয়ে অনেক দূরে চলে গিয়েছিলাম আমরা। পথটি পাড়ি দেওয়ার সময় বারবার দেখতে হয়েছে গরুর পাল ভারত সীমান্ত দিয়ে ঢুকছে বাংলায়। এটা যে চোরাকারবারি, সে ব্যাপারে কোনো সন্দেহ ছিল না। কিন্তু এটাও বোঝা যাচ্ছিল যে সীমান্তের দুই দিকের মানুষেরই এতে লাভালাভ বণ্টনের পরিকল্পনা রয়েছে।

এবার যখন সে কথা বলছিলাম, এরপর ২২ পৃষ্ঠায়

# নতুন দল কতটা নতুন

আহমেদ শমসের

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) বাংলাদেশের রাজনৈতিক প্রেক্ষাপটে একটি নতুন উদ্যোগ হিসেবে আত্মপ্রকাশ করেছে। দেশের বিদ্যমান রাজনৈতিক সংকট, ক্ষমতার কেন্দ্রীকরণ এবং গণতান্ত্রিক ব্যবস্থার সংকীর্ণতাকে চ্যালেঞ্জ করার প্রতিশ্রুতি দিয়ে এই দলটি গঠিত হয়েছে। এই দলটি মূলত বিভিন্ন মতাদর্শের মানুষকে একত্র করে একটি বিকল্প রাজনৈতিক প্ল্যাটফর্ম তৈরি করতে চায়। তবে বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে নতুন দলের আত্মপ্রকাশ নতুন কিছু নয়। অতীতেও বহু বিকল্প রাজনৈতিক উদ্যোগ নেওয়া হয়েছে, কিন্তু সেগুলোর অধিকাংশই দীর্ঘ মেয়াদে টিকে থাকতে পারেনি। এনসিপি কি আদৌ পারবে টিকে থাকতে, নাকি এটি শুধুই আরেকটি স্বল্পস্থায়ী রাজনৈতিক উদ্যোগ হয়ে থাকবে, সেটি সময়ই বলে দেবে।

প্রথমেই, এনসিপির ইতিবাচক দিকগুলো বিবেচনা করলে দেখা যায় যে এটি নতুন নেতৃত্ব এবং নতুন রাজনৈতিক ভাষা নির্মাণের চেষ্টা করছে। বর্তমানে দেশের রাজনীতিতে দুটি প্রধান শিবিরের বাইরে কার্যকর কোনো মধ্যপন্থী বা তৃতীয় শক্তির উপস্থিতি নেই। একদিকে আওয়ামী লীগ আর অন্যদিকে বিএনপি। এ-দল ক্ষমতায় থাকলে ও-দল বিরোধী দলের ভূমিকায়। এই দ্বিদলীয় বৃত্ত ভাঙার চেষ্টা হয়েছে, সফল হয়নি। সাধারণ মানুষও কেন যেন এই দুই ধারার বাইরে আস্থা রাখতে চায়নি। বিকল্প নেতৃত্বের সন্ধান হলেও তা হালে পানি পায়নি। এবার মূলত তরুণসমাজ এগিয়ে এসেছে এনসিপি গঠনে। উদ্যোক্তাদের পক্ষ থেকে দাবি করা হয়েছে যে তারা সেই বিকল্প হতে চায়। তারা বর্তমান রাজনৈতিক সংকটের বাইরে এসে নতুন ধরনের রাজনীতির ভাষা প্রতিষ্ঠা করতে চায়, যেখানে দলীয় আনুগত্যের বাইরে জনগণের স্বার্থকে অগ্রাধিকার দেওয়া হবে। বিশেষ করে দলটি ধর্মনিরপেক্ষতা এবং ধর্মীয় উগ্রবাদের বাইরে থেকে একটি মধ্যপন্থী ও গণমুখী রাজনৈতিক আদর্শ গড়ে তোলার কথা বলছে। এটি যদি বাস্তবে কার্যকর করা যায়, তবে এটি দেশের রাজনীতিতে নতুন এক ধারার সূচনা করলেও করতে পারে।

এনসিপির আরেকটি ইতিবাচক দিক হলো তাদের গণপরিষদ নির্বাচনের দাবি। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর থেকে সংবিধান অনেকবার সংশোধন করা হয়েছে এবং বেশির ভাগ ক্ষেত্রে তা হয়েছে ক্ষমতাসীন দলের স্বার্থ রক্ষা করার জন্য। এনসিপি বলছে, তারা গণপরিষদের মাধ্যমে একটি নতুন সংবিধান প্রণয়ন করতে চায়, যাতে জনগণের সরাসরি অংশগ্রহণ থাকবে। এটি একটি বড় রাজনৈতিক প্রতিশ্রুতি এবং বাস্তবায়ন করা সহজ নয়, তবে এটি দেশের রাজনীতিতে একটি গুরুত্বপূর্ণ আলোচনা শুরু করতে পারে। দেখা যাক, কোথাকার পানি কোথায় গিয়ে গড়ায়।

নতুন দল হিসেবে এনসিপির কিছু সীমাবদ্ধতাও রয়েছে, যা তাদের ভবিষ্যৎকে প্রশ্নবিদ্ধ করে তুলতে পারে। প্রথমত, এই দলের রাজনৈতিক অভিজ্ঞতা খুবই সীমিত। নতুন নেতৃত্ব এবং নতুন রাজনৈতিক ভাষা তৈরির চেষ্টা যতই মহৎ হোক না কেন, বাস্তব রাজনীতিতে টিকে থাকতে হলে অভিজ্ঞতা খুব গুরুত্বপূর্ণ। বাংলাদেশের রাজনৈতিক বাস্তবতা বেশ কঠিন, যেখানে প্রতিপক্ষকে মোকাবিলা করা, প্রশাসনিক জটিলতা সামলানো এবং জনগণের আস্থা অর্জন করা সহজ কাজ নয়। এনসিপির নেতারা এই বাস্তবতাকে কতটা উপলব্ধিতে নিয়ে মাঠে নেমেছেন, তা আমরা জানি না। সব সময় গায়ের জোরে সব পরিস্থিতি মোকাবিলা করা যায় না। নমনীয়তা রাজনীতির একটি উত্তম কৌশল। নীতির প্রশ্নে আপসহীন হয়ে কৌশলে নমনীয় হওয়া রাজনীতির ক্লাসিকস বৈশিষ্ট্য। অথচ আমাদের দেশে দেখা যায় কৌশলে অনমনীয় হয়ে নীতিতে আপসকামিতা। এনসিপির নীতিনির্ধারকেরা এই বিষয়টি মনে রাখলে ভালো করবেন। চকচক করলেই সোনা হয় না।



দ্বিতীয়ত, এনসিপির আদর্শিক ও সাংগঠনিক ঐক্য নিয়েও প্রশ্ন উঠতে পারে। দলটি সাবেক বামপন্থী, ডানপন্থী এবং মধ্যপন্থীদের একত্র করে গঠিত হয়েছে। ফলে, আদর্শিক বিভাজনের সম্ভাবনা থেকেই যায়। ইতিহাস সাক্ষী, এমন বহু দল গঠিত হয়েছে যেখানে আদর্শিক মতবিরোধের কারণে দলটি বেশি দিন টেকেনি। এনসিপিকে যদি আদর্শিকভাবে সুসংহত হতে হয়, তাহলে তাদের স্পষ্টভাবে নিজেদের রাজনৈতিক দর্শন নির্ধারণ করতে হবে এবং অভ্যন্তরীণ বিভাজন এড়াতে হবে।

তৃতীয়ত, এনসিপির বিরুদ্ধে 'কিংস পার্টি' হওয়ার অভিযোগ উঠেছে। বাংলাদেশের রাজনীতিতে অতীতে একাধিকবার নতুন দল গঠনের উদ্যোগ নেওয়া হয়েছে, যেখানে সরকারি মদদ থাকার অভিযোগ উঠেছে। বিশেষ করে সামরিক শাসনামলে নতুন দল গঠন করে বিরোধী শক্তিকে দুর্বল করার কৌশল নেওয়া হয়েছে। এনসিপির নেতারা দাবি করছেন যে তাঁদের দল কোনোভাবেই সরকারি আনুকূল্যে গঠিত হয়নি এবং তাঁরা স্বাধীনভাবে কাজ করতে চান। তবে এই অভিযোগ একবার উঠলে জনগণের আস্থা পুনরুদ্ধার করা কঠিন হয়ে যায়। জনগণ যদি মনে করে যে এই দলটি আসলে বিদ্যমান ক্ষমতার খেলার একটি অংশ, তাহলে তারা এটিকে গুরুত্ব দেবে না।

অর্থায়নের প্রশ্নেও এনসিপি কিছুটা চাপের মুখে পড়তে পারে। দলটির নেতারা বলছেন যে এরপর ২৬ পৃষ্ঠায়




জাতীয় নাগরিক পার্টি নতুন এক রাজনৈতিক উদ্যোগ হলেও এটি কতটা কার্যকর হবে, তা এখনই নিশ্চিত করে বলা কঠিন। বাংলাদেশের বিদ্যমান রাজনৈতিক বাস্তবতায় নতুন দল গঠনের পথ কখনোই সহজ নয়। একদিকে প্রতিপক্ষের রাজনৈতিক আক্রমণ, অন্যদিকে জনসমর্থন ধরে রাখার চ্যালেঞ্জ-এই দুইয়ের ভারসাম্য রক্ষা করতে পারলে এনসিপিকে দমিয়ে রাখা যাবে না। যদি তারা সত্যিই একটি সুসংগঠিত, আদর্শিকভাবে সুসংহত এবং গণমুখী রাজনৈতিক প্ল্যাটফর্ম তৈরি করতে পারে, তাহলে এটি দেশের রাজনৈতিক সংস্কৃতিতে একটি নতুন দিক উন্মোচন করতে পারে। সূচনালগ্নে আমরা ভালোটাই আশা করি। কারণ, আশাই জীবন

# বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

৭৪৯+

JFK-Dhaka-JFK Return





স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০

ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল

Saudi Arabian Airlines

DELTA AIR LINES

Biman Bangladesh Airlines

American Airlines

ETIHAD AIRWAYS




Emirates

QATAR AIRWAYS

KUWAIT AIRWAYS

## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ



মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ



জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ

**7305 37th Road, Jackson Heights, NY 11372**

(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

**Phone: 917-396-4140, 917-592-7828**

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM -10PM *Terms & Condition may apply. See store for details.

# বিবিসি বাংলাকে প্রফেসর ইউনূস : কিছু মন্তব্য

ড. মাহবুব উল্লাহ্

২০২৪-এর ৫ আগস্টের পর বাংলাদেশ এক ধ্বংসস্তূপের ছাইভস্ম থেকে মাথা তুলে দাঁড়ানোর চেষ্টা করছে। বাংলাদেশে এখন একটি ক্রান্তিকাল চলছে। অবশ্য, এদেশের ইতিহাসে অনেকবারই ক্রান্তিকাল কথাটি উচ্চারিত হয়েছে। কিন্তু ক্রান্তিকালগুলো দেশকে সফল গন্তব্যে নিয়ে যেতে পারেনি। নতুন ক্রান্তিকালের সূচনার প্রয়োজন হয়েছে। এ যাত্রায় যে ক্রান্তিকালের সূচনা হয়েছে, তার কেন্দ্রীয় চরিত্র হচ্ছেন প্রফেসর মুহাম্মদ ইউনূস। তাকে কেন্দ্র করেই এ সময়ের বাংলাদেশ বিবর্তিত হচ্ছে। বাংলাদেশে এখন ক্ষমতার তিনটি কেন্দ্র। এগুলো হচ্ছে-প্রফেসর মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার, বাংলাদেশের সামরিক বাহিনী ও গত বছরের জুলাই-আগস্টের অভ্যুত্থানে নেতৃত্বদানকারী ছাত্রসমাজ। অন্তর্বর্তী সরকারের কয়েকদিন আগ পর্যন্ত অভ্যুত্থানকারী ছাত্রদের ৩ জন প্রতিনিধি ছিল। এদের একজন ছাত্রদের দ্বারা গঠিত নতুন রাজনৈতিক দল 'জাতীয় নাগরিক পার্টিতে' নেতৃত্ব দেবেন বলে অন্তর্বর্তী সরকার থেকে পদত্যাগ করেছেন এবং এখন তিনি একজন প্রাইভেট সিটিজেনের ক্যাপাসিটিতে নতুন রাজনৈতিক দলটির নেতৃত্ব দিচ্ছেন। উল্লেখিত ক্ষমতার তিনটি প্রধান কেন্দ্রের বাইরেও রয়েছে রাজনৈতিক দলগুলোর উপকেন্দ্র। এসব রাজনৈতিক দলের মধ্যে বিএনপি, জাতীয় নাগরিক পার্টি ও জামায়াতে ইসলামী বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এ রাজনৈতিক দলগুলো সরকারের অংশ না হলেও সরকারের কর্মকাণ্ডের ওপর প্রভাব বিস্তারে সক্ষম। দৃষ্টান্ত হিসাবে বলা যায়, আওয়ামী লীগকে নিষিদ্ধ ঘোষণার প্রশ্নে বিএনপি যখন বলল, তারা কোনো রাজনৈতিক দলকে নিষিদ্ধ ঘোষণার পক্ষপাতী নয়, কারণ রাজনৈতিক দল নিষিদ্ধ করা গণতান্ত্রিক চেতনার পরিপন্থি, তখন অন্যরা বলেছিল একটি দল যখন ফ্যাসিস্ট হয়ে যায়, তখন গণতন্ত্রের স্বার্থে একে নিষিদ্ধ করাই শ্রেয়। এ প্রশ্নে কোনো ধরনের মূল্য বিচারে এ মুহূর্তে আমি প্রবেশ করতে চাই না। কারণ এ আলোচনাটি করতে হবে বিশাল ক্যানভাসজুড়ে, যে সুযোগ এ প্রবন্ধের সীমারেখার মধ্যে সম্ভব নেই। তবে ফ্যাসিবাদের শিকড়-বাকড়, উৎস মূল, আদর্শিক জটা-জালসহ সবকিছুর কবর রচনা করতে না পারলে শুধু আইনি বাধা আরোপ করে সাফল্য অর্জনের সুযোগ খুবই সীমিত। যাই হোক, এমন কিছু দৃষ্টান্ত দেওয়া যাবে, যা থেকে দেখা যায়, বর্তমান সময়ে রাজনৈতিক সিদ্ধান্তগুলো বিভিন্ন শক্তিকেন্দ্র ও উপকেন্দ্রের রশি টানাটানির মধ্য দিয়ে স্থিতিতে পৌঁছেছে। এতে দোষের কিছু নেই। স্বাভাবিক রাজনৈতিক প্রক্রিয়া এমনটাই হয়।

সেই পাকিস্তান আমল থেকে দেখে আসছি, সরকারপ্রধান কিংবা রাষ্ট্রপ্রধান দেশের অবস্থা নিয়ে মাস-পয়েলা অথবা ঘটনা বিশেষকে কেন্দ্র করে জাতির উদ্দেশে রেডিও-টেলিভিশনে ভাষণের মধ্য দিয়ে নিজ নিজ দৃষ্টিভঙ্গি তুলে ধরতেন। প্রফেসর মুহাম্মদ ইউনূস প্রধান উপদেষ্টা হিসাবে দায়িত্ব গ্রহণের পর জাতির উদ্দেশে আনুষ্ঠানিক ভাষণ দিয়েছেন। এ ছাড়াও তিনি গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক মিডিয়াকেও সাক্ষাৎকার দিয়েছেন। এসব সাক্ষাৎকারে প্রফেসর মুহাম্মদ ইউনূসের রাষ্ট্রচিন্তা, স্বদেশচিন্তা ও আর্থ-সামাজিক দৃষ্টিকোণ ফুটে উঠেছে। এ সাক্ষাৎকারগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ এ কারণে যে, কালপ্রবাহে এগুলো অন্তর্বর্তী সরকারের বয়ান হিসাবে চিহ্নিত হবে।



প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের প্রায় ৭ মাস হয়ে গেল। সরকারের অর্জন, আইনশৃঙ্খলা পরিস্থিতি, সংস্কার ও নির্বাচন, ছাত্র নেতৃত্বের নতুন দল গঠনসহ রাজনৈতিক ঘটনাপ্রবাহ নিয়ে প্রফেসর মুহাম্মদ ইউনূস কথা বলেছেন বিবিসি বাংলার সঙ্গে। প্রধান উপদেষ্টার সাক্ষাৎকার নিয়েছেন বিবিসি বাংলার সম্পাদক মীর সাব্বির। সাক্ষাৎকারটির পূর্ণাঙ্গ বিবরণ প্রকাশিত হয়েছে ৪ মার্চ, ২০২৫ বিভিন্ন সংবাদপত্রে।

বিবিসি বাংলা থেকে বলা হয়েছে, ঠিক এক বছর আগে এর সম্পাদক মীর সাব্বিরের সঙ্গে প্রফেসর মুহাম্মদ ইউনূসের কথা হয়েছিল। তখন নাকি তিনি গ্রেফতার আতঙ্কের কথা বলেছিলেন। সেখান থেকে তিনি প্রধান উপদেষ্টা হয়েছেন এবং ৬ মাস পার হয়ে গেছে। জানতে চাওয়া হয়েছিল এ সময়টাকে তিনি কীভাবে দেখেন? তিনি প্রধান উপদেষ্টা হিসাবে যা করতে চেয়েছিলেন তাতে কতটা সফল হয়েছেন? এ প্রশ্নের জবাবে প্রধান উপদেষ্টা বলেছেন, তার মধ্যে কোনো গ্রেফতার-আতঙ্ক বলে কোনো আতঙ্ক ছিল না। তবে তাকে যে কোনো সময় জেলে নিয়ে যেতে পারত, তাতে কিছুই করার ছিল না। যেহেতু দেশে আইনকানুন ছিল না এবং যথেচ্ছাচার চলছিল, তার মধ্য দিয়েই তার জীবন অতিক্রান্ত হচ্ছিল। তিনি ভাবেননি যে, তিনি হঠাৎ একটা সরকারের প্রধান হবেন এমন এক দেশে, যেখানে সব তছনছ হয়ে গেছে। কোনো জিনিসই ঠিকমতো কাজ করছে না, ধ্বংসস্তূপের মধ্য দিয়ে কাজ করতে হবে।

তার প্রথম চেষ্টা ছিল সেই ধ্বংসস্তূপ থেকে আসল চেহারাটা বের করে আনা। মানুষের দৈনন্দিন জীবন সহজ করে আনা। সেই চেষ্টার মধ্যেই তিনি ছিলেন। তারপর চিন্তা করলেন, ভবিষ্যৎটা কী হবে এবং কোন্ পথে জাতি এগোবে। প্রাথমিক অবস্থায় প্রফেসর মুহাম্মদ ইউনূস সঠিক চিন্তাটাই করেছেন। ভবিষ্যতের কথা ভাবতে গিয়ে তিনি সংস্কারের চিন্তা করলেন। এ সংস্কারের চিন্তাটা এসেছে এই ভেবে যে, ১৬ বছর ধরে একটি ফ্যাসিবাদী সরকার দেশ শাসন করেছে, কিন্তু তাকে প্রতিহত করার জন্য কিছুই করা যায়নি। ভোটারবিহীনভাবে তিন তিনটি নির্বাচন হয়েছে। অসংখ্য দুর্নীতি, ব্যর্থতা ও অপশাসনের গহ্বর থেকে দেশকে কীভাবে টেনে বের করে আনা যায়। টেনে বের করে আনতে হলে প্রাতিষ্ঠানিক সংস্কারগুলো করতে হবে। সেজন্যই সংস্কারের কথা ভাবা হয়েছে।

আমার মনে হয়, সংস্কারের নানা এরপর ৩৬ পৃষ্ঠায়



তারা সর্বাত্মক চেষ্টা করছে দেশটাকে আনসেটেল করার জন্য। একথা সত্য, সবসময় থ্রেট আছেই। প্রতিক্ষণেই আছে, প্রতি জায়গাতেই আছে। কাজেই এটা হয়তো সবসময়ই থাকবে। বিষয়টি খোলাসা করার জন্য তাকে জিজ্ঞাসা করা হয়েছিল হুমকিটা কি ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ থেকে? জবাবে তিনি বললেন, অবশ্যই, এটা তো অনস্বীকার্য। তারা মাঝে-মধ্যেই ঘোষণা করছে। বক্তৃতা দিচ্ছে। এড্রেস করছে। সবাই তা শুনছে। মানুষ উত্তেজিত হচ্ছে। জাতীয় ঐক্য, সেনাপ্রধানের সাম্প্রতিক ভাষণ, ভারতের সঙ্গে সম্পর্ক, নির্বাচন এবং আওয়ামী লীগ নিষিদ্ধ বা নির্বাচনে অংশ নেবে কিনা, এসব নিয়েও প্রফেসর মুহাম্মদ ইউনূসকে প্রশ্ন করেছিল বিবিসি বাংলা। এগুলো নিয়ে তার প্রতিক্রিয়া সম্পর্কে আলোচনা এ যাত্রায় সম্ভব হলো না। বারান্তরে করা যাবে আশা করি

# বিএনপিকে কি কেউ ভুল বোঝাচ্ছে!

গোলাম ওয়াদুদ

দীর্ঘদিন আন্দোলন-সংগ্রাম, জেল-জুলুমের মধ্য দিয়ে আজকে একটি অবস্থানে পৌঁছেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি। বিগত ১৬ বছরে দলটির নেতা-কর্মীদের দমিয়ে রাখতে আওয়ামী লীগ সরকার এমন কোনো নির্যাতন নেই, যা করেনি।



নানা চড়াই-উতরাই পাড়ি দিতে হয়েছে দলটির নেতা-কর্মীদের। গত বছর ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর নির্যাতিত বিএনপির কিছু নেতা-কর্মীর মধ্যে ভিন্ন চিত্র লক্ষ করা যাচ্ছে। তাঁদের অনেকের আচরণ বিগত দিনের নির্যাতনকারীদের মতো। দলের হাইকমান্ড থেকে এ বিষয়ে বারবার সতর্ক করা হলেও কতিপয় নেতা-কর্মীর তেমন পরিবর্তন দেখা যাচ্ছে না।

নির্বাচনমুখী দলটি অন্তর্বর্তীকালীন সরকারকে নানাভাবে সহায়তা করলেও কিছু ক্ষেত্রে সমালোচনা জারি রেখেছে। অবশ্য এটা গণতন্ত্রের সৌন্দর্য। কিন্তু সৌন্দর্য নষ্ট হয় তখন, যখন মিথ্যা বা ভুল বিষয়ের সমালোচনা বা প্রচারণা চালানো হয়। মিথ্যা প্রচারণায় জনগণ মুখ ফিরিয়ে নেয়, জনতার হাসির খোরাক জোগায়।

রমজানে দ্রব্যমূল্য নিয়ে সম্প্রতি বিএনপির মিডিয়া সেলের অফিশিয়াল পেজ থেকে একটি কার্ড শেয়ার করা হয়েছে। যেখানে লেখা, 'বেসামাল নিত্যপণ্যের বাজার!' দাবি করা হয়েছে লেবুর হালি ২০০ টাকা। দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদ করায়-এই প্রথম জনগণের কাছে কোনো দল হাসির পাত্র হলো। কারণ, তথ্যটি যথাযথ নয়। তাদের পোস্টের কমেন্ট বক্সেই জনগণ তার উত্তর দিয়েছেন। ৩০ থেকে ৮০ টাকা হালিতে লেবু পাওয়া যাচ্ছে-এমনটা দাবি করে অনেকে বিএনপিকে ভর্ৎসনা করেছেন। বিএনপির এমন বিভ্রান্তিকর তথ্য জনগণ ভালোভাবে নেয়নি তা পোস্টের প্রতিক্রিয়া দেখে বোঝা যায়। পোস্টটিতে এখন পর্যন্ত ৩৪ হাজার প্রতিক্রিয়া পড়েছে, যার মধ্যে ২৮ হাজার 'হাহা'। অনেকে মজার ছলে বলছেন, 'বিএনপিকে ভুল বোঝাচ্ছেটা কে?'

দেশে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি দীর্ঘদিন হলো। দ্রব্যমূল্যের লাগাম টানতে এই সরকারের অনেক ব্যর্থতা আছে। তবে এবার রমজানে অনেক কিছুর দামই আগের চেয়ে কিছুটা কম। কিন্তু সবচেয়ে বেশি হাহাকার ভোজ্যতেলে। তেলের বাজার বিগত ছয় মাসে নিয়ন্ত্রণ করতে পারেনি সরকার। সিন্ডিকেট করে আটকে রেখেছেন ব্যবসায়ীরা। বাজারে ভোজ্যতেল নেই বললেই চলে। কিছু জায়গায় পাওয়া গেলেও দাম প্রায় দেড় গুণ। বাজারের কিছু সিন্ডিকেট ভাঙতে পারেনি এই সরকার। এর ব্যর্থতা তাদের নিতে হবে, এসব নিয়ে সমালোচনা হতেই পারে। আর যৌক্তিক সমালোচনা গণতন্ত্রকে সুন্দর করে তোলে। তবে সমালোচনা যদি অযৌক্তিক হয় এবং সেখানে যদি বা কিন্তু থাকে, তখনই সমস্যা তৈরি হয়।

সপ্তাহ দুয়েক আগে ঢাকার বাজার থেকে এক হালি লেবু আকারভেদে ২০ থেকে ৪০ টাকায় কেনা যেত। রমজান শুরুর আগের দিন ঢাকার চারটি বাজার ঘুরে দেখা গেছে, লেবু বিক্রি হচ্ছে হালিপ্রতি ৫০-৮০ টাকা দরে। লেবুর মতো দাম বেড়েছে শসা, লম্বা বেগুন এবং দেশি-বিদেশি বিভিন্ন ধরনের ফলের।

নিত্যপণ্যের মধ্যে চিনি, ছোলা, পেঁয়াজ, আলু, আটা ইত্যাদির দাম স্থিতিশীল আছে। বিশেষ করে মৌসুমের কারণে পেঁয়াজ ও আলুর দাম অনেকটাই কম। চিনির সরবরাহ ভালো, দাম বাড়েনি। বরং গত বছরের তুলনায় দাম এবার কম। তবে সংকট চলছে বোতলজাত সয়াবিন তেলের। এ সুযোগে খোলা তেলের দাম নির্ধারিত দরের চেয়ে লিটারে ২৮-৩৩ টাকা বেশি দিতে হচ্ছে ক্রেতাদের। চাল ও ডালের দাম আগে থেকেই চড়া। মাছ-মাংসের বাজারেও স্বস্তি নেই।

সম্প্রতি আরেকটি বিষয় ভুলভাবে উপস্থাপন করেছে বিএনপি। অবশ্য সেই ভুলের বিষয়ে দুঃখ প্রকাশ করেছে দলটি। বিসিএস প্রশাসন কল্যাণ সমিতির ভবনে বোমা হামলায় একজন নিহত ও একজন গুরুতর আহত হয়েছেন-উল্লেখ করে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর একটি বিবৃতি দিয়েছিলেন। তবে ঘটনাটি বোমা হামলার ছিল না।

মূলত সেটা ছিল এসি বিস্ফোরণের ঘটনা। দলটি নতুন এক বিবৃতিতে জানায়, আগের বিবৃতিটি ভুল তথ্যের ওপর ভিত্তি করে দেওয়া হয়েছিল।

দুঃখ প্রকাশ করলেও বিএনপির উচ্চপর্যায় থেকে এমন ভুলভাল তথ্যের ব্যাপক সমালোচনা করেছেন নেটিজেনরা। সবার প্রশ্ন-এমন স্পর্শকাতর বিষয়ে ভালোভাবে তথ্য যাচাই না করে কীভাবে এমন বিবৃতি দেয় তারা। কে বা কারা তথ্য দিচ্ছে তাদের। তাদের উদ্দেশ্য কী? এতে বিএনপির সুনাম নষ্ট হচ্ছে বৈ বাড়ছে না।

ভবিষ্যতে দেশকে একটি স্থিতিশীল জায়গায় নিতে বিএনপিকে অবদান রাখতে হবে। দেশে নানা ষড়যন্ত্র হচ্ছে, এসব বুদ্ধি দিয়ে মোকাবিলা করতে হবে। যত দিন না নির্বাচন হচ্ছে, তত দিন এ সরকারকে সহায়তা করা বিএনপির জন্য উত্তম। অন্যথায় অন্য পক্ষ এ সরকারকে ব্যর্থ করে দেওয়ার চেষ্টা চালাবে। আর এ সরকার ব্যর্থ হলে দেশের বড় ক্ষতি হয়ে যাবে। তাই বিএনপিকে এমন অযৌক্তিক বা ভুল তথ্য প্রচার থেকে বিরত থাকতে হবে।

লেখক: প্রথম আলোর সহসম্পাদক।




দুঃখ প্রকাশ করলেও বিএনপির উচ্চপর্যায় থেকে এমন ভুলভাল তথ্যের ব্যাপক সমালোচনা করেছেন নেটিজেনরা। সবার প্রশ্ন-এমন স্পর্শকাতর বিষয়ে ভালোভাবে তথ্য যাচাই না করে কীভাবে এমন বিবৃতি দেয় তারা। কে বা কারা তথ্য দিচ্ছে তাদের। তাদের উদ্দেশ্য কী? এতে বিএনপির সুনাম নষ্ট হচ্ছে বৈ বাড়ছে না। ভবিষ্যতে দেশকে একটি স্থিতিশীল জায়গায় নিতে বিএনপিকে অবদান রাখতে হবে। দেশে নানা ষড়যন্ত্র হচ্ছে, এসব বুদ্ধি দিয়ে মোকাবিলা করতে হবে। যত দিন না নির্বাচন হচ্ছে, তত দিন এ সরকারকে সহায়তা করা বিএনপির জন্য উত্তম। অন্যথায় অন্য পক্ষ এ সরকারকে ব্যর্থ করে দেওয়ার চেষ্টা চালাবে। আর এ সরকার ব্যর্থ হলে দেশের বড় ক্ষতি হয়ে যাবে। তাই বিএনপিকে এমন অযৌক্তিক বা ভুল তথ্য প্রচার থেকে বিরত থাকতে হবে



খোশ আমদেদ মাহে রমজান
ইফতার ও দোয়া মাহফিল
তারিখ:
১০ মার্চ (সোমবার), ২০২৫
সময়: বিকেল ৫টা
স্থান:
নবান্ন পার্টি হল
জ্যাকসন হাইটস, নিউইয়র্ক।
Ramadan
KAREEM
প্রিয় সুধী
আসছে ১০ মার্চ সোমবার ২০২৫ কেরানীগঞ্জ ফাউন্ডেশন ইউএসএ ইনক এর পক্ষ থেকে দোয়া ও ইফতার মাহফিলের আয়োজন করা হয়েছে।
উক্ত অনুষ্ঠানে সকল কেরানীগঞ্জবাসীকে অংশগ্রহণ করার জন্য বিনীতভাবে অনুরোধ করা হচ্ছে।
অনুরোধে
সভাপতি
কাজি আমিনুল ইসলাম স্বপন
ফোন: ৯২৯-৪৬২-২৩৩২
সাধারন সম্পাদক
মোহাম্মদ আলী সবুজ
ফোন: ৭১৮-৪০৭-৯০৮৪
KERANIGONJ FOUNDATION OF USA INC
কেরানীগঞ্জ ফাউন্ডেশন ইউ.এস.এ ইন্‌ক
KERANIGONJ FOUNDATION USA INC.




মার্কিন যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের এফিলিয়েটেড PRESIDENTIAL AWARD
& NATIONAL HEALTHCARE CHAMPION AWARD
প্রাপ্ত এবং CIP মুহাম্মদ আব্দুল কাদের ভূঁইয়া (শিশির) পরিচালিত হোম কেয়ার এজেন্সি
ALL COUNTY
হোম কেয়ার
CDPAP
PCA
HHA.RN
NYS LICENSED HOME CARE AGENCY
অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে
PH : 718 593 0932
* DIRECT DEPOSIT * WEEKLY PAYMENT* FESTIVAL BONUS* 401K. INSURANCE
এজেন্সি ট্রান্সফার কেইস এর জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে
Get Paid to Take care of Your Friends & Family
150-47 Hillside Ave, Jamaica, NY 11432. Ph: (631) 935-8581, www. allcountyhealthny.com

# NY INSURANCE

BROKEAGE INC.

NY I
NY INSURANCE BROKERAGE

TLC INSURANCE SPECIALIST

718 476-2025

# NY CAR & LIMO

SERVICES INC

NY CAR & LIMO SERVICES INC. B02902

BLACK & GREEN CAR BASE

718 727 4444

# BEGINNER'S

DRIVING ACADEMY

YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY

929 244-7730

# DMV EXPRESS

NEW YORK ABC-1234

**PLATES**
NEW, SURRENDER & TRANSFER

**TITLE**
NEW & DUPLICATE TITLE REQUEST

**REGISTRATION**
NEW, REPLACE, RENEWAL & TRANSFER

929-244-7730

EXCELSIOR

# Immigrant Elder Home Care LLC.

# হোম কেয়ার



ঘরে বসে বাবা-মা, শ্বশুর শাশুড়ি, দাদা-দাদী, নানা-নানী
বন্ধু-বান্ধব, প্রতিবেশি এমনকি ছেলে মেয়ে ও ভাইবোনদের
সেবা দিয়ে অর্থ উপার্জন করতে পারেন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

কোন সার্টিফিকেট এর প্রয়োজন নেই- কোন ফি চার্জ করি না



**Giash Ahmed**
Chairman/CEO
917-744-7308
giashahmed123@gmail.com

**CORPORATE OFFICE:**
37-05 74 St, 2nd Fl, Jackson Heights, NY 11372
Tel: 917-744-7308, 718-457-0813 Fax: 718-457-0814

**SUTPHIN BLVD OFFICE:**
97-01 Sutphin Blvd, Jamaica, NY 11435
Tel: 718-755-0153

**JAMAICA OFFICE:**
87-54 168 Street, 2nd Fl, Jamaica, NY 11432
Tel: 718-406-5549

**LONG ISLAND OFFICE:**
1 Blacksmith Lane, Dix Hill, NY 11731
Tel: 718-406-5549

**BRONX OFFICE:**
2148 Starling Ave, Bronx, NY 10462
Tel: 718-406-5549

**OZONE PARK OFFICE:**
175 B Forbell St., Brooklyn, NY 11208
Tel: 718-406-5549

**BUFFALO OFFICE:**
859 Fillmore Ave, Buffalo, NY 14212
Tel: 917-744-7308

# এই সপ্তাহের কবিতা



## অনেক বার
সীমু আফরোজা

শুধুই মনের তাগিদে
আমার প্রগাঢ় আবেগকে জিম্মি করছি
তাকে ধরে রাখতে পাথরের ইমারত গড়েছি
একচুল তার পেলেও প্রকাশ
বাধ দিয়েছি বিচ্ছিন্ন করে যোগাযোগের প্রয়াস।

অনেক বার স্বজ্ঞানে বিনা অনুমতিতে করেছি  তিরস্কার
নিজেকে এই বোধার মুকুট পরিয়ে দিয়েছি পুরস্কার
ছুরে ফেলেছি তাকে ভাবনার মনটা
লুকিয়ে কেঁদেছে বাঁধ ভাঙা যন্ত্রণা।

আমি তো কখনো তোমার পারবোনা হতে
তবে কেন ভালোবাসি জড়িয়ে সে মিথ্যে
তোমার কোমল মন
বুঝেনি আমার অপারগতা
আমিও মেতেছি প্রেমে হয়ে বহিরাগতা
আজ না পারি কাছে টেনে নিবিড় প্রেমে ভাসতে
না পারি পৃথিবীর বুকে ছদ্ম নামে হাসতে।

স্বশরীরে অপরাধীর চেয়ে ভয়ংকর এই হৃদয়
ক্ষমার যোগ্য নই তাই অভিশাপের দংশন
তুমি বলে ভাবতে এখন বড় ভয়
কাঙ্গাল হৃদয়ে সুপ্ত কনে নির্জনতা করিবে ক্ষয়।

কেন আবেগ আনচান করে নিঃশব্দে
কেনইবা প্রসারিত বাহুতে চাই ধরতে জাপটে
এই ভ্রম ভেঙে যাক বাস্তব স্বচ্ছতায়
আমার আমি দাড়িয়ে বিবেকের কাঠগড়ায়
বার বার অনেক বার।

লেখক: কবি, নিউইয়র্ক।





## নারী দিবসের প্রত্যাশা
মোহাম্মদ মহিবুর রহমান

আজও নারীদের অবহেলা থেকে মুক্তি মেলেনি
যুগযুগ ধরে শোনা যায় সমতার বাণী।
ঘর থেকে শুরু করতে হবে ন্যায্য অধিকারের সমতা
তাদেরও দিতে হবে ভালোবাসা, মায়া ও মমতার পূর্ণতা।

নিজের কন্যা সন্তান যেমন রাজকুমারী
ভালোবাসায় সে হবে উঠুক মায়াময়ী ফুলকুমারী।
অন্যের কন্যা ঘরে এনে দিতে  হবে উপযুক্ত সম্মান
তবেই বাড়বে পরিবারের মর্যাদা ও মান।

সমাজে আজও নারীদের অবহেলিত হতে দেখা যায়
এটা কি সত্য সমাজে আদৌ শোভা পায়?
তাদের দেখে মাথা নিচু হয়ে যায়
এমন সময়ে সভ্যতা তখন কোথায় পালায়!

নারী দিবসে আমাদের অঙ্গীকার ও আশা
নারীরা সব জায়গায় যথাযথ সম্মান পাবে এই আমাদের প্রত্যাশা।
তাদের যোগ্য করে গড়ে তুলতে হবে
দিতে হবে যোগ্যতার স্বীকৃতি এই ভবে।

লেখক: কবি, নিউইয়র্ক।



## কলিযুগ
আহম্মদ হোসেন বাবু

এ জন্মে কপালে প্রেম নেই, পরজন্মে যেন হয়
একটা জন্ম বৃথা গেল, নিঃশব্দে নিরবে হল ক্ষয়।
হাসি নেই বাঁশি নেই, চারিদিকে সব অন্ধকার
এই নির্জনবাসে বসে শুনি, মানুষের হাহাকার।

মাঝে মাঝে মনে হয়, একটা রাজ্য থাকলে হয়তো হতো
রাজ্য নেই রানি নেই, বুকের ভিতরে অগ্নিক্ষত।
এ জন্ম শুধুই অবহেলা আর কেবলি অবজ্ঞা
জন্মটা বিফলে গেল, কেউই হলোনা কোন ভোগ্যা।

এ জন্মে কপালে প্রেম নেই, পরজন্মে যেন হয়
মাঝে মাঝে প্রশ্ন জাগে, যা চাই তা কি হবার নয়?
পরাজিত হতে হতে, যখন যাবার ঘণ্টা বাজলো!
অন্তহীন ঘন কালো এক ছায়া, কার জন্যে সাজলো?

সাজলো আমার প্রেমিকা, হয়ে রাঙামাটির কবর!
মানুষের রূপান্তর চলে, কেউ রাখে না খবর!
প্রেম চাই ভালোবাসা চাই, চাই একটা বউ-বিয়ে-
সারাটি জীবন কাটলো, প্রার্থনার এই গান নিয়ে।

উইঢিবিকে পর্বতশৃঙ্গ বলে মনে হয় থেকে-থেকে
বাঁকা পথে বাঁকা মতে, কলিযুগ চলে এঁকে-বেঁকে।।

লেখক: কবি, নিউইয়র্ক।



## লক্ষ্য ও সফলতা
সুজন দাশ

ভরসা দেয়ার লোক পাবে না পাশে,
দোষ পেলে ঠিক উপহাসের হাসে!
কষ্ট তোমার কেউ নেবে না কাঁধে,
সুযোগ পেলে ফেলবে ঠিকই ফাঁদে!

মাথা খাটাও লেগে থাকো কাজে,
বৃথা সময় ব্যয় করো না বাজে।
পরিশ্রমের মূল্য তুমি পাবে,
মত্ত থাকো আপন কাজের ভাবে।

নিন্দুকেরা থাকবে পিছে লেগে,
সাহস নিয়ে থাকো তুমি জেগে।
লক্ষ হারা হলে তুমি পথে,
টেনে কেহ তুলবে না তাই রথে।

ভালো মন্দ নিয়েই জগৎ চলে,
মহৎ যারা দীপ্ত আলোয় জ্বলে।
যারাই পথে দেয় বিছিয়ে কাঁটা,
দিনের শেষে জোটেই তাদের ঝাঁটা।

ভরসাটুকু মনের মাঝে রেখে,
কোথায় যাবে?প্ল্যানখানা নাও এঁকে!
লক্ষ্য অটুট থাকতে যারা পারে,
সফলতা থাকে তাদের দ্বারে।

লেখক: কবি, নিউজার্সি।





## রোজার মাহাত্ম্য
এম. আবু বকর সিদ্দিক

খোদার ভয়ে ভীত হৃদয়
গড়ার প্রয়োজনে,
রোজা রাখা ফরজ হলো
পবিত্র রমযানে।

মহান স্রষ্টার বিশ্বাস ও ভয়
থাকবে যে বান্দার,
সে বান্দা পারে না কভু
করতে পাপাচার।

রোজা রেখে বান্দা যখন
খোদাভীরু হবে,
রোজার উসিলাতে সকল
গুনাহ মুছে যাবে।

রোজাদারগণ মহান প্রভুর
বিশেষ মেহমান,
তাদের জন্য প্রস্তুত আছে
শ্রেষ্ঠ দ্বার রইয়ান।

শুদ্ধ চিত্তে রোজা রাখলে
পুণ্য বেশুমার,
প্রভু স্বয়ং নিজে দিবেন
রোজার পুরস্কার।

লেখক: কবি, নিউইয়র্ক।



## সীমাবদ্ধতা
আবু আলী

শুনি কথা
দাওনি দেখা
হে অরুন্ধতী
জানি তোমার সীমাবদ্ধতা।

৮৬৪০০ সেকেন্ডের দিবারাত্রি
এরমধ্যে আমার জন্য হয় না এক
মুহূর্ত।

হে রবিকর
যদিও দাও
একটি মুহূর্ত
পাবো তোমার আলো।

আমি চাষা
করব চাষ
ফলাব ফসল
গড়ব নতুন ধরণী।

যেথায় থাকবে না
অশান্তি অনাচার।

বন্ধ কর দু'আখি
কল্পনা কর
ভাসো স্বপ্নের ভেলায়
আবারও আসিয়াছে ধরণীতে
লাইলি-মজনু, নুরজাহান-শাহজাহান
গড়তে নতুন ধরণী।

লেখক: কবি, ঢাকা।



## অরক্ষিত ভালোবাসা
খ্রীষ্টফার পিউরীফিকেশন

ভালোবাসা পাচার হয়ে যায়
গোপনে। রাতের আঁধারে।
নিঃশব্দে। যাতে কেহ টের না পায়।
বিরতিহীন, ভালোবাসা চালান হয়
সীমান্তের ওপারে।
না ইমিগ্রেশন। না সীমান্ত-রক্ষী।
না গোয়েন্দা দফতর।
কেহ জানে না।

গোপন সংবাদও নেই কোন।
তরতাজা ভালোবাসা।
নিটোল নিখুঁত ভালোবাসা
চোরাই ঘিঞ্জি পথে
নির্বিবাদে চলেই যায়
চলেই যাচ্ছে
অন্যের অবৈধ অধিকারে।
হায় ভালোবাসা!

লেখক: কবি, নিউইয়র্ক।

# CHANG PAI
Halal Thai & Chinese Restaurant

## Ramadan Special
## IFTAR MENU

### RAMADAN SPECIAL

Fried Rice(Egg+Veg) Large Tray.... $80.00
Chowmein (Chick+Veg) Large Tray..... $90.00
Beef Teheri Large Tray .................... $120.00
Chicken Biriany Large Tray ............ $80.00
Fried Chicken/Pieces ........................ $1.50
Lolly Pop Chicken/Pieces ............... $1.75
Whole Chicken/Pieces ...................... $30.00
Iftar Box ................................................ $11.99
Iftar & Dinner Box ................................ $16.99

### CHOOSE YOUR OWN

Khichuri ................................................ $3.00
Chicken Fried Rice .............................. $3.00
Chicken Cake ........................................ $1.25
Chowmein Chicken .............................. $3.25
Chicken Curry ...................................... $3.00
Manchurian Chicken ............................ $4.00
Chilli Chicken ...................................... $4.00
Chilli Onion Chicken ............................ $4.00
Halim Large .......................................... $13.99
Halim Small .......................................... $7.99
Shahi Gilabi .......................................... $8.99

### MASJID'S SPECIAL IFTAR $6.99

Polao Rice, Chicken Curry
Chana Dall
Begoni, Dates

### POPULAR PACK $8.99

Jalebi, Dates
Chick.Fried Rice/Beef Tehari
Beguni, Eggs Chop
Chili Chicken

### SPECIAL CHINESE $11.99

Chicken Fried Rice
Fried Chicken
Manchurian Fish
Desi Vegetable

SPECIAL
DRINK'S FREE

MINIMUM ORDER 50 PERSON OR MORE

CALL FOR ORDER 646-919-8570







## CHANGPAI HALAL THAI & CHINESE RESTAURANT

**JAMAICA**
166-12 Hillside Avenue, Jamaica, NY 11432
718-291-8222

**OZONE PARK**
77-01 101st Avenue, Ozone Park, NY 11416
718-480-1141

www.changpaichinese.com

# Arab states and UN condemn Gaza aid blockade by Israel

Ajkal Desk



Several Arab states and the UN have condemned Israel for blocking the entry of all humanitarian aid into the Gaza Strip. Egypt and Qatar said the Israeli move on Sunday violated a ceasefire deal, while UN humanitarian chief Tom Fletcher described it as "alarming".
Israeli Prime Minister Benjamin Netanyahu said his country acted because Hamas was stealing the supplies and using them "to finance its terror machine". He also accused the Palestinian group of rejecting a US proposal to extend the ceasefire in Gaza, after it expired on Saturday. Israel said it had approved the proposal.
A Hamas spokesman said Israel's blockade was "cheap blackmail" and a "coup" against the ceasefire agreement.
The ceasefire deal halted 15 months of fighting between Hamas and the Israeli military, allowing the release of 33 Israeli hostages for about 1,900 Palestinian prisoners and detainees.
In a statement on Sunday, Qatar's foreign ministry said it "strongly condemns" the Israeli decision, describing it as "a clear violation of the ceasefire agreement" and "international humanitarian law". In Egypt, the foreign ministry accused Israel of using starvation as "a weapon against the Palestinian people", the AFP news agency reported. Both Qatar and Egypt helped to mediate the ceasefire agreement in Gaza. Meanwhile, Saudi Arabia expressed its "condemnation and denunciation" of the Israeli aid blockade, the foreign ministry said.
Tom Fletcher, UN Under-Secretary-General for Humanitarian Affairs, wrote in a post on X: "International humanitarian law is clear: We must be allowed access to deliver vital lifesaving aid." Netanyahu said Israel had decided to act "because Hamas steals the supplies and prevents the people of Gaza from getting them.
"It uses these supplies to finance its terror machine, which is aimed directly at Israel and our civilians, and this we cannot accept." Hamas has previously denied stealing humanitarian aid in Gaza. Netanyahu also said Hamas was refusing to accept a temporary extension of the ceasefire proposed by US President Donald Trump's envoy, Steve Witkoff. The first phase of the ceasefire came into force on 19 January and expired at midnight on Saturday. Negotiations on phase two, meant to lead to a permanent ceasefire, the release of all remaining living hostages and the withdrawal of Israeli forces from Gaza, were due to have started weeks ago - but have barely begun.
There are believed to be 24 hostages alive, with another 39 presumed to be dead.
Phase three is meant to result in the return of all remaining bodies of dead hostages and the reconstruction of Gaza, which is expected to take years. Hamas has previously said it will not agree to any extension of phase one without guarantees from the mediators that phase two will eventually take place.
As the first phase of the deal expired on Saturday, Netanyahu's office said Israel had agreed to Witkoff's proposal for the ceasefire to continue for about six weeks during the Muslim holy month of Ramadan and Jewish Passover periods.
If, at the end of this period, negotiations reached a dead end, Israel would reserve the right to go back to war.
Witkoff has not made his proposal public. According to Israel, it would begin with the release of half of all the remaining living and dead hostages. Witkoff is said by Israel to have proposed the temporary extension after becoming convinced that more time was needed to try to bridge the differences between Israel and Hamas on conditions for ending the war. Aid agencies confirmed that no aid trucks had been allowed into Gaza on Sunday morning. "Humanitarian assistance has to continue to flow into Gaza. It's very essential. And we are calling all parties to make sure that they reach a solution," Antoine Renard from the World Food Programme (WFP) told the BBC. Thousands of trucks have entered the Gaza Strip each week since the ceasefire was agreed in mid-January. Aid agencies have managed to store supplies, which means there is no immediate danger to the civilian population. Also on Sunday, medics said four people had been killed in Israeli strikes on Gaza. The Israeli military said it had attacked people who were planting an explosive device in the north of the territory. Hamas carried out an unprecedented attack on Israel on 7 October 2023, killing about 1,200 people and taking another 251 hostage. Israel responded with an air and ground campaign in the Gaza Strip, during which at least 48,365 people have been killed, according to the territory's Hamas-run health ministry.



## Mikey Madison wins Best Actress for 'Anora'

Anik Raj

Mikey Madison secured her first Oscar for her lead role in Sean Baker's "Anora", a surprise win for the breakout star in her first Academy Award nomination.
In the film, Madison portrays the titular character, a Brooklyn exotic dancer who impulsively marries the spoiled son of a Russian oligarch, setting off a whirlwind of chaos as he flees his powerful parents.
"This feels very surreal," she said, expressing her nervousness and mentioning that she would be reading from a piece of paper. She began by thanking everyone involved with the film and her family.
Similar to director Sean Baker's earlier speeches, she emphasised her desire to "recognise and honor the sex worker community," stating, "I will continue to support and be an ally," and noted that meeting them had been "the highlight of this experience."
Madison, who gained recognition on TV as the eldest daughter in Hulu's "Better Things", has also appeared in "Once Upon a Time in Hollywood" and the 2022 "Scream" sequel.

## Europeans embrace Zelensky after he was vilified by Trump

Ajkal Desk



Top US officials are piling heat on Volodymyr Zelensky, suggesting he may need to relinquish power after his disastrous Oval Office meeting — even as Europe embraces the Ukrainian president more tightly than ever.
The contrast highlighted the most damaging split in the Western alliance at least since the Berlin Wall fell and bolstered a sense that the "free world" has been pushed to the brink of fracturing early in President Donald Trump's new term.
Yet the sight of Europe stepping into the impasse left by Trump's first bid to end the Ukraine war could also represent hope that good could come out of the debacle of Zelensky's visit. That's if the continent can, as it promised Sunday, construct a peace plan to hand to the US president.
Still, the fallout from Zelensky's calamitous trip to Washington is growing.
Trump's national security adviser, Mike Waltz, told CNN's Dana Bash on "State of the Union" on Sunday that the administration now questions whether Zelensky really wants to end the conflict.
"We need a leader that can deal with us, eventually deal with the Russians, and end this war," Waltz said. "If it becomes apparent that President Zelensky's either personal motivations or political motivations are divergent from ending the fighting in his country, then I think we have a real issue on our hands."
Waltz's comment underscores the US' position that the war must end no matter what as Trump races toward a rapprochement with Russian President Vladimir Putin after falsely blaming Zelensky for the unprovoked invasion.
But British Prime Minister Keir Starmer led a gathering of Western leaders in London on Sunday that welcomed Zelensky as a guest of honor. In a highly symbolic move, King Charles III granted Zelensky an hourlong audience, days after inviting Trump to a second state visit. Starmer promised a "coalition of the willing" to arm and defend Ukraine and warned again that any durable peace would need US security guarantees Trump has not yet offered.
And France and Britain also proposed a monthlong limited truce in Ukraine, French President Emmanuel Macron told the newspaper Le Figaro on Sunday. Zelensky said he was aware of the proposal but did not say whether he agreed with it.
The aggressive European leadership effort came as Ursula von der Leyen, the president of the European Commission, said Ukraine's allies needed to turn the country into a "steel porcupine that is indigestible for potential invaders."

# Queens and Brooklyn see price increases as Manhattan's median home price tumbles

Shah Nawaz



As New York City experienced a large year-over-year increase in the number of homes to enter contract in January 2025, the median prices of homes entering contract went down, with the drop in Manhattan more than cancelling out increases in Queens and Brooklyn, according to a report by the real estate listing site StreetEasy. While mortgage rates reached 7% in January 2025, homes entering contract rose year-over-year 10.7%, from 1,444 in January 2024 to 1,598 in January 2025. StreetEasy believes this jump is a good sign for the housing market during the spring months, as winter months like December and January typically have fewer homes enter contract. As a result of more homes going under contract, the inventory of available homes in New York City has gone down over the same period of time. Homes on the market dropped 3.5%, from 15,379 in January 2024 to 14,840 in January 2025. This decline is indicative of a struggle to keep up with the high pace of sales dating back to September 2024. The drop in homes on the market occurred with a 12.6% year-over-year jump in new listings, from 2,682 last year to 3,020 this year. The median price for homes entering contract fell 3.8%, from $925,156 in January 2024 to $890,000 in January 2025. Even with a resilient demand among prospective buyers, there was not a strong increase in the price point of homes that entered the market. This trend shows that sellers have found success in being more strategic in their pricing, accommodating potential buyers with limited budgets in a market that features elevated mortgage rates. The converging of prices between buyers and sellers resulted in the median sale-to-list ratio rising from 95.3% last year to 95.9% this year.

Across the entirety of New York City, the median asking price dropped 2.1%, from almost $1.099 million in January 2024 to $1.075 million in January 2025. This decline in median asking price came even with big growths in Brooklyn and Queens, as Manhattan went through a deep drop, falling 6.3%, from around $1.66 million last year to $1.55 million this year. Strategic pricing by sellers who recently joined the market likely influenced this drop in Manhattan.

Queens had a 12% jump in its asking price, from $625,000 in 2024 to $700,000 in 2025. This surge is due in large part to condos taking on a larger share of the market. Condos cost more than co-ops. While co-ops remain the most common property in Queens, condos have moved quickly to close the gap. After co-ops accounted for 42% of the inventory in Queens compared to the 26% for condos last year, January 2025 had co-ops account for 38%, with condos on its heels, at 34%. Brooklyn had its median asking price rise 4.8%, from almost $1.05 million in January 2024 to $1.1 million in January 2025. This borough accounts for the most neighborhoods on record with median asking prices of at least $1 million, with 34 such neighborhoods, up from 28 last year. Manhattan accounts for eight of New York City's top ten neighborhoods with the sharpest decline in median asking price for new listings. Such a large presence in that list reflects the severity of the decline in the median asking price in the borough. Manhattan neighborhoods on the list include Greenwich Village (31% decline), Midtown (27.7% decline), Chelsea (20.2% decline), Gramercy Park (20% decline), Battery Park City (17.1% decline), the Lower East Side (13.4% decline), Tribeca (12.8% decline) and Central Harlem (12.4% decline). Long Island City and Queens (27.1% decline) and Bay Ridge (18.4% decline) in Brooklyn accounted for the other neighborhoods in the top ten. (Source-Astoria post).



# Sean Baker clinches Best Director Oscar

Ajkal Desk

In a fierce showdown between indie auteurs, Sean Baker, director of "Anora", triumphed over Brady Corbet, the filmmaker behind "The Brutalist", to seize the Academy Award for Best Director. Baker secured the Oscar for his zany yet heartfelt film, which follows the unexpected journey of a Brooklyn sex worker who finds herself entangled in the world of wealth and power after marrying the son of a Russian oligarch.

"If Quentin hadn't cast Mikey in 'Once Upon a Time in Hollywood', 'Anora' wouldn't exist," Baker declared in his acceptance speech, acknowledging the crucial break that helped shape his film's journey. His speech became a heartfelt ode to the magic of watching movies in a theatre—what audiences in the UK would call the cinema.

He reflected on the devastating loss of nearly 1,000 movie screens across the United States during the Covid-19 pandemic, highlighting the challenges facing the industry.

Framing his message as a rallying call, Baker urged distributors to prioritise theatrical releases, emphasising the importance of the big-screen experience in an era dominated by streaming. "Let's preserve the rich tradition of movie-going and keep it thriving," he concluded.

Known for his unflinching portrayals of life on society's fringes, the New Jersey-born filmmaker has long been a critical favourite. However, despite widespread acclaim, he had never before received an Oscar nomination—let alone a win—for directing. That all changed tonight with his landmark victory.

# Pritom Hasan announces 'USA Tour 2025'



Ajkal Desk

Renowned Bangladeshi musician Pritom Hasan is set to take his electrifying performances overseas with his much-anticipated "USA Tour 2025". Organised by Deshi Music & Entertainment, the tour will see the versatile artiste perform across multiple cities, including Washington, D C, New York, Boston, San Jose, Los Angeles, Houston, Dallas, Miami, New Jersey, and Michigan. The official tour poster, recently shared on social media, features Pritom in his signature high-energy style, donning a red jacket and passionately engaging with his audience. Accompanying the announcement, the singer wrote, "Get ready, America! See you in a few months!" Pritom Hasan, known for his unique blend of pop, electronic, and experimental music, has carved a niche in the Bangladeshi music industry with hits like "Jadukor", "Bhenge Porona", and "Khoka", among others. His fusion of traditional sounds with modern beats has earned him a dedicated fanbase both in Bangladesh and among the diaspora. The upcoming tour is expected to be a milestone in his career as he brings his energetic performances to international stages. While specific dates and venues are yet to be announced, fans in the USA are eagerly awaiting the chance to witness Pritom Hasan live in concert.

# Queens commuters get easier 7 train access at Grand Central

Ajkal Desk



Navigating Grand Central Station just got a little easier now that a new passageway to the 7 line has been completed and opened, MTA officials announced on Tuesday. "We're standing in a brand-new connection to the 7 line at Grand Central Station," MTA chair and CEO Janno Lieber said at the opening event on Feb. 25. "This area didn't exist a year ago." Construction teams built a new staircase for the Flushing Line platform. They widened existing staircases by 25% to connect the Lexington Passageway to the existing passageway, all in an effort to improve customer flow. Not one service disruption connected to project Building the new corridor was no easy task. The work entailed blasting through 1,000 tons of rock and dirt down a 55-foot shaft and 140 feet across bulky Manhattan bedrock. Perhaps the most impressive part of the project is that it was done without any disruption to train service. Lieber explained that the technique involved "controlled, low-velocity explosions," which had never been used in subways before. "That enabled us to keep all of the services in Grand Central Station operating while this was going on," he said. The completely new passageway to the platform includes wider staircases and, of course, a new look. "Connecting the 7 Line and the 4, 5 and 6—two of our busiest lines in the station — is a huge step forward for riders who are looking for rides that aren't just reliable and fast, but making sure all their connections are smooth and seamless," Lieber said. That "seamless" ride will likely help the 480,000 commuters who traverse Grand Central Station, especially the 150,000 who make connections between the lines each day. The passageway project is part of the larger, ongoing 42nd Street/Grand Central Circulation Improvement Project. Improvements will include eight new escalators, retail upgrades and state-of-good repair work. Gov. Kathy Hochul highlighted the many benefits of the project. "New York is home to an incredibly advanced and innovative transit system — and we're always looking to push the bounds even further," she said.



# কীভাবে ঠেকাবেন মস্তিষ্কের বার্ধক্য

অধ্যাপক ডা. হারাধন দেব নাথ



দিন দিন ব্রেন এজিংয়ে আক্রান্ত মানুষের সংখ্যা বাড়ছে। ব্রেন এজিং মানে মস্তিষ্কের বার্ধক্য। বয়সের সঙ্গে মস্তিষ্কের আয়তন কমতে থাকে, অর্থাৎ ব্রেন শুকিয়ে যেতে থাকে। এর মানে মস্তিষ্কে থাকা কোষগুলো আস্তে আস্তে অকার্যকর হচ্ছে এবং ব্রেনের আয়তন কমছে। কোষের আয়তন কমতে থাকলে তা স্মৃতিশক্তি, বুদ্ধি ও দক্ষতার ওপর প্রভাব ফেলে।

কারণ

মস্তিষ্কের ব্যবহার কম হলে ব্রেন এজিংয়ের প্রক্রিয়াও আগে শুরু হবে। ব্রেন সক্রিয় থাকলে এজিংয়ের প্রক্রিয়া ধীরগতিতে হয়। যাঁরা অনেক পড়াশোনা করেন বা অন্যভাবে মস্তিষ্ককে সক্রিয় রাখেন, তাঁদের এজিং প্রক্রিয়া দেরিতে শুরু হয়।

বংশগত কারণেও ব্রেন এজিং হতে পারে। নিকটাত্মীয়দের মধ্যে অল্প বয়সেই মস্তিষ্কে বার্ধক্য আসার প্রবণতা থাকলে পরবর্তী বংশধরদের মধ্যেও এটা ঘটে।

মস্তিষ্কে রক্ত সঞ্চালন প্রক্রিয়া ও হরমোনাল কারণও এজিং প্রক্রিয়া প্রভাবিত করে।

লক্ষণ

প্রধান লক্ষণ স্মৃতিশক্তি কমে যাওয়া। প্রাথমিকভাবে কোনো ঘটনা, জিনিস বা কারোর নাম, ঠিক সময়ে ঠিক শব্দটা সহজে মনে পড়তে চায় না।

পরবর্তী পর্যায়ে খুব সাধারণ কাজ যেমন কোনো একটি জিনিস বিছানা থেকে টেবিলে সরিয়ে রাখা, নিজের জামাকাপড় পরা এগুলো করতেও অসুবিধা হতে পারে। বয়স্কদের প্রায়ই দেখা যায় জায়গার জিনিস জায়গায় রাখতে পারছেন না। কখন কী করা উচিত, সে বিষয়ে সিদ্ধান্তে আসতে পারেন না। এর হাত ধরে আসে ডিপ্রেশন। কিছু অসুখেও সাময়িকভাবে স্মৃতিশক্তি হ্রাস পেতে পারে। এ ছাড়া বিভিন্ন ভিটামিনের অভাব থেকেও সাময়িক স্মৃতিশক্তি লোপ পায়। মানসিক সমস্যা, অত্যধিক মানসিক চাপ, উদ্বেগ, হতাশা থেকেও ভুলে যাওয়া, বিচার করার ক্ষমতা কমে যাওয়া ইত্যাদি হতে পারে। অসুখজনিত কারণে স্মৃতিলোপ পেলে চিকিৎসা সম্ভব।

চিকিৎসা

ব্রেন এজিংয়ের তেমন চিকিৎসা নেই। তবে জীবনযাত্রায় পরিবর্তন এনে এর গতি কমিয়ে দেওয়া সম্ভব। এ জন্য খাদ্যাভ্যাসে পরিবর্তন আনতে হবে। ভিটামিন বি-১২, ভিটামিন-এ, ওমেগা-থ্রি ফ্যাটি অ্যাসিড সমৃদ্ধ খাবার বেশি খেলে মস্তিষ্ক সুস্থ থাকে। মস্তিষ্ক সুস্থ রাখার ক্ষেত্রে দুটি জিনিস মেনে চলতে হবে চিনি এড়িয়ে চলা এবং কম কার্বোহাইড্রেটের খাবার খাওয়া (লো কার্বোহাইড্রেট ডায়েট)। আর কাজের মাধ্যমে মস্তিষ্ক সচল রাখা জরুরি।

লেখক: অধ্যাপক, নিউরো সার্জারি বিভাগ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যেল বিশ্ববিদ্যালয়।



## সু-অভ্যাসগুলো মেনে চললে এসব রোগবালাই থেকে রক্ষা পাবেন

ডা. শরদিন্দু শেখর রায়

অনেক ক্ষতির পাশাপাশি করোনা আমাদের অনেক সু-অভ্যাসও গড়ে দিয়ে গেছে। যেমন সঠিক নিয়মে মাস্ক পরা, সাবান দিয়ে হাত ধোয়া, হাত জীবাণুমুক্ত করতে স্যানিটাইজার ব্যবহার, হাঁচি-কাশি দেওয়ার সময় রুমাল বা কনুই দিয়ে মুখ ঢেকে নেওয়া, সামাজিক দূরত্ব মানা, বাইরের অস্বাস্থ্যকর খাবার এড়িয়ে চলা ইত্যাদি।

গবেষণা বলছে, করোনার সময় এসব অভ্যাস রপ্ত করার কারণে একই সঙ্গে কমে গিয়েছিল নিউমোনিয়া, ফ্লু, ডায়রিয়ার মতো রোগ। করোনা এখন অনেকটাই নিয়ন্ত্রণে, তাই অভ্যাসগুলো মেনে চলার ক্ষেত্রে আগের সেই কড়াকড়িও এখন আর নেই। তবে অনেকেই এগুলো এখন নিয়মিত চর্চায় পরিণত করেছেন।

তার চেয়ে বড় কথা, করোনা পুরোপুরি চলে যায়নি। বিজ্ঞানীরা বলছেন, করোনা যাবেও না, বরং আর দশটা সংক্রামক রোগের মতোই পরিবেশে রয়ে যাবে; সঙ্গে মৌসুমি রোগ, যেমন ইনফ্লুয়েঞ্জা, নিউমোনিয়া, টাইফয়েড, ডেঙ্গু, ডায়রিয়া, কলেরা, চিকেন পক্স বা জলবসন্তের মতো সংক্রামক রোগগুলো তো আছেই। তাই সু-অভ্যাসগুলো সব সময় মেনে চললে করোনা ছাড়া আরও অনেক রোগবালাইকে আমরা দূরে রাখতে পারব। স্বাস্থ্য সুরক্ষার সাধারণ নিয়মকানুন কীভাবে আমাদের করোনাসহ সব ধরনের সংক্রামক রোগ থেকে সুরক্ষিত রাখে, চলুন, জানার চেষ্টা করি।

মাস্কের ব্যবহার

নাক-মুখ ঢেকে মাস্ক ব্যবহার করলে শ্বাসতন্ত্র ও ফুসফুস সুরক্ষিত থাকে। ফেস মাস্ক শ্বাসতন্ত্রের মাধ্যমে জীবাণুর সংক্রমণ প্রতিরোধ করে। ভাইরাসজনিত সাধারণ ফ্লু, ইনফ্লুয়েঞ্জা, হাম, মাম্পস, জলবসন্ত এবং ভাইরাস বা ব্যাকটেরিয়াজনিত নিউমোনিয়া ও যক্ষা ঠেকাতে মাস্ক খুব কার্যকর। শ্বাস নেওয়ার সময় যে বাতাস আমাদের ফুসফুসে প্রবেশ করে, তাতে আর্দ্রতা বাড়িয়ে তোলে মাস্ক। আর্দ্রতাযুক্ত শ্বাস শরীরে রোগ প্রতিরোধক্ষমতা বাড়াতে ভূমিকা রাখে। আর্দ্রতার পরিমাণ বেশি হলে শ্বাসতন্ত্রে জীবাণু সংক্রমণের বিস্তার বাধাপ্রাপ্ত হয়। আবার দূষিত পরিবেশের ধুলাবালুর আক্রমণ ঠেকিয়ে অ্যালার্জি এবং অ্যালার্জিজনিত অসুখ, যেমন হাঁপানি নিয়ন্ত্রণেও এরপর ২৮ পৃষ্ঠায়

## রমজানে পেট ভালো রাখতে কী করবেন

ডা. মোহাম্মদ জাকির হোসেন



মুসলমানদের জন্য রমজান পবিত্র মাস। এ মাসে জীবনাচরণে পরিবর্তন আসে, পরিবর্তন আসে খাদ্যাভ্যাসে। হঠাৎ এই পরিবর্তন মানিয়ে নিতে কিছুটা সময় লেগে যায় বৈকি। তা ছাড়া এবারের রমজানে গরমও বেশি। ঠিকমতো ইবাদত-বন্দেগি করার জন্য সুস্থ থাকা জরুরি।

এ জন্য সুষম খাবার খেতে হবে। পর্যাপ্ত পরিমাণে পানীয় খেতে হবে। পাশাপাশি মৌসুমি ফলের জুস ও শরবত খেতে হবে। কোনোভাবেই যেন পানি শূন্যতা না হয় সেদিকে নজর রাখতে হবে। আর বাইরের খোলা পানি বা পানীয় খাওয়া যাবে না।

রমজানে সাধারণত পেটের সমস্যা যেমন গ্যাস্ট্রিক বা অ্যাসিডিটি জাতীয় সমস্যা বেড়ে যায়। এর প্রধান কারণ খাদ্যাভ্যাসে পরিবর্তন। রমজানে অনেকেই ভাজাপোড়া বেশি খেয়ে থাকি, যা পেটের জন্য মোটেও ভালো নয়। সুস্থ থাকতে হলে এসব খাবার যথাসম্ভব এড়িয়ে চলতে হবে। সহজপাচ্য খাবার খেতে হবে। বাইরের খাবার পরিহার করতে হবে। বাড়িতে তৈরি স্বাস্থ্যকর ও পুষ্টিকর খাবার বেছে নিন। পর্যাপ্ত পরিমাণে শাকসবজি ও ফলমূল খেতে হবে।

রমজানে ইফতারের খাবার খুবই গুরুত্বপূর্ণ। কারণ, সারা দিন পানাহারে বিরত থেকে হঠাৎ যদি ভাজাপোড়া জাতীয় খাবার বেশি খাওয়া হয়, তবে শরীর খারাপ হওয়াই স্বাভাবিক।

ইফতারের পর তারাবিহর নামাজসহ অন্যান্য ইবাদত করে থাকি, তাই এমন সব খাবার খেতে হবে যেন সুস্থভাবে সেগুলো করতে পারি। ইফতারে পর্যাপ্ত পানীয়, খেজুর, কিছু মৌসুমি ফল ও সামান্য অন্যান্য সহজপাচ্য খাবার খাওয়া যেতে পারে।

সতর্কতার সঙ্গে খাবার নির্বাচন করলে রমজানে গ্যাস্ট্রিকের সমস্যা খুব একটা হবে না। অ্যাসিডিটি হলে খাবারের ক্ষেত্রে সচেতনতার পাশাপাশি কিছু ওষুধের প্রয়োজন হতে পারে। এরপর ২২ পৃষ্ঠায়

## বিকলাঙ্গ শিশু, সারা জীবনের কষ্ট

ডা. সৈয়দা নাফিসা ইসলাম

প্রতিবন্ধী শিশু পিতামাতার জন্য অনেক দুর্ভাগ্যের বিষয়। সুস্থ শিশু যেখানে আশীর্বাদ স্বরূপ, প্রতিবন্ধী শিশু সেখানে সারা জীবনের কষ্ট। সব সময় প্রতিবন্ধী শিশু জন্মানোর কারণ খুঁজে পাওয়া যায় না। তবে যে সকল জানা কারণে গর্ভের শিশু বিকলাঙ্গ হতে পারে তা এখানে আলোচনা করবো। প্রথমেই পরিকল্পনা করে গর্ভধারণ করতে হবে। এতে করে মা যদি গর্ভধারণের আগে অসুস্থ থাকে তাহলে তাকে সুস্থ হওয়ার সুযোগ তৈরি করে দেয়া যায়।



মায়ের যেসব রোগ বিকলাঙ্গ শিশু জন্ম দিতে পারে গর্ভাবস্থায়:

অপুষ্টি, রক্তস্বল্পতা, অনিয়ন্ত্রিত ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ।

প্রথম তিন মাসের মধ্যে যদি-চিকেন পক্স হয়, রুবেলা, মাম্পস, জার্মান মিজেলস, এইড্স, ম্যালেরিয়া, ইউরিন ইনফেকশন, তীব্র জ্বর, যক্ষা, থাইরয়েড হরমোনের সমস্যা।

এছাড়াও-

প্রথম তিন মাসের মধ্যে যেকোনো সমস্যার কারণে ওষুধ সেবন করা

নিয়মিত চিকিৎসকের ফলোআপে না থাকা, গর্ভাবস্থায় খিঁচুনি, ৩৫ বছর বয়সের পর প্রথম গর্ভধারণ, সিগারেট, তামাক ও অ্যালকোহল সেবন, কিছু ক্ষেত্রে নেগেটিভ মায়ের পজিটিভ গ্রুপের শিশু হওয়া।

তাই সুস্থ শিশুর জন্য আমরা গর্ভধারণের আগে পরিকল্পনা করা এবং সেই হিসেবে চলার উপর বিশেষ গুরুত্ব দেই। ফলিক এসিড ৪০০ মি.লি. গ্রাম করে গর্ভধারণের ১ মাস আগে থেকে শুরু করে পুরো সময় খাওয়া উচিত। নিয়মিত ডাক্তারের ফলোআপে থাকতে হবে। সঠিক পুষ্টির পাশাপাশি স্বাস্থ্যবিধি মেনে চলা অনেক গুরুত্বপূর্ণ

এ সবকিছুর পরেও বিকলাঙ্গ শিশু জন্মগ্রহণ করলে দেরি না করে এরপর ৫৩ পৃষ্ঠায়

## দীর্ঘমেয়াদি কোমর ব্যথায় করণীয়

ডা: মোহাম্মদ আলী

কোমর ব্যথা সারা বিশ্বেই জনস্বাস্থ্যের জন্য এক বিরাট হুমকি। জীবনে একবারও কোমর ব্যথায় ভোগেননি এমন মানুষ খুঁজে পাওয়াই মুশকিল। আগে ভাবা হত কোমর ব্যথা উন্নত বিশ্বের একটি রোগ এবং যারা বসে কাজ করেন বা ভারী কাজ করেন শুধু তাদেরই কোমর ব্যথা হয়। কিন্তু বিশ্ববিখ্যাত জার্নাল ল্যানসেটের গবেষণা বলছে, গত দশকে নিম্ন ও নিম্ন-মধ্যবিত্তের দেশগুলোতে কোমর ব্যথার প্রাদুর্ভাব আগের থেকে কয়েক গুণ বেড়েছে এবং এশিয়া ও আফ্রিকার নিম্ন ও নিম্ন-মধ্যবিত্ত দেশগুলো কোমর ব্যথা রোগের কেন্দ্রস্থলে পরিণত হচ্ছে। প্লাস ওয়ান জার্নাল, এনালস অব মেডিসিন অ্যান্ড সার্জারি জার্নাল এবং জার্নাল অব অকুপেশনাল হেলথে প্রকাশিত বিভিন্ন গবেষণাপত্র থেকে জানা যাচ্ছে বাংলাদেশে প্রায় প্রতি ২.৫ জন মানুষের মধ্যে একজন কোমর ব্যথাজনিত সমস্যায় ভোগেন। বিপুলসংখ্যক মানুষ যেমন কোমর ব্যথায় ভোগেন, ঠিক তেমনই এই সমস্যার চিকিৎসা খরচও অনেক বেশি। কোমর ব্যথার কারণে সারা পৃথিবী বিপুল পরিমাণ আর্থিক ক্ষতির শিকার হয়।

কোমরব্যথা সাধারণত তিন ধরনের- স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি। যে ব্যথার বয়স তিন মাস বা তার বেশি তাকে সাধারণত দীর্ঘমেয়াদি ব্যথা বলে এবং কোমর ব্যথার বেশির ভাগ রোগীই দীর্ঘমেয়াদি ব্যথায় ভোগেন।

কী চিকিৎসা আছে

কোমর ব্যথা বিশেষ করে দীর্ঘমেয়াদি কোমর ব্যথার চিকিৎসা অত্যন্ত জটিল। এই ধরনের



ব্যথার জন্য বিভিন্ন দেশে বিভিন্ন রকমের চিকিৎসা প্রচলিত আছে। তবে নিরঙ্কুশভাবে কাজ করে এমন কোনো একক চিকিৎসা দীর্ঘমেয়াদি কোমর ব্যথা ভালো করতে পারে না। তাই চিকিৎসা বিজ্ঞানীরা এই ধরনের ব্যথার চিকিৎসায় পারসোনালাইজড চিকিৎসা ও সমন্বিত চিকিৎসার ওপর গুরুত্বারোপ করেন।

পারসোনালাইজড চিকিৎসা কী

আমরা সবাই জানি, আমাদের প্রত্যেকের আঙুলের ছাপ ভিন্ন। একজনের ফিঙ্গার প্রিন্ট বা আঙুলের ছাপের সাথে যেমন অন্যজনের ছাপের মিল নেই ঠিক তেমনি একেক জনের ব্যথা একেকভাবে শরীরে বাসা বাঁধে এবং তা ভিন্ন ভিন্নভাবে প্রকাশ পায়। এখন বিভিন্ন শারীরিক, প্যাথলজিক্যাল ও রেডিওলোজিক্যাল পরীক্ষা ও রোগীর সাক্ষাৎকার গ্রহণের পর ব্যথার ধরন নির্ণয় করে যে চিকিৎসা এরপর ৩৬ পৃষ্ঠায়

# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

## আগে স্থানীয় না জাতীয় সরকার নির্বাচন?

৫ পৃষ্ঠার পর

খাবারি হবে সে কারণে আমাদের ঐক্য বিনষ্ট হবে । কারণ আয়ুব খান থেকে শুরু করে অনেকেই ক্ষমতায় থেকে দল গঠন বা নিজের পছন্দের দলের শক্তি বাড়ানোর জন্য জাতীয় নির্বাচনের আগে স্থানীয় সরকার নির্বাচন করেছেন। যার ফলে সরকার বা সরকারি মদদপুষ্টদের দুরভিসন্ধি বাস্তবায়ন করেন। এই প্রসঙ্গে আন্দোলনকারী শক্তির মধ্যে অনৈক্য দেখা যাচ্ছে। বিএনপি, সরকারের বিভিন্ন কাজের সমালোচনা ও জাতীয় সংসদ নির্বাচনের দাবিতে মাঠে সভা সমাবেশ শুরু করেছে। প্রধান উপদেষ্টা এ বছরের ডিসেম্বরে নির্বাচনের কথা উল্লেখ করলে বি এন পি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর জুলাই/আগস্ট নির্বাচনের কথা বলেন। বিএনপি মনে করে, নির্বাচিত সরকারের কোন বিকল্প নেই । সংস্কার একটি চলমান প্রক্রিয়া। বিএনপি ৩১ দফা কর্মসূচির ভিত্তিতে দেশে সংস্কার হবে। তিনি আরও বলেন, এরকম ক্রিটিক্যাল সময়ে জাতীয় সংসদ নির্বাচন ছাড়া অন্য কোন নির্বাচনের চিন্তা আসে কোথেকে? অন্তর্বর্তীকালীন সরকারের প্রথম কাজ হলো নির্বাচিত সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর করে আপনারা দায়িত্বমুক্ত হন। কিন্তু গন অভ্যুত্থানের পক্ষের শক্তির মধ্যে পতিত স্বৈরাচারী শেখ হাসিনা ও আওয়ামী লীগের নির্বাচনে অংশ গ্রহন করতে পারবে কি না এ ব্যাপারে ও মতদ্বৈততা রয়েছে। বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের চাপে ইতিমধ্যেই ছাত্রলীগকে সন্ত্রাসী সংগঠন আখ্যায়িত করে কার্যক্রম নিষিদ্ধ করা হয়েছে। এবং একইভাবে আওয়ামী লীগকে মানবতা বিরোধী সংগঠন বলে আখ্যায়িত করে নিষিদ্ধ ঘোষণার দাবি দিন দিন জোরালো হচ্ছে। কারণ জুলাই বিপ্লবের সময় এই সংগঠনটি দেশের জনগণকে হত্যা নির্যাতন,গুম,খুন,গনতন্ত্রহীনতার সংস্কৃতি চালু করেছে। যার প্রমানাদির ভিত্তিতে জাতিসংঘের মানবাধিকার কমিশনের রিপোর্টে শেখ হাসিনা ও আওয়ামী লীগের কথা উঠে এসেছে। যা দেশ বিদেশে প্রচারিত হওয়ার পর মানুষ স্তম্ভিত। এই সংগঠনের এদেশে রাজনীতি করার অধিকার আছে কিনা তা ভেবে দেখার সময় এসেছে। এত ঘটনার পর ও আওয়ামী লীগের নেত্রী শেখ হাসিনা বা দলের কোন নেতাকর্মীর অনুশোচনা নেই। বরং তারা জুলাই বিপ্লবকে ষড়যন্ত্র বলে আখ্যায়িত করছে। দেশের বাইরে থেকে ষড়যন্ত্র ও চক্রান্তের মাধ্যমে দেশকে অস্থিতিশীল এবং একটা অকার্যকর রাষ্ট্র বানানোর চেষ্টা করা হচ্ছে। এ ব্যাপারে বিএনপি মহাসচিবের বক্তব্য হলো ,আমারা কোন সংগঠনকে নিষিদ্ধ ঘোষিত করার বিপক্ষে। সুতরাং এখানেও বিরোধী সংগঠন গুলোর মধ্যে কোন চিন্তার ঐক্য দেখা যাচ্ছে না।

দীর্ঘ রক্তক্ষয়ী সংগ্রাম আন্দোলনের পর স্বৈরশাসক শেখ হাসিনা সরকারের পতন হয়। এখনো অনেক ছেলে হারানো মায়ের অশ্রু শুকায়নি। অনেকে হাসপাতালে পংগু, আহত অবস্থায় মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছেন। দু:খজনক হলেও সত্য যে নিহত ও আহতদের ক্ষতি পূরন ,আহত নিহতের সংখ্যা সেটা সরকারের তরফ থেকে নির্ধারিত করে জাতির সামনে প্রকাশ করা হয়নি। এবং সেটা নির্ধারণের জন্য সকল দলের পক্ষথেকে সরকারের উপর কোন চাপও নেই। এর আগেই শুরু হয়ে গেছে কে কার আগে ক্ষমতা দখল করবেন। দুর্ভাগ্য জনক হলেও সত্য যে ,জাতির প্রত্যাশা ছিল. এই পরিবর্তনের ফলে রাষ্ট্রের গুরুত্বপূর্ণ কাঠামোগত পরিবর্তন হবে। যে সংস্কারের মাধ্যমে আগামী দিনে আর কোন স্বৈরশাসক বাংলার মানুষের উপর জগদ্দল পাথরের ন্যায় চেপে বসবে না। সেই নিরিখেই অন্তর্বর্তীকালীন সরকার কয়েকটি সংস্কার কমিশন গঠন করে। ছয় মাসের মধ্যে সংবিধান সংস্কার কমিশন. গুম কমিশন, নির্বাচন, বিচার, জন প্রশাসন সংস্কার সহ বেশ কয়েকটি কমিশনের রিপোর্ট সরকারের হাতে এসেছে। এগুলো বাস্তবায়নের জন্য সকলের ঐকমত ও সহযোগিতার দরকার .এখন যদি বিএনপি বলেন, আমাদের ৩১ দফা কর্মসূচি দেওয়া আছে তারমধ্যে সংবিধান সংস্কার, তত্ত্বাবধায়ক সরকার রাষ্ট্রীয় ক্ষমতার ভারসাম্য, সংবিধানের ৭০ ধারা সংশোধন সহ রাষ্ট্র সংস্কারের কাজ আমরা করবো। আবার জামাতে ইসলামীর পক্ষথেকে যদি বলা হয়, নাগরিকের অধিকার কল্যাণ ও ন্যায় বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে একটি আদর্শ কল্যাণমুখি রাষ্ট্র গঠন করলে সকল সমস্যার সমাধান হবে। এই দু'টার গ্যাড়াকলে পড়লে দেশ ও জনগণের আকাংখা বাস্তবায়ন সম্ভব হবে না। এখানে দলীয় রাজনীতির সংকীর্ণতার ঊর্ধ্বে উঠে জাতীর বৃহত্তর স্বার্থে মোটাদাগে কিছু জায়গায় ঐকমত হয়ে গনঅভ্যুত্থানের চেতনা বাস্তবায়ন করা একান্ত জরুরী। যেমন-প্রথমেই সুষ্ঠু নির্বাচনের স্বার্থে যে সংস্থা গুলো জড়িত, নির্বাচন কমিশন, পুলিশ এবং প্রশাসনিক ব্যবস্থার ঢেলে সাজানো দরকার। কারন বিগত তিন/চারটি অসৎ নির্বাচনের কারনে তার সাথে সংশ্লিষ্ট সব জায়গায় পচন ধরেছে। একই সাথে সংবিধান ও বিচার ব্যবস্থায় যেভাবে দলীয়করণ করা হয়েছে। ভবিষ্যতের জন্য রাষ্ট্রের এই ক্ষতগুলো সংস্কার না করে শুধু মাত্র নির্বাচন আর ক্ষমতার পালাবদল করলে এটা জাতির সাথে তামাশা, আত্মঘাতি ছাড়া আর কিছুই হবে না। একটি দেশের জন্য গনতন্ত্র, নির্বাচন,অবশ্যই দরকার। এর বিকল্প কিছুই নেই। বিগত দিনের আন্দোলনে এটাও অন্যতম দাবি ছিল। কিন্তু টেকসই গনতন্ত্র, রাষ্ট্র ও জনগণের বৃহত্তর স্বার্থে হাজার প্রাণের বিনিময়ে জাতি অন্তর্বর্তীকালীন সরকার গঠন করেছে। জাতির প্রত্যাশা ঐকমতের ভিত্তিতে রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ জায়গায় কিছু সংস্কার করবে। ইতিমধ্যেই ছয়টি কমিশনের রিপোর্ট সরকারের হাতে এসেছে। এখন দরকার সুপারিশের বিষয়ে ঐকমত ও বাস্তবায়নের পথ পদ্ধতি তৈরি করা।

একটি গনতান্ত্রিক রাষ্ট্রে ভিন্ন মত পার্থক্য থাকবে এটাই স্বাভাবিক। কিন্তু আমাদের চিন্তায় থাকা উচিৎ দেশ ও ভবিষ্যত প্রজন্ম। '৭১ সালের মুক্তিযোদ্ধের চেতনা আর ২৪ সালের এ প্রজন্মের চিন্তার মধ্যে অনেক পার্থক্য এটাও আমাদের মাথায় রাখতে হবে । অতীতের মতো ক্ষমতায় যাওয়ার অশুভ প্রতিযোগিতা করে রাষ্ট্র ও জনগণের বড়ো ক্ষতি না করি। গনতান্ত্রিক রাষ্ট্রে নির্বাচন অবিশ্যম্ভাবী । নির্বাচন ও সংস্কার দুটোই রাষ্ট্রের জন্য গুরুত্বপূর্ণ। একে অপরের পরিপূরক। রাষ্ট্র সংস্কার একটা চলমান প্রক্রিয়া। শুরু না করলে সেই প্রক্রিয়া অগ্রসর হবে না। কেউ না কেউ শুরু করতে হবে। তবেই আমাদের সমস্ত জঞ্জাল পরিষ্কার হবে। অন্তর্বর্তীকালীন সরকার যে প্রক্রিয়া শুরু করেছে। জাতীয় স্বার্থে যতশীঘ্র সময়ের মধ্যে এই বিষয় গুলো নিয়ে সকলের মধ্যে ঐকমত হবে ততই দেশ ও জাতির জন্য মঙ্গল।

লেখক: কলামিষ্ট ও রাজনীতিক।

## রমজানে পেট ভালো রাখতে কী করবেন

২০ পৃষ্ঠার পর

যে কোনো রেজিস্টার্ড চিকিৎসকের কাছ থেকে চিকিৎসা নিতে পারেন। তা ছাড়া অ্যাসিডিটির জন্য সাময়িকভাবে কিছু ওষুধ ফার্মেসি থেকে কিনেও খাওয়া যেতে পারে। রমজান মাসে কারও কারও কোষ্ঠকাঠিন্যের সমস্যা হতে পারে। এ জন্য ফাইবার বা আঁশজাতীয় খাবার বেশি করে খেতে হবে। হাঁটাচলা করতে হবে। সন্ধ্যার পর থেকে ভোর পর্যন্ত দুই থেকে তিন লিটার পানি খাওয়া উচিত। রসাল ফল, ফলের জুস খেতে পারেন। মানসিক চাপমুক্ত থাকার চেষ্টা করতে হবে। মল ধরে রাখার চেষ্টা না করাই ভালো।

লেখক: সহযোগী অধ্যাপক, গ্যাস্ট্রোএন্টারোলজি বিভাগ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতাল।

## জনগণই ক্ষমতার উৎস-এ কি পরিহাস

১০ পৃষ্ঠার পর

তখন আমাদের গাড়ির চালক সতর্ক করে দিয়ে বললেন, রাতের বেলায় ভুলেও আলো করে ঘুরবেন না। কে কখন কোন দিক থেকে এসে চাপাতি কিংবা ছুরি ধরবে, সে-কথা আগে থেকে বলা যায় না। সুতরাং সাবধান থাকবেন।

তার পরও বাজার বসছে, হাট বসছে, মাঠে খেলছে শিশু-তরুণেরা, মেলা হচ্ছে এবং এই সবকিছু নিয়ে ও না নিয়েই জীবন একরকম বয়ে যাচ্ছে। কিন্তু যে অন্ধকারের কথা একটু আগে বলেছি, সেই অন্ধকারের ব্যাপারে কারও কোনো মাথাব্যথা নেই। রাজনৈতিক মাঠটি কে কীভাবে দখল করবে, তা নিয়েই বর্তমান রাজনীতির জুগাল এগোচ্ছে।

৩. যাত্রাপথে যে স্কুল কিংবা কলেজ সামনে পড়েছে, দুরু দুরু বক্ষে তাকিয়ে দেখেছি সেখানে শহীদ মিনারটি অক্ষত আছে কি না। বেশির ভাগ ক্ষেত্রেই আশ্বস্ত হয়েছি। আমাদের ইতিহাসের রাজনৈতিক ব্যাখ্যা-বিশ্লেষণে কেউ যদি কোনো সময় মনে করেন, বায়ান্ন সালে ভাষা আন্দোলন করা উচিত হয়নি কিংবা একাত্তর সালে মুসলমান-মুসলমান ভাইদের মধ্যে অকারণে যুদ্ধ বেধে গিয়েছিল এবং সেই ইতিহাস যদি জাতিকে গেলানোর চেষ্টা করা হয়, তাহলে কোন ধরনের রাজনীতির সূচনা হবে, সে-কথা এই মুহূর্তে ভাবা যাচ্ছে না। তবে সেটা যে একটি অশুভ হবে, সে কথা বলাই বাহুল্য।

আশার দিক হলো, গণ-অভ্যুত্থানের পর কেউ কেউ আওয়ামী লীগকে অপ্রাসঙ্গিক করতে চেয়ে পুরো মুক্তিযুদ্ধকেই মামুলি একটি ইতিহাসের অংশ বলে ঘোষণা করতে চেয়েছিলেন। কিন্তু একটি জাতি তো তার ইতিহাস বহন করে, রক্তে সেটা থেকে যায়। কেউ একজন নতুন একটা তত্ত্ব নিয়ে হাজির হলেই জনগণ তাতে সায় দেবে, এমন মনে করার যথেষ্ট যুক্তিসংগত কারণ নেই। মানুষের কাছে যেতে হবে তার প্রত্যাশিত রাজনৈতিক ইতিহাস নিয়ে।

ভাষাসংগ্রামী মোখলেস সুলতানের নামে একটি পাঠাগার উদ্বোধন হলো তাঁর জন্মভূমি বোদায়। সেখানে বিশিষ্টজনেরা কথা বললেন এবং সেই পাঠাগার ধীরে ধীরে আলোর পথ দেখাবে বলে অঙ্গীকার ব্যক্ত করলেন। বক্তৃতামালার মধ্যে ছোট্ট একটি মেয়ে একুশের একটি ছড়া আবৃত্তি করল। সেই আবৃত্তিতে চর্চার স্পর্শ ছিল। তাতে মনে হয়েছে, একুশের চেতনা তো শিকড়ের ব্যাপার। কিন্তু যেকোনো কিছুর মতোই তার পরিচর্যা প্রয়োজন। নিজের খাতখেয়ালের খেয়ালে উন্মত্ত হয়ে উঠলে সেই পরিচর্যা করার সুযোগ থাকে না। তাই মনগুলো হয়ে থাকে অকর্ষিত। সেই সুযোগটা নেয় বিভিন্ন রকম অন্ধের দল। তারা অকর্ষিত মনে পশ্চাৎপদতার বীজ বোনে। ধর্ম না বুঝে মুখস্থ বিদ্যাকে অন্তরে ঢোকানোর চেষ্টা করে। তাতে যে প্রজন্মের সৃষ্টি হয়, সেই প্রজন্ম যৌক্তিকতার ধার ধারে না এবং তাদের মধ্যে মননচর্চা থাকে না। আমরা যেন জেনে-বুঝে সেই অন্ধত্বকে ফিরিয়ে আনার শপথ নিয়েছি।

৪. বাংলাবান্ধায় জিরো পয়েন্টে গিয়ে দেখা গেল উচ্ছ্বসিত হয়ে ওঠার মতো এক ঘটনা। প্রতি শনি ও মঙ্গলবার বিকেলের আলোয় পতাকা নামানোর সময় বিজিবি ও বিএসএফ সীমান্তের দুই দিক থেকে এসে এমন কিছু মহড়া করে, যা দেখে চোখ জুড়িয়ে যায়।

এ সময় সেই পতাকা নামানো প্রদর্শনী দেখে বাংলাদেশের মানুষ ভারতের জিরো পয়েন্টে গিয়ে তাদের সঙ্গে কুশল বিনিময় করতে পারে। ভারতীয়রাও বাংলাদেশের জিরো পয়েন্টের ভেতরে ঢুকে কথাবার্তা বলতে পারে, ছবি তুলতে পারে। এই দৃশ্য দেখার জন্য বাংলাদেশ-ভারত উভয় সীমান্তেই গ্যালারি তৈরি করে রাখা হয়েছে। সেখানে বসে এই দৃশ্য দেখা যায় এবং প্রদর্শনী শেষ হলে সবার সঙ্গে মিলেমিশে ছবি তোলা যায়।

এই প্রদর্শনী শুরু হবে আধা ঘণ্টা আগেই আমরা উপস্থিত হয়েছিলাম বাংলাবান্ধা জিরো পয়েন্টে। পঞ্চগড় থেকে এক প্রৌঢ় দম্পতি বসে ছিলেন আমাদের পাশেই। সবাই যখন বিজিবি ও বিএসএফের সঙ্গে ছবি তুলছে, আনন্দ করছে, তখন দেখা গেল এক অনন্য দৃশ্য। সীমান্তের ওপারে খুঁজতে দুই বুড়ো-বুড়ি হাজির হয়েছেন ছোট্ট এক নাতি ও নাতির মাকে নিয়ে। আর পঞ্চগড় থেকে আসা ওই দম্পতি সীমান্তের কাছে এসে জড়িয়ে ধরছেন ভারতে থাকা মা-বাবাকে, কাঁদছেন। বহুদিন পর এখানে এসে মিলন হলো তাঁদের। এই ঘটনার কি কোনো ব্যাখ্যা হয়?

ভারত-বাংলাদেশের সম্পর্ক উত্তপ্ত থাকার মূল কারণ রাজনৈতিক। নিজেদের মধ্যে সম্পর্কের উন্নয়ন করে প্রতিবেশীসুলভ মনোভাব ফিরিয়ে আনতে না পারলে সমূহ বিপদ। নইলে ধর্মব্যবসায়ীরা আমাদের আত্মপরিচয় ভুলিয়ে দেবে। আমাদের কূটনীতির মূল কথা যে 'কারও সঙ্গে শত্রুতা নয়, সবার সঙ্গে বন্ধুত্ব', সেটা বোঝার জন্য খুব বেশি মেধাবী হতে হয় না। কিন্তু আমরা নিজেরা নিজেদের সম্মান করি না বলে একে অন্যের সঙ্গে হানাহানি করি। ভারতে যেমন এ ধরনের উগ্রপন্থা রয়েছে এবং রয়েছে দাদাগিরি করার খায়েশ, তেমনি আমাদের দেশেও রয়েছে উগ্র ধর্মান্ধতা।

মিলনেই মুক্তি-এ কথা বোঝার মতো পরিস্থিতি কি এখন বিরাজ করছে? কিংবা কিছুদিন আগেও কি বিরাজ করেছিল? দেশের জনগণকে এ রকম শাস্তি দেওয়ার অধিকার এসব ক্ষমতাধর লোককে কে দিয়েছে? এরাই কিন্তু মুখে বলে-জনগণই ক্ষমতার উৎস। এত বড় পরিহাস পৃথিবী কমই দেখেছে।

লেখক: উপসম্পাদক, আজকের পত্রিকা।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700
Mon-Tue-Thu-Fri
(2Pm to 7 Pm)

Brooklyn Office
345 Broadway
Brooklyn, NY 11211
Tel: 718-384-1671
Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (11Am to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432

## হ্যান্ডস অন ফিজিক্যাল থেরাপি রিহাবিলেইশন

**এ. ভুঁইয়া**

এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



## হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



**ডাঃ এফ হক**
হোমিওপ্যাথিক কনসালটেন্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইট্স অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইট্স, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

## আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)







# রমজানে সওয়াব সত্তর গুণ

মাওলানা তোফায়েল গাজালি

আত্ম উন্নয়নের মাস : মানব জীবনে কাঙ্ক্ষিত পরিবর্তনের জন্য করুণাময় আল্লাহর পক্ষ থেকে রহমতের অফুরান ভান্ডার নিয়ে আসে মাহে রমজান। আত্মশুদ্ধি ও আত্মসংযমের মাধ্যমে আত্ম উন্নয়নের মাস এটি। প্রিয় নবি (সা.) এ মাসকে 'শাহরুন আজিম' মহান সম্মানিত মাস এবং 'শাহরুম

## রহমত মাগফিরাত ও নাজাতের রমজান [প্রথম পর্ব]



মোবারক' বরকতময় মাস নামে আখ্যায়িত করেছেন।

নবি করিম (সা.) বলেন, 'যে ব্যক্তি ঈমানসহ সওয়াবের আশায় রমজানের রোজা রাখবে, তার অতীতের সব গুনাহ ক্ষমা করা হবে। আর যে ব্যক্তি ঈমানসহ সওয়াবের আশায় কিয়ামে রমজান অর্থাৎ তারাবির নামাজ আদায় করবে, তার পূর্ববর্তী গোনাহগুলো মাফ করে দেওয়া হবে। আর যে ব্যক্তি ঈমানের সঙ্গে সওয়াবের আশায় শবেকদরের রাত জেগে দাঁড়িয়ে নামাজ আদায় করবে তারও পূর্ববর্তী গুনাহগুলো মাফ করে দেওয়া হবে। (বোখারি শরিফ ১/২৫৫)।

নিয়াম সাধনার গুরুত্ব : হজরত সালমান ফারসি (রা.) বর্ণনা করেন, শাবান মাসের শেষ দিনে নবি করিম (সা.) মিম্বরে বসে বলেন, হে লোকজন! তোমাদের ওপর এক মহা ও বরকতময় মাস আগত প্রায়। এমন মাস, যার মধ্যে এমন একটি রাত (শবেকদর) আছে যা হাজার মাস থেকে উত্তম। (অর্থাৎ ওই এক রাতের ইবাদতের সওয়াব হাজার মাসের থেকে বেশি) আল্লাহতায়ালা এ মাসে দিনেরবেলা রোজা ফরজ করেছেন আর রাতে ইবাদতকে করেছেন নফল।

এ মাসে যে ব্যক্তি নেক আমলের দ্বারা আল্লাহতায়ালার নৈকট্য অর্জনে প্রত্যাশী হবে, তার অবস্থা এরূপ যে, সে যেন অন্য মাসে ফরজ আদায় করেছে। অর্থাৎ নফলের সওয়াব ফরজের সমতুল্য হবে। আর যে ব্যক্তি এ মোবারক মাসে কোনো ফরজ আদায় করবে তার অন্য মাসে সত্তরটি ফরজ আদায়ের সমান সওয়াব হবে।

অর্থাৎ রমজানে এক ফরজের সওয়াব সত্তর গুণ বেড়ে যায়। রমজান সবরের মাস, আর সবরের সওয়াব ও বদলা হলো জান্নাত। এ মাস মানুষের সঙ্গে সদাচার ও কল্যাণকামিতার মাস। এ মাসে মুমিনের রিজিক বৃদ্ধি করা হয়। যে ব্যক্তি এ মাসে কোনো রোজাদারকে ইফতার করাবে তার গুনাহ মাফ করে দেওয়া হবে। আর জাহান্নাম থেকে মুক্তির পরওয়ানা মিলবে। সঙ্গে সঙ্গে রোজাদারের সওয়াব কম করা ছাড়াই ইফতার করানো ব্যক্তি রোজার অনুরূপ সওয়াব লাভ করবে।

এ কথা শুনে সাহাবায়ে কেরাম (রা.) বললেন, হে আল্লাহর রাসুল (সা.)! আমাদের মধ্যে অনেক মানুষ এমন রয়েছে, যাদের এ সামর্থ্য নেই যে, তারা অন্যকে ইফতার করাবে, আর এমন সওয়াব লাভ করবে। এ প্রশ্ন শুনে নবি করিম (সা.) এমন জওয়াব দিলেন যা শুনে তাদের হতাশা ও কষ্টগুলো আশা এবং আনন্দে পরিণত হলো।

তিনি (সা.) বললেন, আল্লাহতায়ালা এসব পুরস্কার ওইসব ব্যক্তিদেরও দেবেন, যারা কোনো রোজাদারকে এক ঢোক দুধ, একটি খেজুর, এমনকি এক ঢোক পানি পান করাবে। তবে যে ব্যক্তি কোনো রোজাদারকে পেট ভরে

এরপর ২৮ পৃষ্ঠায়



রাসুল (সা.)-এর ব্যক্তিগত সাহরি ছিল একেবারে সহজ-সরল ও পরিমিতভ়অল্প কয়েকটি খেজুর ও এক গাস পানি দিয়েই সাহরির সে আয়োজন সম্পন্ন হতো। তবে তিনি কখনো একা একা সাহরি করতেন না, বরং সাহাবাদেরও আহ্বান জানাতেন, যেন সবাই একসঙ্গে এই বরকতময় খাবারে অংশ নেয়। (মুসনাদে আহমদ, হাদিস : ১৩০৬; সুনানে আবি দাউদ, হাদিস : ২৩৪৪)

# মহানবী (সা.)-এর সাহরি ও ইফতার

আসআদ শাহীন

সাহরি খাওয়া সুন্নত এবং এতে অফুরন্ত বরকত আছে। সাহরি খাওয়ার ফলে মানুষ শারীরিক শক্তি ও কর্মশক্তি লাভ করে, যা সারা দিনের রোজা পালনে সহায়ক হয়। সাহরির সর্বোত্তম সময় হলো ফজরের আজানের প্রায় ১৫ থেকে ২০ মিনিট আগে। এই সময়ে সাহরি খাওয়ার অন্যতম বড় উপকারিতা হলো, এতে ফজরের নামাজ জামায়াতে আদায় করার সুযোগ সহজ হয়। তবে মনে রাখতে হবে, সাহরি মানেই যে বাহারি খাবার কিংবা নানা আয়োজন থাকতে হবে, এমন নয়। বরং কারো যদি খাওয়ার ইচ্ছা না থাকে, তবু অন্তত একটি খেজুর বা কয়েক ঢোক পানি সাহরির নিয়তে গ্রহণ করলেও সাহরির বরকত লাভ করা সম্ভব। কেননা রমজান মাসে রোজার সূচনা করতেন আমাদের প্রিয় নবী মুহাম্মদ (সা.) সাহরির মাধ্যমে। তিনি নিজে সাহরি করতেন এবং সাহাবাদেরও এর প্রতি বিশেষভাবে উৎসাহিত করতেন।

তিনি বলেন, সাহরি করো, কেননা সাহরির মধ্যে আল্লাহর পক্ষ থেকে বিশেষ বরকত নিহিত রয়েছে। (সহিহ বুখারি, হাদিস : ১৯২৩, সহিহ মুসলিম, হাদিস: ১০৯৫)

অন্য বর্ণনায় এসেছে, রাসুলুল্লাহ (সা.) বলেন, সাহরির খাবার তোমাদের দিনভর রোজা রাখার শক্তি ও সামর্থ্য এনে দেবে। (মুসতাদরাকে হাকিম, খণ্ড-১, পৃষ্ঠা-৪৩৫)

সাহরির প্রতি উৎসাহ জাগিয়ে তিনি কখনো এ কথাও বলতেন, আল্লাহ তাআলা এবং তাঁর ফেরেশতাগণ সাহরি খাওয়াদের জন্য রহমতের দোয়া করেন। (সহিহ ইবনে হিব্বান, হাদিস : ৩৪৬৭)

প্রিয় নবী (সা.) সাহরির খাবারকে বরকতময় আহার বলে অভিহিত করেছেন। (সুনানে আবি দাউদ, হাদিস : ২৩৪৪)

তিনি বিশেষ করে খেজুরকে সাহরির জন্য উত্তম খাদ্য হিসেবে পছন্দ করতেন। (সুনানে আবি দাউদ, হাদিস : ২৩৪৫)

রাসুল (সা.)-এর ব্যক্তিগত সাহরি ছিল একেবারে সহজ-সরল ও পরিমিতভ়অল্প কয়েকটি খেজুর ও এক গাস পানি দিয়েই সাহরির সে আয়োজন সম্পন্ন হতো। তবে তিনি কখনো একা একা সাহরি করতেন না; বরং সাহাবাদেরও আহ্বান জানাতেন, যেন সবাই একসঙ্গে এই বরকতময় খাবারে অংশ নেয়। (মুসনাদে আহমদ, হাদিস : ১৩০৬; সুনানে আবি দাউদ, হাদিস : ২৩৪৪)

আর সময়ের হিসাবেও ছিল অপূর্ব দূরদর্শিতা। তিনি সাহরি করতেন রাতের একেবারে শেষ প্রহরে, যখন সুবহে সাদিকের আলো উদ্ভাসিত হওয়ার ঠিক দ্বারপ্রান্তে।

এরপর ২৮ পৃষ্ঠায়



# মেরু অঞ্চলের নামাজ ও রোজা পালনের পদ্ধতি

মুফতি মাহমুদ হাসান

পৃথিবীর যেসব দেশে স্বাভাবিক রাত-দিন রয়েছে, সেসব দেশে তো নামাজ-রোজার সময় নিয়ে কোনো সমস্যায় পড়তে হয় না। তবে মেরু অঞ্চলের ওই সব দেশে যাতে বছরের বিভিন্ন সময়ে দিবা-রাত্রি অস্বাভাবিক বড়-ছোট হয়ে যায়, সেখানে নামাজ-রোজা আদায়ে সমস্যা হয়। নরওয়ে, সুইডেন, ডেনমার্ক, ফিনল্যান্ড ও আইসল্যান্ডের বেশ কিছু এলাকায় বছরের কোনো কোনো সময়ে ইফতারের সময় হওয়ার কিছুক্ষণ পরে এশার সময় আসার আগেই আবার ফজরের সময় হয়ে যায়। এ জন্য সেসব দেশে নামাজ-রোজার বিধান আলেমরা কোরআন-সুন্নাহ গবেষণা করে সিদ্ধান্ত দিয়েছেন। বেশির ভাগ আলেম এসব এলাকার মুসলমানদের নামাজ-রোজার সব বিধান বলবৎ থাকারই সিদ্ধান্ত দিয়েছেন। তবে তা আদায়ের নিয়মের মধ্যে কিছু ব্যাখ্যা আছে। (হাশিয়াতুত তাহতাবি আলাল মারাকি পৃ. ১৭৮, রদ্দুল মুহতার : ১/৩৬২)

এ সিদ্ধান্তের সপক্ষে এই হাদিস আছে। দাজ্জালের আবির্ভাব এবং সে সময়ের ফিতনাসংক্রান্ত বিষয়ে রাসুলুল্লাহ (সা.) বলেন, 'দাজ্জাল পৃথিবীতে ৪০ দিন অবস্থান করবে, প্রথম দিন এক বছর সম

এরপর ৫৩ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি — Prayer Times For New York City — মার্চ ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ০৮ | ৫:০৪ | ৬:১৯ | ১২:০৭ | ৩:২২ | ৫:৫৫ | ০৭:১০ |
| ০৯ | ৬:০২ | ৭:১৭ | ০১:০৬ | ৪:২৩ | ৬:৫৭ | ০৮:১২ |
| ১০ | ৬:০০ | ৭:১৫ | ০১:০৬ | ৪:২৩ | ৬:৫৮ | ০৮:১৩ |
| ১১ | ৫:৫৯ | ৭:১৪ | ০১:০৬ | ৪:২৪ | ৬:৫৯ | ০৮:১৪ |
| ১২ | ৫:৫৭ | ৭:১২ | ০১:০৬ | ৪:২৪ | ৭:০০ | ০৮:১৫ |
| ১৩ | ৫:৫৫ | ৭:১০ | ০১:০৫ | ৪:২৫ | ৭:০১ | ০৮:১৬ |
| ১৪ | ৫:৫৪ | ৭:০৯ | ০১:০৫ | ৪:২৬ | ৭:০২ | ০৮:১৭ |

source: salahtimes.com

## ওয়ার্ল্ড হিউম্যান রাইটসের ইমিগ্রেশন সেমিনার

৩ পৃষ্ঠার পর

উপস্থিত ছিলেন সাপ্তাহিক আজকালের প্রধান সম্পাদক ও সোহেল এইজ হোমকেয়ারের সিইও শাহ নেওয়াজ। বিশেষ অতিথি ছিলেন ইমিগ্রেশন অ্যাটর্নি মাইকেল গ্রিন্সটন, এডওয়ার্ড ফট উং, এটর্নী মঈন চৌধুরী, লাগার্ডিয়া কমিউনিটি কলেজের অধ্যাপিকা ড. নাজু হাইডি, অ্যাডভোকেট মুনিয়া মুনতাহা এবং মাইকেল গ্রিন্সটনের সহকারী লোকমান হোসেন।
উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, ইঞ্জিনিয়ার মোহাম্মদ আব্দুল খালেক, সাধারণ সম্পাদক ইঞ্জি: মোহাম্মদ আব্দুল সোবহান, ম্যানহাটান বিজনেস অ্যাসোসিয়েশনের সভাপতি তরিকুল ইসলাম বাদল, কমিউনিটি অ্যাক্টিভিস্ট তোফাজ্জেল আহমেদ, বিক্রমপুর অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক নাজমুল আহসান, শাহজল আহসান হানিফ (সভাপতি ও সেমিনারের আহ্বায়ক), সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম জয়, বিশিষ্ট আর্টিস্ট ও কমিউনিটি অ্যাক্টিভিস্ট লিজার, বরিশাল সমিতির নেতা আব্দুর রাজ্জাক এবং ইন্ডিয়ান কমিউনিটি অ্যাক্টিভিস্ট ফরিদা আফরানী। সাপ্তাহিক পরিচয় পত্রিকার প্রধান সম্পাদক নাজমুল আহসান, ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভেলপমেন্টের প্রাক্তন জেনারেল সেক্রেটারি আক্তার হোসেন, সাপ্তাহিক আজকালের সিটি এডিটর অনিক রাজ, আই অন-এর যুক্তরাষ্ট্র প্রতিনিধি রিমন ইসলাম, নিউজ টোয়েন্টি ফোর-এর পরিচালক শওকত হোসেন সেলিম, এটিএন বাংলার প্রতিনিধি কানু দত্ত এবং ফটোগ্রাফার নীহার সিদ্দিকী প্রশ্নোত্তর পর্বে অংশগ্রহণ করেন।
আজকাল সম্পাদক শাহ নেওয়াজ বলেন, আমাদের উদ্দেশ্য ও আদর্শ মানবকল্যাণ। আজকের সেমিনারের মাধ্যমে যদি মাত্র দুজন বাংলাদেশিও উপকৃত হন, সেটাই আমাদের সাফল্য। আমরা ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীদের মাধ্যমে আপনাদের সেবায় নিয়োজিত। যারা এখনো কোনো আইনি প্রক্রিয়ার অন্তর্ভুক্ত নন, তারা দেরি না করে আইনসম্মত উপায়ে নিজেদের অবস্থান বৈধ করুন। প্রকৃত অভিজ্ঞ ইমিগ্রেশন অ্যাটর্নিদের আইনজীবীদের পরামর্শ নিন। আমেরিকা ইমিগ্রেশন-বান্ধব দেশ। যদি কোনো বেআইনি কার্যক্রমে যুক্ত না হন, তবে আপনাকে এ দেশ থেকে বের করে দেওয়া সহজ নয়। তবে ভুল পরামর্শ গ্রহণের কারণে অনেকেই অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সম্মুখীন হন, যা এড়ানো উচিত। শাহ শহীদুল হক বলেন, আমরা অভিজ্ঞতা সম্পন্ন ইমিগ্রেশন আইনজীবীদের নিয়ে কাজ করছি। এই সেমিনারের মূল উদ্দেশ্য হলো কমিউনিটিতে সঠিক দিকনির্দেশনা দেওয়া। বিভ্রান্ত না হয়ে, সমস্ত ভীতি দূর করে সঠিক পরামর্শ গ্রহণ করুন, যাতে আপনার কোনো ক্ষতি না হয়। আপনাদের উপস্থিতির জন্য সংগঠনের পক্ষ থেকে আমি কৃতজ্ঞ। আমাদের মানবিক কার্যক্রম অব্যাহত থাকবে। অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ছিল লাগার্ডিয়া কমিউনিটি কলেজের একদল শিক্ষার্থী, যারা স্বেচ্ছাসেবক হিসেবে কমিউনিটির সেবায় কাজ করছেন। সেমিনারটি পরিচালনা করেন বাংলাদেশ সোসাইটির বর্তমান কোষাধ্যক্ষ এবং আয়োজক কমিটির সদস্য সচিব মফিজুল ইসলাম রুমী।

## জালালাবাদ অ্যাসোসিয়েশনের ইফতার ও দোয়া

৩ পৃষ্ঠার পর

মিয়া, সাবেক সভাপতি সৈয়দ শওকত আলী, অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি প্রয়াত কামাল আহমেদের মেয়ে রোমানা আহমেদ, সিলেট এমসি কলেজ অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি ইয়ামিন রশিদ, বিয়ানীবাজার সমিতির সভাপতি আব্দুল মান্নান, নজরুল ইসলাম, নির্বাচন কমিশনের সদস্য প্রফেসর আমিনুল হক চুন্নু, বিশিষ্ট ব্যবসায়ী কিবরিয়া চৌধুরী, অপটিমিস্টের প্রেসিডেন্ট রফিক উদ্দিন চৌধুরী রানা, নুরুল ইসলাম, বিশিষ্ট ব্যবসায়ী আফিল হোসেন, জিবিবিএর সাধারণ সম্পাদক ফাহাদ সোলায়মান, বাংলাদেশ সোসাইটির সাবেক কর্মকর্তা জে মোল্লা সানী, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক রুহুল আমিন সিদ্দিকী, জালালাবাদ অ্যাসোসিয়েশনের সাবেক সহ-সভাপতি মৌলানা নরুল আলম সিদ্দিকী, সাবেক সহ-সভাপতি আনোয়ার চৌধুরী পারভেজ, ইঞ্জিনিয়ার ফজলুর রহমান, লেখিকা রুপা খানম, বিয়ানীবাজার সমিতির সাবেক সভাপতি রেজওয়ান উদ্দিন কপিল, মোহাম্মদ হেলাল, বাংলাদেশ সোসাইটির সাবেক সহ-সভাপতি ফারুক চৌধুরী, বাংলাদেশ সোসাইটির সাবেক কর্মকর্তা মখন মিয়া, আব্দুল সালাম, কুলাউড়া অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি এনায়েত হোসেন জালাল, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট অ্যাসোসিয়েশনের সভাপতি ফজলুর রহমান, সাবেক সভাপতি শাহীন কামালী, সাধারণ সম্পাদক মিজানুর রহমান, বিশিষ্ট ব্যবসায়ী আতিকুল ইসলাম জাকির, জেলা পরিষদ সদস্য ইকবাল চৌধুরী, হুমায়ুন চৌধুরী, রিয়াজ কামরান, বিশিষ্ট ব্যবসায়ী নজরুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা ফারুক হোসেন, শওকত আকবর রিচি, বিশিষ্ট ব্যবসায়ী মোহাম্মদ আই খান সুলতান, বিশিষ্ট মিডিয়া ব্যক্তিত্ব এ এফ মিসবাহউজ্জামান, শাহীন আজমল, বিশিষ্ট ব্যবসায়ী নুরুল আজিম, জালালাবাদ অ্যাসোসিয়েশনের সাবেক প্রচার সম্পাদক এম এ করিম, লেখিকা শীবু আফরোজ, ইফতার ও দোয়া মাহফিলের আহ্বায়ক মোহাম্মদ এ খায়ের, সদস্য সচিব সেলিম উদ্দিন, সমন্বয়কারী মনির উদ্দিন, সংগঠনের সহ-সভাপতি শাহ মিজানুর রহমান, মোহাম্মদ মনির উদ্দিন প্রমুখ।

## রোজা শারীরিক ও মানসিক উন্নতি ঘটায়

৭ পৃষ্ঠার পর

থেকে খাঁটি দিলে আল্লাহ তাআলার কাছে ফিরে আসা। আর তওবা আল্লাহ তা'আলার কাছে অত্যন্ত পছন্দনীয় একটি আমল। যার দ্বারা আল্লাহ তা'আলা বান্দার সব গুনাহ মাফ করে থাকেন। তওবা আল্লাহ তা'আলার কাছে কতটা প্রিয় আমরা তা চিন্তাও করতে পারব না। হযরত রাসূল (সা.) বলেছেন, "আল্লাহ তা'আলা বান্দার তওবার কারণে সেই লোকটির চেয়েও বেশি খুশি হন, যে লোকটি মরুভূমিতে তার একমাত্র বাহন উট হারিয়ে পুনরায় ফিরে পেলে যে পরিমাণ খুশি হয়, তার চেয়েও বেশি খুশি হন আল্লাহ তায়ালা।" হযরত রাসূল (সা.) বলেন, এই মোবারক মাসে প্রতিদিন একজন ঘোষক ঘোষণা করেন, হে পুণ্যকামী! তুমি এগিয়ে চলো। হে পাপকারী! তুমি বিরত থাকো। তাই রমজান মাস শুধু আধ্যাত্মিক পরিশুদ্ধতা অর্জনের জন্য উপকারিতা নয়, বরং বিজ্ঞানের দৃষ্টিতে ও শারীরিক ও মানসিক বিকাশের জন্য তাৎপর্যপূর্ণ।
লেখক: লোকসংস্কৃতি গবেষক, রাষ্ট্রচিন্তক, সমাজবিজ্ঞানী ও প্রাবন্ধিক।

## সংসদে প্রবাসী কোটা দাবি ইন্টার স্টেট বিএনপির

৩ পৃষ্ঠার পর

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সভাপতি কাজী শাখাওয়াত হোসেন আজম। অনুষ্ঠান পরিচালনা করেন সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ। সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন ইন্টার স্টেট বিএনপির সহ-সভাপতি চৌধুরী সালেহ, বৃহত্তর নোয়াখালী জাতীয়তাবাদী ফোরামের সভাপতি নাঈম হুইল, যুক্তরাষ্ট্র জাসাসের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর সরওয়ার্দী, বীর মুক্তিযোদ্ধা মীর মশিউর রহমান, আবুল কালাম, কোকো স্মৃতি সংসদের সভাপতি শাহাদাত হোসেন রাজু। অনুষ্ঠানে ৫২ এর ভাষা আন্দোলন, ৭১ এর মহান মুক্তিযুদ্ধ, ৯০ এর গণ আন্দোলন ও ২০২৪ এর বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে নিহত সকলের প্রতি গভীর শ্রদ্ধা ও তাদের পরিবারের প্রতি গভীর সমবেদনা এবং আহতদের দ্রুত রোগমুক্তি কামনা করা হয়।
সংগঠনের দাবি গুলো মধ্যে রয়েছে দ্রুত জাতীয় সংসদ নির্বাচন। যাতে অবাধ সুষ্ঠু ও গ্রহনযোগ্য নির্বাচনের মাধ্যমে জাতী আগামী দিনের নির্বাচিত পায়। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দেশে ফেরার দিন ঢাকা বিমানবন্দর থেকে তাকে এসএসএফ-এর নিরাপত্তা প্রদান। বিএনপি নেতা ইলিয়াস আলী, চৌধুরী আলম সহ বিগত স্বৈরাচারের আমলে গুম ও খুন হওয়া নেতা কর্মীদের হদিস ও সংশ্লিষ্টদের দ্রুত বিচার করা। ট্রাম্প প্রশাসনের অবৈধদের জন্য বাধ্যতামূলক রেজিস্ট্রেশনের ক্ষেত্রে রাষ্ট্রীয় পর্যায় থেকে বাংলাদেশীদের যাতে সহযোগিতা প্রদান করা হয়। প্রবাসীদের ভোটাধিকার নিশ্চিত করা। বিদেশের মাটিতে এজেন্সীর মাধ্যমে প্রবাসীদের এনআইডি কার্ড প্রদান। প্রশাসনে থাকা পতিত স্বৈরাচারের আমলে দলীয় বিবেচনায় নিয়োগপ্রাপ্ত সকল আমলা ও কর্মকর্তাদের দ্রুত অপসারন। পিলখানা হত্যাকান্ড ও বিডিআর বিদ্রোহের প্রকৃত অপরাধীদের সঠিক তদন্ত পূর্বক প্রকৃত দোষীদের বিচার করা। প্রবাসীরা দেশ গঠনে রেমিট্যান্স দিয়ে সহায়তা করে, তাই আগামী সংসদ নির্বাচনে প্রবাসী কোটায় অন্তত ২৫টি আসন দেওয়া। পুনরায় ঢাকা-নিউইয়র্ক রুটে বিমান চলাচল করার পদক্ষেপ নেওয়া। আয়না ঘর সংশ্লিষ্ট সকলকে দ্রুত বিচারের আওতায় আনা। বাংলাদেশ ব্যাংকিং খাত ধ্বংসের কারিগরদের দ্রুত বিচারের আওতায় আনা ইত্যাদি।

## রোজা, সংযম ও ন্যায়ের পরীক্ষায় আমরা কোথায়?

৬ পৃষ্ঠার পর

জানেন।
আমাদের না খাওয়া, কষ্ট করা, রাতে ইবাদত করা ফলপ্রসূ হবে যদি জীবিকায় অবৈধ সম্পদের দাগ না লাগে। এক ফোঁটা পানি পান না করার মধ্যে যে ভীতি তা যাতে আমাদের জীবনাচারেও ফুটে উঠে। আমরা খোদাকে ভয় পাই এবং খোদায়ী নীতি রীতি যাতে মেনে চলি। মিথ্যা না বলা, কারো হক না মারা কিংবা কাউকে ব্যথা না দেওয়াও ইবাদত। সদাচরণ ও সচ্চরিত্র মানুষের সবচেয়ে সুন্দর অলঙ্কার। অবৈধ সম্পদ যদি শরীরেও প্রবেশ করে তবে মনের পবিত্রতা নষ্ট হয়ে যায়। আমাদের জীবন ধর্ম প্রদর্শিত পথে পরিচালিত হোক। সততার জীবনের সাথে অন্য কিছুই তুল্য নয়। কোনো লোভ, কোনো মোহে যাতে অন্যায়কে প্রশ্রয় না দিই। কারো হক নষ্ট না করি এবং অন্যায়ভাবে কাউকে আঘাত না করি। রমজানের বরকত তখনই অর্থবহ হবে যখন রোজাদার কারো অভিশাপ কিংবা দীর্ঘশ্বাসে না থাকবেন। আইল ঠেলে, পরের নামে বদনাম করে কিংবা মনে অহংকার পুষে কেউ খোদার রহমত প্রাপ্ত হবে না।
বরং যাদের নিন্দা করা হবে, যাদেরকে আঘাত করা হবে কিংবা যারা কষ্ট সহ্য করবেন- বেলা শেষে তারাই উপকৃত হবে। প্রভুর প্রকৃত করুণা পাবেন। কাজেই জীবনাচার ধর্ম হয়ে উঠুক। যদি সত্যিই আমরা খোদার ভয় রাখি, তবে শুধু না খেয়ে থাকার মধ্যেই নয়, জীবনের প্রতিটি ক্ষেত্রে তাঁর আদেশ মানার মধ্যেই প্রকৃত রমজানের সৌন্দর্য নিহিত। সততা, ন্যায়ের প্রতি দায়বদ্ধতা ও মানবতার প্রতি সম্মানই পারে আমাদের সত্যিকারের মুক্তির পথ দেখাতে।

## নতুন দল কতটা নতুন

১০ পৃষ্ঠার পর

তাঁদের অর্থায়ন সদস্যদের চাঁদার মাধ্যমে হচ্ছে, তবে একটি রাজনৈতিক দল চালাতে বিপুল পরিমাণ অর্থের প্রয়োজন হয়। বিশেষ করে, বড় রাজনৈতিক দলগুলোর সঙ্গে প্রতিযোগিতা করতে হলে শক্তিশালী আর্থিক ভিত্তি থাকা অপরিহার্য। এনসিপির অর্থ কোথা থেকে আসছে, কারা এই দলকে পৃষ্ঠপোষকতা করছে এবং এর পেছনে কোনো করপোরেট বা বিদেশি স্বার্থ জড়িত আছে কি না, সেটি গুরুত্বপূর্ণ প্রশ্ন। অতীতে অনেক রাজনৈতিক দল করপোরেট স্বার্থের কারণে নীতিগতভাবে আপস করেছে। এনসিপিকে যদি সত্যিই স্বাধীনভাবে কাজ করতে হয়, তবে তাদের অর্থায়নের বিষয়ে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।
বাংলাদেশের রাজনৈতিক ইতিহাস বলছে, বিকল্প শক্তি গঠনের উদ্যোগ নেওয়া নতুন কিছু নয়। অতীতে অনেক দলই বিকল্প হওয়ার প্রতিশ্রুতি দিয়ে এসেছে, কিন্তু বেশির ভাগই টিকে থাকতে পারেনি। উদাহরণ হিসেবে বলা যায়, বিকল্পধারা বাংলাদেশ কিংবা গণফোরামের মতো দলগুলো প্রথম দিকে আলোচনায় থাকলেও সময়ের সঙ্গে সঙ্গে তারা প্রভাব হারিয়েছে। এই দলগুলোর ব্যর্থতার কারণ ছিল নেতৃত্বের অভাব, সাংগঠনিক দুর্বলতা এবং জনগণের আস্থার সংকট। এনসিপি যদি টিকে থাকতে চায়, তাহলে তাদের এই ভুলগুলো থেকে শিক্ষা নিতে হবে।
জাতীয় নাগরিক পার্টি নতুন এক রাজনৈতিক উদ্যোগ হলেও এটি কতটা কার্যকর হবে, তা এখনই নিশ্চিত করে বলা কঠিন। বাংলাদেশের বিদ্যমান রাজনৈতিক বাস্তবতায় নতুন দল গঠনের পথ কখনোই সহজ নয়। একদিকে প্রতিপক্ষের রাজনৈতিক আক্রমণ, অন্যদিকে জনসমর্থন ধরে রাখার চ্যালেঞ্জ-এই দুইয়ের ভারসাম্য রক্ষা করতে পারলে এনসিপিকে দমিয়ে রাখা যাবে না। যদি তারা সত্যিই একটি সুসংগঠিত, আদর্শিকভাবে সুসংহত এবং গণমুখী রাজনৈতিক প্ল্যাটফর্ম তৈরি করতে পারে, তাহলে এটি দেশের রাজনৈতিক সংস্কৃতিতে একটি নতুন দিক উন্মোচন করতে পারে। সূচনালগ্নে আমরা অন্তত তাই আশা করি। কারণ, আশাই জীবন।


# বিশ্বনাথ প্রবাসী কল্যাণ সমিতি ইউ এস এ, ইনক
## BISWANATH PROBASHI KALLYAN SAMITY USA,INC

### নির্বাচনী তফসিল ২০২৫ইং

বিশ্বনাথ প্রবাসী কল্যান সমিতি ইউ এস এ, ইনক এর সকল সদস্যবৃন্দের অবগতির জন্য জানানো যাইতেছে যে, আসন্ন কার্যকরী পরিষদ নির্বাচনে অংশগ্রহণ করতে ইচ্ছুক প্রত্যেককে নিম্নে উল্লেখিত তফসিল অনুযায়ী নির্বাচন কমিশনের সাথে যোগাযোগ করার আহবান করা যাইতেছে।

১. নির্বাচনের তারিখ: এপ্রিল ২৭, ২০২৫ ইং, রবিবার, স্থান: পরে জানানো হবে
২. মনোনয়ন প্যাকেজ সংগ্রহের তারিখ: মার্চ ৩০, ২০২৫ ইং, রবিবার- সময়: বিকাল ৪টা থেকে ৮ ঘটিকা
৩. মনোনয়ন পত্র জমা দেওয়ার তারিখঃ এপ্রিল-৬,২০২৫ রবিবার।
৪. বৈধ প্রার্থীদের তালিকা ঘোষনাঃ এপ্রিল-৮,২০২৫ মঙ্গলবার।
৫. মনোনয়ন প্রত্যাহারের তারিখঃ এপ্রিল-৯,২০২৫ বুধবার।
৬. চুড়ান্ত প্রার্থী তালিকাঃ এপ্রিল-১০,২০২৫ বৃহস্পতিবার ।

মনোনয়ন ফি:

সভাপতি-৩০০ ডলার, সিনিয়র সহ-সভাপতি ২৫০ ডলার, সহ-সভাপতি (২ জন) ২০০ ডলার, সাধারণ সম্পাদক: ২৫০ডলার, সহঃ সাধারণ সম্পাদক: ২০০ ডলার, কোষাধ্যক্ষ ১৫০ ডলার, সহ-কোষাধ্যক্ষ ১৫০ ডলার, সাংগঠনিক সম্পাদক ১৫০ ডলার, দপ্তর, প্রচার ও সমাজকল্যান সম্পাদক ১৫০ ডলার, ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক ১৫০ ডলার, আইন ও আন্তর্জাতিক সম্পাদক ১৫০ ডলার, কার্যকরী সদস্য (৫ জন) জনপ্রতি ১০০ ডলার।

ধন্যবাদান্তে

| ইফতেখার সিরাজ | মকন মিয়া | হাজী মনির আহমেদ |
|---|---|---|
| (646) 591-7741 | (917) 892-7746 | (917) 863-3824 |
| প্রধান নির্বাচন কমিশনার | নির্বাচন কমিশনার | নির্বাচন কমিশনার |

# Abdullah Sweets & Restaurant

**দেশি ও হালাল খাবারের নিশ্চয়তা নিয়ে জ্যাকসন হাইটস ও ব্রুকলিনে আব্দুল্লাহ সুইটস এন্ড রেস্টুরেন্টে সবাইকে স্বাগত**

## সবাইকে পবিত্র মাহে রমজানের শুভেচ্ছা

সুলভ মূল্যে ইফতার সামগ্রী ও সকল অনুষ্ঠানের ক্যাটারিং সরবরাহ করা হয়
বন্ধু বান্ধব ও পরিবারসহ আমাদের খাবারের স্বাদ পরীক্ষা করুন



**JACKSON HEIGHTS**
73-06 37 th AVE, NY-11372
**TEL : 718-406-9657**

**BROOKLYN**
91 CHURCH AVE, NY -11218
**TEL : 718-766-5381**



# BUY - SALE - RENT

kw LANDMARK II
KELLERWILLIAMS REALTY

List your House with me
I will Sell within a short time
বাড়ী দ্রুত ক্রয়- বিক্রয় ও
ভাড়ার জন্য এখনই যোগাযোগ করুন



**MOHAMMED SALIM**
Licensed Real Estate Salesperson
(917) 691-7721
(347) 846-1200
EACH OFFICE IS INDEPENDENTLY OWNED AND OPERATED

75-35 31ST AVENUE, SUITE 202
JACKSON HEIGHTS, NY 11370

msalim@kw.com
msalim.kw.com

## যুক্তরাষ্ট্রে অবৈধ ১০০০ বাংলাদেশি চিহ্নিত

৬৪ পৃষ্ঠার পর

নিয়েছেন। অনেকে গ্রেফতার হওয়ার আগেই স্বেচ্ছায় যুক্তরাষ্ট্র ত্যাগ করেছেন। গত ৩ মাসে শতাধিক অবৈধ বাংলাদেশি স্বেচ্ছায় যুক্তরাষ্ট্র ত্যাগ করেছেন। যুক্তরাষ্ট্রে বাংলাদেশের অবৈধ অভিবাসীর সংখ্যার নির্দিষ্ট কোন তথ্য পাওয়া যায়নি। তবে সংশ্লিষ্টদের ধারণা, যুক্তরাষ্ট্রের তিনটি রাজ্য নিউইয়র্ক, নিউজার্সি ও কানেক্টিকাটে অবৈধ বাংলাদেশিদের সংখ্যা বেশি থাকার সম্ভাবনা রয়েছে। এ'ছাড়া ম্যাসেচুয়েটস, টেক্সাস ও পেনসিলভানিয়ায় অবৈধ বাংলাদেশি বসবাস করছে।

## বদরুদ্দীন উমর স্বাধীনতা পুরস্কার নিবেন না

৬৪ পৃষ্ঠার পর

পুরস্কারের জন্য মনোনীত করা হয়েছে। তবে বর্তমান সরকার ঘোষিত স্বাধীনতা পুরস্কার না নেওয়ার সিদ্ধান্ত জানিয়েছেন বদরুদ্দীন উমর। গতকাল বৃহস্পতিবার গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তিনি এ তথ্য জানান। জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে স্বাধীনতা পদক দেওয়া হয়। এটি দেশের সর্বোচ্চ রাষ্ট্রীয় পুরস্কার। পুরস্কার হিসেবে প্রত্যেককে ১৮ ক্যারেটের ৫০ গ্রাম স্বর্ণের পদক, সম্মানীর অর্থের চেক ও একটি সম্মাননাপত্র প্রদান করা হয়। বিবৃতিতে বদরুদ্দীন উমর বলেন, ১৯৭৩ সাল থেকে আমাকে বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থা থেকে পুরস্কার দেওয়া হয়েছে। আমি সেগুলির কোনোটিই গ্রহণ করিনি। তিনি আরও বলেন, বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার আমাকে স্বাধীনতা পুরস্কার দেওয়ার ঘোষণা করেছে। এ জন্য তাদেরকে ধন্যবাদ। কিন্তু তাদের দেওয়া এই পুরস্কারও গ্রহণ করা আমার পক্ষে সম্ভব নয়।

মন্ত্রিপরিষদ বিভাগ সূত্রে জানা গেছে, আগামী সপ্তাহে আনুষ্ঠানিকভাবে পুরস্কারের জন্য মনোনীত ব্যক্তিদের নাম ঘোষণা করা হবে। তবে বৃহস্পতিবার সরকারের একটি উচ্চপর্যায়ের সূত্রে ২০২৫ সালে স্বাধীনতা পুরস্কারের জন্য মনোনীত বিশিষ্টজনদের নাম প্রকাশ হয়ে যায়। তাদের মধ্যে রয়েছেন মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক এম এ জি ওসমানী (মরণোত্তর), বিজ্ঞানী অধ্যাপক জামাল নজরুল ইসলাম, পপ সম্রাট আজম খান (মরণোত্তর), কবি আল মাহমুদ (মরণোত্তর), বামপন্থি রাজনীতিবিদ ও বুদ্ধিজীবী বদরুদ্দীন উমর, ব্র্যাকের প্রতিষ্ঠাতা স্যার ফজলে হাসান আবেদ (মরণোত্তর), ডাক্তার নভেরা আহমেদ (মরণোত্তর) ও বুয়েট শিক্ষার্থী আবরার ফাহাদ (মরণোত্তর)।

## মুনা কনভেনশন ৮, ৯ ও ১০ আগস্ট

৬৪ পৃষ্ঠার পর

যাচ্ছে। এই কনভেনশন মুসলিম জীবনে বিশেষ করে বাংলাদেশি আমেরিকান পরিবারের ওপর গুরুত্বপূর্ণ প্রভাব ফেলবে বলে আমরা বিশ্বাস করি। মুনা আমেরিকার একটি দাওয়াতি ও সামাজিক সংগঠন। মানুষের ব্যক্তিগত নৈতিক ও সামাজিক মানোন্নয়নের জন্য সার্বিক প্রচেষ্টা চালানোর মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি অর্জনের নিমিত্তে প্রতিষ্ঠিত হয় মুনা।

অনুষ্ঠানে প্রধান অতিথি মুনার ন্যাশনাল প্রেসিডেন্ট ইমাম দেলোয়ার হোসাইন, বিশেষ অতিথি মুনার ন্যাশনাল এক্সিকিউটিভ ডাইরেক্টর আরমান চৌধুরী, সভাপতিত্ব করেন মুনা ন্যাশনাল মিডিয়া বিভাগ পরিচালক আনিসুর রহমান গাজী, পরিচালনা করেন মুনা ন্যাশনাল এসিস্টেন্ট এক্সিকিউটিভ ডাইরেক্টর আব্দুল্লাহ আল আরিফ উপস্থিত ছিলেন। এছাড়া আরমান চৌধুরী, ন্যাশনাল এক্সিকিউটিভ ডাইরেক্টর, মুনা ন্যাশনাল এসিস্টেন্ট এক্সিকিউটিভ ডাইরেক্টর আহমদ আবু উবায়দা, ড: প্রফেসর মোহাম্মদ রুহুল আমিন, মুনা মজলিশে শুরা সদস্য এমএম মাওলা সুজন, মুনা নিউইয়র্ক সাউথ জোন সভাপতি এমদাদ উল্লাহ, মুনা নিউইয়র্ক নর্থ জোন সেক্রেটারী মহিবুল ইসলাম মজুমদার, নিউইয়র্ক সাউথ জোন মিডিয়ার পরিচালক আমিনুর রসুল জামসেদ উপস্থিত ছিলেন। আলোচনার ফাঁকে ইসলামী সঙ্গীত পরিবেশন করেন মুনা শিল্পী গোষ্ঠির অন্যতম সদস্য সালাহউদ্দিন রাসেল। ইফতারের পূর্বে আমেরিকাসহ বিশ্বশান্তি কামনা করে দোয়া করেন ইমাম দেলোয়ার হোসাইন।

এই সংগঠনটি ১৯৯০ সালে নিউইয়র্ক অঙ্গরাজ্যে কর্পোরেশন যুক্ত করা হয়। বর্তমানে মুনা আমেরিকার প্রায় সবকটি রাজ্যেই কমবেশি কর্মতৎপরতা পরিচালনা করছে। মুসলমানদের প্রাত্যহিক সামাজিক ও ধর্মীয় কর্মকাণ্ড এবং জাতীয় নাগরিক জীবনে ভূমিকা পালনের নিমিত্তে সবাইকে সংগঠিত করতে ঐকান্তিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে, যাতে করে এই সমস্ত ব্যক্তিবর্গ আল্লাহ এবং তাঁর রসূল হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অনুসরণের মাধ্যমে মানবতার সেবা করে যেতে পারে।

তারা বলেন, সারা দুনিয়া ব্যাপী মানবতা আজ মুক্তির জন্য দিশেহারা। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, মানুষের দুনিয়া ও আখেরাতের মুক্তি তথা সামগ্রিক কল্যাণ ইসলামেই নিহিত রয়েছে। মুনা চায়, প্রত্যেক মুসলিম ভাই-বোনেরা ইসলামের সুমহান আদর্শকে নিজেদের জীবনে যথার্থভাবে ধারন করে, এক একজন দ্বীনের মশাল বাহক হিসাবে দুনিয়া ব্যাপী প্রচারে আত্মনিয়োগ করুক। ইসলাম শুধু মুসলিম তথা ইসলামে বিশ্বাসীদের জন্য নয়, এটা গোটা মানবজাতির উন্নতি ও অগ্রগতির সোপান । মুনা এই বিশ্বাসকে ধারণ করেই এবারের কনভেনশনের মূল কেন্দ্রীয় প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করেছে। এই কাজে আপনাদের এবং আপনাদের মাধ্যমে সকলের সহযোগিতা কামনা করছি ।

মুনা চায় বাংলাদেশি আমেরিকানদের আমেরিকার মূলধারার মুসলিম স্কলার ও নেতৃবৃন্দের সাথে পরিচয় করিয়ে দিতে, আর সেই ভূমিকা রাখতে মুনার এবারের কনভেনশন ২০২৫ আমেরিকায় ব্যক্তি পরিবার ও সমাজ গঠনে দিকনির্দেশনা সম্বলিত আলোচনা রাখবেন বিশ্ববিখ্যাত সুপরিচিত অভিজ্ঞ আলোচকবৃন্দ। এবারের ইংরেজি আলোচকদের সাথে সাথে থাকবেন বাংলাদেশ ও অন্যান্য দেশ থেকে আগত বাংলা ভাষার ইসলামিক স্কলারগণ।

এবারও রয়েছে তরুণ ছেলে মেয়েদের জন্য আলাদা ইয়ুথ কনভেনশন। আল-কোরআনের অনুসারে কল্যাণকর জীবন যাপনের বিভিন্ন দিক ও বিভাগের উপর প্যারালাল প্রোগ্রাম রয়েছে। আলোচনা ছাড়া থাকবে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। বিভিন্ন ইসলামী ও অন্যান্য সামগ্রীর দোকান নিয়ে বিশাল বাজার। ছোট ছেলে মেয়েদের জন্য শিক্ষামূলক অনুষ্ঠান পার্ল এন্ড ফান। এবং বিভিন্ন খেলাধুলাসহ রাইড-এর ব্যবস্থা।

## ১০ জনের বার্সেলোনা হারাল বেনফিকাকে

৫২ পৃষ্ঠার পর

শেজনি। একইভাবে বার্সাকেও দুইবার ঠেকিয়ে দেন বেনফিকার গোলকিপার ট্রুবিন। দুইবারই গোলের সুযোগ পান লেভানডফস্কি। ম্যাচের ২৩ মিনিটে বার্সা ডিফেন্ডার পাও কুবারসি লাল কার্ড দেখে মাঠ ছাড়লে বিপদ বাড়ে কাতালানদের। একজন কম নিয়ে খেলা বার্সার ওপর চড়াও হতে থাকে বেনফিকা। একের পর এক আক্রমণ চালাতে থাকে তারা। কিন্তু প্রতিবারই পরাস্ত হয়েছেন শেজনির সামনে। সেই অবস্থা থেকে দ্বিতীয়ার্ধের ৬০ মিনিটে মাঝমাঠ থেকে বল নিয়ে একা এগিয়ে গিয়ে সবাইকে অবাক করে দিয়ে দূরপাল্লার শটে বেনফিকার জাল কাঁপান রাফিনিয়া।

## মহানবী (সা.)-এর সাহরি ও ইফতার

২৫ পৃষ্ঠার পর

এভাবে সাহরির মাধ্যমে নবী (সা.) আমাদের শিখিয়ে গেছেন রোজার প্রস্তুতি কিভাবে করতে হয়, আর কিভাবে এই ছোট্ট আহারও আল্লাহর অফুরন্ত রহমত ও বরকতের মাধ্যম হতে পারে। হজরত জায়েদ বিন সাবিত (রা.) বর্ণনা করেন, আমরা আল্লাহর রাসুল (সা.)-এর সঙ্গে সাহরি খেলাম। তারপর আমরা মসজিদে গেলাম, আর সেখানে গিয়ে দেখিলুম যে সঙ্গেই নামাজের জামাত দাঁড়িয়ে গেল। (বর্ণনাকারী বলেন) আমি তখন জিজ্ঞাসা করলাম, সাহরি আর নামাজের মধ্যে কতটুকু বিরতি ছিল? তিনি (জায়েদ) জবাব দিলেন, এতটুকু সময়, যতটুকুতে একজন মানুষ ৫০টি আয়াত তিলাওয়াত করতে পারে। (মুসনাদে আহমদ, হাদিস : ২১৬১৮)। এই বর্ণনার মধ্যে ফুটে ওঠে নবীজির (সা.) সুশৃঙ্খল জীবনযাপন এবং সাহরির সময় নির্ধারণে তাঁর অনুপম প্রজ্ঞা। সাহরি শেষ করার পর নামাজের প্রস্তুতি নিতে খুব বেশি সময় নিতেন না, বরং সুবহে সাদিকের ঠিক আগে সাহরি শেষ করে মসজিদে গিয়ে জামাতে অংশ নিতেন।

## বাংলা বর্ষবরণে ইতিহাস রচিত

৬৪ পৃষ্ঠার পর

বর্ষবরণের নতুন ইতিহাস উদযাপিত হতে যাচ্ছে। গত ২২ জানুয়ারি নিউইয়র্ক স্টেটের সর্বোচ্চ আইনপ্রণয়নকারী সংস্থা স্টেট সিনেট সর্বসম্মত সিদ্ধান্তে পহেলা বৈশাখকে এই অঙ্গরাজ্যের বাংলা নববর্ষ হিসাবে স্বীকৃতি প্রদান করে। নিউইয়র্ক অঙ্গরাজ্যের সাংস্কৃতিক বৈচিত্র্যের স্বীকৃতি হিসাবে ও এই রাজ্যে বসবাসরত বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে সম্প্রীতি দৃঢ় করার লক্ষ্যেই এই সিদ্ধান্ত গৃহীত হয়। বাংলা বর্ষবরণ অনুষ্ঠানে এবারের আকর্ষণ- স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের কণ্ঠযোদ্ধা রথীন্দ্রনাথ রায় এবং স্বতন্ত্র নৃত্য অভিনেত্রী পুষ্পকুমারের লতা এবং নৃত্য শিল্পী শারলা হাসান। এ উপলক্ষ্যে এনআরবি ওয়ার্ল্ড ওয়াইডের উদ্যোগে জ্যাকসন হাইটস্ থেকে ৫০ জনের একটি বাস আলবেনীর উদ্দেশ্যে রওয়ানা হবে।

পহেলা বৈশাখ বাঙালির জীবনে অতি গুরুত্বপূর্ণ সে কথা উল্লেখ করে সিদ্ধান্তটিতে বলা হয়, প্রতি বছরই বিপুল সমারোহে এই দিনটি উদযাপিত হয়ে থাকে। ২০২২ সাল থেকে দিবসটি নিউ ইয়র্কের টাইমস স্কয়ারে আনুষ্ঠানিকভাবে উদযাপিত হয়ে আসছে। এতে উল্লেখ করা হয়, প্রবাসে বাংলা নববর্ষ উদযাপনে ও বাংলা ভাষা ও সংস্কৃতির প্রসারে নিউ ইয়র্কের মুক্তধারা ফাউন্ডেশনের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। সিদ্ধান্তে বলা হয়, নিউ ইয়র্ক স্টেট বিশ্বব্যাপী বাংলা ভাষাভাষী মানুষদের গৌরবময় সাফল্যের, বিশেষত এই রাজ্যে বসবাসরত বাঙালিদের অব্যাহত অবদানের স্বীকৃতি জানিয়ে ১৪ এপ্রিল এই রাজ্যে বাংলা নববর্ষ হিসাবে ঘোষণার সিদ্ধান্ত নিয়েছে। এই সিদ্ধান্তে নিউ ইয়র্ক স্টেট সিনেটের আমেরিকায় বিশেষ অবদানের জন্য শিকাগো টাওয়ার খ্যাত প্রকৌশলী এফ আর খান, সিটিং দ্য ওয়ার্ল্ড খ্যাত রুমানা আলম, লেখক ঝুম্পা লাহিড়ী , অমিতাভ ঘোষ, ইকবাল কাদির, ইউটিউবের কো ফাউন্ডার জাওয়েদ করিম, খান একাডেমীর ফাউন্ডার সালমান খান, ওমর ইশরাকসহ কৃতি বাঙালিদের নাম বিশেষভাবে উল্লেখ করা হয়। মুক্তধারা ফাউন্ডেশনের ফাউন্ডার ও সিইও বিশ্বজিত সাহার উদ্যোগে সিনেটর শুইন শ্যাপুলভিডা সিনেটে প্রস্তাবনাটি তুলে ধরেন। গত ২২ জানুয়ারী এটি গৃহীত হয়। বিশ্বজিত সাহার সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, বাংলাদেশ ও পশ্চিমবঙ্গের বাইরে যে বিশ্ববাঙালি রয়েছে এই স্বীকৃতি সকলকে উজ্জীবিত ও গৌরবান্বিত করবে। উল্লেখ্য এনআরবি ওয়ার্ল্ড ওয়াইডের উদ্যোগে ২০২৩ সাল থেকে টাইমস স্কয়ারে বিশ্ববাঙালিরা বাংলা বর্ষবরণ করে আসছে। বাংলা নববর্ষের ইতিহাস উল্লেখ করে এই সিদ্ধান্তে বলা হয়, ভারতের মুঘল সাম্রাজ্যে পহেলা বৈশাখ উদযাপনের সূচনা। বর্তমানে বাংলাদেশ ছাড়াও এশিয়ার বিভিন্ন দেশে, যেমন লাওস, ভিয়েতনাম, কম্বোডিয়া, থাইল্যান্ডসহ ভারতের বিভিন্ন অঞ্চলে একই সময়ে নববর্ষ উদযাপিত হয়ে থাকে। বাংলা ভাষায় কথা বলেন এমন অভিবাসীর কথা উল্লেখ করে এতে বলা হয়, বাংলাদেশ ও পশ্চিম বাংলা থেকে আগত বিপুল সংখ্যক অভিবাসী এই রাজ্যে নানাভাবে গুরুত্বপূর্ণ অবদান রেখে যাচ্ছেন।

## আইসিসিকে ধুয়ে দিলেন মিলার

৫২ পৃষ্ঠার পর

সেমিফাইনালের জন্য প্রস্তুতি নেওয়া যায়।

তবে ভারত গ্রুপ পর্বের শেষ ম্যাচে নিউজিল্যান্ডকে হারিয়ে সেমিফাইনালে অস্ট্রেলিয়ার মুখোমুখি হলে, দক্ষিণ আফ্রিকাকে আবার পাকিস্তানে ফিরে আসতে হয়। ভারতের রাজনৈতিক ও নিরাপত্তাজনিত কারণে পাকিস্তান সফরে অস্বীকৃতির ফলেই আইসিসি তাদের সব ম্যাচ দুবাইয়ে আয়োজনের সিদ্ধান্ত নেয়, যা এই জটিলতার কারণ হয়ে দাঁড়ায়।

## সু-অভ্যাসগুলো মেনে চললে এসব রোগবালাই থেকে রক্ষা পাবেন

২০ পৃষ্ঠার পর

মাস্ক কার্যকর। নতুন নতুন গবেষণায় দেখা যাচ্ছে, বায়ুদূষণ নানাবিধ রোগের কারণ। বায়ুদূষণ থেকে নিজেকে সুরক্ষিত রাখতেও কেন মাস্ক ব্যবহার করা দরকার।

হাঁচি-কাশির আদব : হাঁচি-কাশি দেওয়ার সময় টিস্যু বা রুমাল, আর কিছু না পাওয়া গেলে কনুই ভাঁজ করে নাক-মুখ ঢাকতে হবে। হাঁচি-কাশির ছিটা বা থুতুকে বলে ড্রপলেট। অনেক সংক্রামক রোগ ড্রপলেটের মাধ্যমে একজন থেকে আরেকজনে ছড়ায়। এসব শিষ্টাচার অভ্যাসে পরিণত করতে সময় লাগে। কিন্তু গত দুই থেকে আড়াই বছরে করোনা মহামারিতে যাঁরা এই সুঅভ্যাসে অভ্যস্ত হয়েছেন, তাঁদের উচিত সব সময় তা মেনে চলা। শিশুরাও যেহেতু এতে অভ্যস্ত হয়ে গিয়েছিল, তাই তাদের বারবার শেখান। একবার রপ্ত হয়ে গেলে সারা জীবনের জন্য আর ভুল করবে না। ভবিষ্যতে আরও নতুন ধরনের রোগবালাই থেকেও রক্ষা মিলবে।

## রমজানে সওয়াব সত্তর গুণ

২৫ পৃষ্ঠার পর

খাওয়াবে আল্লাহতায়ালা তাকে কেয়ামতের দিন আমার হাউজে কাওসার থেকে এমন পানি পান করাবেন যে, তারপর চিরস্থায়ী জান্নাতে প্রবেশের আগে তার আর পিপাসা লাগবে না। এরপর নবি করিম (সা.) বলেন, রমজান এমন মাস, যার প্রথম দশক রহমত, দ্বিতীয় দশক মাগফিরাত আর শেষ দশক জাহান্নাম থেকে মুক্তির। যে ব্যক্তি এ মাসে তার গোলাম (কর্মচারী, চাকর, এক কথায় অধীনস্থ প্রত্যেক ব্যক্তি) থেকে কাজের বোঝা বা দায়িত্ব হালকা করে দেবে আল্লাহতায়ালা তাকে ক্ষমা করে দেবেন এবং জাহান্নাম থেকে মুক্তি দেবেন। হে লোকজন! এ মাসে চারটি জিনিসের ওপর খুব গুরুত্ব দাও এবং বেশি বেশি করে কর। ১. কালিমা তাইয়েবা-লা-ইলাহা ইল্লাল্লাহ। ২. ইস্তিগফার তথা ক্ষমা প্রার্থনা। ৩. জান্নাত চাওয়া। ৪. জাহান্নাম থেকে মুক্তি কামনা করা। *(মেশকাত শরিফ : ১/১৭৪)*।

রোজার প্রতিদান : মহানবি (সা.) বলেন, 'রোজার প্রতিদান আল্লাহ রাব্বুল আলামিন নিজেই দেবেন এবং বিনা হিসাবে দেবেন।' *[বোখারি শরিফ : ১৮৯৪]*। আল্লাহতায়ালা রোজাদারকে কিয়ামতের দিন পানি পান করাবেন। *[মুসনাদে বাজ্জার হাদিস : ১০৩৯]*। 'রোজা হলো জান্নাত লাভের পথ'। [মুসনাদে আহমদ : ২৩৩২৪]। 'রোজা জাহান্নাম থেকে রক্ষাকারী ঢাল ও দুর্গ'। *[মুসনাদে আহমদ : ১৪৬৬৯]*। 'রোজাদারের মুখের গন্ধ আল্লাহর কাছে মিশকের চেয়েও সুগন্ধিযুক্ত'। *[বুখারি : ১৯০৪]*। এ ছাড়া আরও অনেক হাদিসে রোজার বিশেষ ফজিলতের কথা বর্ণিত হয়েছে।

রোজার নিয়ত : রোজার নিয়তের জন্য মুখ দিয়ে নির্ধারিত শব্দ বা বাক্য উচ্চারণ করা জরুরি নয়। বরং অন্তরের ইচ্ছাই যথেষ্ট। এমনকি রোজার জন্য সেহরি খাওয়াটাও নিয়তের স্থলাভিষিক্ত। কিছু লোক আরবিতে রোজার নিয়ত করাকে আবশ্যকীয় মনে করে থাকেন অথচ তা সঠিক নয় *(জাওয়াহিরুল ফিকহ ১/৩৭৮)*। তবে আরবি নিয়ত করলে অসুবিধা নেই। প্রত্যেক রোজার জন্য ভিন্ন ভিন্ন নিয়ত করা জরুরি *(ফতোয়ায়ে হিন্দিয়া ১/১৯৫)*। অর্ধ দিনের আগে নিয়ত করলে রোজা বিশুদ্ধ হয়ে যাবে *(ফতোয়ায়ে হিন্দিয়া ১/১৯৫)*।

আরবি নিয়ত : নাওয়াইতু আন আছুমা গাদাম মিন শাহরি রমাদানাল মুবারাকি ফারদাল্লাকা, ইয়া আল্লাহু ফাতাকাব্বাল মিন্নি ইন্নাকা আনতাস সামিউল আলিম।

বাংলা নিয়ত : হে আল্লাহ! আমি আগামীকাল পবিত্র রমজানের তোমার পক্ষ থেকে নির্ধারিত ফরজ রোজা রাখার ইচ্ছা পোষণ (নিয়্যত) করলাম। অতএব, তুমি আমার পক্ষ থেকে (আমার রোজা তথা পানাহার থেকে বিরত থাকাকে) কবুল কর, নিশ্চয়ই তুমি সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

রোজা ভঙ্গের কারণগুলো : রোজা অবস্থায় অসুস্থতার কারণে ইনহেলার ব্যবহারের দ্বারা রোজা ভেঙে যায় *[শামি ৩/৩৬৬]*। রোজা অবস্থায় ইচ্ছাকৃত বমি করা বা মুখে বমি চলে আসার পর তা পরিমাণে অল্প হলেও ইচ্ছাকৃত গিলে ফেললে রোজা ভেঙে যাবে *[মুসান্নাফে আব্দুর রাজ্জাক ৪/১৯৭]*। যদি নাসিকা দিয়ে রক্ত বের হওয়ার পর মুখে চলে যায়, তাহলে রোজা ভেঙে যাবে *[তাতারখানিয়া ৩/৩৮৩]*। রোজাদার যদি মুখে পান রেখে ঘুমিয়ে পড়ে আর এমতাবস্থায় সুবহে সাদিক হয়ে যায় ও পানের কিছু অংশ পেটে চলে যায়, তাহলে তার রোজা হবে না। পরে কাজা করতে হবে। কাফফারা দেওয়া লাগবে না *[শামি ৩/৩৭৪]*। কুলি করার সময় যদি অনিচ্ছাকৃত পানি গলা দিয়ে পেটে চলে যায় তাহলে রোজা কাজা করতে হবে। কাফফারা ওয়াজিব হবে না। আর যদি রোজার কথা স্মরণই না থাকে, পানি মুখে নিয়ে খেয়ে ফেলে তাহলে রোজা ভাঙবে না *[তাতারখানিয়া ৩/৩৭৮]*। নাক অথবা কানের মধ্যে তেল দেওয়ার দ্বারা রোজা ভেঙে যাবে। তবে কাফফারা ওয়াজিব হবে না *[হেদায়া ১/২২০]*। যদি কোনো ব্যক্তি কারও ধমকের কারণে অথবা ভুল করে যেমন রোজার কথা ভুলে গিয়ে পানাহার করে অতঃপর রোজা ভেঙে গেছে মনে করে ইচ্ছা করে পানাহার করল, তাহলে রোজা নষ্ট হয়ে যাবে এবং কাজা করা জরুরি *[মুসান্নাফে ইবনে আবি শাইবা ৬/১৪৯]*। পাথরের কণা, মাটি, ঘাস, কাগজ ইত্যাদি যেগুলো যা সাধারণ আহারযোগ্য নয় বা কোনো উপকারে আসে না তা খেলেও রোজা ভেঙে যাবে এবং কাজা করতে হবে [আলমগিরি, ৪/৯৯]। দাঁত থেকে রক্ত বের হয়ে যদি থুতুর সঙ্গে ভেতরে চলে যায়। আর রক্তের পরিমাণ যদি থুতুর সমান বা বেশি হয় তাহলে রোজা ভেঙে যাবে [বোখারি ১/২৬০]। বিড়ি, সিগারেট, হুঁকা পান করলে রোজা ভেঙে যাবে এবং কাজা করা জরুরি *[শামি ৩/৩৬৬]*।

কঠিন অসুস্থতার ফলে যদি কোনো মানুষ রোজা ভেঙে ফেলে, তাহলে শুধু কাজা করতে হবে। কাফফারা দেওয়া লাগবে না *[আলবাহরুর রায়েক ২/১৮৯]*। যদি কোনো ব্যক্তি ইচ্ছাকৃত রোজা ভেঙে ফেলে অতঃপর খুব অসুস্থ হয়ে যায় অথবা কোনো নারীর হায়েজ হয়, তাহলে শুধু কাজা করতে হবে। কাফফারা দেওয়া লাগবে না *[হিন্দিয়া ১/২০৬]*। রোজা অবস্থায় স্ত্রীর সঙ্গে তার স্বামী জোর করে সহবাস করলে স্ত্রীকে শুধু কাজা আদায় করতে হবে। কাফফারা নয় *[তাতারখানিয়া ৩/৩৯৪]*।

যদি কোনো ব্যক্তি রোজা অবস্থায় সফর করে তার জন্য কোনো ওজর ছাড়া রোজা ভেঙে ফেলা অনুচিত। যদি ভেঙে ফেলে তাহলে শুধু কাজা জরুরি, কাফফারা নয় *[আলমগিরি ১/২০৬]*। যদি কোনো পুরুষের প্রস্রাবের রাস্তায় কোনো ওষুধ দেওয়া হয় আর অণ্ডকোষ পর্যন্ত পৌঁছে, তাহলে রোজা ভেঙে যাবে অন্যথায় নয় *[আলবাহরুর রায়েক ২/১৮৩]*। কোনো নারীর লজ্জাস্থানে ওষুধ লাগানোর সঙ্গে সঙ্গেই রোজা ভেঙে যাবে *[বাহরুর রায়েক ২/৪৮৬]*।


LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

# ব্যাথার যন্ত্রনায় ভুগছেন ? আর কোন চিন্তা নয়!

## জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রেই আছে ২০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ফিজিক্যাল থেরাপির বিশ্বস্ত প্রতিষ্ঠান!

# প্লাস ফিজিক্যাল থেরাপি পিসি
# PLUS PHYSICAL THERAPY PC

**40-16 74th street Elmhurst, NY 11373**

*আমরা অভিজ্ঞ মহিলা থেরাপিস্ট দ্বারা যত্নসহকারে মহিলা এবং পুরুষ রোগীদের ১০০ শতাংশ সেবা দিয়ে থাকি।*





## যে কোন ধরনের ব্যাথা নিরাময়ের জন্য আমাদের এখানে এসে সম্পূর্ণ সুস্থ ও নিরাময় বোধ করুন।

বিস্তারিত জানতে কল করুন

**তাহেরা রহমান : ৬৪৬-৮৭২-৯৭৬৮**

# SECI
Sonali Exchange Co. Inc.

## Secure, Fast, Reliable



## বিনা খরচে বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

**রবিবার জ্যাকসন হাইটস, জ্যামাইকা ও ব্রঙ্কস শাখা খোলা থাকে**

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনা
- আমরা ৩০ বছর যাবত আপনাদের সেবা দিয়ে যাচ্ছি

ঘরে বসে টাকা পাঠাতে আপনার মোবাইল থেকে

**Sonali Exchange Mobile App**

ডাউনলোড করে রেজিষ্ট্রেশন করুন
যোগাযোগ - ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জে এর মাধ্যমে রেমিটেন্স প্রেরণ করুন
দেশের অর্থনৈতিক উন্নয়নে অংশীদার হোন

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগা করুন

| | | | |
|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 |
| BRONX 718-882-1081 | JAMAICA 374-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 |
| | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 | |

# সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
# SONALI EXCHANGE CO. INC.

সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান

LICENSE IS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, IF-------

আমাদের সার্ভিস নিন -আপনাকে সেবা করার সুযোগ দিন


বিসমিল্লাহির রাহমানির রাহিম
ঢাকা জেলা এসোসিয়েশন ইউএসএ ইনক
DHAKA ZILA ASSOCIATION USA INC
দোহার, নবাবগঞ্জ, কেরানীগঞ্জ, সাভার ও ধামরাই উপজেলা সমুহ নিয়ে গঠিত
ইফতার ও দোয়া মাহফিল
তারিখঃ
১৬ ই মার্চ, ২০২৫
রোজঃ রবিবার
সময়ঃ বিকাল ৫ টা
স্থানঃ
লাগার্ডিয়া ম্যারিয়ট
Address: 102-05 Ditmars Blvd, East Elmhurst, NY 11369
আমন্ত্রণে
মোঃ আজাদ রহমান
আহ্বায়ক
৬৪৬-৪২০-৮৬৪৪
শাহীনুর রহমান বিপ্লব
প্রধান পৃষ্ঠপোষক
২১২-৩০০-৬৩৯৮
আকতার সিদ্দিকী শামিম
প্রধান সমন্বয়কারী
২১২-৩০০-৬৩৯৮
মোঃ কবির আহমেদ খাঁন
সদস্য সচিব
৬৪৬-৩২৭-১২৭৫
মোহাম্মদ আলী সবুজ
যুগ্ম আহ্বায়ক
মোঃ ফরিদ খান
পৃষ্ঠপোষক
তানভীর আহমেদ
সমন্বয়কারী
মোঃ রবিউল আলম
যুগ্ম সদস্য সচিব
প্রধান উপদেষ্টাঃ গিয়াস আহমেদ
সম্মানিত উপদেষ্টা মণ্ডলীঃ ইঞ্জি. ফারুক হোসেন, মোঃ আমান উল্লাহ্ আমান, মোঃ হাবিব জোয়ার্দার, শেখ সালাউদ্দিন আহমেদ, সোয়েব হোসেন খান, আলাউদ্দিন আহমেদ, বীরমুক্তিযোদ্ধা মোঃ আজাদ হোসেন, তানভীর এ মিলন, বীরমুক্তিযোদ্ধা হাবিবুর রহমান, ফজলুল হক, মোঃ আব্দুস সামাদ, মিশুক সেলিম, মোহাম্মদ আরিফ সিদ্দিকী, মোঃ কাউসার আলমগীর।
সার্বিক সহযোগিতা ও আয়োজনেঃ কার্যকরি পরিষদ ২০২৫-২০২৬
সভাপতি
দুলাল বেহেদু
সাধারণ সম্পাদক
কাজী আমিনুল ইসলাম স্বপন
সহযোগিতায়ঃ এম বাসেত রহমান (প্রতিষ্ঠাতা সভাপতি, ঢাকা জেলা এসোসিয়েশন), শেখ হেলাল (প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক, ঢাকা জেলা এসোসিয়েশন), হাফিজুর রহমান গিনি, ডাঃ তাজুল ইসলাম, বীরমুক্তিযোদ্ধা মমতাজউদ্দিন আহমেদ, বীরমুক্তিযোদ্ধা রাসুল আশরাফ চৌধুরী, মনিরুজ্জামান ভূঁইয়া বিল্লাল, বীরমুক্তিযোদ্ধা মোঃ হাবিবুর রহমান মাদবর, আব্দুর রশিদ বাবু, বীরমুক্তিযোদ্ধা খন্দকার জাহাঙ্গীর আলম মন্টু, অধ্যাপক ইলিম মোহাম্মদ নাজমুল হোসাইন, বুলবুল ভূঁইয়া, মোহাম্মদ ফরহাদ উল্লাহ, খালিদ আহমেদ বাবু, মোঃ ইসহাক মিয়া, আলহাজ্ব মোঃ বুলু ভূঁইয়া, মোঃ লুৎফর রহমান, নজরুল ইসলাম, ডাঃ হোসনে আরা মাসুব লাকি, মোঃ নুরু মিয়া, কার্তাভ গমেজ, আব্দুর রউফ চৌকদার, আব্দুর রাজ্জাক নান্নু, নজরুল বেপারী, আব্দুর রাজ্জাক আনোয়ার, হাজী মজিবুর রহমান, মোঃ ইয়াকুব আলী, ফজলুল হক, আছিয়া আক্তার, তাহমিনা আক্তার মায়া, নুরুন নাহার আক্তার হ্যাপি, এস সফিকুর রহমান তপন, বিমল চন্দ্র বর্মণ, জাকির হোসেন কাঞ্চন, সোয়েব আক্তার, সুমন মাহমুদ, ইমরান আহমেদ পরশ, হিরা খান, আক্তার হোসেন, এস.আর লিংকন, শফিউল আলম, আলাউদ্দিন মাহমুদ, বাবুল হোসেন সানি, মোহাম্মদ বোরহান খান, শেখ দুলাল, রনি দেওয়ান, পারভেজ ঢালী, রুবেল আহমেদ, মন্টু, ইকবাল আজম লিটন, ফজলুল হক, আলী হোসেন, স্বপন মৃধা, জালাল উদ্দিন, রজ্জব আলী, সাইফুর রহমান টুটুল, আশিক মাহমুদ, তানভীর হাসান, শফিকুল ইসলাম, সালাউদ্দিন, ইয়ার হোসেন, ফয়সল আহমেদ, ইকবাল আজম, আমিনুল ইসলাম, আপেল মাহমুদ, মোহাম্মদ আব্বাস, তাহসীন আহমেদ, আতিক উল্লাহ, অধ্যাপক মনিরুল ইসলাম, মোঃ আব্দুল হালিম, রহমত উল্লাহ, গিয়াস উদ্দিন আহমদ রতন ও জুবায়েল হোসেন।
দুলাল বেহেদু
সভাপতি
৬৪৬-৩৭৩-৭২৯২
শুভেচ্ছান্তে
কাজী আমিনুল ইসলাম স্বপন
সাধারণ সম্পাদক
৯২৯-৪৬২-২৩৩২
আপ্যায়ন সম্পাদকঃ আকতার হোসেন বিপ্লব
প্রচার সম্পাদকঃ মোঃ রফিকুল ইসলাম


Five Star Banquet Hall
5 BANQUET
ফাইভস্টার ব্যানকুইট
আভিজাত্যের প্রতিষ্ঠান
> Weddings > Events > Catering
> আমাদের শেফ বাংলাদেশী
> আমরা হালাল ফুড পরিবেশন করি
> আমরা বাংলা সহ সব ভাষায় কথা বলি
13-05 43rd Ave
Queens, NY 11101
718-704-4243
718-784-8484
www.5starbanquethall.com
উৎসব হোক
জমজমাট
খাবার হোক
মনোমুগ্ধকর
ফাইভস্টার ব্যানকুইট হল


GOLDEN AGE
HOME CARE
GOLDEN AGE HOME CARE
হোম
সর্বোচ্চ পেমে
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
বাড়ী ভাড়া বাবদ সরকার থেকে প্রতিমাসে ৮০০ ডলার পেতে সহায়তা করা হয়।
PCA
হো
Please C
• Salary & Benefits
• Weekly Payments
• Direct Deposit
Shah
Presiden
646-5
আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনি
JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115
BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834
HILLSIDE AVE. O
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-
Email: info@goldenagehomecare.c


কেয়ার
ন্টের নিশ্চয়তা
A AND CDPAP SERVICE
সর্বাধিক জনপ্রিয়
ম হেল্‌থ কেয়ার এজেন্সী
ontact
Nawaz MBA
t & CEO
591-8396
ং স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA
Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ
এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903



## ছড়াটে-র মোড়ক উন্মোচন

৬২ পৃষ্ঠার পর

আয়োজিত অনুষ্ঠানে কবি মনিরুল মনিরের সঞ্চালনায় বরেণ্য কবি, লেখক ও সাংবাদিকদের উপস্থিতিতে ছড়াটে-২০২৫ সংখ্যার মোড়ক উন্মোচিত হয়। এতে বক্তব্য রাখেন বাংলা একাডেমি পুরস্কারপ্রাপ্ত লেখক ও সাংবাদিক রাশেদ রউফ, কবি-ছড়াশিল্পী সাংবাদিক ওমর কায়সার, কবি-কথাসাহিত্যিক সম্পাদক নাহিদা আশরাফী, কবি মনির আহমেদ, কথাসাহিত্যিক নাসের রহমান, লেখক ও শিক্ষাবিদ ড. শামসুদ্দীন শিশির, ছড়াশিল্পী উৎপলকান্তি বড়ুয়া, কবি জিন্নাহ চৌধুরী, ছড়াশিল্পী রেশম জিপসী, ছড়াশিল্পী অপু চৌধুরী, ছড়াশিল্পী নান্টু বড়ুয়া, কথাসাহিত্যিক রায়হানা হাসিব, সংগঠক শাহরিয়ার পারভেজ প্রমুখ।

বক্তারা ছড়াটে-র সম্পাদক শামস চৌধুরী রুশোকে অভিনন্দন জানিয়ে ছড়াটে-র সর্বাঙ্গীন সাফল্য কামনা করেন।। তারা বলেন, বিদেশের মাটিতে বসে ছড়ার জন্য কাজ করা এককথায় প্রশংসনীয়।

ছড়াটে নিউইয়র্ক স্টেটের অনুমোদিত একটি সংগঠন। দীর্ঘদিন ধরে এটি ছড়া ও ছড়াকারদের নিয়ে কাজ করে যাচ্ছে। বিশ্বব্যাপী এর জনপ্রিয়তা ও গ্রহণযোগ্যতার কারণে ছড়াটে এখন ছড়াকারদের আন্তর্জাতিক প্লাটফর্ম হিসেবে বিবেচিত। 'ছড়াটে-২০২৫' ছড়াগ্রন্থটি রকমারি ডট কম থেকে অনলাইনে অর্ডার করা যাবে।

## আটলান্টিক সিটির মেয়র মার্টি স্মল নির্বাচনে লড়ছেন

৬২ পৃষ্ঠার পর

তাঁর পক্ষে আনুষ্ঠানিক নির্বাচনী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আটলান্টিক সিটি থেকে সুব্রত চৌধুরী জানান, স্থানীয় বর্ণাঢ্যনির মধ্যে মার্টিস্মল আগামী ১০ জুন, মঙ্গলবার অনুষ্ঠিতব্য প্রাইমারি নির্বাচনে তাঁকে ও তাঁর রানিং মেট কাউন্সিল এট লার্জ প্রার্থী স্টিফেনি মার্শাল, প্যাট্রিসিয়া বেইলি ও সোহেল আহমেদকে ভোট দিয়ে জয়যুক্ত করার জন্য কর্মী, সমর্থকসহ আটলান্টিক সিটির ভোটারদের প্রতি আহ্বান জানান।

আটলান্টিক সিটি ডেমোক্র্যাট কমিটির চেয়ারওম্যান কনস্টান্স জেমেন চ্যাপম্যানের সঞ্চালনায় নির্বাচনী সমাবেশে এসেম্বলিম্যান পদে প্রতিদ্বন্দ্বিতাকারী ডন উইকস, এসেম্বলিওম্যান পদে প্রতিদ্বন্দ্বিতাকারী লিসা সোনালো,




কাউন্টি কমিশনার পদে প্রতিদ্বন্দ্বীতাকারী কলিন এ জেইন সিনিয়র,কাউন্সিল এট লার্জ প্রার্থী স্টিফেনি মার্শাল, প্যাট্রিসিয়া বেইলি ও সোহেল আহমেদ বক্তব্য রাখেন।

আটলান্টিক সিটি কাউন্সিলের সভাপতি এ্যারন রেন্ডলফ, বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির সভাপতি জহিরুল ইসলাম বাবুল, সাধারণ সম্পাদক জহিরুল ইসলাম খোকা, বাংলাদেশ এসোসিয়েশন অব আটলান্টিক কাউন্টির সভাপতি শহীদ খান, আটলান্টিক সিটি স্কুল বোর্ড সদস্য সুব্রত চৌধুরী, সাবেক কাউন্সিলম্যান মাহমুদুল হক মামুন, জামিল আহমেদ সহ ডেমোক্র্যাট দলীয় নেতৃবৃন্দ ও বিভিন্ন কমিউনিটির নেতৃবৃন্দ নির্বাচনী সমাবেশে উপস্থিত ছিলেন।

মেয়র মার্টি স্মল সুধীজনদের সামনে তাঁর মেয়াদকালে আটলান্টিক সিটিতে বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডের ফিরিস্তি তুলে ধরেন। এছাড়া তিনি আগামী মেয়াদে তাঁর বিভিন্ন কর্মপরিকল্পনাও তুলে ধরেন। মেয়র তাঁকে এবং তাঁর রানিংমেটদের নির্বাচিত করে উন্নয়নের ধারা অব্যাহত রাখার আহ্বান জানান। উল্লেখ্য, ২০১৯ সাল থেকে মার্টি স্মল আটলান্টিক সিটির মেয়র পদে আসীন আছেন।







বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি
সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা
ইন্ডিয়া মাল্টিপল / মেডিকেল ভিসা
১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা
USA 5 YEARS MULTIPLE TOURIST VISA
দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
SCHENGEN TOURIST VISA
এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
*Visa Issued by Consulate General
NEW YORK OFFICE
7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com
DHAKA OFFICE
NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

## বহুদলীয় গণতান্ত্রিক ব্যবস্থায় অযোগ্য অর্থব নেতৃত্বকে পূর্ণবাসন করা হয়

৫ পৃষ্ঠার পর

ভারী করার জন্য অযোগ্য লোকদের বিভিন্ন পদে বসাবেন।

গণতান্ত্রিক ব্যবস্থার নামে যখন যে দল শক্তি সঞ্চয় করতে পারে সে দল নির্বাচনকে প্রভাবিত করে ক্ষমতায় বসে। ক্ষমতার অপব্যবহার করে পুরা রাষ্ট্র যন্ত্রকে নিজের নিয়ন্ত্রনে নিয়ে নেয় যেমন আমলাতন্ত্র, সামরিক বেসামরিক আমলাতন্ত্র, পুলিশ প্রশাসন, স্থানীয় সরকার থেকে ইউনিয়ন পর্যায় পর্যন্ত নিজেদের দলীয় অযোগ্য অর্থব লোকজনদের ক্ষমতায় বসিয়ে দেয়া হয়। আর উন্নয়ন কর্মকান্ড যাহা করে বাকীটা সকলে মিলে ভাগ বাটোয়ারা করে খায়। বাংলাদেশে দুই স্বৈরাচারের পতনের পরে অর্থাৎ জিয়া এরশাদের পতনের পর বৃহৎ দুটি দল আওয়ামী লীগ ও বিএনপি এ দেশ পরিচালনা করেছিল কিন্তু দু'দলের শ্রেণী চরিত্র একই রকম। দু'দল গণতন্ত্রের কথা বলছে, উন্নয়নের কথা বলছে দু'দলে ভরে গেছে সুবিধাভোগী তোষামদ কারী চাটুকার দুর্নীতিবাজ লুটেরা শ্রেণী। দুই দলের প্রায় প্রত্যেক নেতাই স্বজন প্রীতির দলীয় প্রীতির কথা বিবেচনায় রেখে দলের বিভিন্ন পর্যায়ের নেতাদের সুযোগ সুবিধা দিয়ে রেখেছে। আর যারা জনপ্রতিনিধি হয়েছেন তারা লুটপাট তো করেছেন সাথে যুক্ত করেছেন সমাজের খুব নিকৃষ্ট শ্রেণীর মানুষ গুলোকে। যারা মানুষকে মানুষ বলে গণ্য করে না যা খুশী তা করে বেড়ায় দলের নেতাদের আশ্রয় প্রশ্রয়ে।

চাঁদাবাজী, টোল আদায়, হাঁট বাজার দখল, চর দখল, ঘাট দখল, দোকান পাট ব্যবসা বাণিজ্য দখল, ইভটিজিং, ধর্ষণ, এমন কোন অপকর্ম নাই এরা করে না। এদের কারণে পুরা দেশে জন জীবন অতিষ্ঠ হয়ে উঠেছে। কিন্তু দলের নেতারা এদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করে না। কারণ এদের দিয়ে আবার নির্বাচনের সময় ভোট কেন্দ্র দখল করিয়ে নিজের বিজয় নিশ্চিত করেন। জনগণের ভোটের ওরা প্রয়োজন মনে করে না। দলের সুবিধা ভোগীদের যখন অতিরিক্ত সুবিধা দেওয়া হয় তখন তারা দলের উচ্চ পর্যায়ের নেতাদের খুব কাছাকাছি আসার সুযোগ পায়। তখন আরও বেশী সুযোগ সুবিধা পাওয়ার জন্য নেতাদের প্রভাবিত করে শেষ পর্যন্ত তারা যাহি প্রকাইল দুর্নীতিতে জড়িয়ে পরে। তখন তারা নিজেদের প্রয়োজনে নিজের আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, স্ত্রী, স্ত্রীর পক্ষের স্বজন স্ত্রীর ভাই বোনদের সহযোগী হিসেবে সম্পৃক্ত করে। শেষ পর্যন্ত দেখা যায় দলের নেতা তাদের অধীনস্থ নেতা কর্মী, তাদের আত্মীয় স্বজন কেবল এরাই রাষ্ট্রের সব সুযোগ সুবিধা ভোগ করে অর্থাৎ লুট পাটের স্বর্গরাজ্য তৈরী করে। আর যারা দলের গ্রাসরুট লেভেলের কর্মী তাদের কোন জায়গা নেই। তাদের জায়গা দখল করে নিয়েছে হাইব্রীড ও নেতাদের আত্মীয় স্বজনেরা।

আর যখন কখনও দলের দুর্দিন আসে রাস্তায় আন্দোলন সংগ্রামের প্রয়োজন হয়, মিটিং সমাবেশের, জন সমাবেশের প্রয়োজন হয় তখন প্রয়োজন হয় দলের পো-লেভেলের নিবেদিত প্রাণ নেতাকর্মীর ও আমজনতার। কখনও তাদেরকে কোন কিছু দেওয়ার লোভ দেখিয়ে অথবা দৈনিক মজুরী দিয়ে, ট্রাক ভাড়া করে জনসমাবেশে এনে জড়ো করা হয়। সারাদিন সাজা লাফি পথে ঘাটে মারপিট জন দুর্ভোগ সৃষ্টি করে দিন শেষে ওরা খালি পেটে ঘরে ফিরে যায়। আর নেতারা উচ্চ পর্যায়ের নেতাদের কাছে নিজের শ্রেষ্ঠত্ব জাহির করে সে কত বড় জনপ্রিয়, এই হলো আমাদের দেশের রাজনৈতিক নেতাদের চরিত্র। এদেশে কোন দিন গণতন্ত্র বলেন আর বহুদলীয় গণতন্ত্র বলেন কোন কিছুই সম্ভব নয়। যত দিন নেতাদের মানসিকতার বদল না হয়। আমি শ্রেষ্ঠ আমি যা করি তা সঠিক এবং মানতে বাধ্য করেন জনগণকে এই মনভাব বদলাতে হবে। প্রত্যেক দলের রাজনীতিবিদ পরস্পরকে সম্মান করতে হবে। নিজেদের ভুল স্বীকার করতে হবে। ইংরেজীতে একটা প্রবাদ আছে - Absolute Power Corrupt Absolutely. Multi Party System can't Ensure Better Government.

লেখক: সহ সভাপতি, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ।

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অ্যালামনাই এসোসিয়েশনের ফাগুন উৎসব

৩ পৃষ্ঠার পর

উঠোনে বসে পিঠা খাওয়ার সুখ স্মৃতি মনে করিয়ে দেয়।

সংগঠনের সাধারণ সম্পাদক মীর কাদের রাসেলের পরিচালনায় অনুষ্ঠানের শুরুতে ফাগুনের শুভেচ্ছা বিনিময় ও অতিথিদের স্বাগত জানানো হয়। শুভেচ্ছা বক্তব্য দেন উপদেষ্টা ও সাবেক সভাপতি শরাফত কাজী, উপদেষ্টা ও সাবেক সভাপতি আবদুল আজিজ নঈমী, বিশিষ্ট ব্যবসায়ী ও অ্যালামনাই সদস্য বিজন পাল। আয়োজকদের মধ্যে উপস্থিত ছিলেন- আহবায়ক অনুপ দাশ, সদস্য সচিব ফারহানা আক্তার, চিফ কো-অর্ডিনেটর রিদিম চৌধুরী, সভাপতি সাবিনা শারমিন নিহার।

সংগীত, নৃত্য ও কবিতার অপূর্ব সংমিশ্রণে সাজানো সাংস্কৃতিক অনুষ্ঠানে শর্মীমনির নৃত্য পরিবেশনা আগত অতিথিদের মুগ্ধ করে। পিংকি চৌধুরী আবৃত্তি সবাইকে নিয়ে যায় এক অন্যরকম অনুভূতির জগতে। রূপাই রুদ্র নীল, সুপ্রিয়া চৌধুরী ও কোরাস দল, দেবদান চৌধুরী এবং বাংলাদেশের এই প্রজন্মের জনপ্রিয় গায়ক স্বপ্নীল সজীবের সংগীত পরিবেশনা ছিল উপভোগ্য।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন- ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই এসোসিয়েশনের - সভাপতি এস এম আলম, সাধারণ সম্পাদক রুহুল সরকার, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি সৈয়দ মিজানুর রহমান, কমিউনিটি এক্টিভিস্ট আহসান হাবীব।




## শুল্ক আরোপের উত্তাপে নিম্নআয়ের মানুষ

৩ পৃষ্ঠার পর

পূর্ব ঘোষিত এই শুল্ক নীতি বাস্তবায়ন হতে না হতেই বিশ্ববাজারে এর নেতিবাচক প্রভাব পড়তে শুরু করেছে।

প্রেসিডেন্ট ট্রাম্পের ওই মন্তব্যের পর যুক্তরাষ্ট্রের প্রধান তিনটি সূচকে বড় রকমের পতন হয়েছে। দিনের শেষে ডাও জোন্স ইন্ডাস্ট্রিয়ালের পয়েন্ট কমেছে ১ দশমিক ৪৮ শতাংশ। এসএন্ডপির কমেছে ১ দশমিক ৭৬ শতাংশ। নাসডাক কম্পোজিটের কমেছে ২ দশমিক ৬৪ শতাংশ। এছাড়া ম্যাগনিফিসেন্ট সেভেন মেগাক্যাপের একটি গেজ ৩ দশমিক ১ শতাংশ কমেছে। যুক্তরাষ্ট্রের পাশাপাশি এশিয়া এবং অস্ট্রেলিয়ার শেয়ার বাজারেও এর ধাক্কা লেগেছে। নেতিবাচক প্রভাব পড়েছে টোকিও, হংকং, সিডনি এবং ভারতের শেয়ার বাজারে। নিক্কেই বেঞ্চমার্কে কমেছে ২.৪৩ শতাংশ। এর পাশাপাশি টোকিওর টপিক্স সূচকে কমেছে ১ দশমিক ৪৮ শতাংশ। মঙ্গলবার ভারতের শেয়ার বাজারেও এশিয়ার অন্যান্য সূচকের মতো অবনমন হয়েছে। এমএসসিআই এশিয়া এক্স-জাপানের কমেছে শূন্য দশমিক ৬ শতাংশ।

বৈশ্বিক শেয়ার বাজারে এমন ধাক্কা লাগায় বিনিয়োগকারীদের কপালে চিন্তার ভাঁজ পড়েছে। ক্রমবর্ধমান ভূ-রাজনৈতিক উত্তেজনা এবং একই সঙ্গে অতিরিক্ত শুল্ক আরোপের সম্ভাবনার কারণে ক্রমশ সতর্ক হয়ে উঠছেন তারা। বিশ্লেষকরা বলছেন, এভাবে চলতে থাকলে বাণিজ্য বিরোধ দিন দিন প্রবল হবে।

## দীর্ঘমেয়াদি কোমর ব্যথায় করণীয়

২০ পৃষ্ঠার পর

দেয়া হয় সেটাই পার্সোনালাইজ চিকিৎসা। এ ক্ষেত্রে একেক জনের চিকিৎসা হয় একেক ধরনের। যেমন: অনেক রোগী আছেন যাদের বসার চেয়ার পরিবর্তন করে কয়েকটি বিশেষায়িত ব্যায়াম করলেই ব্যথা নিয়ন্ত্রণে চলে আসে; আবার অনেকের প্রয়োজন হয় ইলেক্ট্রোথেরাপির। কোনো কোনো ক্ষেত্রে লাইফস্টাইল মোডিফিকেশন বা জীবন ধারায় পরিবর্তন প্রয়োজন হয় ব্যথা থেকে মুক্তি পেতে। এমনই ভিন্ন ভিন্ন চিকিৎসা ভিন্ন ভিন্ন রোগীর জন্য প্রয়োজন হয়, আর এর সবকিছুই নির্ভর করে রোগ নির্ণয়ের ওপর।

বাংলাদেশে এর চিকিৎসা কেমন : বাংলাদেশে কোমর ব্যথার চিকিৎসা মূলত ব্যথার ওষুধ বা পেইন কিলার-নির্ভর। এ দেশে পেইনকিলার যাকে অনেকে পেইন কিলিয়ার বা ব্যথা পরিষ্কারক নামে ডেকে থাকেন; তা খুবই জনপ্রিয়। ব্যথা হলেই রোগীরা ফার্মেসিতে গিয়ে ব্যথানাশক কিনে এনে খেতে থাকেন। সাধারণত ব্যথার ওষুধ কাজ না করলে রোগীরা চিকিৎসকের কাছে যান। তবে বাংলাদেশে কোমর ব্যথার চিকিৎসায় চিকিৎসকরা মেনে চলবেন এমন ধরনের কোনো নীতিমালা নেই। এ দেশে তাই কোমর ব্যথার চিকিৎসা বিচ্ছিন্নভাবে করা হয়। অনেক চিকিৎসক ব্যথার ওষুধ বা এনএসএআইডি, গ্যাবাপেন্টিন, মাসল রিল্যাক্সেন্ট ইত্যাদির ওপর নির্ভর করে থাকেন। অনেকে সার্জারির ওপর জোর দেন। অনেকে মেশিনের মাধ্যমে ফিজিওথেরাপি, ম্যানুয়াল থেরাপি বা থেরাপিউটিক এক্সারসাইজ দিয়ে দীর্ঘমেয়াদি কোমর ব্যথা ভালো করতে চান। ২০২২ সালে প্রকাশিত ফিজিওথেরাপি প্র্যাকটিস অ্যান্ড রিসার্চ জার্নালের প্রতিবেদন থেকে জানা যায়, বাংলাদেশে কোমর ব্যথার জন্য যেসব চিকিৎসাপদ্ধতি ব্যবহার করা হয়, উন্নত বিশ্বে তা প্রায় সম্পূর্ণ অচল। এর ফলে কোমর ব্যথা রোগীরা উপকার তো পানই না বরং অনেক আর্থিক ক্ষতির সম্মুখীন হন।

বিশ্ব পরিস্থিতি ও আমাদের সম্ভাবনা : বাংলাদেশ দ্রুত এগিয়ে চলেছে। গত কয়েক দশকে বাংলাদেশের অর্থনীতির উন্নয়ন ঘটেছে। মানুষের উন্নত ও বিজ্ঞানসম্মত চিকিৎসার প্রতি আগ্রহও বাড়ছে খুব দ্রুত। বাংলাদেশের চিকিৎসাব্যবস্থা উন্নত হয়েছে বটে কিন্তু তা মানুষের চাহিদা পূরণ করতে পারছে না। সত্যি কথা বলতে, যারা উন্নত ও বিজ্ঞানসম্মত চিকিৎসা চান তারা এদেশের চিকিৎসাব্যবস্থার ওপর এখনো পূর্ণ আস্থা রাখতে পারছেন না। উদাহরণ হিসেবে বলা যায়, অনেক চিকিৎসকই দীর্ঘমেয়াদি কোমর ব্যথার চিকিৎসায় সারা বিশ্বে অচল শর্ট ওয়েভ বা মাইক্রোওয়েভের মতো মেশিন দিয়ে চিকিৎসা করতে চান, যা রোগীদের কাছে গ্রহণযোগ্য হয় না। এ ছাড়াও রোগ নির্ণয় না করেই নানা ধরনের অবৈজ্ঞানিক ব্যায়াম বা ম্যানিপুলেশন করে থাকেন অনেকেই। অনেকে আবার বিভিন্ন ধরনের কম্পিউটারাইজড মেশিনভিত্তিক চিকিৎসা করে রোগী ভালো করতে চান যার কোনোটিই বিজ্ঞানসম্মত বা পারসোনালাইজড চিকিৎসা বলে পরিগণিত হয় না। এই সব কারণেই প্রতি মাসে বিপুল সংখ্যক রোগী বাংলাদেশ থেকে বিদেশে চলে যান উন্নততর চিকিৎসার আশায়।

সরকারের করণীয় কী : অস্ট্রেলিয়া, ইউরোপ, আমেরিকা তো বটেই অনেক স্বল্পোন্নত দেশেও কোমর ব্যথার চিকিৎসা চলে সরকার অনুমোদিত নীতিমালার মাধ্যমে। এই সব নীতিমালা সাধারণত প্রস্তুত করা হয় ক্লিনিক্যাল ট্রায়াল ও নির্ভরযোগ্য গবেষণার মাধ্যমে। এই নীতিমালাগুলো রোগীর স্বার্থ রক্ষা করে। কম খরচে সবচেয়ে কার্যকর চিকিৎসা সাধারণত নীতিমালায় অনুমোদন পায় এবং চিকিৎসকরা এই নীতিমালার মধ্যে থেকেই চিকিৎসা দিয়ে থাকেন। বাংলাদেশে এই ধরনের নীতিমালা এখন সময়ের দাবি। দীর্ঘমেয়াদি কোমর ব্যথার রোগীরা যাতে ব্যবসার উপকরণে পরিণত না হন এবং তাদের শারীরিক ও আর্থিক স্বার্থ যাতে রক্ষা হয় সেদিকে খেয়াল রেখে বাংলাদেশ সরকারের উচিত নীতিমালা প্রণয়ন করা। সেই সাথে কোমর ব্যথা চিকিৎসায় নিয়োজিত চিকিৎসকদের উন্নত চিকিৎসা প্রশিক্ষণ দেয়া প্রয়োজন যাতে তারা তাদের রোগীর জন্য সেরা চিকিৎসাটি বেছে নিতে পারেন।

রোগীরা এখন কী করবেন : রোগীদের সচেতন হতে হবে। বাংলাদেশেও অনেক চিকিৎসা প্রতিষ্ঠান ও চিকিৎসক উন্নত চিকিৎসা দিয়ে থাকেন। যথাসম্ভব একজন দক্ষ চিকিৎসক নির্বাচন করে তার পরামর্শ মতো চিকিৎসা নিতে হবে। যত্রতত্র ক্ষতিকর ব্যথানাশক ওষুধ, অবৈজ্ঞানিক ব্যায়াম, মেশিনের চিকিৎসা ও ম্যানিপুলেশন করা যাবে না। ইদানীং অনেকেই ইউটিউব দেখে নিজেই নিজের চিকিৎসা করা শুরু করেন যা বিপদ ডেকে আনতে পারে। তাই এসব ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে।

লেখক: কনসালট্যান্ট, ফিজিওথেরাপি বিভাগ, আধুনিক মেডিক্যাল কলেজ হাসপাতাল।

## বিবিসি বাংলাকে প্রফেসর ইউনূস : কিছু মন্তব্য

১২ পৃষ্ঠার পর

প্রকরণ নিয়ে যত কথা বলা যায়, কাজটি তত সহজ নয়। বুঝতে হবে কোন্ সংস্কারটি যথাযথ এবং সময়োপযোগী। বুঝতে হবে সোশ্যাল ডিনামিক্সের সঙ্গে কোন্ সংস্কারগুলো সংগতিপূর্ণ। সংস্কার বাস্তবায়নের প্রক্রিয়া নিয়েও ভাবতে হবে। এ প্রক্রিয়াগুলোর মধ্যে রয়েছে কার্যনির্বাহী আদেশ, আইনি বিধি-বিধান তৈরি এবং সাংবিধানিক বিধি-বিধানের অন্তর্ভুক্তিকরণ। এ প্রক্রিয়াগুলোর মধ্যে অন্তর্নিহিত জটিলতা রয়েছে। সে কারণে যে কোনো দেশে সংস্কার প্রক্রিয়া এক অর্থে বিপ্লবের চেয়েও কঠিন। চীনারা ১৯৭৮ সাল থেকে সংস্কার করে চলেছে। তবুও সংস্কারের শেষ নেই। চাই সংস্কার, আরও সংস্কার। এটা সম্ভব হয়েছে গোটা চীনা জাতির সংস্কারের প্রয়োজনীয়তা সম্পর্কে বোধোদয় ঘটার ফলে। আমাদের দেশের বিশাল জনগোষ্ঠীর মধ্যে সঠিক সংস্কার নিয়ে বোধোদয় হতে হবে। সেই বোধোদয় ঘটানোর কাজটি দুরূহ, কিন্তু অসম্ভব নয়। সংস্কারকে নিছক ছেলেখেলা মনে করা সঠিক নয়।

বিবিসি বাংলার পক্ষ থেকে প্রফেসর মুহাম্মদ ইউনূসকে প্রশ্ন করা হয়েছিল, আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি কেন নিয়ন্ত্রণ করা যাচ্ছে না। জবাবে প্রধান উপদেষ্টা বলেছেন, দেশ এবং দেশের বাইরে তাদের ওপর আস্থা আছে কিনা সেটাই বড় কথা। তিনি মনে করেন, তাদের ওপর দেশের মানুষের বিপুল পরিমাণে আস্থা আছে। তবে কী করছেন বা কী করছেন না, সেগুলো খুচরা বিষয়। কিছু বিষয়ে ভালো ও কিছু বিষয়ে মন্দ থাকতে পারে। এটা প্রফেসর মুহাম্মদ ইউনূস অস্বীকার করেননি। অনেকের দৃষ্টিতে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি হয়েছে এবং তারা নানারকম আতঙ্কে আছেন, এ রকম পরিস্থিতি কেন নিয়ন্ত্রণ করা যাচ্ছে না, তা নিয়ে প্রশ্ন করা হলে প্রধান উপদেষ্টা জবাবে বলেছেন, কোন রেফারেন্স পয়েন্ট থেকে পরিস্থিতি অবনতি হয়েছে, সেটা না বললে তো পরিস্থিতিটা বোঝা যাবে না। এ ব্যাপারে অপরাধসংক্রান্ত পুলিশের পরিসংখ্যানের প্রতি দৃষ্টি আকর্ষণ করলে তিনি জানান, তারা চেষ্টা করছেন। সমস্যার কথা সবাই জানেন। প্রথম দিকে সমস্যা ছিল পুলিশ বাহিনীকে নিয়ে, তারা ভয়ে রাস্তায় নামছিল না। এটা ঠিক করতেই কয়েক মাস চলে গেল। এখন মোটামুটি ঠিক হয়ে গেছে। কাজেই নিয়মশৃঙ্খলার পথে অগ্রগতি হচ্ছে।

আইনশৃঙ্খলার প্রশ্নে প্রধান উপদেষ্টার প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলা যায়, দেশে মব-জাস্টিসের ঘটনা বেড়ে চলেছে। পত্র-পত্রিকায় এ সংক্রান্ত প্রতিবেদনও প্রকাশ পাচ্ছে। উগ্রবাদী গোষ্ঠীগুলো ক্ষেত্র বিশেষে নারীদের হেনস্থা করছে। এগুলো বন্ধ করা প্রয়োজন। ১৯৭১-এ স্বাধীনতার পরপর শেখ মুজিবের শাসনামলে অনেক মব-জাস্টিসের ঘটনা ঘটেছিল। ঢাকার প্রাণকেন্দ্র মতিঝিলে কেউ একজন আঙুল তুলে বলল, ওই রাজাকার, আর যায় কোথায়? উন্মত্ত জনতা হিংস্র হায়েনার মতো ওই পথচারীর ওপর ঝাঁপিয়ে পড়ল এবং মুহূর্তের মধ্যে তার অঙ্গ-প্রত্যঙ্গ ছিন্ন-বিচ্ছিন্ন করে ফেলা হলো। এর সুযোগে অনেকে শত্রুতা উদ্ধার করেছে। তবে সময়ে এ প্রবণতা অনেকটুকুই হ্রাস পেয়েছিল। বর্তমান সময়ে আইন নিজের হাতে তুলে নেওয়ার প্রবণতা রোধ করতে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি করা প্রয়োজন। দেশে যতরকম প্রচার মাধ্যম আছে, সেগুলোর সুনির্দিষ্ট একটি স্পেস এ সচেতনতা সৃষ্টিতে ব্যবহার করতে হবে। এ প্রয়াসে দেশের বুদ্ধিজীবী, আইনজীবী, সমাজনেতা, শিক্ষক ও উলামাদের কাজে লাগাতে হবে।

বিবিসি বাংলা প্রফেসর মুহাম্মদ ইউনূসকে প্রশ্ন করেছিল, দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব বিপন্ন হওয়ার কোনো আশঙ্কা আছে কিনা। সরকারপ্রধান হিসাবে তিনি কী মনে করেন? জবাবে প্রধান উপদেষ্টা বলেছেন, এ শঙ্কা তো সবসময় থাকে। একটা পলাতক দল দেশ ছেড়ে চলে গেছে বা তাদের নেতৃত্ব চলে গেছে। তারা সর্বাত্মক চেষ্টা করছে দেশটাকে আনসেটেল করার জন্য। একথা সত্য, সবসময় থ্রেট আছেই। প্রতিক্ষণেই আছে, প্রতি জায়গাতেই আছে। কাজেই এটা হয়তো সবসময়ই থাকবে।

বিষয়টি খোলাসা করার জন্য তাকে জিজ্ঞাসা করা হয়েছিল হুমকিটা কি ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ থেকে? জবাবে তিনি বলেছেন, অবশ্যই, এটা তো অনস্বীকার্য। তারা মাঠে-ময়দানে ঘোষণা করছে। বক্তৃতা দিচ্ছে। এক্সেল করছে। সবাই তা শুনছে। মানুষ উত্তেজিত হচ্ছে। কারোর কারোর কাছে বিষয়টি তত স্পষ্ট না হলেও প্রফেসর মুহাম্মদ ইউনূসের দৃষ্টিতে খুবই স্পষ্ট। রাজনীতি ও ক্ষমতার সংগ্রামে জানা প্রয়োজন, Who are our enemies; who are our friends. এই প্রশ্নে প্রফেসর মুহাম্মদ ইউনূস দ্বিধা-দ্বন্দ্বে ভুগছেন না, সেটা তো স্পষ্ট। জাতীয় ঐক্য, সেনাপ্রধানের সাম্প্রতিক ভাষণ, ভারতের সঙ্গে সম্পর্ক, নির্বাচন এবং আওয়ামী লীগ নিষিদ্ধ বা নির্বাচনে অংশ নেবে কিনা, এসব নিয়েও প্রফেসর মুহাম্মদ ইউনূসকে প্রশ্ন করেছিল বিবিসি বাংলা। এগুলো নিয়ে তার প্রতিক্রিয়া সম্পর্কে আলোচনা এ যাত্রায় সম্ভব হলো না। বারান্তরে করা যাবে আশা করি।

লেখক: শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।



# ISP

Proudly Announces Happy Ramadan Cum

# Eid Sale

**Eid Sale**
**MARCH 6th to Eid**

Starting from Thursday March 6th 2025 till Eid

## Prices have been Slashed Upto 40%

on entire stock of

- All varieties of pure silk saris
- All wool Kashmiri Shawls & Jackets
- French Chiffons Plain, Printed & Fancy
- French Chantilley Lace
- Crepe and Art Silk Saris and Salwar Khameez Sets
- Lenghas & Dupttas
- Ladies Kurtis.
- Man's and Boy's Kurta Pajama Sets (Punjabi) All kinds
- 2 Carat Jewellery & Perfumes



**ISP INDIA SARI PALACE** SINCE 1971

37-07, 74th Street, Jackson Heights, Queens New York, NY 11372, Tel: (718) 426-2700

প্রতিদিন সকাল ১০:৩০ থেকে সন্ধ্যা ৭:৩০ খোলা থাকে। E-mail: ispny@hotmail.com

**Chicago:** 2534 West Devon Avenue, Chicago, IL 60659. Ph: (773) 338-2127

نُسُك
nusuk

إثراء الخير
ITHRAA ALKHAIR

ZAM ZAM
TRAVEL US

رواف منى لخدمات الحجاج
Rawaf Mina for Pilgrims Services

وزارة الحج والعمرة
MINISTRY OF HAJJ AND UMRAH



# HAJJ REGISTRATION IS OPEN

## FOR US PASSPORT AND GREENCARD HOLDERS

**ZAM ZAM TRAVEL US** in a Partnership with
**ITHRAA ALKHAIR & RAWAF MINA**

## Our Services

- Flight Ticket
- Visa Processing
- Hajj & Umrah Service Provider

আমরা সারা বছর
আপনাদের চাহিদা অনুযায়ী
উমরাহ প্যাকেজ করে থাকি

zamzamtravelus

www.zamzamtravelus.com

+1 (718) 395-9697 zamzamtravelus@gmail.com

37-15 73 Street (Suite-207), Jackson Heights, NY-11372

# BEST TAX EXPRESS INC.

# নিয়োগ বিজ্ঞপ্তি

## CPA / IRS Enrollment Agent / Tax Filling

এ দীর্ঘ অভিজ্ঞতা সম্পূর্ণ ব্যক্তিদের আবেদন করার জন্য অনুরোধ করা হলো : বেতন *$ 30/Hour*

সপ্তাহে : **Minimum-*40* ঘণ্টা**

যোগাযোগ:
**929 -206-9520**

Best Tax Express Inc.
Jamaica, NY
929 -206-9520
besttaxexpress@gmail.com

## সিলেট ট্রাভেলস্ এন্ড ট্যুরস্
## SYLHET TRAVELS & TOURS

বাংলাদেশসহ পৃথিবীর যেকোন দেশে ভ্রমণের জন্য আপনি আপনার টিকেট সংগ্রহ করতে পারেন।

Emirates | QATAR AIRWAYS | ETIHAD AIRWAYS | SAUDIA | American Airlines



**ওমরাহ্ ভিসা ও টিকেটের জন্য বিশ্বস্থ প্রতিষ্ঠান**

আমেরিকার যেকোন জায়গায় ট্যুরের জন্য আপনার টিকেট সংগ্রহ করুনঃ
(৫০০ এর অধিক স্থানে)

১) নায়াগ্রা ফলস্ ............ ২ দিন/৩ দিন/৫ দিন
২) ওয়াশিংটন ডিসি (চেরি ব্লুজম) ............ ১ দিন
৩) পেনসিলভেনিয়া (আমিষ গ্রাম) ............ ১ দিন
৪) নিউইয়র্ক সাইটসিং ............ ১ দিন
৫) মেট্রোপলিটান মিউজিয়াম ............ ১ দিন

**Call: 862-262-6116**

## জবহেল্প এন্ড এপ্লিকেশন প্রসেসিং সার্ভিসেস
## JOB HELP & APPLICATION PROCESSING SERVICES

**জবহেল্প ট্রেনিং প্রোগ্রাম**

পোস্টাল জব (USPS) একটি ফেডারেল জব
ট্রেনিংঃ রবিবার-বৃহস্পতিবারঃ সকাল ১০টা-বিকাল ৩টা

ট্রাফিক এনফোর্সমেন্ট এজেন্ট (NYPD)
ট্রেনিংঃ প্রতি রবিবার, দুপুর ১২টা-বিকাল ২টা

৬ ঘন্টা ডি.ডি.সি ক্লাস (Defensive Driving Course)
ট্রেনিংঃ শনিবার-বৃহস্পতিবারঃ দুপুর ১২টা-সন্ধ্যা ৬টা

বেসিক কম্পিউটার কোর্স
প্রতি শনিবার বেলা ১:০০ থেকে ২:০০ পর্যন্ত

গ্রীস্মকালীন ট্যুর / ট্রাভেলস ২০২৪
(১) ১ দিনের ট্যুর - ম্যানহাটন সিটিবাস (২) ফেলাডেলফিয়া চেরিব্লজম
(৩) ওয়াসিংটন ডিসি চেরিব্লজম (৪) নায়াগ্রাফলস / ওয়াসিংটন ডিসি ২ দিনের ট্যুর

| সরকারি জব | বেসরকারি জব | এপ্লিকেশন প্রসেসিং |
|---|---|---|
| ১. পোস্টাল জব | ১. কাস্টমার সার্ভিস | ১. নিউ পাসপোর্ট/নবায়ন |
| ২. সিটি জব | ২. অফিস অ্যাডমিন | ২. ডুয়েল সিটিজেনশীপ |
| ৩. সিভিল সার্ভিস জব | ৩. ম্যানুফ্যাকচারিং জব | ৩. পাসপোর্ট কারেকশন |
| ৪. ইউ.এস.এ জব | ৪. ডেলিভারি জব | ৪. ফুড স্ট্যাম্প |
| ৫. এম.টি.এ জব | ৫. রেস্টুরেন্ট জব | ৫. NYC হাউজিং/এফোর্ডেবল |
| ৬. আই.টি ইঞ্জিনিয়ার | ৬. ট্রান্সপোর্টেশন জব | ৬. রেজুমি/কভার লেটার |

**MD. ALI** B.Sc., LL.B.
Rtd. Govt. Officer Bangladesh



Cell: 917-500-3937 | Phone/Fax: 917-300-6160
148-45 Hillside Ave, Suite # 203A, Jamaica, NY 11435
'F' Train or Bus: Q20A, Q20B, Q40, Q43, Q44 to Sutphin Blvd

## সংবাদ সংস্থা এপি ও রয়টার্স ট্রাম্পের ক্যাবিনেটে বাধার মুখে

৬২ পৃষ্ঠার পর

প্রতিনিধিদের ডোনাল্ড ট্রাম্পের মন্ত্রিপরিষদের প্রথম বৈঠকে প্রবেশের সময় বাধা দেওয়া হয়। তবে সে সময় এবিসি, নিউজ ম্যাক্স, এক্সিওস, দ্য ব্লেইজ, ব্লুমবার্গ নিউজ ও এনপিআরের প্রতিনিধিদের বৈঠকে ঢুকতে দেওয়া হয়। ট্রাম্প প্রশাসন জানায়, ওভাল অফিসে কোন কোন সংবাদমাধ্যম প্রবেশ করতে পারবে তা হোয়াইট হাউস তাদের নতুন সিদ্ধান্ত অনুসারে নির্ধারণ করবে। হোয়াইট হাউসে প্রেসিডেন্টের সংবাদ সম্মেলনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ ঘটনার সংবাদ সরবরাহ করে আসছিল হোয়াইট হাউস প্রতিনিধি।

বার্তা সংস্থা রয়টার্সও দীর্ঘদিন ধরে এই সংস্থার অন্তর্ভুক্ত ছিল। হোয়াইট হাউসের মুখপাত্র ক্যারোলিন লেভিট জানান, মূলধারার সব সংবাদমাধ্যমকেই প্রবেশাধিকার দেওয়া হবে আগের মতো। তবে প্রশাসন ছোট বৈঠকগুলোতে নির্দিষ্ট কিছু টেলিভিশন, রেডিও, প্রিন্ট মিডিয়ার সংবাদকর্মী ও চিত্রগ্রাহককে অনুমতি দেয়ার সিদ্ধান্ত নিয়েছে।

## গ্রিণল্যান্ড যে কোনভাবে দখল করা হবে : ট্রাম্প

৬২ পৃষ্ঠার পর

নিরাপত্তার জন্য আমাদের এটি সত্যিই প্রয়োজন। আমি মনে করি, আমরা এটি কোনো না কোনোভাবে পেতে যাচ্ছি। আমরা এটি অর্জন করতে যাচ্ছি।

এ সময় ট্রাম্প গ্রিনল্যান্ডের জনগণের উদ্দেশে ট্রাম্প বলেন, আমরা আপনাদের ভবিষ্যত নির্ধারণের অধিকারকে দৃঢ়ভাবে সমর্থন করি। আপনারা যদি চান, আমরা আপনাকে যুক্তরাষ্ট্রে স্বাগত জানাই। আমরা আপনাদের ধনী বানিয়ে দেব।

১৯৭৯ সাল থেকে ডেনমার্কের একটি স্বায়ত্তশাসিত অঞ্চল গ্রিনল্যান্ড। আর্কটিক এবং আটলান্টিক মহাসাগরের মধ্যে অবস্থিত বিশ্বের বৃহত্তম এ দ্বীপটি খনিজ সম্পদে ভরপুর এবং কৌশলগতভাবে আর্কটিকের মধ্যে অবস্থিত। বিশাল প্রাকৃতিক সম্পদ এবং অবস্থানের কারণে দ্বীপটির দিকে বিশেষ নজর পড়েছে যুক্তরাষ্ট্রের।

অবশ্য, ডেনমার্ক এবং গ্রিণল্যান্ড উভয়েই এই দ্বীপটি বিক্রির প্রস্তাব প্রত্যাখ্যান করেছে। ডেনিশ সরকার দ্বীপের ওপর তাদের অব্যাহত সার্বভৌমত্ব দাবি করে আসছে। জানুয়ারিতে পরিচালিত একটি জরিপ অনুযায়ী, গ্রিনল্যান্ডের ৮৫ শতাংশ জনসংখ্যা মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে যুক্ত হওয়ার বিরোধিতা করেছেন।

## অবৈধরা রেজিস্ট্রেশন না করলে সাজা

৬২ পৃষ্ঠার পর

নতুন শাস্তিমূলক ব্যবস্থা কার্যকর করার পরিকল্পনা করছে। যেখানে নিবন্ধন না করলে এটিকে ফেডারেল অপরাধ হিসেবে গণ্য করা হবে। এটি অভিবাসীদের জন্য নতুন চ্যালেঞ্জ তৈরি করবে। এর ফলে তারা শাস্তির মুখোমুখি হতে পারেন। ২০২৫ সালের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প গত ২০ জানুয়ারি 'প্রোটেক্টিং দ্য আমেরিকান পিপল অ্যাগেইনস্ট ইনভেশন' নির্বাহী আদেশে স্বাক্ষর করেন। এই আদেশে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটিকে (ডিএইচএস) নির্দেশ দেন যে, তারা যেন বিদেশিদের ইমিগ্রেশন অ্যান্ড ন্যাশনালিটি অ্যাক্টের (আইএনএ) ধারা ২৬২ (৮ ইউএসসি ১৩০২) অনুযায়ী সরকারের সঙ্গে নিবন্ধন করার বাধ্যবাধকতা নিশ্চিত করে এবং যারা এই নিবন্ধন করবেন না, তাদের বিরুদ্ধে সিভিল ও ক্রিমিনাল পদক্ষেপ নেওয়া হবে। এই নিবন্ধন প্রক্রিয়া ২০২৫ সালের ২৫ ফেব্রুয়ারি থেকে শুরু হয়েছে। নতুন এই প্রক্রিয়া কার্যকর হলে অভিবাসীরা শাস্তির ঝুঁকিতে পড়বেন, যদি তারা নিবন্ধন না করেন বা নিবন্ধনের প্রমাণ সঙ্গে না রাখেন। প্রশাসন নতুন নিবন্ধন ব্যবস্থা কার্যকর করতে ফেডারেল প্রসিকিউটরদের উৎসাহিত করছে। তাদের মাধ্যমে অভিবাসীদের বিরুদ্ধে অপরাধমূলক অভিযোগ আনা হবে, বিশেষ করে যারা অনুমোদন ছাড়াই যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছেন।

যুক্তরাষ্ট্রের অভিবাসন আইন ১৯৪০ সালে প্রবর্তিত এলিয়েন রেজিস্ট্রেশন অ্যাক্টের অধীনে সব অভিবাসীকে নিবন্ধন করতে বাধ্য করা হয়, যারা ১৪ বছরের বেশি এবং যারা যুক্তরাষ্ট্রে ৩০ দিনের বেশি সময় ধরে অবস্থান করছেন। ৮ ইউএসসি ১৩০২ অনুযায়ী, এসব অভিবাসীকে ৩০ দিনের মধ্যে নিবন্ধন করতে হবে। নিবন্ধন না করার জন্য শাস্তি হিসেবে ছয় মাস পর্যন্ত কারাদণ্ড বা ১ হাজার ডলারের জরিমানা হতে পারে। এছাড়া ৮ ইউএসসি ১৩০৬(এ)-এর আওতায়, যারা নিবন্ধন প্রমাণ সঙ্গে রাখবেন না, তাদের বিরুদ্ধে ১০০ ডলারের জরিমানা হতে পারে। এটি ১৯৪০ সালে আইনের অংশ হিসেবে প্রতিষ্ঠিত হলেও অতীতে এই আইনের কার্যক্রম অপ্রচলিত ছিল এবং কেবল সুনির্দিষ্ট ক্ষেত্রেই প্রয়োগ করা হতো। তবে ট্রাম্প প্রশাসন এবার এই আইনকে পুনরায় সক্রিয় করার পরিকল্পনা করেছে।

এ নতুন নিবন্ধন আইন ট্রাম্প প্রশাসনের অভিবাসন নীতি সংশ্লিষ্ট কঠোরতার একটি অংশ হিসেবে দেখা যাচ্ছে। বিশেষত যেসব অভিবাসী অনুমোদন ছাড়াই যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছেন এবং যারা তাদের অবস্থান নিশ্চিত করতে ফেডারেল সরকারের সঙ্গে যোগাযোগ করেননি, তাদের জন্য এই আইনটি গভীর উদ্বেগ সৃষ্টি করবে। তবে তারা যারা ইতিমধ্যেই নিবন্ধিত, তারা যদি তাদের নিবন্ধনের প্রমাণ সঙ্গে না রাখেন, তবে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।

প্রশাসনের এই পদক্ষেপের ফলে অভিবাসী সম্প্রদায়ের মধ্যে ব্যাপক আতঙ্ক এবং উদ্বেগ সৃষ্টি হতে পারে। অনেক অভিবাসী, যারা প্রকৃতপক্ষে এই নীতির লক্ষ্য নয়, তারা গুজব এবং ভুল তথ্যের কারণে ভীত হয়ে পড়বেন, যা তাদের জীবনে অনিশ্চয়তা এবং ক্ষতির কারণ হতে পারে।

তাদের নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন না করলে শাস্তি হতে পারে, যার মধ্যে রয়েছে জরিমানা বা কারাদণ্ড। এটি একটি গুরুত্বপূর্ণ আইন, যা দেশে অবস্থানকারী প্রায় সব অভিবাসীকে প্রভাবিত করবে।

## আমরা যদি কিছু করি জানিয়েই করব

৪৬ পৃষ্ঠার পর

তাই অনেক দিন পর বড় পর্দায় ফিরছেন। ফলে দর্শকের একটা আগ্রহ তৈরি হয়েছে। সেই সঙ্গে 'সুড়ঙ্গ'র পর আমি আর নিশো একসঙ্গে ফিরছি। বলা যায়, দর্শকের জন্য চমক অপেক্ষা করছে।

নিশোর প্রথম ছবির পর দ্বিতীয় ছবিতেও আপনি আছেন...

জুটি তৈরি করেন দর্শক। সালমান শাহর সঙ্গে অনেক অভিনেত্রীই অভিনয় করেছিলেন, তবে শাবনূর আপুকে সবাই পছন্দ করেছেন। তেমনি রাজ্জাক-কবরী, ফারুক-ববিতা বা শাকিব খান-অপু বিশ্বাসপ্রতিটি জুটিই দর্শকের ভালোবাসা পেয়েছে। 'সুড়ঙ্গ'র মতো 'দাগি'ও যদি সুপারহিট হয় তাহলে প্রযোজক-পরিচালকরা অবশ্যই আমাদের নিয়ে জুটি করার কথা ভাববেন। এখানে আমাদের কোনো হাত নেই। তবে আমরা আশাবাদী, দর্শক আমাদের গ্রহণ করবেন।

ঈদে আরো কয়েকটি বড় ছবি আছে-'বরবাদ', 'জংলি', 'ইনসাফ'। এগুলোর সঙ্গে প্রতিযোগিতায় 'দাগি'র অবস্থান কী হবে বলে মনে করেন?

এখানে প্রতিযোগিতার কিছু নেই। আমরা সবাই মিলেই ইন্ডাস্ট্রি। ঈদ সবার জন্য উন্মুক্ত। গল্প, মেকিং, কাস্টিংসব মিলিয়ে দর্শক ছবি দেখে। যেটাতে এই জায়গাগুলো পরিপূর্ণ থাকবে সে ছবিটাই দিন শেষে দর্শক দেখবে। ক্যারিয়ারের প্রথম থেকেই দেখে আসছি, ঈদে সাত-আটটা করে ছবি মুক্তি পায়। এক অভিনেতার একাধিক ছবিও থাকত। এখন সেটা খুব একটা দেখা যায় না। আমার বিশ্বাস, এবার ঈদে সব ছবিই ভালো ব্যবসা করবে। আমি চাই সেটা। আমাদের ইন্ডাস্ট্রি ঘুরে দাঁড়ানোর জন্য এবার ঈদের ছবিগুলোর ব্যবসা অনেক বড় গুরুত্বপূর্ণ।

অনেক দর্শক ওয়েব সিরিজ 'দুই বন্ধু'ও তো প্রস্তুত। এটি কবে মুক্তি পাবে?

ঈদে মুক্তি পাবে না, এটা নিশ্চিত। শুনেছি ঈদের পরে আসবে। দারুণ কাজ হয়েছে। দর্শকের মতো আমিও মুখিয়ে আছি সিরিজটি দেখতে।

এর মধ্যে নতুন কাজ হাতে নিয়েছেন?

একটি ছবি ও ওয়েব সিরিজ চূড়ান্ত করেছি। তবে ঈদের আগে শুটিং করব না। ঈদের এই সময়টুকু শুধুই 'আমলনামা' আর 'দাগি'র জন্য বরাদ্দ। আগামী তিন সপ্তাহ ছবি দুটির প্রচার-প্রচারণায় সময় দেব। নির্মাতারা এর মধ্যে বেশ কিছু পরিকল্পনা করেছেন। সেগুলো নিয়েই কাজ করব। আমাদের দেশে কয়েক বছর আগেও ছবি মুক্তির সময় তেমন প্রচার-প্রচারণা হতো না। এখন সে অবস্থার পরিবর্তন হয়েছে। সঠিক প্রচারণা ছাড়া এখন দর্শকের কাছে কনটেন্ট পৌঁছে দেওয়া কঠিন।

রায়হান রাফীর জন্মদিন ঘটা করে পালন করলেন। দুজনের ব্যক্তিজীবনের রসায়ন নিয়ে ফের চর্চা শুরু হয়েছে গণমাধ্যমে। বিষয়টা নিয়ে কী বলবেন?

আমার বলার কিছু নেই। যারা এটাকে নিয়ে ঘটা করে মনের মাধুরী মিশিয়ে নিউজ করছেন, তারা সবাই আমার পরিচিত, কলিগও বলতে পারেন। দুঃখের বিষয়, একটা বারও আমার মতামত নেওয়ার চেষ্টা করলেন না। রাফীর সঙ্গে আমার ব্যাক টু ব্যাক কাজ হচ্ছে। সেখান থেকেই বন্ধুত্ব। আমরা যদি কিছু করি তাহলে জানিয়েই করবএই কথাটা হাজারবার বলেছি। কেউ মানছেই না! কতবার বলেছি, আমার ফোকাস শুধু কাজে, প্রেমে নয়। সেটাও কেউ বুঝতে চাইছে না। আমি বিরক্ত। টোটালি বিরক্ত।

## কার বাহুডোরে পরীমনি?

৪৬ পৃষ্ঠার পর

মঙ্গলবার রাতে নিজের ফেসবুক অ্যাকাউন্ট থেকে একটি ছবি প্রকাশ করেন পরীমনি।

যেখানে ভালোবাসার মানুষের বাহুডোরে দেখা মেলে এই অভিনেত্রীর। সেই ছবি পোস্ট করে জীবনে নতুন করে বসন্তের আগমনী বার্তা দেন পরীমনি। যা মুহূর্তের মধ্যেই নেটদুনিয়ায় ঝড়ের গতিতে ছড়িয়ে পড়ে। যদিও সেই ছবিতে ভালোবাসার মানুষের মুখ প্রকাশ্যে আনেননি অভিনেত্রী।

কেবল হাতটাই দেখা গেছে। তবুও ভক্তদের চোখ থেকে যেন আড়াল করতে পারেননি। অনেকেই পরীর পাশে থাকা মানুষকে সংগীতশিল্পী শেখ সাদী বলে দাবি করছেন। এর কারণ হিসেবে এই গায়কের ব্যবহৃত হাতঘড়ির সঙ্গে পরীমনির পাশে থাকা পুরুষের হাতঘড়ির মিল খুঁজে পাচ্ছেন।

এছাড়াও সম্প্রতি সময়ে শেখ সাদীর সঙ্গেই পরীমনির প্রেমের গুঞ্জন ভেসে বেড়াচ্ছে শোবিজাঙ্গনে। যে কারণে ভক্তরাও দুইয়ে দুইয়ে চার মেলাতে ব্যস্ত হয়ে পড়েছেন।

এদিকে বুধবার রাত থেকেই ফেসবুকে বিভিন্ন গ্রুপ, পেইজে নেটিজেনরা শেখ সাদী ও পরীমনির 'অভিরাগ' সেই ছবি নিয়ে একের পর এক স্ট্যাটাস দিচ্ছেন। কেউ কেউ লিখেছেন, শেখ সাদীকে আর আড়ালে রাখতে পারলেন না পরীমনি। কেউ আবার, পরীমনি-সাদীর প্রেমের সম্পর্ক নিয়ে বিভিন্ন প্রশ্ন তুলেছেন।

বিষয়গুলো পরী নিজেও হয়তো খেয়াল করেছেন। যে কারণে বৃহস্পতিবার সকালের আলো ফোটার আগেই সেই ছবি ফেসবুক থেকে সরিয়ে নিয়েছেন। উল্টো নিজের ব্যক্তিগত অ্যাকাউন্টে একটি গাঁদা ফুলের ছবি প্রকাশ করে ক্যাপশনে পরী লিখেছেন, 'গাঁদা ফুল তুলে গাঁথা হয়ে গেছিলো ভাইইই....!'

সম্প্রতি সময়ে তরুণ গায়ক শেখ সাদীর সঙ্গে পরীমনির প্রেমের গুঞ্জন শোনা যাচ্ছে। প্রতিনিয়ত একে অন্যেকে ইঙ্গিত করে ফেসবুকে বিভিন্ন পোস্ট দিচ্ছেন। একজন অপরজনের পোস্ট শেয়ার করছেন। সেখানেও নানা খুনসুটিতে মেতে উঠছেন। সাদীকে নিয়ে এক সাক্ষাৎকারে পরী বলেছেন, 'সাদী আমার জীবনে একটা জাদুর মতন! আমি মন খুলে যার সাথে নিজের কথাগুলো বলতে পারি। জীবনে খারাপ সময়ে যে পাশে থাকে, আগলে রাখে, সে তো জীবনের আশীর্বাদ হয়ে আসে। ও ঠিক তাই আমার কাছে।'

দুজনকে নিয়ে যখন নানা গুঞ্জন ডালপালা মেলেছে, তখন পরীমনির ফেসবুক অ্যাকাউন্টে ভালোবাসার মানুষের সঙ্গে ছবি ভক্তদের সন্দেহ আরও বাড়িয়ে দিয়েছে। এই তারকা জুটি লুকিয়ে চুটিয়ে প্রেম করছেন, এমনটাও মন্তব্য করেছেন অনেকে।

786

শেফ আবশ্যক

Taste of Bengal
(Indian halal Cuisine)

Up state NY এ ইন্ডিয়ান হালাল রেষ্টুরেন্টে
শেফ আবশ্যক,
ভালো বেতন ও থাকা-খাওয়ার সুব্যবস্থা আছে।

ঃ যোগাযোগ ঃ

মনির ঃ 929-206-9520
শফিক ঃ 646-684-0637

পবিত্র কোরআন তেলাওয়াত প্রতিযোগিতা | দোয়া ও ইফতার মাহফিল

০৯ মার্চ, ২০২৫, রোববার

JOYA HALL

63-108 Woodhaven Blvd, Rego Park, NY 11374

5PM

ব্রঙ্কস বরো

১৪ মার্চ, মঙ্গলবার

Golden Palace

1451 Unionport Rd, Bronx, NY 10462



ব্রুকলিন বরো

২০ মার্চ, বৃহস্পতিবার

Radhuni Restaurant

483 McDonald Ave, Brooklyn, NY 11218

আসসালামু আলাইকুম

সম্মানিত সুধী পবিত্র মাহে রমজান উপলক্ষে প্রতি বছরের ন্যায় এবারও বাংলাদেশ সোসাইটির আয়োজনে প্রবাসের নতুন প্রজন্মের ছেলে-মেয়েদের জন্য ৯ম পবিত্র কোরআন তেলাওয়াত প্রতিযোগিতার ফাইনাল, ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

ইফতার ও দোয়া মাহফিলে আপনারা সপরিবারে আমন্ত্রিত।

উপ-কমিটি

**মোঃ কামরুজ্জামান কামরুল**
আহ্বায়ক
৭১৮-৯৭১-৪৭৬৯

**মোঃ সিদ্দিক পাটওয়ারী**
প্রধান সমন্বয়কারী
৭১৮-২১৯-৭৯৭৭

**জামিল আনসারী**
সদস্য সচিব
৩৪৭-৮৩৩-১০২৮

**মফিজুল ইসলাম ভূইয়া (রুমি)**
যুগ্ম-আহ্বায়ক
৩৪৭-৮৯৬-২৮০২

**মুনসুর আহমেদ**
সমন্বয়কারী
৯২৯-৯২০-৬০৫৬

**আশ্রাব আলী খাঁন লিটন**
যুগ্ম-সদস্য সচিব
৯১৭-৪৯৭-২৮৩৯

আমন্ত্রণে

**আতাউর রহমান সেলিম**
সভাপতি, ৯১৭-২৯৪-০৯৭০

**মোহাম্মদ আলী**
সাধারণ সম্পাদক, ৯১৭-৩০২-০৪৪৩

কার্যকরী পরিষদ

মো: মহিউদ্দীন দেওয়ান *(সিনিয়র সহ-সভাপতি)* ৯১৭-৫২৩-১৩৪৪, মো: কামরুজ্জামান কামরুল *(সহ-সভাপতি)* ৭১৮-৯৭১-৪৭৬৯, আবুল কালাম ভূইয়া *(সহ-সাধারণ সম্পাদক)* ৯১৭-৮৯২-৭১৯৯, মফিজুল ইসলাম ভূইয়া (রুমি) *(কোষাধ্যক্ষ)*, ৩৪৭-৮৯৬-২৮০২, ডিউক খান *(সাংগঠনিক সম্পাদক)* ৯১৭-৭৮০-৫৪৯৯, অনিক রাজ *(সাংস্কৃতিক সম্পাদক)* ৯৩৪-৪৪৪-১৮৬৩, রিজু মোহাম্মদ *(প্রচার ও গণসংযোগ সম্পাদক)* ৭১৮-৫৮১-৬৬০৭, জামিল আনসারী *(সমাজকল্যাণ সম্পাদক)* ৩৪৭-৮৩৩-১০২৮, মো: আখতার বাবুল *(সাহিত্য সম্পাদক)* ৬৪৬-৫৭৫-৭০৫৩, আশ্রাব আলী খাঁন লিটন *(ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক)* ৯১৭-৪৯৭-২৮৩৯, মোহাম্মদ হাসান (জিলানী) *(স্কুল ও শিক্ষা সম্পাদক)* ৯১৭-৯৭১-৭৭৯৩, *কার্যকরী সদস্য:* হারুন উর রশিদ ৯১৭-৪৪৩-৭৮৩৮, জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী ৭১৮-৭৩৭-২৭৪৮, মোঃ সিদ্দিক পাটওয়ারী ৭১৮-২১৯-৭৯৭৭, আবুল কাশেম চৌধুরী ৬৪৬-৫১০-৬২৪৫, মুনসুর আহমেদ ৯২৯-৯২০-৬০৫৬ ও হাছান খান ৩১৩-৩২৭-৯৪১৮

BANGLADESH SOCIETY, INC

বাংলাদেশ সোসাইটি, ইনক

## নৈরাজ্য ও বিশৃংখলায় বাংলাদেশ

১ পৃষ্ঠার পর

সরকার। আপাত দৃষ্টিতে এসব বিষয় নিয়ে দলগুলোর মধ্যে রাজনৈতিক ঐকমত্য প্রতিষ্ঠা কঠিন বলে মনে হচ্ছে। রাজনৈতিক এই বিভক্ত পরিস্থিতির সুযোগে অপরাধীরা অপরাধের মাত্রা বাড়িয়ে দিয়েছে। মব নিয়ে আতঙ্ক সবচেয়ে বেশি। একটি মানবাধিকার সংগঠনের হিসাবে, বিগত সাত মাসে মবের মাধ্যমে ১১৯ জনকে পিটিয়ে হত্যা করা হয়েছে। এসব হত্যাকাণ্ডের বিচারে দৃশ্যমান কোনও ব্যবস্থা দেখা যাচ্ছে না। পুলিশের এই নির্বিকার অবস্থার কারণে পরিস্থিতি অবনতিশীল। সবার প্রশ্ন, পুলিশ কখন অপরাধ দমনে সক্রিয় হবে ? যদিও পুলিশ বাহিনীর তরফে বলা হয়েছে, তারা সাধ্যমত চেষ্টা করছেন অপরাধ দমনের জন্য। বাংলাদেশ একটা ঘুণ সন্ধিক্ষণে রয়েছে। এই পরিস্থিতিতে সামনে অবস্থার উন্নতি কতটা কীভাবে হবে তা নিয়ে অনিশ্চয়তার কালো মেঘ ঢেকে গেছে।

নতুন দেশী-বিদেশী বিনিয়োগ না আসার কারণে কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে না। বিদেশী বিনিয়োগ বলতে গেলে আসছেই না। এই পরিস্থিতিতে সরকারের ব্যয় কমানোর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কিন্তু এসব উদ্যোগ বাস্তবে কাজ করছে না। আইন-শৃঙ্খলা পরিস্থিতি এতটাই খারাপ যে, পুরনো বিনিয়োগকারীরা নিরাপত্তার অভাবে ভুগছেন। বাংলাদেশ একটা কঠিন সংকটে নিমজ্জিত হচ্ছে। এই সংকটের কারণে আপাত দৃষ্টিতে সামনে অন্ধকার সিঁড়ি। তবে টানেলের শেষ মাথায় আলো দেখা যেতে পারে যদি সবাই মিলের দেশটাকে গড়ে তোলার অঙ্গীকার করি।

সম্প্রতি গুলশানের একটি বাড়িতে একদল দুর্বৃত্ত মব সৃষ্টি করে ঢুকে পড়ে। মব সৃষ্টিকারীরা বলছে, বাড়ির ভেতরে আওয়ামী লীগ নেতারা লুকিয়ে আছেন। কিন্তু মবের লোকেরা বাড়ির বিভিন্ন জায়গা তল্লাশি চালিয়ে কিছুই পায়নি। বরং লুটপাট করে সবকিছু নিয়ে যায়। এদিকে, নিপুকার শারমীন মিতু নামে একজন নারী চিকিৎসক ফেসবুকপোস্টে দাবি করেন, উত্তরামুখী মেট্রোরেলে নারীদের জন্য সংরক্ষিত বগিতে ১০-১২ জন পুরুষ জোরপূর্বক প্রবেশ করে। তিনি আরও অভিযোগ করেন যে, তারা বগিতে থাকা নারীদের এবং এক কন্যাশিশুকে যৌন হয়রানি করে। আরেকটি ঘটনা বেশ আলোড়ন সৃষ্টি করেছে, হিজবুত তাহরির নামের একটি নিষিদ্ধ সংগঠন 'মার্চ ফর খিলাফত' ডাক দিয়ে পোস্টার ছেয়ে ফেলেছে ঢাকা শহর। পুলিশ বলছে, নিষিদ্ধ সংগঠনের পোস্টার টানানোর সুযোগ নেই। কিন্তু এই বিষয়ে কোনও পদক্ষেপ নিচ্ছে না পুলিশ।

সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার উজ জামান ডিসেম্বরের মধ্যে নির্বাচন করার ঘোষণা আগেই দিয়েছেন। তিনি অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন করার কথা বলছেন। এদিকে, আন্তর্জাতিক সম্প্রদায় নির্বাচনে ক্লিন ইমেজের আওয়ামী লীগ ও জাতীয় পার্টিও অংশগ্রহণও চাইছে বলে কোনও কোনও সূত্র দাবি করছে। এদিকে বাংলাদেশের বর্তমান পরিস্থিতি নিয়ে যুক্তরাষ্ট্রে একদল প্রবাসী বাংলাদেশী জাতিসংঘে মহাসচিব আন্তোনিও গুতেরেসের কাছে একটি চিঠি দিয়েছেন। চিঠিতে বাংলাদেশের বর্তমান ভয়াবহ পরিস্থিতির বর্ণনা দেওয়া হয়েছে। চিঠির একটি কপি আজকালের কাছে পৌঁছেছে। তারা জুলাই-আগস্টের অভ্যুত্থানের বিষয়ে ইউনূসের সরকারের বর্ণনা সঠিক নয় বলে মন্তব্য করেছেন।

## বাংলাদেশ সোসাইটির সভাপতির সাথে অসৌজন্যমূলক আচরণ

১ পৃষ্ঠার পর

হয়। বাংলাদেশ সোসাইটির ব্যবস্থাপনায় গ্রেসি ম্যানসনে বাংলাদেশ হেরিটেজ ডে ও জ্যাকসন হাইটসে বাংলাদেশ ডে প্যারেড এপ্রিলে।

বাংলাদেশ সোসাইটির কার্যকরী কমিটির মাসিক সভা গত ২ মার্চ, রোববার দুপুরে বাংলাদেশ সোসাইটির কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি আতাউর রহমান সেলিম। সাধারণ সম্পাদক মোহাম্মদ আলীর পরিচালনায় সভায় অন্যান্যের মধ্য উপস্থিত ছিলেন সিনিয়র সহ সভাপতি- মহিউদ্দিন দেওয়ান, সহ সভাপতি- কামরুজ্জামান কামরুল, সহ সাধারণ সম্পাদক- আবুল কালাম ভূইয়া, কোষাধ্যক্ষ- মফিজুল ইসলাম ভূঁইয়া (রুমি), সাংগঠনিক সম্পাদক- সিদ্দিক খান, সাংস্কৃতিক সম্পাদক- অনিক রাজ, সমাজ কল্যাণ সম্পাদক- জামিল আনসারী, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক- আশ্রাব আলী খান লিটন, স্কুল ও শিক্ষা সম্পাদক- মোহাম্মদ হাসান (জিলানী), কার্যকরি সদস্য- হারুন অর রশিদ, জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, মোহাম্মদ সিদ্দিক পাটোয়ারী, আবুল কাশেম চৌধুরী, মুনসুর আহমদ ও হাছান খান। সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও বিশেষ দোয়া মোনাজাত পরিচালনা করেন সমাজকল্যাণ সম্পাদক জামিল আনসারী।

সভায় সকলকে অবহিত করা হয় গত দুই বছরের ন্যায় এবারও নিউইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামসের বাসভবন গ্রেসি ম্যানসনে বাংলাদেশ হেরিটেজ ডে উদযাপন করা হবে। এবারের অনুষ্ঠানে হোস্ট কমিটি হিসেবে বাংলাদেশ সোসাইটিকে মেয়র অফিস থেকে মনোনীত করা হয়েছে। প্রেসিডিয়াম এই অনুষ্ঠানটি হোস্ট করতে সকলের মতামত জানতে চাইলে উপস্থিত সকলে আয়োজনে সম্পৃক্ত থাকার বিষয়ে মতামত দেন।

এদিকে আগামী ১৩ এপ্রিল, রোববার প্রথমবারের মত বাংলাদেশ সোসাইটির ব্যানারে বাংলাদেশ ডে প্যারেড আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। বাংলাদেশ ডে প্যারেডের প্রধান সহযোগী সংগঠন হিউম্যানিটি ইমপ্রুভমেন্ট রাইটস ফাউন্ডেশন। বাংলাদেশ ডে প্যারেড সফল করতে প্রবাসের সকল আঞ্চলিক, সামাজিক, সাংস্কৃতিক, ক্রীড়া, পেশাজীবী ও অন্যান্য সংগঠনদের নিয়ে বৃহৎ পরিসরে প্যারেড আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়।

সোসাইটির প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গত কয়েকদিন আগে একটি সংবাদ সম্মেলনে সোসাইটির বর্তমান বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান মোহাম্মদ আজিজ সোসাইটির বর্তমান সভাপতি আতাউর রহমান সেলিমের সাথে অসৌজন্যমূলক আচরণ করেন। সোসাইটির একটি গুরুত্বপূর্ণ পদে থেকে এ ধরনের আচরণ কাম্য নয় বলে সবাই মতামত দেন। একই সাথে সকলে এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান। এসময় ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যানকে সোসাইটির সভাপতির কাছে নিঃশর্ত ক্ষমা চাইতে সবাই অনুরোধ জানান। একই সাথে এই অপ্রীতিকর ঘটনার জন্য সর্বসম্মতিক্রমে নিন্দা প্রস্তাবও গৃহীত হয়।

বাংলাদেশ সোসাইটির ওপর শকুন কালোদের কালো হাত এখনও রয়ে গেছে। কোন উদ্যোগ নিলেই মোড়লরা তা রুখতে ষড়যন্ত্রে মেতে উঠেন। বিতর্ক উত্থাপন করেন। প্রতিহিংসায় জ্বলে উঠেন প্রানপ্রিয় সংগঠনকে হেয় করতে। কিন্তু বর্তমান নেতৃত্ব সকল বাধা অতিক্রম করে এগিয়ে যাবার চেষ্টা করছে।

কি ঘটেছিল 'মিট দ্যা প্রেস' অনুষ্ঠানে : বাংলাদেশ সোসাইটি আগামী ১৩ এপ্রিল বাংলাদেশ ডে প্যারেড ২০২৫ আয়োজনের উদ্যোগ নিয়েছে। বাংলাদেশিদের প্রাণকেন্দ্র কুইন্সের জ্যাকসন হাইটসে এ প্যারেড অনুষ্ঠিত হবে। এ উদ্যোগে পার্টনার হিসেবে ইতোমধ্যেই জেবিবিএ ও বাপা সহ ৫০টিরও বেশি সংগঠন যোগ দিয়েছে। আরও বিভিন্ন সংগঠন যোগ দিবে। গত ২৬ ফেব্রুয়ারি নবান্ন পার্টি হলে 'মিট দ্যা প্রেসে' সোসাইটির কর্মকর্তা ও বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ এ ঘোষণা দেন।

'মিট দ্যা প্রেস' অনুষ্ঠানটি চলছিল সুন্দর পরিবেশে। কিন্তু হঠাৎ করেই মঞ্চে আসীন ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ আজিজ উত্তেজিত হয়ে উঠেন। টেবিল চাপড়াতে থাকেন। সোসাইটির সভাপতিকে উদ্দেশ্য করে বলেন, 'হু আর ইউ' (তুমি কে?)। দিতে থাকেন নিজের কিরিস্তি। সভাপতি সেলিম তাকে থামাতে গিয়ে ব্যর্থ হন। ফাহাদ সোলায়মান অত্যন্ত সুন্দরভাবে জুনাব আজিজের প্রশ্নের জবাব দেন। অনেকেই বলাবলি করছেন, হঠাৎ আজিজ উত্তেজিত হয়ে উঠলেন কেন? একটি ফোনই কি তাকে উত্তেজিত করেছে? নাকি অন্য কিছু। মোহাম্মদ আজিজ প্রথম দফার বক্তব্যে এই প্যারেডকে সফল করতে সব ধরনের সহযোগিতা করার প্রতিশ্রুতি দেন। বর্তমান কমিটির সভাপতি আতাউর রহমান সেলিমের ভূয়সী প্রশংসা করেন। তিনি বলেন, সেলিম ভালো সংগঠক। আমার সাথে সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করেছে। আশা করছি এবার একটা সাকসেসফুল প্যারেড হবে। তবে প্রেসিডেন্ট ও সেক্রেটারির প্রতি একটা অনুরোধ রাখবো। ৪৫ বছর আমেরিকায় থাকি। ২ বার সোসাইটির সভাপতি ছিলাম। নারায়নগঞ্জ সমিতির প্রধান উপদেষ্টা ছিলাম। এবারের প্যারেডে কমিউনিটির প্রত্যেকটি সংগঠনকে অর্ন্তভূক্ত করুন। গতবারের প্যারেডে বাপা যদি না থাকতো--। বলবো না গতবারেরটা সুন্দর হয়েছে। যা হয়েছে তা একটা লজ্জাজনক ব্যাপার।

জুনাব আজিজের বক্তব্যের পর সভাপতি সেলিম মাইক নিয়ে বলেন, আমরা ২টি প্যানেলে নির্বাচন করেছি সত্য।এখন আমাদের সকলের প্যানেল একটাই। সেটা হলো বাংলাদেশ সোসাইটি। এমন সময় আজিজ একটি টেলিফোন কল রিসিভ করেন। সভাপতির বক্তব্যের মাঝেই মোহাম্মদ আজিজ দাঁড়িয়ে যান। মাইক হাতে নিয়ে দ্বিতীয়বারের মতো বক্তব্য দিতে শুরু করেন। এবারের বক্তৃতায় তিনি ছিলেন এগ্রেসিভ। তিনি বলেন,এই সোসাইটি অনেকের শ্রম, অর্থ ও মেধায় এখানে এসেছে। আমি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হিসেবে বর্তমান সভাপতি ও সেক্রেটারির কাছে প্রশ্ন রাখছি-আপনারা কার সাথে আলোচনা করে গ্রান্ড মার্শালের ব্যাপারে সিদ্ধান্ত নিলেন। গ্রান্ড মার্শাল কে হবে? নিজের বুকের দিকে আঙুল ঠেকিয়ে জুনাব আজিজ বলেন,আমি আজিজ মোহাম্মদ ২ বারের সভাপতি। অতীতে কেউ ২ বার সভাপতি হতে পারে নাই। ১২ বছর যাবৎ ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান। ( এ সময় তিনি টেবিল চাপড়াতে থাকেন)। বাংলাদেশ ভবনকে আমি রক্ষা করেছি। এতে সভাপতি সেলিম বলেন,বাংলাদেশ সোসাইটি নিয়ে কিছু বলার থাকলে সোসাইটির সভায় বলবেন। এটি শুধু সোসাইটির সংবাদ সম্মেলন না। আজিজ বক্তব্য না থামিয়ে বলেন, সোসাইটি অফিস অকশনে চলে গিয়েছিল। আমি রক্ষা করেছি। কবর স্থান কিনেছি। প্রেসিডেন্ট সেলিম বলেন, আজিজ ভাই আস্তে কথা বলেন। শেষ করেন। আজিজ বলেন, আমার শেষ না। ট্রাস্টিবোর্ডের সাথে আলোচনাতো করবেন। নাকি কিছু পেয়ে সিদ্ধান্ত নিয়েছেন। এটা আমার প্রশ্ন বর্তমান কমিটির কাছে। সেলিম বলেন, এ প্রশ্ন মনে হয় বাংলাদেশ সোসাইটির সভায় করা ভালো। সংবাদ সম্মেলনে নয়। এ সময় জুনাব আজিজ সভাপতির বক্তব্যে বারবার ইন্টারাপ্ট করতে থাকেন। এক পর্যায়ে মোহাম্মদ আজিজ সভাপতিকে উদ্দেশ্য করে বলেন, 'হু আর ইউ?' ক্ষুদ্ধ হয়ে সভাপতি সেলিম বলেন, থাবড়া থাবড়ি করবেন না আজিজ ভাই। তিনি দাঁড়িয়ে উচ্চস্বরে বলেন, আমি উইথ রিসপেক্ট বলছি। আজিজ ভাই টেবিল থাবড়া থাবড়ি করবেন না। বিনীত অনুরোধ করছি। ব্রাদার হিসেবে, কমিউনিটি লিডার হিসেবে বলছি। আপনি যদি টেবিল থাবড়ান, তা হলে অন্যরা কি করবে ।? আপনি এটা করবেন না। আসুন সবার সহযোগিতা নিয়ে ১৩ এপ্রিলের প্যারেড সফল করি। মোহাম্মদ আজিজ আবার মাইক নিয়ে বলেন, আপনারা এখন থেকেই ডিভাইড করছেন। এ সময় অনুষ্ঠানের সঞ্চালক ফাহাদ সোলায়মান মাইক নিয়ে বলেন, আজিজ ভাই আপনি আমাদের বড় ভাই। প্যারেড বাংলাদেশ সোসাইটির একা নয়। জ্যাকসন হাইটস এলাকা সহ ৫০টির বেশি সংগঠন এটির সাথে জড়িত। বাংলাদেশ সোসাইটি এর অর্গানাইজার। ৫০টিরও বেশি সংগঠন গ্রান্ড মার্শালের ব্যাপারে সিদ্ধান্ত নিয়েছে। একক কারো সিদ্ধান্তে হয়নি। এখানে কিন্তু হাত তুললে সবাই এ সিদ্ধান্তকে স্বাগত জানাবে। এরপর জুনাব সোলায়মান 'মিট দ্যা প্রেস'র সমাপ্তি ঘোষণা করেন।

প্রায় অর্ধশতাধিক সংগঠনের সর্বসম্মতভাবে সিদ্ধান্তে বাংলাদেশ ডে প্যারেডের গ্রান্ড মার্শাল নির্বাচিত হয়েছেন আজকাল সম্পাদক ও প্রকাশক, গোল্ডেন এজ হোম কেয়ারের সিইও এবং কমিউনিটির প্রিয়মুখ শাহ নেওয়াজ। ডে প্যারেডের চিফ অ্যাডভাইজার হিসাবে রয়েছেন বিশিষ্ট ব্যবসায়ী নেতা গিয়াস আহমেদ।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারণ সম্পাদক মো. আলী, সোসাইটির সহসভাপতি কামরুজ্জামান কামরুল, কমিউনিটি অ্যাক্টিভিস্ট ফাহাদ সোলায়মান, কমিউনিটি অ্যাক্টিভিস্ট এম এন মজুমদার, ব্যবসায়ী নেতা কাজী আজম, আবুল ফজল দিদারুল ইসলাম,রুহুল আজিম, নাসরিন আহমেদ, শাহ্‌ন রফি, বাংলাদেশি আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশন-বাপা'র প্রেসিডেন্ট এরশাদুল সিদ্দিক, নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের সভাপতি আতাউল আলম ও সাধারণ সম্পাদক আশরাফ আলী ।

সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম বলেন, আমরা সবাই মিলে এমন একটি ডে প্যারেডের আয়োজন করব যাতে সবাই বলবে বাংলাদেশের মানুষ সুশৃংখল। বাংলাদেশের মান মর্যাদা সমুন্নত রাখতে সবাই মিলে এ আয়োজন সুন্দর করতে হবে। তিনি বলেন, এ আয়োজনে সবার মতামতের ভিত্তিতে ডে প্যারেডের গ্রান্ড মার্শাল হিসাবে নির্বাচিত হয়েছেন আজকাল সম্পাদক ও প্রকাশক, গোল্ডেন এজ হোম কেয়ারের সিইও এবং কমিউনিটির প্রিয়মুখ শাহ নেওয়াজ।

অনুষ্ঠানের ডে প্যারেডের চিফ অ্যাডভাইজার হিসাবে রয়েছেন বিশিষ্ট ব্যবসায়ী নেতা গিয়াস আহমেদের নাম ঘোষণা করেন ফাহাদ সোলায়মান। তিনি বলেন, আয়োজনের সঙ্গে সম্পৃক্ত ৫০টি সংগঠনের মতামতেই গ্রান্ড মার্শাল ও চিফ অ্যাডভাইজার মনোনীত করা হয়েছে।

## জেলেনস্কির সবুজ সালাদ ও রোস্টেড চিকেন হোয়াইট হাউজের ডাস্টবিনে

১ পৃষ্ঠার পর

স্থানীয় সময় শুক্রবার হোয়াইট হাউসে দুই নেতা বৈঠকে বসেন। এ সময় তীব্র বাগবিতণ্ডায় জড়ান দুজন। ট্রাম্প ও জেলেনস্কির মধ্যে মত পার্থক্য একসময় চিৎকার-চেঁচামেচির পর্যায়ে চলে যায়। যা সামাজিক মাধ্যমেও নিমেষে ভাইরাল হয়ে যায়। তা নিয়ে হইচই শুরু হয়েছে গোটা বিশ্বে। শুধু ট্রাম্প নয়, জেলেনস্কির সঙ্গে বাগবিতণ্ডায় জড়ান মার্কিন ভাইস প্রেসিডেন্ট জে ডি ভ্যান্সও। আমেরিকার প্রেসিডেন্ট ও ভাইস প্রেসিডেন্টের সঙ্গে জেলেনস্কির উত্তপ্ত বাক্যবিনিময়ের পর হোয়াইট হাউজের তরফে জানানো হয়, যৌথ সংবাদ সম্মেলন বাতিল করার কথা। এরপর জেলেনস্কি ও তার সঙ্গে থাকা ইউক্রেনের অন্য কর্মকর্তাদের হোয়াইট হাউজ থেকে বেরিয়ে যেতে দেখা যায়। পরে জানা যায়, হোয়াইট হাউজের তরফে জেলেনস্কিকে চলে যেতে বলা হয়েছিল। জেলেনস্কিও কিছু না বলে চুপচাপ বেরিয়ে যান।

তবে জেলেনস্কি ও তার দেশের প্রতিনিধিদের জন্য হোয়াইট হাউজে থরে থরে সাজানো ছিল সুস্বাদু সব খাবার। ইউক্রেনীয় প্রতিনিধিদলের অভিযোগ বৈঠক চলাকালীন তারা কাছের একটি ঘরে অপেক্ষা করছিল। কিন্তু তাদের মধ্যাহ্নভোজের বৈঠকে আমন্ত্রণই জানানো হয়নি। হোয়াইট হাউজে তাদের জন্য প্রস্তুত খাবার, যেমন সবুজ সালাদ, রোজমেরি রোস্টেড চিকেন এবং ক্রিম ব্রুলি থেকে শুরু করে নন-ভেজ ও ভেজের নানান আইটেম। শেষ পর্যন্ত এসব না খেয়েই বেরিয়ে যেতে হয়েছিল ইউক্রেনের প্রতিনিধিদের। তাদের সব খাবারই হোয়াইট হাউজের ডাস্টবিনে ফেলে দেয়া হয়েছিল।





MARRIAGE REGISTRY OFFICE
(Certified By City)
MUFTI ABDUL ALIM
Imam: Baitul Ahad Islamic Center Inc
We provide Marriage Services with Islamic Sariah and Issue Marriage Certificate According to New York's Law
107-58 Sutphin Blvd, Jamaica, NY 11435
Contact: 917-463-6918

কাজী অফিস
(সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত)
মুফতি আব্দুল আলীম
ইমামঃ বাইতুল আহাদ ইসলামিক সেন্টার ইনক
ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়
১০৭-৫৮ সাটফিন বুলবার্ড, জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫
যোগাযোগ: ৯১৭-৪৬৩-৬৯১৮

# আপনি কি সহজে ড্রাইভিং লাইসেন্স পেতে চান?

আমরা আপনাকে সহজে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার নিশ্চয়তা দিচ্ছি।
আমাদের দক্ষ ছেলে / মেয়ে ইনস্ট্রাকটার আপনাকে যত্নসহকারে নিখুঁতভাবে তৈরী করবে।



## BEGINNER'S DRIVING ACADEMY

**Please Call**

**(929) 244 7730**

129-20 Liberty Avenue
South Richmond Hill, NY 11419

71-16 35th Avenue
Jackson Heights, NY 11372

# মুন্সীগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশনের সাধারণ সভা ৬ এপ্রিল

আজকাল ডেস্ক

মুন্সীগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশন উদ্যোগে গত ২৪শে ফেব্রুয়ারী ২০২৫ হ্যালো বাংলাদেশ রেস্টুরেন্ট এস্টোরিয়ায় এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। এ সভায় সভাপতিত্ব করেন জয়নাল আবেদিন আমান। পরিচালনা করেন সাধারণ সম্পাদক জহুরুল ইসলাম মিন্টু। উক্ত সভায় বিভিন্ন এজেন্ডা নিয়ে আলোচনা করা হয়। মূল এজেন্ডার মধ্যে ছিলো ডিসেম্বর ২০২৪ এ সাধারণ সভা না হবার প্রসঙ্গ। এ সভায় সবার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ৬ এপ্রিল রোজ রোববার হ্যালো বাংলাদেশ রেস্টুরেন্ট এস্টোরিয়াতে সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য মাহে রমজান মাস প্রতি বছরের ন্যায় এ বছরেও ইফতার ও দোয়া মাহফিলের সিদ্ধান্ত হয়। ইফতার ও দোয়া মাহফিল ২৪শে মার্চ রোজ সোমবার উডসাইডের বাইতুল জান্নাহ্ মসজিদে ৬২-৩১ ৩৯ এভিনিউ উডসাইডে অনুষ্ঠিত হবে। উক্ত দোয়া মাহফিলে মুন্সীগঞ্জ বিক্রমপুরের প্রবাসী সকলকে উপস্থিত থাকার জন্য আহবান করা হচ্ছে। সভায় উপস্থিত ছিলেন আনের খান মাহমুদ, মোঃ কিরণ, সেলিম রেজা, মামুন বেপারী, মোঃ মইন, শেখ সিরাজ, তারেক হাসান, মোঃ রেজাউল হায়াত মামুন, মিন্টু হামিদ, মোঃ হানিফ মৃধা, মোঃ আইয়ুব, মোঃ জসিম উদ্দিন, তোহিদ ইসলাম প্রমুখ। *(প্রেস বিজ্ঞপ্তি)*

# অবৈধদের সহায়তাকারি দেশ ও কর্তাদের ওপর ভিসা নিষেধাজ্ঞা !

১ পৃষ্ঠার পর

গুরুত্বপূর্ণ। অভিবাসন রুটের দেশগুলিকে অবৈধভাবে মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে চাওয়া বিদেশীদের ট্রানজিট রোধ এবং প্রতিরোধ করার জন্য তাদের ভূমিকা পালন করতে হবে। তিনি বলেন, একটি নতুন ভিসা নিষেধাজ্ঞা নীতি ঘোষণা করছি। যা বিদেশী সরকারি কর্মকর্তাদের উপর প্রযোজ্য হবে। অভিবাসন, শুল্ক কর্মকর্তা, বিমানবন্দর এবং বন্দর কর্তৃপক্ষের কর্মকর্তা এবং অন্যান্য যারা জেনেশুনে মার্কিন যুক্তরাষ্ট্রে অবৈধদের প্রবেশে সহায়তাকারী বলে বিবেচিত হবেন তাদের ওপর ভিসা নিষেধাজ্ঞা আরোপ করা হবে। বিশেষ করে মার্কিন যুক্তরাষ্ট্রের দক্ষিণ-পশ্চিম সীমান্তবর্তী দেশগুলো এই নীতিমালার আওতায় পড়বে সবচেয়ে বেশি। স্টেট ডিপার্টমেন্টের বিবৃতিতে বলা হয়, এই নতুন নীতিটি আমাদের বিদ্যমান ৩সি নীতির পরিপূরক হবে। যা ২০২৪ সালে সম্প্রসারিত হয়েছে। বেসরকারিভাবে যারা যুক্তরাষ্ট্রে ভ্রমণকারী অবৈধ অভিবাসীদের পরিবহন এবং ভ্রমণে সহায়তা করেন তারাও এই নিষেধাজ্ঞার আওতায় পড়বেন।

# ওয়ানডে থেকে বিদায় মুশফিকের

৫২ পৃষ্ঠার পর

কঠিন। আপনার প্যাশন, ডেডিকেশন, ফাইটিং স্পিরিট সবকিছুই আমাদের জন্য অনুপ্রেরণাদায়ক। আপনার সাথে মাঠ শেয়ার করতে পারা এবং শিখতে পারা আমার জন্য দারুণ সম্মানের ব্যাপার ছিল। পরবর্তী অধ্যায়ের জন্য আপনাকে শুভকামনা, আপনার লিগ্যাসি সবসময় থাকবে।' জাতীয় দলের আরেক পেসার শরিফুল ইসলাম লিখেছেন, 'আমার কাছে আপনি সব সময়ই সেরা। ধন্যবাদ বাংলাদেশ ক্রিকেটকে এতো সুন্দর সময় উপহার দেওয়ার জন্য। আপনার পরবর্তী জীবনের জন্য শুভকামনা।' জাতীয় দলের তরুণ ব্যাটার তাওহীদ হৃদয় মুশফিককে আইডল উল্লেখ করে লিখেছেন, 'বগুড়া স্টেডিয়ামে আপনি (মুশফিক) প্র্যাকটিস করছেন শুনে ছোটবেলায় আপনাকে দেখার আশায় স্টেডিয়ামের গেটের গ্রিল ধরে দাঁড়িয়ে থাকা থেকে শুরু করে, প্রতিপক্ষ - এর আন্তর্জাতিক ক্যাপ আপনার হাত থেকে গ্রহণ করা এবং একই ড্রেসিং রুম শেয়ার করা– আমার কাছে রূপকথার গল্পের থেকে কম নয়। যদিও আমি বাকরুদ্ধ হয়ে আছি, তবুও আপনাকে অনন্তের জন্য শুভকামনার বার্তা, আইডল মুশফিকুর রহিম। যেকোনো কিছুর চেয়ে এবং যে কারও চেয়ে বেশি মিস করব আপনাকে।' বাংলাদেশ অনেক জয়ের সাক্ষী হয়েছে মুশফিকুর রহিম ও মাহমুদউল্লাহ রিয়াদের হাত ধরে। বেশিরভাগ সময়ই ম্যাচের উইনিং শটটা খেলেছেন এই দুইজনের একজন। দুইজনের সম্পর্কটা মাঠ থেকে গিয়েছে আত্মীয়তায়ও। আর মাহমুদউল্লাহ রিয়াদের মুশফিকের প্রতি বিদায়ের বার্তাটা কিছুটা ব্যতিক্রম হবে তাই স্বাভাবিক। রিয়াদ স্মরণ করেছেন মুশফিকের বীরত্বের কথা, 'প্রিয় মুশফিক, দুর্দান্ত ওয়ানডে ক্যারিয়ারের জন্য তোমাকে অভিনন্দন। দুবাইয়ে শ্রীলঙ্কার বিপক্ষে পাঁজর ভাঙা সেঞ্চুরিটি আমার এখনও মনে আছে। এটা খেলার প্রতি তোমার শ্রদ্ধা, উৎসর্গ এবং সর্বোচ্চ স্তরে পারফর্ম করার জন্য কঠোর পরিশ্রমী মানসিকতা প্রদর্শন করে। তোমার এই ইনিংসটি যেকোনো ক্রিকেটারকে অনুপ্রাণিত করবে। নিঃসন্দেহে তুমি বাংলাদেশ ক্রিকেটের রত্ন। পাশে থাকার জন্য তোমাকে শুভকামনা।'

ওয়ানডেতে মুশফিকের যত রেকর্ড : চ্যাম্পিয়ন্স ট্রফি থেকে বাংলাদেশ বাদ পড়েছে ভারত ও নিউজিল্যান্ডের বিপক্ষে হেরে। দুই ম্যাচের একটিতেও ন্যূনতম লড়াই করতে পারেনি বাংলাদেশ দল। দুই ম্যাচের কোনোটিতেই রান পাননি। এরপর থেকেই শুরু হয় তাকে নিয়ে সমালোচনা ও অবসরের দাবিও। গতকাল রাতে ফেসবুকে এক স্ট্যাটাসে অবসরের ঘোষণা দিয়েছেন বাংলাদেশ দলের এই অভিজ্ঞ ব্যাটার। জানিয়েছেন ওয়ানডে ছাড়লেও চালিয়ে যাবে টেস্ট ক্রিকেট। দীর্ঘ ১৯ বছরের এই ওয়ানডে ক্যারিয়ারে তিনি গড়েছেন অসংখ্য রেকর্ড। চলুন এক নজরে দেখে নিই যত রেকর্ড গড়েছেন তিনি।

সবচেয়ে বেশি ওয়ানডে : ২০০৬ সালে হারারেতে জিম্বাবুয়ের বিপক্ষে ওয়ানডে ক্রিকেটে অভিষেক হওয়া এই উইকেটকিপার ব্যাটার খেলেছেন বাংলাদেশের হয়ে সর্বোচ্চ ২৭৪ ওয়ানডে। তার পরের অবস্থানে আছেন সাকিব আল হাসান ও তামিম ইকবাল। তাদেরকারা খেলেছেন ২৪৭ ও ২৪৩ ম্যাচ। সবচেয়ে বেশি ডিসমিসাল : বাংলাদেশের হয়ে ওয়ানডেতে সবচেয়ে বেশি ২৯৭টি ডিসমিসাল মুশফিকের। তিনি ছাড়া আর কারোরই ১৩০টি ডিসমিসাল নেই। আন্তর্জাতিক ক্রিকেটে ওয়ানডে ফরম্যাটে ডিসমিসাল সংখ্যায় মুশফিকের অবস্থান পাঁচে। ২৪১টি ক্যাচ নেওয়ার পাশাপাশি স্টাম্পিং করেছেন ৫৬টি।

দীর্ঘ ক্যারিয়ার : মুশফিকের ওয়ানডে ক্যারিয়ারের বয়স ১৮ বছর ২০২ দিন। যা কিনা বাংলাদেশ ক্রিকেটে সবচেয়ে দীর্ঘ। সব দেশ মিলিয়ে অষ্টম। ১৭ বছর ২১৪ দিনের ওয়ানডে ক্যারিয়ার নিয়ে বাংলাদেশের দ্বিতীয় মাহমুদউল্লাহ।

# মাহে রমজানে প্রেসিডেন্ট ট্রাম্পের শুভেচ্ছা বার্তা

৬২ পৃষ্ঠার পর

ধর্মীয় স্বাধীনতাকে সমুন্নত রাখার প্রতিশ্রুতি দিচ্ছে, যা মার্কিন জীবনধারার একটি অবিচ্ছেদ্য অংশ।

বিবৃতিতে একটি শান্তিপূর্ণ ভবিষ্যত গড়ে তোলার এবং প্রতিটি মানুষের মর্যাদাকে স্বীকৃতি দেওয়ার জন্য আবারও সংকল্প ব্যক্ত করেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

# অবৈধ অভিবাসীদের গ্রহণে প্রস্তুত বাংলাদেশ

১ পৃষ্ঠার পর

তবে সামরিক বিমানে হাতকড়া ও পায়ে শিকল পড়িয়ে না পাঠাবার অনুরোধ জানানো হয়। যুক্তরাষ্ট্র সরকার ভারত, গুয়াতেমালা, কলম্বিয়া, এলসালভাদর, মেক্সিকোতে সামরিক বিমানে করে সে সব দেশের অপরাধে জড়িত শতশত অবৈধ অভিবাসিদের ফেরত পাঠিয়েছে। বিভিন্ন অপরাধের সঙ্গে জড়িত অবৈধদের গ্রেপ্তার করে নিজনিজ দেশে ফেরত পাঠাবার উদ্যোগ আরও জোরদার করতে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প কংগ্রেসের কাছে আর্থিক সহযোগিতার আহবান জানিয়েছেন। ঢাকায় যুক্তরাষ্ট্রের দূতাবাস গত মাসে বাংলাদেশ সরকারকে অবৈধ হয়ে পড়া অভিবাসিদের ফেরত পাঠানোর বিষয়টি অবগত করে। এ ব্যাপারে বাংলাদেশ সরকারকে একটি কূটনৈতিক পত্রও পাঠানো হয় বলে জানা যায়। কত সংখ্যক অভিবাসিকে ফেরত পাঠানো হতে পারে এমন বিষয়ে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রণালয় এবং ঢাকায় যুক্তরাষ্ট্র দূতাবাস কর্মকর্তাগণ কোন আভাস দেননি। তবে কবে থেকে তা শুরু করা হচ্ছে তারও তারিখ নির্ধারণ হয়নি। যাদের অপরাধ রেকর্ড রয়েছে এমন অবৈধ নাগরিকদের ব্যাপারে যুক্তরাষ্ট্র সরকার পদক্ষেপ নিচ্ছে বলে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়কে জানানো হয়েছে। সংশ্লিষ্টরা ধারণা করছেন, তা সহস্রাধিক হতে পারে।

এদিকে যুক্তরাষ্ট্রে অবৈধ হয়ে পড়া বাংলাদেশিদের ফিরিয়ে নিতে ঢাকার গত বুধবার দুপুরে সচিবালয়ে আন্তঃমন্ত্রণালয় বৈঠক অনুষ্ঠিত হয়েছে। স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী ওই বৈঠকে সভাপতিত্ব করেন। দেশে ফেরার পর প্রবাসি কল্যাণ মন্ত্রণালয়ের মাধ্যমে তাদেরকে পুনর্বাসন করার বিষয়ে বৈঠকে আলোচনা হয়েছে বলে জানা যায়। ওই বৈঠকে উপস্থিত একাধিক কর্মকর্তা সাংবাদিকদের বলেন, যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশের অবৈধ অভিবাসিদের ফেরানোর ক্ষেত্রে যে প্রক্রিয়া রয়েছে, সেটি অনুসরণের বিষয়টি আলোচনা হয়েছে। তারা বাংলাদেশের নাগরিক এটি নিশ্চিত হওয়ার পর যুক্তরাষ্ট্রে অবৈধ হয়ে পড়া বাংলাদেশের অভিবাসিদের ফেরত নেওয়া হবে। পাশাপাশি অন্যান্য দেশের অভিবাসিদেরকে যেভাবে সামরিক বিমানে করে হাতকড়া লাগিয়ে ফেরত পাঠানো হয়েছে, সেটি যাতে না ঘটে, তা নিশ্চিত করার বিষয়টি বৈঠকে গুরুত্ব পেয়েছে। বাংলাদেশ সরকার আশা করছে এ বিষয়ে একটি 'চার্টার্ড ফ্লাইট' ব্যবহার করা যেতে পারে।

বাংলাদেশ সরকারকে জানানো হয়েছে, যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক, নিউজার্সি, কানেকটিকাট, ফ্লোরিডা, টেক্সাস ও ক্যালিফোর্নিয়ায় অবৈধ বাংলাদেশিদের সংখ্যা বেশি থাকার আশঙ্কা করা হচ্ছে। যুক্তরাষ্ট্রের অফিস অব হোমল্যান্ড সিকিউরিটি, ইউএস কাস্টমস অ্যান্ড বর্ডার প্রটেকশন এবং ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট অবৈধ অভিবাসীদের বিষয়টি তদারক করে থাকে। এখন বিশেষভাবে কাজ করছে 'আইস'। তাদেরকে ফেডারেলসহ বিভিন্ন এজেন্সি অভিযানে সহযোগিতা করছে।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা সাংবাদিকদের জানান, গত মাসে মার্কিন দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তারা বিষয়টি নিয়ে আলোচনা করেছেন। তাঁরা জানিয়েছেন, অন্যান্য দেশের মতো অবৈধ হয়ে পড়া বাংলাদেশের অভিবাসিদের ফেরত পাঠাবার সিদ্ধান্ত নিয়েছে যুক্তরাষ্ট্র প্রশাসন। এ ক্ষেত্রে ঢাকার সহযোগিতা চেয়েছে ওয়াশিংটন। সরকারও বৈঠক শেষে ইতিবাচক সাড়া দিয়েছে।

বাংলাদেশী অবৈধ অভিবাসিদের সম্মানজনকভাবে ফিরিয়ে আনতে চায় উল্লেখ করে মন্ত্রণালয়ের একজন জ্যেষ্ঠ কর্মকর্তা বলেন, বাংলাদেশ চায় না অন্যান্য দেশের মতো হাতকড়া পড়া অবস্থায় বাংলাদেশিরা দেশে ফিরে আসুক। যুক্তরাষ্ট্রের প্রশাসন বাংলাদেশের ক্ষেত্রে এ বিষয়ে সাড়া দেবে বলে সরকারের পক্ষ থেকে আশা করা হচ্ছে।

# ভারতে পর্যটক রুগীদের ৭০ ভাগই ছিল বাংলাদেশি

১ পৃষ্ঠার পর

বিদেশীদের মধ্যে বাংলাদেশির সংখ্যা ছিল ৭০ শতাংশের বেশি। একই সঙ্গে ছয় বছরের ব্যবধানে দেশটির চিকিৎসা পর্যটন খাতে (এমভিটি) বাংলাদেশি চিকিৎসাপ্রত্যাশীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছিল দ্বিগুণের বেশিতে।

তথ্য অনুযায়ী, ২০১৭ সালে ভারতে চিকিৎসা নিতে যাওয়া পর্যটকের সংখ্যা ছিল ৪ লাখ ৯৪ হাজার ৭৬৫ জন। এর মধ্যে বাংলাদেশির সংখ্যা ছিল ২ লাখ ২১ হাজার ৬৯৪ জন, যা ওই বছরের মোট চিকিৎসা পর্যটকের ৪৪ দশমিক ৮ শতাংশ। ২০২২ সালের মধ্যে চিকিৎসা পর্যটকের সংখ্যা কিছুটা কমে নেমে আসে ৪ লাখ ৭৪ হাজার ৬৮১ জনে। যদিও এ সময়ের মধ্যে দেশটিতে চিকিৎসার জন্য যাওয়া বাংলাদেশির সংখ্যা ব্যাপক মাত্রায় বেড়েছে। ২০২২ সালে এ সংখ্যা ছিল ৩ লাখ ২৭ হাজার ৫৫। চিকিৎসা পর্যটনে আসা মোট বিদেশীর মধ্যে এ হার দাঁড়ায় ৬৯ শতাংশে।

তবে এ চিত্রে আমূল পরিবর্তন দেখা দিয়েছে ৫ আগস্ট গণ-অভ্যুত্থানে শেখ হাসিনা সরকারের পতনের পর। কূটনৈতিক উত্তেজনার পরিপ্রেক্ষিতে দেশটিতে বাংলাদেশিদের ভিসা কার্যক্রম অত্যন্ত সীমিত হয়ে আসে। চিকিৎসা ভিসা চালু করা হলেও তা পাচ্ছে খুব কম সংখ্যক আবেদনকারী। এ অবস্থায় ভারতের পরিবর্তে বিদেশে চিকিৎসা গ্রহণের জন্য থাইল্যান্ড-সিঙ্গাপুরের মতো দেশগুলোকে বেছে নিচ্ছেন বাংলাদেশিরা। এতে ভারতের চিকিৎসা পর্যটন খাতেও এখন দেখা দিয়েছে বড় ধরনের ধস।







Amader Service.com
Your Trusted Service Partner

আমাদের সেবাসমূহ

ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী

হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা

অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিসট্যান্ট
৬. হোম কেয়ার

এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।

Get all services you need in one place from professional expart, at home!

এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।

GET IT ON Google Play | Download on the App Store

CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com

বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।

Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com

মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন

STAR Photography



শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

REAL ESTATE, DIVORCE,
IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা, ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয় অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি

Hasan Malik, Esq.
718-433-9243

37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING

# স্বাধীনতা পুরস্কার পাচ্ছেন পপসম্রাট

আজকাল বিনোদন



পপসম্রাট আজম খান

জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে এ বছর স্বাধীনতা পুরস্কার-২০২৫ পাচ্ছেন আটজন বিশিষ্ট ব্যক্তি। এর মধ্যে পপসম্রাট আজম খান আছেন বলে সরকারের উচ্চ পর্যায়ের সূত্র থেকে জানা গেছে। বৃহস্পতিবার (৬ মার্চ) এ খবর প্রকাশের পর সামাজিক যোগাযোগ মাধ্যমে অনেকেই আজম খানের স্বাধীনতা পদকপ্রাপ্তিতে তাদের প্রতিক্রিয়া জানিয়েছেন।

১৯৫০ সালের ২৮ ফেব্রুয়ারি ঢাকার আজিমপুর সরকারি কলোনিতে জন্মগ্রহণ করেন বীর মুক্তিযোদ্ধা ও পপসম্রাট আজম খান।

তার পুরো নাম মাহবুবুল হক খান। আজম খান ১৯৫৫ সালে প্রথমে আজিমপুরের ঢাকেশ্বরী স্কুলে ভর্তি হন। ১৯৫৬ সাল থেকে তিনি পরিবারের সঙ্গে কমলাপুরে থাকা শুরু করেন এবং আমৃত্যু সেখানেই ছিলেন। ১৯৬৯ সালের গণ-অভ্যুত্থানের সময় আজম খান ক্রান্তি শিল্পীগোষ্ঠীর সক্রিয় সদস্য হিসেবে পাকিস্তানি শাসকগোষ্ঠীর বিরুদ্ধে অবস্থান নেন। ১৯৭০ সালে তিনি টিঅ্যান্ডটি কলেজ থেকে বাণিজ্য বিভাগে এইচএসসি উত্তীর্ণ হন। ১৯৭১ সালে সরাসরি মুক্তিযুদ্ধে অংশ নেন আজম খান।

১৯৭৪ সালে বিটিভিতে 'রেললাইনের ওই বস্তিতে' শিরোনামের গানটি গেয়ে আলোচনায় আসেন আজম খান। ১৯৮২ সালে প্রকাশিত হয় তার প্রথম ক্যাসেট 'এক যুগ'।

ডিস্কো রেকর্ডিংয়ের প্রযোজনায় তার গাওয়া গানের প্রথম সিডি বের হয় ১৯৯৯ সালের ৩ মে।

আজম খানের গাওয়া শ্রোতাপ্রিয় গানের তালিকায় রয়েছে 'আমি যারে চাইরে', 'আলাল ও দুলাল', 'ওরে সালেকা ওরে মালেকা', 'অ্যাকসিডেন্ট', 'অনামিকা', 'অভিমানী', 'হাইকোর্টের মাজারে', 'আসি আসি বলে', 'পাপড়ি', 'বাধা দিও না', 'যে মেয়ে চোখে দেখে না' ইত্যাদি।

গানের পাশাপাশি ১৯৮৬ সালে 'কালা বাউল' নামে হিরামন সিরিজের নাটকে অভিনয় করেছিলেন আজম খান। ২০০৩ সালে শাহীন-সুমন পরিচালিত 'গডফাদার' সিনেমায় নাম ভূমিকায় এরপর ৫৩ পৃষ্ঠায়





## কার বাহুডোরে পরীমনি?

আজকাল বিনোদন

ফের ব্যক্তিগত জীবন নিয়ে সংবাদের শিরোনামে ঢাকাই সিনেমার আলোচিত চিত্রনায়িকা পরীমনি। কোনো এক পুরুষের বাহুডোরে মাথা রেখে নতুন করে চর্চায় উঠে এসেছেন এ নায়িকা। কে সেই ব্যক্তি? তা নিয়েই এখন ব্যাপক আলোচনা। এরপর ৪০ পৃষ্ঠায়

মুখোমুখি তমা মির্জা



দেড় দশকের বেশি অভিনয়জীবন তমা মির্জার। অভিনয়জীবনের পাঁচ বছরের মাথায় 'নদীজন' চলচ্চিত্রে অভিনয় করে অর্জন করেন শ্রেষ্ঠ পার্শ্ব অভিনেত্রীর জাতীয় চলচ্চিত্র পুরস্কার। তিনি অভিনয়ের নতুন মাধ্যম ওটিটিতেও নিয়মিত কাজ করছেন। এবার ঈদে পূর্ণদৈর্ঘ্য 'দাগি' ও ওয়েব ছবি 'আমলনামা' নিয়ে হাজির হবেন তমা মির্জা। ঈদের পরে শুরু করবেন আরেকটি ছবি ও সিরিজের কাজ

## আমরা যদি কিছু করি জানিয়েই করব

আজকাল বিনোদন

**'সাত নম্বর ফ্লোর', 'খাঁচার ভেতর অচিন পাখি' ও 'ফ্রাইডে'র পর রাফীর 'আমলনামা'য় দেখা যাবে আপনাকে। আগের ওয়েব ছবিগুলোর সঙ্গে এটার পার্থক্য কেমন?**

আগেরগুলোও সত্য ঘটনা অবলম্বনে নির্মিত হয়েছিল। এটাও তাই। তবে এখানে আমার চরিত্রে বেশ ভিন্নতা রয়েছে। 'ফ্রাইডে'তে আমি প্রতিশোধপরায়ণ এক নারী। 'আমলনামায়' আমি খুব ইনোসেন্ট মেয়ে। খুব সাদামাটা, বাস্তববাদী নারী। তার জীবন-সংগ্রামের নানা দিক উঠে এসেছে ছবিতে। সব চরিত্রই সমান গুরুত্ব দিয়ে ফুটিয়ে তোলার চেষ্টা করি। তবে 'আমলনামা' করতে গিয়ে একটু বেশিই আবেগী হয়ে পড়েছিলাম। এর আগে 'খাঁচার ভেতর অচিন পাখি' করার সময়ও এমন হয়েছিল।

**'ফ্রাইডে' ও 'সুড়ঙ্গ'তে দর্শক পরপর আমাকে কিছুটা নেগেটিভ ও বোল্ড চরিত্রে পেয়েছিলেন। 'আমলনামা'য় অন্য এক তমাকে খুঁজে পাবেন। ঈদে 'দাগি'ও আসছে। ওটিটি এবং বড় পর্দা-দুটোই তাহলে আপনার দখলে থাকবে?**

খুব আনন্দের। গত বছর দর্শক আমাকে মিস করেছেন। রাজনৈতিক পটপরিবর্তন, বন্যাসহ নানা অস্থিরতা ছিল বছরজুড়ে। ফলে কোনো কনটেন্ট আসেনি। আমিও অপেক্ষায় ছিলাম। ঈদেই সেই অপেক্ষার অবসান ঘটতে যাচ্ছে। একদিকে রাফীর 'আমলনামা' অন্যদিকে শিহাব শাহীন ভাইয়ের 'দাগি'। শাহীন এরপর ৪০ পৃষ্ঠায়









অপু বিশ্বাস, মনির খান, দিলশাদ নাহার কণা ও জিয়াউল পলাশ

## এবার কাতার মাতাবেন একঝাঁক তারা

আজকাল বিনোদন

৩১ মার্চ কাতারে অনুষ্ঠিত হতে যাচ্ছে বড় আয়োজনে কনসার্ট। 'লাইভ মেগা কনসার্ট' নামের এই আয়োজনটি করছে কাতারের আয়োজক স্যান্ড সিটি সার্ভিস। কনসার্টটিতে গান গাইবেন মনির খান, আঁখি আলমগীর, ইমরান মাহমুদুল, দিলশাদ নাহার কণা, বেলাল খান, সাথী খান, বেলি আফরোজ, মুন ও আরফিন রুমি। এ ছাড়া কনসার্টটিতে হাজির থাকবেন অপু বিশ্বাস ও 'ব্যাচেলর পয়েন্ট'খ্যাত জিয়াউল পলাশ।

এটি উপস্থাপনা করবেন শান্তা জাহান। এশিয়ান টাউন এম্ফিথিয়েটারে অনুষ্ঠিতব্য এই কনসার্টে গেট ওপেন হবে বিকেল ৫টায়। শো শুরু হবে সন্ধ্যা ৭টায়। আয়োজকদের অন্যতম শাহাদাত হোসেন বলেন, 'কাতারে বাংলাদেশি প্রবাসীদের জন্যই এই কনসার্টটি করছি আমরা। এর আগে কাতারে এত বড় আয়োজন হয়েছে বলে মনে হয় না। আমরা ভিভিআইপি, গোল্ড ও সিলভারভিত্তিক ধরনের টিকিট রেখেছি। এর মধ্যে অনলাইনে টিকিট বিক্রি শুরু হয়েছে। বেশ সাড়াও পাচ্ছি। মনে হচ্ছে, হাজার হাজার দর্শক কনসার্টটি উপভোগ করবে।'

## ১২ বছর ভাত খান না, কী খান কুসুম সিকদার

আজকাল বিনোদন



বিনোদন জগতের ছোটপর্দার জনপ্রিয় অভিনেত্রী কুসুম সিকদার। ছোটপর্দার পাশাপাশি বড়পর্দাতেও সমান দর্শকপ্রিয়। পেয়েছেন জাতীয় চলচ্চিত্র পুরস্কারও। তবে সম্প্রতি 'শরতের জবা' শিরোনামের একটি সিনেমা পরিচালনা ও প্রযোজনায় পেয়েছেন নতুন পরিচয়।

শুধু অভিনয় নয় ৪০ বয়সি এই অভিনেত্রী খাবার ও রূপ চর্চায়ও বেশ সচেতন। জানা যায়, দীর্ঘ ২৫ বছর ধরে দৈনন্দিন জীবনে নাকি কড়া নিয়ম মেনে চলছেন তিনি।

সম্প্রতি একটি গণমাধ্যমে দেওয়া এক সাক্ষাৎকারে অভিনেত্রী জানান, ১৩ বছর ধরে মাছমাংস একেবারেই খান না। তার আগে ১২ বছর একবারের জন্যও ভাত ছুঁয়ে দেখেননি তিনি। তখন মাছমাংস খেতেন, এখন ভাত খেলেও খান না মাছ আর মাংস।

কুসুম বলেন, '৪০ পার করে ফেলেছি। সচেতন তো এখন বেশিই থাকতে হয়। তবে ফিটনেসের ব্যাপারে আমি আরও আগে থেকেই সাবধানতা অবলম্বন করি। ২০০০ সাল থেকেই ভাত খেতাম না। এরপর গত ১৩ বছর ধরে মাছ মাংস খাই না। এই ১৩ বছর ভাত খাই, তবে কম। ভাতের সঙ্গে সবজি খাওয়া হয় বেশি। এর বাইরে দুধ, ডিম, ঘি, মাখন, রুটি প্রতিদিনই খাওয়া হয়। আমার অ্যালার্জির সমস্যা আছে, তাই বেগুন আর পুঁইশাক ছাড়া সব ধরনের শাকসবজি খাওয়া হয়। বলতে পারেন, গেল ১৩ বছরে আমি পুরোপুরি ভেজিটেরিয়ান হয়ে গেছি।'

খাওয়ার ক্ষেত্রে এত কড়াকড়ি কি ফিটনেস ধরে রাখার জন্যই, এমন প্রসঙ্গ উঠতেই কুসুম বলেন, 'একদম তা নয়। সুস্থ থাকাটাই আমার কাছে বড় এরপর ৫৩ পৃষ্ঠায়



সাদিয়া জাহান প্রভা

## 'অনেক ডিরেক্টর আমার সঙ্গে কাজ করতে চাইতেন না'

আজকাল বিনোদন

দীর্ঘ দেড় যুগের বেশি সময় ধরে টেলিভিশন ও ছোট পর্দায় নিয়মিত অভিনয় করছেন সাদিয়া জাহান প্রভা। মাঝে ছিলেন বিরতিতে। বিরতির সময়টা কাটিয়েছেন দেশ-বিদেশে। বর্তমানে মেকআপ আর্টিস্ট হিসেবেই নিজেকে প্রতিষ্ঠিত করেছেন প্রভা। যুক্তরাষ্ট্রে অবস্থিত 'দ্য মেকআপ একাডেমি' থেকে প্রশিক্ষণ নিয়েছেন তিনি। সেই সঙ্গে মনোযোগী হচ্ছেন নিজের কাজে। এরপর ৫৩ পৃষ্ঠায়

# CDPAP সার্ভিস নিয়ে

# কোন চিন্তা করবেন না।





## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

**PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত FACILATOR হিসেবে CDPAP সার্ভিস TRANSFER এ সহযোগিতা দিতে পারি।**

আমরা বাংলায় কথা বলি

## আজ এই যোগাযোগ করুন - (516) 731-7808

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইনস্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই একই বাসা থেকে আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে **CDPAP** থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুণ্ণ থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।



**Syed Alamin**
Administrator

Bestcare Corporate
**3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756**
Email: cdpap@bestcare.com

| Nassau | Queens | Bronx | Staten Island | Suffolk | Manhattan | Brooklyn |
|---|---|---|---|---|---|---|
| 50 Clinton Street<br>Suite 201<br>Hempstead, NY 11550 | 70-50 Austin Street<br>Lower Level 130<br>Forest Hills, NY 11375 | 4119 White Plains Road<br>Bronx, NY 10466 | 60 Bay Street<br>Suite 506<br>Staten Island, NY 10301 | 97 West Main Street<br>Bayshore, NY 11706 | 260 W 36th ST<br>Suit 400,<br>New York, NY 10018 | 1781 Flatbush Ave<br>2nd Floor<br>Brooklyn, NY 11210 |

জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

# বাংলাদেশী ডাক্তার

## মেডিসিন বিশেষজ্ঞ

## Internal Medicine

### Geriatric Medicine

## শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

**TEL: 718-205-6561**



Khagendra Gharti-Chhetry, Esq
Attorney-At-Law

যেসব বিষয়ে পরামর্শ দিই

- ASYLUM Cases
- Business Immigration/Non-Immigrant Work Visa (H-1B, L1A/L1B, O, P, R-1, TN)
- PERM Labor Certification (Employment based Green Card)
- Family Petition
- Deportation
- Cancellation of Removal
- Visas for physicians, nurses, extra-ordinary ability cases
- Appeals
- All other immigration matters

ইমিগ্রেশনসহ যে কোন আইনি সহায়তার জন্য
এ পর্যন্ত আমরা দুই শতাধিক বাংলাদেশীকে বিভিন্ন ডিটেনশন সেন্টার থেকে মুক্ত করেছি।
এখনো শতাধিক বাংলাদেশী ডিটেইনির মামলা পরিচালনা করছি।

আপনাদের সুবিধার্থে আমাদের বাফেলো শাখা থেকেও ইমিগ্রেশন সেবা দিচ্ছি।



বিস্তারিত জানতে যোগাযোগ করুন।
বাফেলো ঠিকানা :
Nasreen K. Ahmed
Chhetry & Associates P.C.
2290 Main Street, Buffalo, NY 14214

Nasreen K. Ahmed
Sr. Legal Consultant
LLM, New York.
Cell: 646-359-3544
Direct: 646-893-6808
nasreenahmed2006@gmail.com

## CHHETRY & ASSOCIATES P.C.

363 7th Avenue, Suite 1500, New York, NY 10001
Phone: 212-947-1079 ext. 116

PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005



EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

**PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.**

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection

Certified Training Institute by:

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:

info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

## জ্যামাইকার হিলসাইডে অভিজ্ঞ ও নির্ভুল ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠান



IRS e-file

## নুসরাত জেরিন

CALL: 917-436-0954

- সর্বোচ্চ ট্যাক্স রিটার্ন
- কম সময় এবং নূন্যতম ফি
- ট্যাক্স, ইমিগ্রেশন
- কন্সালটেশন, নোটারী পাবলিক
- নির্ভুল, ঝামেলামুক্ত ও সঠিক ট্যাক্স ফাইলিংসহ যাবতীয় কাজ এর জন্য যোগাযোগ করুন।

168-47 Hillside Avenue (FL2)
Suite B, Jamaica, NY 11432
**718-480-6904, 917-436-0954**
Email: globalnusrat@gmail.com

ESTD 2017
**Tribune Training Academy**
Workplace Safety Training School
40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



# 40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

**40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)**

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.



# Zillur Tax Accounting and Insurance
Accounting, Tax Filling, Audit, Insurance and Real State

**Zillur Rahim**
IRS Enrolled Agent, MBA
646-322-3254



**Our Services:**
- Personal tax filling
- Business tax filling
- New Business Set-up
- Immigration
- Insurance and all kind of form fill up
- Notary

IRS e-file

We help Buying, Selling and Renting
Zillur Rahim
Exit Realty Prime

88-11A, 169th St. (2nd floor) Jamaica NY-11432
646-322-3254, 718-374-3110
Email : zillurincometaxnyc@gmail.com
Zillurtaxandinsurance.com


## গত শুক্রবারের খুৎবা




بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ২৬শে জুলাই, ২০২৪ তারিখে হাদীকাতুল মাহ্দীর জলসা গাহে প্রদত্ত জুমুআর খুতবায় যুক্তরাজ্যের ৫৮তম বার্ষিক জলসা উপলক্ষে স্বেচ্ছাসেবী কর্মী ও আগত অতিথিদের করণীয় ও অন্যান্য দায়িত্বাদি সম্পর্কে মূল্যবান দিকনির্দেশনা প্রদান করেন এবং জলসা'র সফলতার জন্য দোয়ার আহ্বান করেন।

তাশাহ্হুদ, তা'উয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর আনোয়ার (আই.) বলেন, আল্লাহ্ তা'লার অশেষ কৃপায় আজ যুক্তরাজ্যের জলসা সালানা শুরু হচ্ছে এবং এখানে হাজার হাজার লোক ধর্মীয় ও আধ্যাত্মিক কল্যাণ লাভের উদ্দেশ্যে এসেছে। এ দিনগুলোতে হাদীকাতুল মাহ্দীতে একটি অস্থায়ী শহর বানানো হয়েছে যেন এ পরিবেশে পার্থিব ঝামেলামুক্ত হয়ে আমরা নিজেদের ধর্মীয়, নৈতিক ও আধ্যাত্মিক অবস্থাকে উন্নত করতে পারি। তাই এ সময়টিতে জাগতিক চাহিদার প্রতি মনোযোগী হওয়ার পরিবর্তে আধ্যাত্মিকভাবে সর্বোচ্চ লাভবান হওয়ার চেষ্টা করা উচিত। কিছু মানবীয় প্রয়োজনীয়তা ও চাহিদা থেকেই যায় যা পূরণের লক্ষ্যে ব্যবস্থাপনা সামর্থ্যানুযায়ী চেষ্টা করে থাকে, শত শত কর্মী স্বেচ্ছাসেবার ভিত্তিতে মসীহ্ মওউদ (আ.)-এর অতিথিদের সেবার উদ্দেশ্যে নিজেদেরকে উপস্থাপন করে থাকে।

এ ধারাবাহিকতায় প্রথমে আমি সমস্ত স্বেচ্ছাসেবকদের এদিকে দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, আপনারা নিজেদের দায়দায়িত্ব সুচারুরূপে পালন করার চেষ্টা করুন। জলসার অতিথিদেরকে মসীহ্ মওউদ (আ.)-এর অতিথি মনে করে সেবা করুন। আপনাদের ধারণানুযায়ী যদি কোন অতিথি কোন বিষয়ে বাড়াবাড়ি করেও ফেলে তা উপেক্ষা করুন। আল্লাহ্ তা'লার কৃপায় এখন প্রতিটি দেশে অতিথিপরায়ণতা এবং উন্নত চরিত্রের বহিঃপ্রকাশ জামাতে আহমদীয়ার একটি বিশেষ বৈশিষ্ট্যে পরিণত হয়েছে। হযরত মসীহ্ মওউদ (আ.) বলেন, **অতিথিদের হৃদয় কাঁচের ন্যায় হয়ে থাকে,** স্পর্শকাতর হয়ে থাকে। তাই খুব ভালভাবে দৃষ্টি রাখা উচিত যেন তারা কোনভাবে কষ্ট না পায়। জলসায় অংশগ্রহণকারীদের অধিকাংশই তো আহমদী আর তারা এ বিষয়টি অবগত হয়েই আসে যে কষ্ট সহ্য করতে হবে, কিন্তু যারা আহমদী নয় কিংবা নবদীক্ষিত আহমদী যারা উত্তম তরবিয়ত পায়নি তাদের কথা স্মরণ রেখে বিশেষ দৃষ্টি দেয়া উচিত। ট্রাফিক, গাড়ি পার্কিং, পরিচ্ছন্নতা, শৃঙ্খলা, পানি সরবরাহ, খাদ্য ব্যবস্থাপনা, টয়লেট যে বিভাগেরই দায়িত্বই হোক না কেন অতিথিদের সহায়তার জন্য সর্বোচ্চ চেষ্টা করুন এবং তাদের যেন কোন প্রকার কষ্ট না হয় সেদিকে বিশেষভাবে খেয়াল রাখুন।

এরপর অতিথিদের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, **আপনারা এখানে পুণ্য অর্জনের লক্ষ্যে মসীহ্ মওউদ (আ.)-এর জলসায় অংশগ্রহণ করতে এসেছেন।** পার্থিব সম্মান এবং সেবা লাভের প্রতি মনোযোগ দেয়ার পরিবর্তে সেই সমস্ত উন্নত চরিত্র গঠনের প্রতি আরো সচেষ্ট হোন যা একজন প্রকৃত মুসলমানের বৈশিষ্ট্য হয়ে থাকে। খোদা তা'লার পথে ভ্রমণকারীদের পার্থিব আরাম আয়েশের প্রতি মনোযোগ খুব কমই থাকে। অনেক সময় ব্যবস্থাপকদের দুর্বলতা পরিলক্ষিত হয়, কিন্তু এসকল বিষয় উপেক্ষা করা উচিত। যদি প্রত্যেক আগত অতিথির হৃদয়ে এটি বিরাজ করে যে, আমাদের প্রকৃত উদ্দেশ্য আধ্যাত্মিক খোরাক অর্জন তাহলে অতিথি এবং আপ্যায়নকারীদের পারস্পরিক ভালবাসা এবং সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের মাধ্যমে এ দিনগুলো অতিবাহিত হবে। ব্যবস্থাপকদের প্রচেষ্টা সর্বদা এটিই থাকে যেন সমস্ত অতিথির সাথে ভারসাম্যপূর্ণ আচরণ করা হয়, তথাপি কখনো কখনো কমবেশি হয়ে যায় যা অতিথিদের উপেক্ষা করা উচিত। তদুপরি আমি স্বেচ্ছাসেবকদের বলে দিতে চাই, অতিথিদের মাঝে বৈষম্য করা উচিত নয়। শ্রেণিভেদে সকল অতিথির আরামের প্রতি মনোযোগ দিতে হবে।

হযরত মসীহ্ মওউদ (আ.) নিজে অতিথিদের সম্মান করতেন এবং সেবা করতেন। জলসার বিষয়ে তিনি (আ.) বলতেন, **সকলের জন্য অভিন্ন ব্যবস্থাপনা থাকবে।** একইসাথে তিনি অতিথিদের হৃদয়ে এটি প্রথিত করতেন যে, **আপনাদের এখানে আগমনের প্রকৃত উদ্দেশ্য হল, ধর্ম শেখা, নিজেদের হৃদয়রাজিকে পবিত্র করা এবং আল্লাহ্ তা'লার নৈকট্য লাভের চেষ্টা করা।** সুতরাং এ উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে আপনারা এখানে একত্রিত হয়েছেন। হুযূর বলেন, জলসায় আসন গ্রহণ করে জলসার প্রোগ্রাম ও বক্তৃতাসমূহ মনোযোগ দিয়ে শুনুন এবং এথেকে উপকৃত হোন। প্রত্যেক মু'মিনের তার সময়ের যথাযথ ব্যবহার অত্যন্ত জরুরী।

জলসায় দূর দূরান্ত থেকে আগমনকারীরা পরস্পরের সাথে সাক্ষাত করে থাকে। এর মাধ্যমে মসীহ্ মওউদ (আ.)-এর জামাতের সদস্যরা দেশ-জাতি ও গোত্রীয় বিভক্তি ভুলে এক অসাধারণ ভ্রাতৃত্ববোধের পরিবেশ সৃষ্টি করে থাকে। সুতরাং এটিও জলসার একটি উদ্দেশ্য। এ সুযোগকে কাজে লাগানো উচিত, কিন্তু অনেক সময় এভাবে পারস্পরিক আলোচনা ও গল্পগুজবে মত্ত থাকার কারণে গভীর রাত হয়ে যায় আর তাহাজ্জুদ তো দূরের কথা, ফজরে উঠতেই কষ্ট হয়ে যায়। এছাড়া অনেক সময় খাবারের পর ডাইনিংয়ে দাঁড়িয়ে দীর্ঘক্ষণ আলোচনা করতে থাকে আর এর ফলে ব্যবস্থাপকদের কষ্টের সম্মুখীন হতে হয়; এটি সমীচীন নয়। মহানবী (সা.)-এর কাছে আগমনকারী অতিথিদেরকে আল্লাহ্ তা'লা বলেন, **তোমরা খাবার খাওয়ার পর দীর্ঘক্ষণ বসে গল্পগুজবে মত্ত থেকো না।**

হুযূর (আই.) বলেন, এত বড় সমাবেশে অনেক সময় পারস্পরিক কথাকাটাকাটি হয়ে যায়। প্রকৃত মু'মিন সম্পর্কে আল্লাহ্ তা'লা বলেন, **সে তার ক্রোধ নিয়ন্ত্রণ করে।** সুতরাং জলসার পরিবেশের পবিত্রতাকে দৃষ্টিপটে রেখে একে অপরের দোষত্রুটি উপেক্ষা করুন। যদি কোন কর্মীর পক্ষ থেকে কোন ভুল হয়েও যায় তখন এটিকে খারাপভাবে নেয়ার পরিবর্তে তাকে সাহস প্রদান করুন এবং ধৈর্য ও মার্জনার আচরণ প্রদর্শন করুন। অতিথিদের অহেতুক বাড়াবাড়ি করা উচিত নয় আবার কর্মীদেরও অতিথিদের বাড়াবাড়ি দেখে নীরবতা অবলম্বন করা উচিত। মহানবী (সা.)-এর একটি নির্দেশনা হল, **যে তোমার সাথে সম্পর্কচ্ছিন্ন করে তার সাথেও তুমি উত্তম আচরণ করো।** অর্থাৎ, যদি কেউ কঠোরতা করেও ফেলে তাকে তিক্ত জবাব দেয়ার পরিবর্তে তার সাথে উত্তম আচরণ করো। স্মরণ রাখতে হবে, আমরা যদি উত্তম আচরণ করি তাহলে এটি এক নীরব তবলীগের কাজ হবে। সুতরাং আমাদের প্রত্যেকের প্রকৃত উদ্দেশ্য হওয়া উচিত আমরা যেন কথা, লেখনী ও ইবাদতের মাধ্যমে আল্লাহ্ তা'লার সন্তুষ্টি অর্জনকারী হতে পারি।

আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হল, পরস্পরের মাঝে সালাম প্রদানের প্রচলন করুন, অধিক হারে সালাম আদান-প্রদান করুন। আল্লাহ্ তা'লা আমাদেরকে এমন এক পবিত্র দোয়া শিখিয়েছেন যা পরস্পরের মাঝে ভালবাসা ও সৌহার্দ্য ছড়িয়ে দেয় এবং উভয়ের জন্য কল্যাণ বয়ে আনে। মহানবী (সা.) বলেন, **কাউকে চেন বা না চেন সালাম প্রদান করো।** সুতরাং এ সালামের প্রচলন হলে অ-আহমদী ও নবদীক্ষিত আহমদীদের হৃদয়েও ভাল প্রভাব পড়বে এবং তারা ইসলামের অনিন্দ্য সুন্দর শিক্ষার প্রশংসাকারী হবে। অনুরূপভাবে প্রতিটি বিষয়ে আমাদের জন্য রসূলুল্লাহ্ (সা.)-এর সাহাবীদের দৃষ্টান্ত বিদ্যমান। কুরআন করীমের নির্দেশ হল, **কোন ব্যক্তি যদি অতিথিকে বলে যে, তুমি ফিরে যাও। তাহলে খুশিমনে ফেরত চলে আসা উচিত।** এক সাহাবী সম্পর্কে বর্ণিত হয়েছে যে, তিনি মানুষের বাড়িতে গিয়ে অনেক চেষ্টা করেছেন যেন কেউ তাকে ফেরত যেতে বলে আর তিনি কুরআনের নির্দেশ মান্য করে খুশিমনে ফেরত চলে আসতে পারেন।

হযরত মসীহ্ মওউদ (আ.) জনৈক মুকদ্দমায় অংশগ্রহণের উদ্দেশ্যে যেখানে অবস্থান করছিলেন সেখানে সাহাবীরা একদিন অতিথিদের আধিক্যের কারণে হযরত মসীহ্ মওউদ (আ.)-এর জন্য খাবার রাখতে ভুলে গিয়েছিলেন। দীর্ঘক্ষণ অপেক্ষার পর তিনি যখন খাবারের কথা জিজ্ঞেস করেন তখন সবাই অস্থির ও ব্যাকুল হয়ে যায়। তিনি (আ.) এটি দেখে বলেন, এত চিন্তার কী আছে? দস্তরখানে দেখ। সেখানে যা আছে তাই নিয়ে আস। **টেবিলে শুধুমাত্র কিছু রুটির টুকরো পড়ে ছিল, তরকারি অবশিষ্ট ছিল না। তথাপি তিনি বলেন, আমার জন্য এটিই যথেষ্ট।** অতঃপর তিনি তাই খেয়ে নেন। সুতরাং আমরা যারা তাঁর জামাতের অনুসারী হওয়ার দাবি করি আমাদেরও সর্বদা এরূপ ধৈর্য, সাহস এবং কৃতজ্ঞতাবোধ প্রদর্শন করা উচিত।

এরপর হুযূর (আই.) বলেন, এ দিনগুলোতে বিভিন্ন প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। **হযরত মুসলেহ্ মওউদ (রা.)'র ইউরোপ সফরের শতবর্ষ পূর্ণ, রিভিউ অব রিলিজিয়নস, মাখজানে তাসাভীর** প্রভৃতির প্রদর্শনী হয়েছে। অবসর সময়ে সময় নষ্ট না করে এসব প্রদর্শনী থেকে পরিপূর্ণভাবে উপকৃত হোন। পরিশেষে হুযূর বলেন, ইউরোপের বিভিন্ন স্থানে কভিডের আক্রমণ বাড়ছে। এ কারণে প্রবেশপথগুলোতে প্রতিরোধস্বরূপ হোমিও ওষুধ প্রদান করা হচ্ছে; এগুলো সেবন করুন। আল্লাহ্ তা'লা সবাইকে সবধরনের ব্যাধি থেকে নিরাপদ রাখুন। সিকিউরিটি বা নিরাপত্তার বিষয়ে মনোযোগী হোন। এ ক্ষেত্রে প্রত্যেকে নিজেদের আশপাশে ও ডানেবামে লক্ষ রাখুন। এটি সবচেয়ে বড় নিরাপত্তার মাধ্যম। কোন অস্বাভাবিক বস্তু বা কারো অস্বাভাবিক আচরণ লক্ষ করলে ব্যবস্থাপকদের জানান, কিন্তু আমাদের সবচেয়ে বড় অস্ত্র হল দোয়া। বিশেষভাবে এ দিনগুলোতে দোয়া এবং যিকরে এলাহীতে রত থাকুন। আল্লাহ্ তা'লা এ জলসাকে প্রত্যেকের জন্য কল্যাণমণ্ডিত করুন।

**[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ www.mta.tv এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট www.ahmadiyyabangla.org -এ]**

*(সূত্র: কেন্দ্রীয় বাংলাদেশ দফতরের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)*



# বাংলাদেশ সোসাইটিকে নারায়ণগঞ্জ জেলা সমিতির সংবর্ধনা

৬৪ পৃষ্ঠার পর

হাতে ফুলের তোড়া তুলে দিয়ে তাদের সংবর্ধনা দেন। বাংলাদেশ সোসাইটির পর্ষদ সদস্যরা প্রবাসীদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে সোসাইটিকে একটি ভালো সংগঠন হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন।

মোস্তফা জামাল টিটুর সভাপতিত্বে এবং কামাল হোসেন টিটু ও মোজাক্কিম আবেদের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নারায়ণগঞ্জ জেলা সমিতির প্রতিষ্ঠাতা সভাপতি ও বাংলাদেশ সোসাইটির ট্রাস্টিবোর্ডের সাবেক সদস্য আজহারুল হক মিলন। প্রধান অতিথির বক্তব্যে আজহারুল হক মিলন ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, মাত্র কয়েকজন মানুষের হাত ধরে শুরু হওয়া নারায়ণগঞ্জ সমিতি আজকে এই পর্যায় এসেছে। নারায়ণগঞ্জ জেলা সমিতির পরিচিত কার্যক্রম দেখে নিউইয়র্কের বাসিন্দারাও উৎসাহ পাবে এমনটাই প্রত্যাশা।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম। তিনি বলেন, স্বাধীনতা দিবসে সকল শহীদদের প্রতি শ্রদ্ধা জানাই। আমি প্রবাসীদের সেবা করতে চাই তারই ধারাবাহিকতায় বাংলাদেশ সোসাইটিতে আসা। যে দুটি বছর আছি সবসময় প্রবাসী বাংলাদেশীদের সেবায় সচেষ্ট থাকিবো। যে কোনো প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগ করবেন। বর্তমান পরিস্থিতিতে সবাইকে খুবই সতর্কতার সাথে চলাফেরার জন্য অনুরোধ জানান তিনি।

এছাড়াও বিশেষ অতিথি হিসেবে সোসাইটির নবনির্বাচিত কমিটির কর্মকর্তাদের মধ্যে উপস্থিত ছিলেন, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সহ-সভাপতি মোহাম্মদ কামরুল, কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম ভূঁইয়া রুমি, সাংস্কৃতিক সম্পাদক অনিক রাজ, সাহিত্য সম্পাদক আখতার বাবুল সমাজকল্যাণ সম্পাদক মাওলানা জাকির আনসারি, সদস্য জাহাঙ্গীর সরওয়ার্দী, সাপ্তাহিক প্রবাস পত্রিকার সম্পাদক মোহাম্মদ সাঈদ ও কমিউনিটি এক্টিভিস্ট নওশাদ সিদ্দিকীসহ প্রমুখ।

এছাড়াও উপস্থিত ছিলেন আহবায়ক আতাউর রহমান মিঠু, প্রধান সমন্বয়কারী খালেদ আখতার, সদস্য সচিব মোহাম্মদ পারভেজ, যুগ্ম আহবায়ক ইঞ্জিনিয়ার মহসিন মাহমুদ, যুগ্ম সমন্বয়কারী ড: সাঈদা শাহরিন পাপ্পা, যুগ্ম সদস্য সচিব মোজাক্কিম আবেদ, সদস্য ইমাম সৈয়দ হায়দার, সদস্য এম আজিজুল হকসহ অন্যান্য।



# এবিএএমটিএ'র ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

৬৪ পৃষ্ঠার পর

আহসান হাবীব প্রমুখ। আয়োজক সংগঠনের সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন ভাইস প্রেসিডেন্ট এনামুল কবির, সাধারণ সম্পাদক এএসএম এম উদ্দিন পিন্টু, প্রধান উপদেষ্টা মোহাম্মদ মালেক, উপদেষ্টা আতাউর রহমান, রাকিবুজ্জামান ও এ এইচ এম কাদের। সংগঠনের নেতারা বলেন, সংগঠন বাংলাদেশিদের তাই এই সংগঠনের সদস্যদের মাধ্যমে টাকা পাঠালেন তা বাংলাদেশের কল্যাণে কাজে লাগবে। তাছাড়া টাকা পাঠানোর ক্ষেত্রে কোন সমস্যা হলে বিদেশি প্রতিষ্ঠানের কাছে সেবা পাওয়া কষ্ট কর হয়। কিন্তু সে ক্ষেত্রে দেশিয় প্রতিষ্ঠানকে সহজেই পাওয়া যায়। তাই দেশিয় প্রতিষ্ঠানের মাধ্যমেই দেশি টাকা পাঠানো উচিত।





# নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের ইফতার অনুষ্ঠিত



৬৪ পৃষ্ঠার পর

হাসানুজ্জামান হাসান, ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান নাসির আলী খান পল, প্রধান উপদেষ্টা ও সাবেক সভাপতি ডা. আব্দুল লতিফ, ডা. মনজুরুল হাসান, সাবেক সাধারন সম্পাদক রফিকুজ্জামান খান তনু, আহসান উল্লাহ ফিলিপ, আল হুমায়ের বাচ্চু, দবিরুল ইসলাম, জহিরুল ইসলাম টুকু, শামীম আহমেদ, কাওসার আলী, মিজানুর হাসান, শফিকুল ইসলাম, ফরহাদ হোসেন মোশারফ হোসেন, আজিজুল হক মুন্না, জাহাঙ্গীর হোসেন, ডা. মাসুদুল হাসান, ড. রুহুল কুদ্দুস ও কামরুজ্জামান কামরুল।



# ফ্লোরিডার ট্যাম্পো একুশের আলোয় আলোকিত

৬২ পৃষ্ঠার পর

শিল্পীরা অংশগ্রহণ করেন। একুশে ফেব্রুয়ারি গানটি সাত ভাষায় পরিবেশন করা হয়।

ডাক্তার ইশরাত জাহান-এর তত্ত্বাবধানে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে এই আয়োজনে, মুহাম্মদ নাসির উদ্দিন ও নাফিসা উদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতেই ইন্টারন্যাশনাল পারফর্মিং আর্টস এন্ড হেরিটেজসহ বিভিন্ন সংগঠন এবং উপস্থিত দর্শক অস্থায়ীভাবে নির্মিত শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন। এর পরে নাফিসা উদ্দিনের তত্ত্বাবধানে শিল্পী প্রতুল মুখোপাধ্যায়-এর স্মৃতিচারণ এবং তাঁর সম্মানে এক মিনিট নীরবতা পালন করা হয়। অনুষ্ঠানের প্রথমাংশে গান,



কবিতা, নাচ এবং একুশের কথায় অংশগ্রহণ করেন তৃনান, ঈমান, নাইসা, নবিহা, ঈশিতা, ইশাল, কাপতি, আং মিন (মিয়েনমার), ভেনেজুয়েলা স্প্যানিশ গ্রুপ কয়ার এবং হাসনাত চৌধুরী। সিটি কাউন্সিলম্যান গুইন হেরা এবং স্টেট রিপ্রেজেন্টেটিভ সুসান ভালদেসের স্বাগত বক্তব্যের মাধ্যমে দ্বিতীয় পর্বের অনুষ্ঠান শুরু হয় আইপার নিজস্ব শিল্পীদের মনোমুগ্ধকর দলীয় পরিবেশনা গীতিনৃত্যনাট্য 'বর্ণমালার শপথ'। এই গীতিনৃত্যনাট্যটির গ্রন্থনা এবং সংগীত পরিচালনায় ছিলেন শফিকুল ইসলাম। সবগুলো গানের রিদম এবং সেন-এ সহযোগিতা করেছেন অজেয় অর্ক। নৃত্য পরিচালনায় ছিলেন তাসনুভা রহমান টিনা। গীতিনৃত্যনাট্যটির কবিতার কথা এবং আবৃত্তি পরিচালনায় ছিলেন শফিকুল ইসলাম।

# জালালাবাদ এসোসিয়েশনের ইফতার পার্টি











৬৪ পৃষ্ঠার পর

জালালাবাদ এসোসিয়েশনের সহ সভাপতি শফিউদ্দিন তালুকদার শফি, জালালাবাদ এসোসিয়েশনের উপদেষ্টা ও সাবেক সভাপতি বদরুন নাহার খান মিতা, জালালাবাদ এসোসিয়েশনের ট্রাস্টি বোর্ডের সদস্য উপদেষ্টা হারুন নুর ও সৈয়দ নাজমুল হাসান সুহান, ফেঞ্চুগঞ্জ উপজেলার সাবেক চেয়ারম্যান নুরুল ইসলাম, বাংলাদেশ সোসাইটি বোর্ড অব ট্রাস্টি আজিমপুর রহমান বুরহান, আপেলো ব্রোকারেজের সিইও ও প্রেসিডেন্ট শমসের আলী, বাংলাদেশি আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট এরশাদ সিদ্দিকী, নিউইয়র্ক পুলিশের অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট কমান্ডার শামসুল হক, কমিউনিটি অ্যাফেয়ার্স ব্যুরোর কোঅর্ডিনেটর সার্জেন্ট এমডি শফিক, সাবেক উপদেষ্টা সদস্য আব্দুল শহিদ, তোফায়েল আহমেদ চৌধুরী, বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতির সাবেক সভাপতি মকবুল রহিম চুনই, ডি এন এস মার্কেটিং ডাইরেক্টর সালেহ আহমেদ প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কালামে কোরআন থেকে তেলাওয়াত করেন কোষাধ্যক্ষ কারী খালেদ মিয়া। শুভেচ্ছা বক্তব্য রাখেন ইফতার ও দোয়া মাহফিলের সদস্য সচিব মোহাম্মদ আলীম ও আহ্বায়ক শফিউদ্দিন তালুকদার শফি। দোয়া পরিচালনা করেন হারহীনা পীর সাহেব শাহ মোহাম্মদ সাইফুল্লাহ সিদ্দিকী।

কনসাল জেনারেল মো. নাজমুল হুদা প্রবাসীদের রমজান শুভেচ্ছা বিনিময় করেন এবং তাদের কল্যাণ কামনা করেন।

সোসাইটি সভাপতি আতাউর রহমান সেলিম উপস্থিত সকলকে রমজান মোবারক ও শুভেচ্ছা জানিয়ে আগামী ৯ মার্চ বাংলাদেশ সোসাইটি ইফতারে আমন্ত্রণ জানান।

অনুষ্ঠানে আয়োজক সংগঠনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম ইফতার দোয়া ও মাহফিল আয়োজনে সার্বিক সহযোগিতায় গোল্ডেন এজ হোম কেয়ারের স্বত্বাধিকারী শাহ নেওয়াজ কে ধন্যবাদ জানান।

ইফতার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আয়োজক সংগঠনের সহ-সভাপতি শামীম আহমেদ, শফিউদ্দিন তালুকদার শফি, জাবেদ উদ্দিন ও লোকমান হোসেন লুসু, কোষাধ্যক্ষ মোহাম্মদ আলিম, প্রচার ও দপ্তর সম্পাদক কয়সার আলম, আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক নুরহান উদ্দিন, কার্যকরী সদস্য মোহাম্মদ আব্দুল আজিজ, হুমায়ুন কবির সোহেল, মোঃ ফজলু খান, কার্যনির্বাহী কমিটির উপদেষ্টা মন্ডলীর সদস্য বদরুন নাহার খান মিতা, হারুন নুর, সৈয়দ নাজমুল হাসান সুহান প্রমুখ।

আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি সাধারণ সম্পাদক রেজাউল আলম অপু, বোর্ড অব ট্রাস্টি সদস্য বীর মুক্তিযোদ্ধা মুজাহিদুল ইসলাম, মিন্টু চৌধুরী, হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতির সভাপতি মোঃ আজমু মিয়া তালুকদার, হবিগঞ্জ সদর সমিতি সভাপতি মিয়া মোঃ আহছির ও সাধারণ সম্পাদক আমির আলী, হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতির উপদেষ্টা আব্দুল ইসলাম তালুকদার চেয়ারম্যান, লিয়াকত আলী চেয়ারম্যান বিশিষ্ট রিয়েল এস্টেট নুর আজিম, আহসান হাবীব প্রমুখ। বাংলাদেশ সোসাইটি সহ-সভাপতি কামরুজ্জামান কামরুল, সহ সাধারণ সম্পাদক আবুল কালাম ভূঁইয়া, কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম ভূঁইয়া রুমি, সাংগঠনিক সম্পাদক মিঠুক খান, সাংস্কৃতিক সম্পাদক অনিক রাজ, জন সংযোগ ও প্রচার সম্পাদক মিজু মোহাম্মদ, সমাজ কল্যাণ সম্পাদক জাকির আনসারী, সাহিত্য সম্পাদক মোঃ আখতার বাবুল, ক্রিয়া ও আপ্যায়ন সম্পাদক আশ্রাব আলী লিটন, স্কুল ও শিক্ষা সম্পাদক মোহাম্মদ হাসান জিলানী, কার্যকরী সদস্য হারুন উর রশিদ, জাহাঙ্গীর সোহরাওয়ার্দী, মোঃ সিদ্দিক পাটোয়ারী, আবুল কাশেম চৌধুরী মনসুর আহমেদ ও হাসান খান প্রমুখ।

# ভোজন রসিক ও খাদ্য পিপাসুদের জন্য সুখবর!

Khalil Biryani House

নিউইয়র্ক ও আন্তর্জাতিক জগতে স্বনামধন্য ও বাংলাদেশি মুখরোচক ১০০% হালাল খাবারের জন্য আপনার বন্ধুবান্ধব ও পরিবারসহ নিকটবর্তী ও পছন্দের যে কোন শাখায় আসুন। আমরা আপনাদের সেবায় নিয়োজিত



* **KHALIL BIRYANI HOUSE**
  **BRONX – 718-409-6840**

* **KHALIL HALAL CHINESE**
  **BRONX – 347-621-2884**

* **KHALIL SWEETS**
  **BRONX – 646-763-5073**

* **KHALIL BIRYANI HOUSE**
  **JAMAICA – 718-374-3225**

* **KHALIL BIRYANI HOUSE**
  **JACKSON HEIGHTS – 929-328-0680**



## !! 100% HALAL & TASTY FOOD IN MANHATTAN !!



We do catering
HALAL
CHINESE
HALAL FOOD

# CURRY KING
RESTAURANT حلال



PAKISTANI, INDIAN & BANGLADESHI CUISINE



## ম্যানহাটানের প্রাণকেন্দ্রে ১০০% হালাল ও সুস্বাদু খাবার

* PAKISTANI -BANGLADESHI- INDIAN CUISINE
COME & ENJOY
OUR DELICIOUS FOOD

WE DO MONEY TRANSFER
AVAILABLE RECHARGE PHONE CARDS
FREE DELIVERY & ONLINE ORDER




সকল অনুষ্ঠানের ক্যাটারিং এর অর্ডার নেয়া হয়

942 COLUMBUS AVE. NEW YORK, NY 10025
**TEL : 646-669-7826**

# ওয়ানডে থেকে বিদায় মুশফিকের

## মিরপুরে পেলেন গার্ড অব অনার

আজকাল স্পোর্টস

প্রায় দুই দশকের ওয়ানডে ক্যারিয়ারকে বিদায় জানিয়েছেন মুশফিকুর রহিম। সামাজিক যোগাযোগ মাধ্যমের এক বার্তায় অবসরের ঘোষণা দেন এই উইকেটকিপার-ব্যাটসম্যান। মিরপুর শের-ই বাংলা স্টেডিয়ামে সতীর্থরা আজ তাকে দিয়েছে গার্ড অব অনার।
ঢাকা প্রিমিয়ার লিগের ম্যাচে মোহামেডানের হয়ে মুশফিক মাঠে নেমেছেন রূপগঞ্জ টাইগার্সের বিপক্ষে।
এ ম্যাচে টস জিতে ফিল্ডিংয়ের সিদ্ধান্ত নেয় মোহামেডান। প্যাড-গ্লাভস পরে মাঠে নামার সময় সতীর্থদের কাছ থেকে গার্ড অব অনার পেয়েছেন এই উইকেটরক্ষক ব্যাটসম্যান। ম্যাচ শুরুর আগে দুই সারিতে দাঁড়ান মোহামেডানের ক্রিকেটাররা, মাঝখান দিয়ে মাঠে নামেন মুশফিক। এখানেও অবশ্য জাতীয় দলের কয়েকজন সতীর্থকে পাশে পেয়েছেন। তার দীর্ঘদিনের সতীর্থ তামিম ইকবাল, মাহমুদ উল্লাহ ও মেহেদী হাসান মিরাজও খেলছেন মোহামেডানের হয়ে। গার্ড অব অনারের সময় ছিলেন তারাও।


মিরপুরে মোহামেডানের হয়ে খেলতে নেমে গার্ড অব অনার পেলেন মুশফিক

ওয়ানডেতে ১৯ বছরের অসাধারণ ক্যারিয়ার মুশফিকুর রহিমের। এই ফরম্যাটে ২৭৪ ম্যাচ খেলে ৯ সেঞ্চুরি ও ৪৯ ফিফটিতে ৩৬.৪২ গড়ে মোট ৭৭৯৫ রান করেছেন। এই সংস্করণে তামিমের পর বাংলাদেশে দ্বিতীয় সর্বোচ্চ রানের মালিক তিনি।
মুশফিকের বিদায়ে সতীর্থরা যা বললেন...
দীর্ঘ ১৮ বছরের ওয়ানডে ক্যারিয়ারের ইতি টেনেছেন মুশফিকুর রহিম। গত বৃহস্পতিবার রাতে ফেসবুকে এক স্ট্যাটাস দিয়ে বিদায় বলেছেন এই সংস্করণের ক্রিকেটকে। টি-টোয়েন্টি থেকে আগেই বিদায় নেওয়ায় সাদা বলের দুই সংস্করণেই মুশফিক এখন সাবেক। তবে চালিয়ে যাবেন টেস্ট ক্রিকেট। ২০০৬ সালে ওয়ানডে ক্যারিয়ার শুরু করা মুশফিকের বিদায়ে তাদের শুভকামনা জানিয়ে আবেগঘন পোস্ট দিয়েছেন তার জাতীয় দলের সদস্যরা। জাতীয় দলের গতিতারকা তাসকিন আহমেদ মুশফিককে নিয়ে লিখেছেন, 'একটি অধ্যায় শেষ হলো! মুশি ভাই, আপনাকে ছাড়া বাংলাদেশের ওয়ানডে ক্রিকেট কল্পনা করা

এরপর ৪৪ পৃষ্ঠায়



চ্যাম্পিয়ন্স ট্রফি

## ১০ জনের বার্সেলোনা হারাল বেনফিকাকে

আজকাল স্পোর্টস

চ্যাম্পিয়ন্স লিগের শেষ ষোলোর প্রথম লেগে ১০ জন নিয়েও বেনফিকাকে ১-০ ব্যবধানে হারিয়েছে বার্সেলোনা। ৭০ মিনিট একজন কম নিয়ে খেলেও এই জয় আদায়ে মুখ্য ভূমিকা পালন করেন ব্রাজিলের রাফিনিয়া এবং গোলকিপার ভয়চেখ শেজনি। ম্যাচের শুরুতেই পিছিয়ে পড়তে পারতো বার্সা। তবে দলকে সেই বিপদ থেকে বাঁচান

এরপর ২৮ পৃষ্ঠায়

## ৬৪ দল নিয়ে হতে পারে ২০৩০ বিশ্বকাপ!

আজকাল স্পোর্টস

ফুটবলের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা ফিফা ২০৩০ বিশ্বকাপকে আরও বড় পরিসরে আয়োজনের পরিকল্পনা করছে। চারটি নির্ভরযোগ্য সূত্র জানিয়েছে, এই আসরে অংশগ্রহণকারী দলের সংখ্যা এককালীনভাবে ৬৪-তে বাড়ানোর আলোচনা চলছে, যা বিশ্বকাপের শতবর্ষ উদযাপনের অংশ হিসেবে বিবেচিত হচ্ছে।



ফিফার প্রেসিডেন্ট জিয়ান্নি ইনফান্তিনো বিষয়টিতে আগ্রহ দেখিয়েছেন। যদিও ২০৩০ বিশ্বকাপ ইতোমধ্যেই বেশ জটিল হতে চলেছে, কারণ এটি প্রথমবারের মতো তিনটি মহাদেশ জুড়ে অনুষ্ঠিত হবে। তবে বিশ্বকাপের বর্ধিত সংস্করণ নিয়ে বিতর্কের সম্ভাবনা প্রবল।
ইনফান্তিনো ইতোমধ্যেই ২০২৬ বিশ্বকাপের দলসংখ্যা ৩২ থেকে ৪৮-এ বাড়িয়েছেন। এবার ২০৩০ বিশ্বকাপে ৬৪ দল রাখার প্রস্তাব উঠে আসে একটি বৈঠকে, যেখানে উরুগুয়ের প্রতিনিধি ইগনাসিও আলোনসো লিখিত বক্তব্য পড়ে শোনান। বৈঠকে উপস্থিতরা এই প্রস্তাব শুনে কিছুটা বিস্মিত হন। ইনফান্তিনো প্রস্তাবটি নিয়ে বলেন, 'এটি একটি আকর্ষণীয় ধারণা, যা আরও বিশদভাবে বিশ্লেষণ করা উচিত।' তবে অতীত অভিজ্ঞতা বলে, বিশ্বকাপের ফরম্যাট পরিবর্তন সংক্রান্ত যেকোনো সিদ্ধান্তে কেবল ক্রীড়া-সংশ্লিষ্ট বিষয়ই নয়, বরং রাজনৈতিক ও আর্থিক দিকগুলোও বড়

এরপর ৫৩ পৃষ্ঠায়

## আইসিসিকে ধুয়ে দিলেন মিলার

আজকাল স্পোর্টস

চ্যাম্পিয়ন্স ট্রফি ২০২৫ এর সূচি নিয়ে বিতর্ক চলছে তো চলছেই। এবার সে আগুনে ঘি ঢাললেন দক্ষিণ আফ্রিকার ব্যাটার ডেভিড মিলার। তিনি এ বিষয়ে কড়া প্রতিক্রিয়া জানিয়েছেন। পাকিস্তানে সেমিফাইনালে নিউজিল্যান্ডের বিপক্ষে হারের আগে সংক্ষিপ্ত সফরে দুবাই যেতে হয় দলটাকে। মিলার আইসিসির এই সিদ্ধান্তের সমালোচনা করেন। বুধবার লাহোরে ৫০ রানে পরাজিত হয় দক্ষিণ আফ্রিকা। যেখানে রান তাড়ায় মিলারের ৬৭ বলে করা সেঞ্চুরি বিফলে যায়। চ্যাম্পিয়ন্স ট্রফির অদ্ভুত সূচির কারণে দক্ষিণ আফ্রিকা এবং অস্ট্রেলিয়াকে গ্রুপ পর্বের ম্যাচ শেষ করে দুবাই সফরে যেতে হয়। যাতে সম্ভাব্য

এরপর ২৮ পৃষ্ঠায়



## ১৬ মাস পর ব্রাজিল দলে নেইমার



আজকাল স্পোর্টস

নেইমার দীর্ঘ ১৬ মাসের বিরতি শেষে আবারও ব্রাজিল জাতীয় দলে ফিরেছেন। আসন্ন বিশ্বকাপ বাছাইপর্বের ম্যাচে কলম্বিয়া ও আর্জেন্টিনার বিপক্ষে তাকে দলে রেখেছে ব্রাজিল ফুটবল ফেডারেশন।
৩৩ বছর বয়সী নেইমার ২০২৩ সালের অক্টোবরে উরুগুয়ের বিপক্ষে বিশ্বকাপ বাছাইপর্বের ম্যাচে হাঁটুর চোটে পড়েছিলেন। সেই চোট কাটিয়ে দীর্ঘদিন পর মাঠে ফিরলেও আগের ফর্ম ফিরে পেতে তাকে কঠোর পরিশ্রম করতে হয়েছে।
সৌদি প্রো লিগে আল-হিলালের হয়ে হতাশার দেড় বছর কাটানোর পর জানুয়ারিতে নিজের শৈশবের ক্লাব সান্তোসে ফেরেন নেইমার। ফেরার পর থেকেই তিনি দুর্দান্ত ছন্দে রয়েছেন। সান্তোসের হয়ে সাত ম্যাচে তিনটি গোল করার পাশাপাশি সমান সংখ্যক অ্যাসিস্ট করেছেন, যা ব্রাজিলের নতুন কোচ দরিভাল জুনিয়রের নজর কেড়েছে।
ব্রাজিলের হয়ে ১২৮ ম্যাচ খেলা নেইমার জাতীয় দলের সর্বোচ্চ গোলদাতা। ৭৯ গোল করে তিনি কিংবদন্তি

এরপর ৫৩ পৃষ্ঠায়

HASAN BROKERAGE
Md. Kamroul Hasan
President & CEO
TLC সহ সকল প্রকার ইন্স্যুরেন্স দক্ষতার সাথে করে থাকি
HASAN BROKERAGE INC.
AUTO - HOME-PERSONAL-BUSINESS & COMMERCIAL
2115 Starling Ave
2nd Fl, Bronx, NY 10462
Tel: 718-612-8825, 914-294-1845
EmaiL: hasanbrokerage@gmail.com



## মেরু অঞ্চলের নামাজ ও রোজা পালনের পদ্ধতি

২৫ পৃষ্ঠার পর

পরিমাণ দীর্ঘ হবে, দ্বিতীয় দিন এক মাস সমপরিমাণ এবং তৃতীয় দিন এক সপ্তাহ সমপরিমাণ, আর বাকি দিনগুলো সাধারণ দিনের মতোই।' সাহাবায়ে কিরাম আরজ করলেন, হে আল্লাহর রাসুল! এক বছর সমপরিমাণ দিনে কি আমাদের এক রাত-দিনের পাঁচ ওয়াক্ত নামাজ পড়লেই যথেষ্ট হবে? রাসুলুল্লাহ (সা.) বললেন, না, বরং তা সময় হিসাব করে পূর্ণ এক বছরের নামাজই আদায় করতে হবে। (সহিহ মুসলিম, হাদিস : ২৯৩৭, সুনানে আবি দাউদ, হাদিস : ৪৩২১)

অস্বাভাবিক দেশগুলোতে নামাজ-রোজা আদায়ের পদ্ধতি : যদি এমন হয় যে দিন বড় হলেও সাহরি, ইফতারের সময় এবং সূর্যোদয় ও সূর্যাস্ত অল্প সময়ের জন্য হলেও নিয়মমাফিক পাওয়া যায়, তাহলে এর বিধান সাধারণ এলাকাগুলোর ন্যায়ই হবে। হ্যাঁ, যদি সূর্যোদয় ও সূর্যাস্ত উক্ত নিয়মমাফিক হয়েও দিন অস্বাভাবিক বড় হয়ে যাওয়ার কারণে রোজা রাখতে কঠিন সমস্যা হয়, তাহলে ওই মৌসুমে তারা রোজা ছেড়ে পরবর্তী স্বাভাবিক মৌসুমে সেগুলো কাজা করে নিতে পারবে। এ ক্ষেত্রে রোজা কাজা করার কারণে গুনাহ হবে না। (রদ্দুল মুহতার : ১/৩৬৬, ফাতাওয়ায়ে হক্কানিয়া : ৪/১৪৫)। আর যদি লাগাতার কয়েক দিন সূর্য অস্ত না যায় তাহলে ২৪ ঘণ্টা করে সময় ভাগ করে প্রথম ১২ ঘণ্টাকে রাত ধরে দ্বিতীয় ১২ ঘণ্টা শুরু হওয়ার দেড় ঘণ্টা আগে সাহরি খেয়ে শেষ করে রোজার নিয়ত করে রোজা শুরু করে দেবে। দ্বিতীয় ১২ ঘণ্টা শেষ হলে ইফতার করে মাগরিব, এশা, তারাবি নামাজ পড়ে নেবে। (রদ্দুল মুহতার : ১/৩৬৬, আহসানুল ফাতাওয়া : ২/১১৩-১১৫)। আর যদি ২৪ ঘণ্টায় সূর্যোদয় ও সূর্যাস্ত হলেও নিয়মমাফিক না হয়, বরং সূর্যাস্তের পর ইফতার ও সাহরির সময় না পেতেই ফজরের সময় ও সূর্যোদয় হয়ে যায় তাহলে ওলামায়ে কিরাম সেখানে নামাজ-রোজা আদায়ের কয়েকটি পদ্ধতি বর্ণনা করেছেন : এক. সেসব এলাকায় প্রতি ২৪ ঘণ্টা সময় হিসাব করে তা ভাগ করে পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করবে, চাই পূর্ণ পাঁচ ওয়াক্ত নামাজের সময় পাওয়া যাক বা না যাক। রোজার ক্ষেত্রে তারা সেখানে ২৪ ঘণ্টা পূর্ণ হওয়ার এতটুকু সময় পূর্বে ইফতার করে নেবে যেটুকু সময় জরুরত পরিমাণ খানাপিনা করতে পারবে। এরপর তারা রোজার নিয়ত করে খানাপিনা বন্ধ করে দেবে। তবে এ ক্ষেত্রেও এখানে তাদের রোজা আদায় অধিক কষ্টকর হলে ওই সময় না রেখে পরে স্বাভাবিক সময়ে কাজা করে নিতে পারবে।

## নিউইয়র্ক-বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার

৩ পৃষ্ঠার পর

হোসেন মজু, সাবেক সভাপতি আবু তাহের, সাবেক সহ সভাপতি মাহমুদ খান তাহের ও হাবিব রহমান, ক্লাবের নির্বাহী কমিটির সদস্য সৈয়দ ইলিয়াস খসরু ও সদস্য রওশন হক, সদস্য হাসানুজ্জামান সাকী সহ আরো অনেকে বক্তব্য রাখেন। ইফতার পূর্ব দোয়া পরিচালনা করেন ক্লাব সদস্য জামিল আনসারী। এসময় প্রেসক্লাবের সদস্য এবং পরিবারের সর্বাঙ্গীন মঙ্গল কামনা করে বিশেষ দোয়া করা হয়। ক্লাব সভাপতি মনোয়ারুল ইসলাম ব্যক্তিগত কাজের জন্য সময়মত ইফতার মাহফিলে উপস্থিত থাকতে না পারলেও পরবর্তীতে যোগ দেন। ইফতার মাহফিলে বক্তারা পেশাগত মর্যাদা অক্ষুণ্ণ রাখার পাশাপাশি পবিত্র মাহে রমজানের শিক্ষায় উদ্বীপ্ত হয়ে কমিউনিটির কল্যাণে ভূমিকা রাখা এবং সংগঠনকে আরো শক্তিশালী করার উপর গুরুত্ব দেন। ক্লাবের সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম মজুমদারের সঞ্চালনায় ইফতার মাহফিলে সাবেক সাধারণ সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদ সহ ক্লাব সদস্য ও সাংবাদিকদের মধ্যে মোস্তাফিজুর রহমান, চয়ন রহমান, ইকবাল মাহমুদ, সাদিয়া খন্দকার, সামিউল ইসলাম, নাজিম উদ্দিন, সোহেল হোসাইন, এইচ কে সোহাগ, শাহ সুমন, সাখাওয়াত হোসেন পলাশ, তাসকিন চৌধুরী, রাশিদা আক্তার এবং কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে আজিজুল হক মুন্না, মাহফুজুর রহমান, সৈয়দ মামুনুল ইসলাম, সৈয়দ জাকির হোসেন সহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

## মুন্সীগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশনের জরুরি সভা

৩ পৃষ্ঠার পর

ইফতার ও দোয়া মাহফিলের সিদ্ধান্ত হয়। ইফতার ও দোয়া মাহফিল ২৪ই মার্চ রোজ সোমবার উডসাইডের বাইতুল জান্নাহ মসজিদে (৬২-০১ ৩৯ এভিনিউ উডসাইড) অনুষ্ঠিত হবে। উক্ত দোয়া মাহফিলে মুন্সীগঞ্জ বিক্রমপুরপ্রবাসী সকলকে উপস্থিত থাকার জন্য আহবান করা হয়েছে। জরুরি সভায় উপস্থিত ছিলেন তাহের খান মাহমুদ, মো. বিল্লাল, সেলিম রেজা, মামুন বেপারী, মো. মঈন, শেখ সিরাজ, তারেক হাসান, মো. রেজাউল হায়াত মামুন, মিন্টু হামিদ, মো. হাবিব মৃধা, মো. আইয়ুব, মো. জসিম উদ্দিন, তোহিদ ইসলাম প্রমুখ।


# BECOME A REALTOR
রিয়েল এষ্টেট পেশায় আসুন

Make SIX-FIGURE ($$$$$$) or more income/ year !

মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন

YES, Sky is the Limit! NO MORE ODD JOB!
No Bossing! Work Independently
Work Part-time/ Full-time, We Help You:

**Pass Real Estate Exam**
[ Salesperson in New York State ]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়

Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%

**Real Estate Productivity Coaching**



Azizul Hoque
[Realtor Hoque]
Consultant, Coach & Licensed Realtor
148-45 Hillside Avenue, Suite 201B
Jamaica, NY 11435
Phone: 347 451 7307
Email: realtorhoque64@gmail.com

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY




•Residential •Commercial • Investment
•Foreclosures •Auctions • Co-Op & Condo
•Short Sale •Hud • Rentals
•Bank Owned/ REO Properties

List Your Property Faster with TOP $$$
Free Market Analysis
Consultation



Azizul Hoque
[Realtor Hoque]
Licensed Realtor

realtorhoque64@gmail.com
azizul.hoque@kw.com
www.azizul-hoque.kw.com
347-451-7307
347-846-1200
347-846-1201
75-35 31st Avenue Suite. 202
Jackson Heights, NY-11370
realtorhoque64 AzizulH48770125
azizul-hoque-880064245


## ৬৪ দল নিয়ে হতে পারে ২০৩০ বিশ্বকাপ!

৫২ পৃষ্ঠার পর

ভূমিকা রাখবে। বিশ্বকাপ সম্প্রসারণের ফলে কিছু সমস্যা দেখা দিতে পারে। ইতোমধ্যেই ২০২৬ বিশ্বকাপের জন্য ১০ দলের মধ্যে সাতটি সরাসরি বাছাইপর্ব পেরিয়ে দক্ষিণ আমেরিকা থেকে অংশ নিতে পারে। ৬৪ দলের বিশ্বকাপ হলে অনেক অঞ্চলের বাছাইপর্ব কার্যত গুরুত্বহীন হয়ে যেতে পারে। তাছাড়া সময় ও লজিস্টিকস সম্পর্কিত সমস্যাও বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়াতে পারে। বিশ্বকাপের মূল পর্বে ম্যাচ সংখ্যা ২০২৬ সালে ১০৪টি হচ্ছে, যা আরও বাড়তে পারে। ফিফার অতীত সিদ্ধান্তগুলোতে ইউরোপের ফুটবল কর্তৃপক্ষ বিশেষভাবে আপত্তি জানিয়েছে, যেমন বিশ্বকাপকে চার বছর পরপরের পরিবর্তে প্রতি দুই বছর পর আয়োজনের প্রস্তাবও পরে বাতিল করতে হয়েছিল।

## বিকলাঙ্গ শিশু, সারা জীবনের কষ্ট

২০ পৃষ্ঠার পর

শিশু বিশেষজ্ঞ দেখাতে হবে। কারণ অনেক জন্মগত ত্রুটিই চিকিৎসাযোগ্য। মনে রাখতে হবে সঠিক চিকিৎসার অভাবে যেন কোনো শিশু প্রতিবন্ধী বা বিকলাঙ্গ হয়ে না পড়ে।
লেখক: কনসালট্যান্ট, শিশু বিভাগ, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল।

## স্বাধীনতা পুরস্কার পাচ্ছেন পপসম্রাট

৪৬ পৃষ্ঠার পর

অভিনয় করেছিলেন আজম খান। ২০১০ সালে ক্যান্সারে আক্রান্ত হয়ে ২০১১ সালের ৫ জুন মারা যান আজম খান। ২০১৯ সালে আজম খানকে মরণোত্তর একুশে পদকে ভূষিত করা হয়। এবার তিনি পেতে যাচ্ছেন স্বাধীনতা পদক।

## ১২ বছর ভাত খান না, কী খান কুসুম সিকদার

৪৬ পৃষ্ঠার পর

